The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 903 | 02 January 2026 | শুক্রবার ১৮ পৌষ অগ্রহায়ণ ১৪৩২

US Orders Biometric Scans for All Noncitizens → Page 18

US citizens are carrying passports amid ICE fears → Page 19

Apu Biswas set for a 'Durbar' comeback → Page 19

Elon Musk warns 'people will die' over Mamdani's NYC fire commissioner choice → Page 18



## লাখো মানুষের দোয়ায় স্বামীর পাশে সমাহিত
## কয়েক কিলোমিটারজুড়ে শোকার্ত মানুষ
## 'মৃত্যুর দায় থেকে ফ্যাসিবাদী হাসিনা মুক্তি পাবে না'
## জানাজার নগরীতে পরিণত ঢাকা

# দেশনেত্রীর জানাজায় জনসমুদ্র

আজকাল রিপোর্ট

লাখ লাখ মানুষের ভালোবাসা আর দোয়া নিয়ে চিরবিদায় নিলেন খালেদা জিয়া। গত বুধবার তাঁর জানাজায় নজিরবিহীন লোকসমাগম হয়। রাজধানীর মানিক মিয়া অ্যাভিনিউ ও এর আশপাশের এলাকায় মানুষের ঢল নামে। অনেকেই দাবি করেছেন, কোটি মানুষের সমাগম ঘটেছিল এ জানাজায়। ইতিহাসের বৃহত্তম জানাজা বলেও উল্লেখ করা হচ্ছে। ম্যাডাম খালেদা জিয়া। আপসহীননেত্রী। দেশনেত্রী। বাংলার মানুষ যে নামেই তাকে ডাকুন না কেন। আর সাড়া দেবেন না। তবে ১৮ কোটি মানুষের হৃদয়ে স্থান করে বিদায় নিয়েছেন। কোটি কোটি মানুষের ভালাবাসায় অভিসিক্ত হয়েছেন।

স্বৈরাচারবিরোধী আন্দোলনে যে মানিক মিয়া অ্যাভিনিউয়ে জনসভায় দৃঢ়কণ্ঠের বক্তৃতায় আপসহীন নেত্রী হয়ে এরপর ৫০ পৃষ্ঠায়

## আজকাল সম্পাদকের শোক



আজকাল রিপোর্ট

বাংলাদেশের নেত্রী। জনগনের নেত্রী। আপোষহীন দেশনেত্রী। কত নামেই না তাকে বিশেষিত করা যায়। এমন নেত্রী কোথায় খুঁজে আমরা আর পাবো না। কিন্তু তিনি অমর হয়ে এরপর ৫০ পৃষ্ঠায়



## দাদিকে নিয়ে আবেগঘন তারেক কন্যা

আজকাল রিপোর্ট

সদ্যপ্রয়াত দাদি বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে নিয়ে ফেসবুকে আবেগঘন স্ট্যাটাস দিয়েছেন নাতনি ব্যারিস্টার জাইমা রহমান। জাতীয় কবি কাজী নজরুল ইসলামের একটি কবিতা নিজের ফেসবুকে শেয়ার করেন তিনি। স্ট্যাটাসে খালেদা এরপর ৩৪ পৃষ্ঠায়

## ভারতীয় কূটনীতিক ও জামায়াত আমিরের 'গোপন' বৈঠক

আজকাল ডেস্ক

ভারতীয় কূটনীতিকদের সঙ্গে বৈঠক করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ড. শফিকুর রহমান। গেল বছরের (২০২৫) শুরুতে এই বৈঠক হয়েছে বলে তিনি নিজেই জানিয়েছেন। তবে বৈঠকের খবর এতদিন প্রকাশ এরপর ৩৪ পৃষ্ঠায়



## নিউইয়র্কে গায়েবানা জানাজা অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির সাবেক চেয়ারপারসন, আপোষহীন দেশ নেত্রী বেগম খালেদা জিয়ার মৃত্যুতে তার জন্য গায়েবানা জানাজার আয়োজন করেছে যুক্তরাষ্ট্র বিএনপির শীর্ষ এরপর ১৫ পৃষ্ঠায়



## বেগম খালেদা জিয়ার কফিন বহনকারি ৩ আলেম

আজকাল রিপোর্ট

বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার কফিন বহন করেছেন আস-সুন্নাহ এরপর ৫০ পৃষ্ঠায়

আরবি শিখুন, বাচ্চাদের শেখান
Contact Us
আপনার জন্য থাকবে একজন একান্ত নিবেদিত শিক্ষক, যিনি কেবল আপনাকেই শেখাবেন। বাংলা বা ইংরেজিতে শিখতে পারবেন। সন্তুষ্টি গ্যারান্টি ও সাশ্রয়ী মাসিক ফি।
যোগাযোগ: (646) 400-0786
TWO FREE SESSIONS!

Real Estate
New York, Dubai & Dhaka
Mijan Rahman
Chairman & CEO
Mijan Real Estate Limited
Mijan Multi Services Inc.
Mijan Home Care Inc.
Mijan Travel Inc.
M&F Trading Inc.
ঢাকার বসুন্ধরা, পূর্বাচল, উত্তরা, ধানমন্ডি, বনানী, গুলশানে বাড়ি, প্লট ও ফ্ল্যাট ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন।
+1 917-631-5050 RealtorMijan@gmail.com

সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
GREE MECHANICAL YONKERS
সরকারী অনুদানে $8000-$10000 ডলার।
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers NY 10710
তোফায়েল চৌধুরী

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $20.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge-Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/স্লিপিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকলাঙ্গ শিশুর জন্য, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ
917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury
Attorney at Law

RAJIB AHMED
PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
Uber lyft NYC TAXI
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
elderplan
a participating agency of MJHS Health System
Anthem
Hamaspik
MANAGED CARE
RiverSpring Living
MetroPlus Health
S W H
Senior Whole Health.
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416

সাপ্তাহিক আজকাল
Friday, 02 January 2026, Issue 903, www.ajkalusa.com



# আশ্রয়প্রার্থীদের ঠিকানা উগান্ডা হন্ডুরাস বা ইকুয়েডর!

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রে রাজনৈতিক আশ্রয় চাওয়া মানুষের আবেদন বাতিল করে বিরাট একটা অংশকে তৃতীয় কোন দেশে পাঠাবার উদ্যোগ নেয়া হয়েছে। আশ্রয়প্রার্থীরা অন্য দেশের নাগরিক হলেও তাদেরকে অন্য দেশে পাঠানো হবে। হোমল্যান্ড সিকিউরিটি বিভাগ আদালতকে কোনও শুনানি ছাড়াই আশ্রয়প্রার্থীদের দাবিগুলি সংক্ষিপ্তভাবে খারিজ করতে এবং অভিবাসীদের কোনও তৃতীয় দেশে পাঠাতে বলছে। যেখানে তারা ত্রাণ পেতে পারে। এমনকি সেই জায়গার সাথে তাদের কোনও সংযোগ না থাকলেও। ফেডারেল সরকার তথাকথিত নিরাপদ তৃতীয় দেশের চুক্তির উপর নির্ভর করছে। ট্রাম্প প্রশাসনের কর্মকর্তারা উগান্ডা, হন্ডুরাস এবং ইকুয়েডরসহ বেশ কয়েকটি দেশের সাথে পৌঁছেছেন- যে দেশগুলি গ্যাং সহিংসতা বা মানবাধিকার লঙ্ঘনের ইতিহাসকে অস্থিতিশীল করার জন্য খ্যাতি অর্জন করেছে। এই প্রচেষ্টাটি মার্কিন যুক্তরাষ্ট্রে অভিবাসন হ্রাস এবং ১০ লক্ষ মানুষের উচ্চাকাঙ্ক্ষী বার্ষিক নির্বাসনের লক্ষ্য পূরণের জন্য ট্রাম্প প্রশাসনের সর্বশেষ প্রচেষ্টা। ২০২৪ সালের আর্থিক বছরে ইমিগ্রেশন রিভিউয়ের নির্বাহী অফিসের সামনে প্রায় ৯০০,০০০ আশ্রয় দাবি ছিল। যা ট্রাম্পের প্রথম মেয়াদে প্রতি বছর প্রায় ২০০,০০০ থেকে বেশি ছিল।



কৌশলটি সম্পর্কে অভ্যন্তরীণ চিন্তাভাবনা নিয়ে আলোচনা করার জন্য নাম প্রকাশ না করার অনুমতি দেওয়া প্রশাসনের একজন ঊর্ধ্বতন কর্মকর্তা বলেন, যদি প্রশাসন আত্মবিশ্বাসী হয় যে তাদের সফলভাবে অন্য দেশে নিয়ে যাওয়া যেতে পারে যেখানে তাদের হুমকি দেওয়া হবে না, তাহলে তাদের এখানে থাকার এরপর ২৬ পৃষ্ঠায়



# শ্রীমঙ্গল এসোসিয়েশনের পিঠা উৎসব অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

আনন্দঘন ও উৎসবমুখর পরিবেশে শ্রীমঙ্গল এসোসিয়েশন অব আমেরিকা'র পিঠা উৎসব ও সাংস্কৃতিক সন্ধ্যা গত ২৯ ডিসেম্বর উডহ্যাভেনের জয়া হলে অনুষ্ঠিত হয়।

সংগঠনের বোর্ড অব ট্রাস্টীর চেয়ারম্যান সাইয়্যাদ মুজীবুর রহমান সংগঠনের উপদেষ্টা দিদার শাহীন, শামীম তারেক, কার্যনির্বাহী কমিটির সদস্যাবৃন্দ ও শ্রীমঙ্গল থেকে আগত বিশিষ্ট রাজনৈতিক ব্যক্তিত্ব এমরান হোসেন চৌধুরী, জিলুল আনাম, সাবেক ডেপুটি জেনারেল ম্যানেজার ন্যাশনাল টি কোম্পানী শফিকুর রহমান মুন্না ও আমন্ত্রিত অতিথিদের সাথে নিয়ে পিঠা উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা এরপর ৩৪ পৃষ্ঠায়



# খালেদা জিয়ার মৃত্যুতে যুক্তরাষ্ট্রের শোক

আজকাল রিপোর্ট

বিএনপি চেয়ারপারসন ও বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মৃত্যুতে শোক জানিয়েছে যুক্তরাষ্ট্র। গত মঙ্গলবার বেলা ১০টা ৪০ মিনিটে ঢাকাস্থ মার্কিন দূতাবাসের এক্স অ্যাকাউন্টে (সাবেক টুইটার) এই শোক জানানো হয়েছে।

শোক বার্তায় বলা হয়েছে, 'সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছে মার্কিন যুক্তরাষ্ট্র। খালেদা জিয়া তার দেশের আধুনিক ইতিহাস গঠনে গুরুত্বপূর্ণ এরপর ২৮ পৃষ্ঠায়

# যেসব দেশে নতুন করে নিষেধাজ্ঞা দিল যুক্তরষ্ট্র

আজকাল রিপোর্ট

ইরান ও ভেনেজুয়েলার মধ্যে ড্রোন ও ক্ষেপণাস্ত্র-সংক্রান্ত বাণিজ্যে জড়িত থাকার অভিযোগে নতুন করে নিষেধাজ্ঞা দিয়েছে যুক্তরাষ্ট্র। গত মঙ্গলবার এ নিষেধাজ্ঞা আরোপ করা হয়। যুক্তরাষ্ট্রের অর্থ মন্ত্রণালয় জানায়, ইরানের ড্রোন বাণিজ্য ও ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র কর্মসূচিকে সহায়তা করার অভিযোগে ইরান ও ভেনেজুয়েলার মোট ১০ জন ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে এই ব্যবস্থা নেওয়া হয়েছে।

যুক্তরাষ্ট্রের অর্থ মন্ত্রণালয় এক বিবৃতিতে জানায়, এসব নিষেধাজ্ঞার লক্ষ্য হলো ইরানের পারমাণবিক কর্মকাণ্ডের সঙ্গে সংশ্লিষ্ট জাতিসংঘের নিষেধাজ্ঞা পুনর্বহাল করা এবং তেহরানের ওপর অর্থনৈতিক চাপ আরও জোরদার করা। বিবৃতিতে আরও বলা হয়, ইরান এরপর ২৮ পৃষ্ঠায়



# ১৪ বীরমুক্তিযোদ্ধাকে সম্মাননা দিল সিলেট জেলা সমিতির

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের ব্রুকসস্থ সিলেট জেলা সমিতি ইউএসএ ইনকের উদ্যোগে বাংলাদেশের মহান বিজয় দিবসের আলোচনা সভা ও মুক্তিযোদ্ধাদের সম্মাননা প্রদান অনুষ্ঠান গত ২৫ ডিসেম্বর ব্রুকসের স্টার্লিন বাংলাবাজারের গোল্ডেন প্যালেস মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের ১৪ জন বীরমুক্তিযোদ্ধাকে সম্মানন দেয়া হয়। এছাড়া ছিল আলোচনা সভা, মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অনুষ্ঠানের আহ্বায়ক কফিল উদ্দিন চৌধুরী। প্রধান সমন্বয়কারী গোলাম রব্বানী ও রেজা আব্দুল্লাহ এর এরপর ২৭ পৃষ্ঠায়

# বাংলাদেশে ভারতীয় চ্যানেল সম্প্রচার বন্ধের দাবী

আজকাল রিপোর্ট

বাংলাদেশে ভারতীয় টিভি চ্যানেলের সম্প্রচার বন্ধের দাবী জানিয়েছে নিউইয়র্ক ভিত্তিক মানবাধিকার সংস্থা প্যাট্রিয়টস অব বাংলাদেশ (পিওবি)। এ দাবিতে গত ২৯ ডিসেম্বর সোমবার সংগঠনের পক্ষ থেকে নিউইয়র্কে অবস্থিত বাংলাদেশ কন্সুলেটে একটি স্মারকলিপি প্রদান করা হয়।

সংগঠনের চেয়ারম্যান আবদুল কাদের স্মারকলিপিটি বাংলাদেশের কনসাল জেনারেলের কাছে হস্তান্তর করেন। এই সময় তার সাথে সিনিয়র সাংবাদিক চৌধুরী মোহাম্মদ কাজল ও সংগঠনের অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

স্মারক লিপিতে সংসংগঠনটি জানায়, ভারতীয় টিভি চ্যানেলগুলি এক তরফা ভাবে দীর্ঘদিন যাবত বাংলাদেশে সম্প্রচার হয়ে আসছে। এই সুযোগে প্রচুর অর্থ এরপর ২৭ পৃষ্ঠায়




# জ্যাকসন হাইটস খলিল বিরিয়ানীর কিচেন চালু

আজকাল রিপোর্ট

আজকাল ডেস্ক

জ্যাকসন হাইটস খলিল বিরিয়ানীতে এতদিন গ্যাস সংযোগ না থাকায় বাইরে থেকে খাবার রান্না করে গ্রাহকদের পরিবেশন করতে হতো। চাইলেই খাবারে বৈচিত্রতা আনা সম্ভব হতো না। এখন তার অবসান ঘটেছে। দীর্ঘদিন পর গত ১৯ ডিসেম্বর কিচেনে গ্যাস সংযোগ পাওয়ায় সকল সমস্যার সমাধান হয়েছে। এখন থেকে প্রতিদিন বাঙালীর ঐতিহ্যবাহী খাবার সহ অন্যান্য মজাদার খাবার পাওয়া যাবে বলে জানিয়েছেন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী এরপর ৩৬ পৃষ্ঠায়


GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911


Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

Call: 718-263-5999

• তুলনামূলকভাবে কম ফি • সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।


Suryia Rahman, Esq

# NY INSURANCE BROKERAGE INC

NYI
NY INSURANCE BROKERAGE

# আপনি কি TLC প্লেট নিতে চান??

## NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**

Design & Print by: ihopeprint.com, 929-538-7903




**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

সম্পাদকীয়

# গণতন্ত্রের অতন্ত্র প্রহরীর বিদায়

একটি নক্ষত্রের বিদায়। গণতন্ত্রের অতন্ত্র প্রহরীর বিদায়। তিনবারের প্রধানমন্ত্রী, বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া আর নেই। বাংলাদেশের রাজনৈতিক ইতিহাস থেকে নিভে গেল আরেকটি আলো। এত দীর্ঘ লড়াই, এত প্রতিকূলতার সামনে দাঁড়িয়ে থাকা অসমসাহসী এই নারী শেষ বাঁকে এসে আর পারলেন না।

জীবন-মৃত্যুর সঙ্গে দীর্ঘ লড়াইয়ের পর গত মঙ্গলবার সকাল ছয়টায় চিকিৎসকেরা তাঁকে মৃত ঘোষণা করেন। তাঁর মৃত্যুসংবাদ ছড়িয়ে পড়লে শোকের নীরবতায় থমকে গেল দেশ। আর কাঁপিয়ে দিয়ে গেল রাজনৈতিক-মানসিক ভূমিকম্পের সূক্ষ্ম রেখাগুলো। সংগ্রাম, কারাবাস, অসুস্থতা-সবকিছুর মধ্যেও তিনি ছিলেন অবিচল; বিশ্বাসে দৃঢ় আর নেতৃত্বে অনমনীয়।

কারাগারের দেয়াল, হাসপাতালের শয্যা, রাজনীতির নির্মম অন্ধকার-সব মিলিয়ে দীর্ঘ বছর খালেদা জিয়া কাটিয়েছেন লড়াইয়ের ভার বহন করে; যে মানুষটি রাজপথে কখনো মাথানত করেননি। এমনিতে একটি লড়াই থেকে আরেকটিতে যাত্রা করতে করতে তাঁর শরীর হয়ে উঠেছিল ভঙ্গুর, মন ক্ষয়ে গিয়েছিল প্রতিহিংসার ধারাবাহিক আঘাতে। বিদেশে চিকিৎসা, দেশ-বিদেশের বিশেষজ্ঞদের পরামর্শ, পরিবারের অসীম ব্যাকুলতা-সবই ছিল, সবই হলো; তবু তাঁকে আর ফেরানো গেল না।

> জয়-পরাজয়ের হিসাবের বাইরে ছিল তাঁর দৃঢ়তার বর্ণমালা। আজ তিনি আমাদের মাঝে নেই; কিন্তু যে অন্ধকার-আলো মেশানো উপস্থিতি তিনি রেখে গেলেন, তা বহুদিন পর্যন্ত রাজনীতির ভাষা, প্রতিদ্বন্দ্বিতার বোঝাপড়া এবং ইতিহাসের নির্মোহ রেকর্ডে প্রতিধ্বনিত হয়ে থাকবে। ইতিহাস তাঁকে মনে রাখবে-ভালোবাসা, বিতর্ক আর অবিচল সাহসের এক অনন্য নাম হিসেবে। বিদায় দেশনেত্রী। বিদায় আপোষহীননেত্রী। বিদায় বেগম খালেদা জিয়া

তুমুল জনপ্রিয় এই নেত্রীর প্রস্থান শুধু একটি রাজনৈতিক ব্যক্তিত্বের মৃত্যু নয়; এটি একটি যুগের সমাপ্তি। সেই যুগের মধ্যে আছে মুক্তিযুদ্ধের অন্ধকারে তাঁর বন্দিত্ব, স্বামীর শাহাদাতে জীবনচক্রের ভেঙে পড়া, সেনানিবাসের বাড়ি থেকে উচ্ছেদের অশ্রু, ওয়ান-ইলেভেনের নিঃসঙ্গ বন্দিত্ব, আর পুরান ঢাকার কারাগারের শীতল দেয়ালে জমে থাকা দীর্ঘশ্বাস। সবকিছুর পরও তিনি দাঁড়িয়েছিলেন-বাধা, ব্যথা আর ব্যর্থতা পেরিয়ে।

খালেদা জিয়ার জীবন ছিল ঘাত-প্রতিঘাতে পূর্ণ। একদিকে তিনি তিনবারের প্রধানমন্ত্রী, গণতন্ত্রের সংগ্রামের মুখ; অন্যদিকে সমালোচনাও তাঁর পিছু ছাড়েনি। গণতন্ত্রের পথে হাঁটতে গিয়ে যেমন ভালোবাসা পেয়েছেন, তেমনি তীব্র বিরোধিতাও কম ছিল না। অনেক ভুলের দায় তাঁকে বহন করতে হয়েছে। কিন্তু তাঁর অটলতা, প্রতিকূলের মুখে দাঁড়িয়ে থাকার ক্ষমতা, আর ব্যক্তিজীবনের অবর্ণনীয় ক্ষতবিক্ষত অধ্যায় তাঁকে আলাদাভাবে স্মরণীয় করে তুলেছে।

শোকের এই মুহূর্তে আমরা এক রাজনীতিককে নয়; এক দৃঢ় চরিত্র নারীকে পরম শ্রদ্ধার সঙ্গে স্মরণ করি। যাঁর জীবনের গল্প শুধু সংগ্রামের নয়, অবিচল থাকার অনুশাসনও বটে। একটি অন্তর্দীপ নিভে গেছে; কিন্তু তার আলো অনেক দিন ধরে পথ দেখাবে আমাদের রাজনৈতিক ইতিহাসকে।

অসুস্থ শরীর নিয়েও যে মানুষটি শেষ পর্যন্ত লড়াই চালিয়ে গেছেন, তিনি আমাদের শিখিয়ে গেলেন-দৃঢ়তা কীভাবে জন্ম নেয়। তাঁর কণ্ঠে ছিল সংগ্রামের ইতিহাস, নীরবতায় ছিল ত্যাগের গভীরতা। আজ তাঁর অনুপস্থিতিতে শূন্যতা শুধু রাজনীতিতে নয়, জাতির অনুভূতিতেও।

খালেদা জিয়া ছিলেন রাজনীতির এক অশ্বারোহিণী। যিনি প্রতিদিন আহত হন, প্রতিদিন অভিযুক্ত হন, আবার প্রতিদিনই ঘুরে দাঁড়ান। জয়-পরাজয়ের হিসাবের বাইরে ছিল তাঁর দৃঢ়তার বর্ণমালা। আজ তিনি আমাদের মাঝে নেই; কিন্তু যে অন্ধকার-আলো মেশানো উপস্থিতি তিনি রেখে গেলেন, তা বহুদিন পর্যন্ত রাজনীতির ভাষা, প্রতিদ্বন্দ্বিতার বোঝাপড়া এবং ইতিহাসের নির্মোহ রেকর্ডে প্রতিধ্বনিত হয়ে থাকবে। ইতিহাস তাঁকে মনে রাখবে-ভালোবাসা, বিতর্ক আর অবিচল সাহসের এক অনন্য নাম হিসেবে।

বিদায় দেশনেত্রী। বিদায় আপোষহীননেত্রী। বিদায় বেগম খালেদা জিয়া।

# ভবিষ্যৎ সরকার প্রধানকে যা করতে হবে

আনোয়ার হোসেইন মঞ্জু



জুলাই বিপ্লব বাংলাদেশের বন্দি গণতন্ত্রকে মুক্ত করার বিপুল সম্ভাবনার দ্বার খুলে দিয়েছে। যে গণতন্ত্রের জন্য বাংলাদেশের জনগণ ১৯৪৭ সালে ভারতীয় উপমহাদেশ বিভাজনের পর থেকে সংগ্রাম করেছে, তা মেঘের আড়াল থেকে ক্ষণিকের মতো চাঁদের মতো দেখা দিয়ে আবার ঘন মেঘের আড়ালে হারিয়ে গেছে। পাকিস্তানের স্বাধীনতার পর ২৪ বছরেও বাঙালি গণতন্ত্রের স্বাদ পায়নি, বাংলাদেশের স্বাধীনতার পর প্রায় সাড়ে পাঁচ দশক কেটে গেলেও গণতন্ত্র আপন চেহারায় আবির্ভূত হয়নি। রাজনৈতিক দলগুলোর ব্যর্থতায় সামরিক শাসন অথবা সামরিক কর্তৃত্বের অধীনে বেসামরিক শাসন এসেছে। তাতে শুধু গণতন্ত্র নয়, দেশের উন্নয়নের সব পদক্ষেপ মুখ থুবড়ে পড়েছে। তবুও বাঙালি গণতন্ত্রের নামে পাগল।

দেশে যত উন্মাদনা, আন্দোলন, সংগ্রাম-সংঘর্ষ, খুন-জখম, জ্বালাও-পোড়াও, পরস্ব হরণ, দখল -- সবই গণতন্ত্রের পথ খোলাসা করার জন্যই। কবি ইকবালের ভাষায়: "ইসলাম জিন্দা হোতা হ্যায় হর কারবালাকে বাদ" অর্থাৎ "কারবালার মত বিয়োগান্তক ঘটনার পর ইসলাম চাঙ্গা হয়ে উঠে," তেমনি বাঙালির গণতন্ত্রও আসে শক্তিশালী পক্ষের দ্বারা দেশে নারকীয় হত্যা ও ধ্বংসযজ্ঞ চালাবার পর। অন্তত তারা তাই দাবি করে এবং প্রতিপক্ষের লোকজনকে ধরে কেটেকুটে "সকাল বিকাল নাশতা করার" মতো কর্মকাণ্ড করে। তবুও যদি ইসলাম ও গণতন্ত্র জিন্দা হতো! কিন্তু হয় না। ইসলামের কী হবে না হবে তা দেখার দায়িত্ব যেহেতু আল্লাহর, অতএব পৃথিবীতে আল্লাহর খলিফা বা প্রতিনিধিরা কী করলো না করলো তা আল্লাহর বিচার্য বিষয়।

> অতীতের তিক্ত অভিজ্ঞতাও তাঁকে অবশ্যই শিখিয়েছে যে রাষ্ট্র পরিচালনায় কতটা কুশলী হওয়া আবশ্যক। এ ক্ষেত্রে সততা ও স্বজনপ্রীতির ঊর্ধ্বে থাকার দৃষ্টান্ত স্থাপনকারী তাঁর পিতা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের পদাঙ্ক পাথেয় হতে পারে। তারেক রহমান যদি ফেব্রুয়ারির নির্বাচনের পর সত্যিই বাংলাদেশের প্রধানমন্ত্রীর পদ অলংকৃত করেন তাহলে ফরাসি রাজনৈতিক দার্শনিক রুশোর রাষ্ট্রচিন্তা মাথায় রাখা সংগত হবে

বাংলাদেশের মানুষকে গণতন্ত্র শক্তিশালী ও গণতন্ত্রের পথ পরিষ্কার করার জন্য মানুষ হত্যা করা হয় এবং ঘাতকেরা মৃতদের স্তূপের ওপর দিয়ে ক্ষমতায় গিয়ে বলে লাখো মানুষের জীবন উৎসর্গ করার মধ্য দিয়ে গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছে। বাংলাদেশে এযাবৎকালে গণতন্ত্রের হত্যাকারী ও গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য সংগ্রামরতরা তারা যা বোঝেন সেটাই গণতন্ত্র এবং গণতন্ত্র বলতে জনগণকে যা বোঝানো হয়, সেটাই গণতন্ত্র। বাংলাদেশের মতো গণতন্ত্রের এত রূপ ও সংজ্ঞা দুনিয়ার আর কোথাও পাওয়া যাবে না। এসব কবি বলেছেন: "এমন দেশটি কোথাও খুঁজে পাবে না কো তুমি।" আসলেও পৃথিবীর কোথাও এমন দেশ পাওয়া যাবে না, যেখানে গণতন্ত্র বিকাশের ধারা এমন।

'গণতন্ত্র' কী, তা বাংলাদেশের জনগণকে বুঝতে দেননি আমাদের রাজনৈতিক নেতারা। সারা জীবন গণতন্ত্রের নামে সংগ্রাম করে ক্ষমতায় আসামাত্র জনগণকে ধোঁকা দিয়ে তাদের ওপর একদলীয় স্বৈরশাসন চাপিয়ে দেওয়া হয়েছিল। সদ্য স্বাধীন দেশে জনগণের সব আশা-আকাঙ্ক্ষা গুড়িয়ে ক্ষমতা কুক্ষিগত করার রাজনৈতিক নাটকের মঞ্চায়ন করেছিলেন শেখ মুজিবুর রহমান। তিনি গণতন্ত্রের নামে যে রাজনৈতিক সংস্কৃতি চালু করেছিলেন, তার মাধ্যমে জনগণকে কার্যত বোঝাতে চেষ্টা করেছে যে গণতন্ত্র বাংলাদেশের জন্য নয়, বাংলাদেশও গণতন্ত্রের জন্য নয়। এর মধ্য দিয়ে তিনি একক ক্ষমতা উপভোগ করতে চেয়েছিলেন, তাঁর জীবৎকালে নির্বাচিত হয়ে অন্য কোনো দলের দেশ পরিচালনার সুযোগ লাভের সব পথ অবরুদ্ধ করে। তাঁর সে স্বপ্নসাধ পূরণ হয়নি।

আধুনিক যুগে কজন মানুষ ব্যক্তিপূজার পূজারি হতে পারে? বাংলাদেশের জনগণও তাঁর পূজারি বা দাস হয়নি। সচেতন জনগণের কেউই 'আমি' ও 'আমার' দাম্ভিকতার বোলচালের মধ্যে আবদ্ধ থাকতে চায়নি। শেখ মুজিব তাঁর ক্ষমতার লোভ, স্বজনপ্রীতি ও সর্বস্তরে দুর্নীতির ডালপালা গজানোর সুযোগ দিয়ে নিজের দুঃখজনক পরিণতি ডেকে এনেছিলেন। একজন ব্যক্তির ওপর একটি রাজনৈতিক দল নির্ভরশীল হয়ে উঠলে দল, দেশ ও জনগণের ভাগ্য পরিবর্তনের আশা করা যায় না। সামরিক একনায়ক আইয়ুব খানও পারেননি, ব্যাপক জনপ্রিয় নেতা শেখ মুজিবুর রহমানও পারেননি।

বাংলাদেশের জনগণ যেহেতু জীবনের বিনিময়ে হলেও 'গণতন্ত্র' ছাড়া আর কিছু কিছু চায় না। কিন্তু তারা যখন দেখে যে দলগুলোকে এরপর ৩৬ পৃষ্ঠায়

# গৃহবধূ থেকে রাষ্ট্রনায়ক খালেদা জিয়া: সংগ্রাম, ত্যাগ ও আত্মমর্যাদার অনন্য অধ্যায়

তানজির আহমেদ রাসেল

৩০ ডিসেম্বর সকালটি নেমে এলো গভীর শোক আর নীরবতার ভার নিয়ে। বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসের এক অম্লান অধ্যায়, এক সাহসী সংগ্রামী চরিত্র বেগম খালেদা জিয়া আমাদের ছেড়ে চলে গেলেন। দীর্ঘদিন ধরে গণতন্ত্রের অটল প্রহরী, বিএনপি'র চেয়ারপার্সন এবং দেশের প্রথম নারী প্রধানমন্ত্রী হিসেবে তিনি রাজনীতির ময়দানে যে দৃঢ়তা, প্রজ্ঞা ও নেতৃত্বের ছাপ রেখে গেছেন, তা জাতির স্মৃতিতে চিরভাস্বর হয়ে থাকবে। তাঁর জীবন ছিল আপসহীন সংগ্রামের প্রতিচ্ছবি। দেশের সার্বভৌমত্ব, গণতন্ত্র ও জনগণের অধিকার রক্ষায় তিনি কখনো মাথা নত করেননি। প্রবল প্রতিকূলতা, নির্যাতন ও সংকটের মাঝেও তিনি অবিচল থেকেছেন, সাহস জুগিয়েছেন কোটি মানুষের মনে। তাঁর নেতৃত্ব শুধু বাংলাদেশের সীমানায় সীমাবদ্ধ ছিল না, আন্তর্জাতিক রাজনৈতিক পরিমণ্ডলেও তিনি পরিচিত ছিলেন দৃঢ়চেতা ও আত্মমর্যাদাসম্পন্ন এক নেত্রী হিসেবে। আজ আমরা কেবল একজন রাজনৈতিক নেত্রীকে হারাইনি - হারিয়েছি একটি যুগ, একটি আদর্শ, একটি সাহসী কণ্ঠস্বর। তাঁর বিদায়ে যে শূন্যতা সৃষ্টি হলো, তা শুধু রাজনীতির অঙ্গনে নয়, জাতির হৃদয়ে গভীর ক্ষত হয়ে রয়ে যাবে। প্রজন্ম থেকে প্রজন্মে তিনি স্মরণীয় হয়ে থাকবেন সংগ্রাম, সংকল্প এবং জনগণের পক্ষে অবিচল দাঁড়িয়ে থ াকার এক অনন্য দৃষ্টান্ত হিসেবে।

বেগম খালেদা জিয়া বাংলাদেশের প্রথম নারী প্রধানমন্ত্রী, বিএনপি চেয়ারপার্সন এবং গণতন্ত্রের আপসহীন এক প্রতীক - যিনি ৮০ বছর বয়সে আমাদের ছেড়ে চলে গেলেন। তাঁর প্রয়াণের সংবাদ শুধু বাংলাদেশের মানুষকেই নয়, বিশ্ব রাজনীতির বিস্তৃত পরিমণ্ডলকেও শোকাহত করেছে। এই মৃত্যু কেবল একজন রাজনীতিবিদের বিদায় নয় - এটি এক দীর্ঘ সংগ্রাম, এক অদম্য সাহস এবং এক আপসহীন নেতৃত্বের সমাপ্তি। বেগম খালেদা জিয়া চলে গেছেন, কিন্তু গণতন্ত্র, জনগণের অধিকার ও স্বাধীনতার পক্ষে তাঁর অবিচল অবস্থান ইতিহাসের বুকে চিরকাল দীপ্যমান থাকবে। জীবনের দীর্ঘ ও বন্ধুর রাজনৈতিক পথে তিনি



স্বৈরশাসনবিরোধী আন্দোলনে জাতিকে নেতৃত্ব দিয়েছেন, বারবার কারাবরণ ও নির্যাতনের মুখেও মাথা নত করেননি। একাধিকবার প্রধানমন্ত্রীর দায়িত্ব পালন করে তিনি রাষ্ট্র পরিচালনায় দৃঢ়তা ও আত্মমর্যাদার স্বাক্ষর রেখেছেন। একই সঙ্গে তিনি ভেঙে দিয়েছেন রাজনীতির পুরুষতান্ত্রিক দেয়াল, নারীর রাজনৈতিক ক্ষমতায়নের পথে হয়ে উঠেছেন সাহস ও অনুপ্রেরণার এক জীবন্ত প্রতীক। আজ তিনি নেই, কিন্তু তাঁর সংগ্রাম, ত্যাগ ও আদর্শ বাংলার রাজনীতিতে আলোকবর্তিকা হয়ে প্রজন্মের পর প্রজন্মকে পথ দেখিয়ে যাবে।

বেগম খালেদা জিয়ার মৃত্যু সংবাদে বিশ্বমঞ্চের প্রতিক্রিয়া ছিল গভীর, শ্রদ্ধাশীল ও বহুমাত্রিক। বাংলাদেশের গণ্ডি পেরিয়ে আন্তর্জাতিক নেতৃত্ব ও সংগঠনগুলো বেগম খালেদা জিয়ার অবদান স্মরণ করে শোক ও সমবেদনা জানিয়েছে। তাঁর প্রয়াণে বাংলাদেশের অন্তর্বর্তী সরকার তিন দিনের জাতীয় শোক ও একদিনের সাধারণ এরপর ২৪ পৃষ্ঠায়

> এই অবিচলতা, এই আত্মমর্যাদা আর এই ত্যাগই তাঁকে সাধারণের ঊর্ধ্বে তুলে এনে ইতিহাসের এক অনন্য উচ্চতায় স্থাপন করেছে। সময় বদলাবে, প্রেক্ষাপট পাল্টাবে কিন্তু খালেদা জিয়ার নাম, তাঁর সাহস, ত্যাগ ও আপসহীন নেতৃত্ব বাংলাদেশের ইতিহাসে চিরকাল অমলিন হয়ে থাকবে। তিনি থাকবেন এক অনুপ্রেরণার বাতিঘর হয়ে যা প্রজন্মের পর প্রজন্মকে পথ দেখাবে

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights, NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# সম্প্রীতি ও দেশপ্রেমের প্রতীক বেগম খালেদা জিয়া

**শায়রুল কবির খান**

সম্প্রীতি এমনই এক সূক্ষ্ম অথচ অনিবার্য উপাদান, যা চোখে দেখা না গেলেও মনশ্চক্ষু বা অন্তরাবলোকন দিয়ে গভীরভাবে অনুভব করা যায়। এটি কেবল শান্ত বা নীরব থাকার নাম নয়; এটি আসলে পরিচ্ছন্ন চিন্তাধারা, উভয়ের প্রতি নীতি ও আদর্শগত সাম্য এবং সর্বোপরি এক গভীর মানবিক বিবেচনাবোধের সম্মিলিত ফল। প্রতিটি মানুষের মধ্যে যখন সহযোগিতা, আস্থা ও বিশ্বাসের হাত প্রসারিত হয় এবং সেই হাতগুলো অটুটভাবে আবদ্ধ হয়, তখনই একটি সমাজ বা রাষ্ট্রে সত্যিকারের সম্প্রীতির আবহ গড়ে ওঠে। এই আবহ জাগতিক নিয়মে একক্রভাবে তৈরি হয় না- এটি নিজের পরিবার থেকে শুরু হয়ে গ্রাম, সমাজ, জেলা, বিভাগ পেরিয়ে অবশেষে সমগ্র বিশ্ব দরবারে জাতির পরিচয় বহন করে।

আগামীর বাংলাদেশ কেমন হবে- সেই প্রত্যাশা যখন নাগরিকদের মনে দানা বাঁধে, তখন সামাজিক শৃঙ্খলার মাঝে ঐক্য, প্রীতি ও মৈত্রীর বন্ধনে নিজেদের মধ্যে পূর্ণ সম্প্রীতি গড়ে তোলাটাই মূল লক্ষ্য হয়ে দাঁড়ায়। কিন্তু সেই পথেই আজ এক গভীর প্রশ্নচিহ্ন। রাজধানীর এভারকেয়ার হাসপাতালে জীবন-মৃত্যুর সন্ধিক্ষণে তার দিনযাপন যেন দেশের রাজনৈতিক সম্প্রীতি ও বিভাজনের এক অপেক্ষার প্রতিচ্ছবি ছিল। তিনি কতো বড় উপাধিপ্রাপ্ত ব্যক্তি, তা এই চরম অসুস্থতার মধ্যে দেশ-বিদেশে ব্যাপকভাবে প্রকাশিত হয়েছে।

বাস্তবভিত্তিক উপাধিটা হয়তো হতে পারে 'দেশমাতৃকা'-এর উৎকৃষ্ট উদাহরণ হিসেবে তিনি সর্বোচ্চ দেশপ্রেম, সততা, ঐক্য আর রাজনৈতিক সম্প্রীতির এক মূর্ত প্রতীক।

বেগম জিয়ার জীবন শুরু হয়েছিল এক কঠিন সংগ্রাম ও ত্যাগের মধ্যদিয়ে। স্বল্প বয়সে বিয়ে হওয়ার স্বল্প সময়ের মধ্যেই আসে একাত্তরের মুক্তিযুদ্ধের প্রেক্ষাপট। স্বামী, তখনকার মেজর জিয়াউর রহমান, স্বাধীনতার ঘোষণা দিয়ে যখন যুদ্ধে ঝাঁপিয়ে পড়লেন, তখন তিনি তার দুই শিশু পুত্রসহ চরম অনিশ্চয়তা ও মৃত্যুর মুখে দিনযাপন করেন। সেই শুরু তার কঠিন সংগ্রাম। এরপর সামরিক পট পরিবর্তন, ১৯৭৫ সালের আগস্ট ও ৭ই নভেম্বর সিপাহি-জনতার বিপ্লব ও সংহতির প্রেক্ষাপটে আসে আরও শ্বাসরুদ্ধকর জীবন। ১৯৮১ সালের ৩০শে মে চট্টগ্রাম সার্কিট হাউজে একদল বিপদগামী সেনা সদস্যদের হাতে বাংলাদেশি জাতীয়তাবাদ-এর ভিত্তিতে জাতিসত্তা প্রতিষ্ঠাতা, বহুদলীয় গণতন্ত্রের পুনঃপ্রবর্তক ও আধুনিক স্বনির্ভর বাংলাদেশের রূপকার রাষ্ট্রপতি জিয়াউর রহমান শহীদ হলে বেগম খালেদা জিয়া অসময়ে স্বামীহারা হন।

স্বামীর মৃত্যুর পর তিনি কেবল ব্যক্তিগত শোক বহন করেননি, বরং গণতন্ত্র পুনরুদ্ধার ও জাতিসত্তার আদর্শ রক্ষায় রাজনৈতিক শূন্যতা পূরণের গুরুভার কাঁধে তুলে নেন। স্বৈরশাসক জেনারেল হুসেইন মুহম্মদ এরশাদের বিরুদ্ধে দীর্ঘ ৯ বছরের সংগ্রামে তার নেতৃত্ব ছিল ঐক্য ও গণ-অভ্যুত্থানের প্রতীক। ১৯৯০ সালের গণ-অভ্যুত্থানে এরশাদের পতনের পর, ১৯৯১ সালে জাতীয় সংসদের সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনে বেগম খালেদা জিয়ার নেতৃত্বে বিএনপি সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে সরকার গঠন করে।



প্রথম নারী প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নিয়ে তিনি বাংলাদেশে নারী শিক্ষা, স্বাস্থ্যসেবা ও সর্বজনীন প্রাথমিক শিক্ষায় নতুন দিগন্ত উন্মোচন করেন। তার সরকার অর্থনীতিতে অভূতপূর্ব সাফল্য নিয়ে আসে, যা আন্তর্জাতিক মহলের দৃষ্টি আকর্ষণ করে। সেই সময়ের অর্জন আন্তর্জাতিক অঙ্গনেও স্বীকৃতি পায়। যেমন, যুক্তরাষ্ট্রের টাইমস ম্যাগাজিনের কভার প্রতিবেদন তাকে 'বাংলাদেশ ইমার্জিং টাইগার' শিরোনামে তুলে ধরে, যা ছিল দেশের অর্থনৈতিক উত্থানের এক শক্তিশালী প্রমাণ।

কিন্তু এই সাফল্য কিছু দেশি-বিদেশি কুচক্রী মহলের ঈর্ষার কারণ হয়ে দাঁড়ায়। শুরু হয় সরকারবিরোধী আন্দোলন, যেখানে আওয়ামী লীগ ও জামায়াতে ইসলামীকে সঙ্গে নিয়ে এক রাজনৈতিক অস্থিরতা সৃষ্টি করা হয়। এমনকি 'জনতার মঞ্চ' নামে সিভিল প্রশাসনের কর্মকর্তাদের একাংশের উপস্থিতি এবং সংসদ থেকে বিরোধী দলের পদত্যাগ দেশের গণতান্ত্রিক ধারাকে সংকটের মুখে ফেলে দেয়। এই পরিস্থিতিতে, জাতির বৃহত্তর স্বার্থে সাংবিধানিক ধারাবাহিকতা ও সংবিধান সংশোধনীর প্রয়োজনে ১৯৯৬ সালে জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হয়। সংসদের দুই-তৃতীয়াংশ মতামতের ভিত্তিতে সংবিধান সংশোধনী গৃহীত হয় এবং নির্বাচনকালীন তত্ত্বাবধায়ক সরকার পদ্ধতি ফিরে আসে, যা ছিল রাজনৈতিক সম্প্রীতির এক ঐতিহাসিক অর্জন।

দুর্ভাগ্যজনকভাবে, সেই ঐতিহাসিক অর্জন ফ্যাসিস্ট আওয়ামী লীগ সরকার ২০১১ সালে সংবিধান থেকে বাদ দিয়ে দেয়। সেইদিন থেকেই যেন বাংলাদেশ নব্য বাকশালী শাসনে ধাবিত হতে থাকে এবং রাজনৈতিক বিভাজন আরও তীব্র ও অনমনীয় হয়ে ওঠে। বিএনপিসহ সকল বিরোধী দলের রাজনৈতিক নেতাকর্মীদের ওপর জুলম-নিপীড়ন, গুম, হত্যা ও কারাগারে পাঠানোর অবর্ণনীয় প্রক্রিয়া শুরু হয়। শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪০ বছরের স্মৃতিবিজড়িত ঢাকা সেনানিবাসের বাসভবন থেকে জোরপূর্বক উচ্ছেদ করা হয় দেশনেত্রী বেগম খালেদা জিয়াকে। তার ছোট ছেলে আরাফাত রহমান কোকো নির্যাতন ও নিপীড়নের মধ্যে বিদেশে মৃত্যুবরণ করেছেন। বড় ছেলে, বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব তারেক রহমান, মিথ্যা হয়রানিমূলক মামলায় অভিযুক্ত হয়ে লন্ডনে দীর্ঘ ১৭ বছর নির্বাসনে ছিলেন।

তৎকালীন ফ্যাসিস্ট আওয়ামী লীগ এরপর ২৮ পৃষ্ঠায়



প্রতিনিয়ত দেশে-বিদেশের কোটি কোটি নাগরিক তার জন্য দোয়া করেছেন। বিশেষজ্ঞ চিকিৎসকগণ অবিরাম চেষ্টা করেছেন তাকে সুস্থ করে তুলতে। গত ২৩শে নভেম্বর ২০২৫ রোববার এভার কেয়ার হাসপাতালে ভর্তি করা হয়। ৩০শে ডিসেম্বর ২০২৫ মঙ্গলবার ভোর ৬টা দুনিয়া থেকে চিরবিদায় নিয়েছেন গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠার দীর্ঘ সংগ্রামের আপসহীন নেত্রী, মুক্তিযোদ্ধা বাংলাদেশের প্রথম নারী প্রধানমন্ত্রী বিএনপি চেয়ারপারসন দেশনেত্রী বেগম খালেদা জিয়া। ইন্না-লিল্লাহি ওয়া ইন্না-লিলাইহি রাজিউন। তাদের দেখানো পথ ধরে রক্তের ও রাজনৈতিক দর্শনের উত্তরাধিকার বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব তারেক রহমান '৩১ দফা' র ভিত্তিতে আগামীর কল্যাণ রাষ্ট্র গড়ে তুলবেন এই হোক আমার আপনার প্রতিশ্রুতি। দেশনেত্রীকে মহান আল্লাহ বেহেশতের সর্বোচ্চ স্থানে অধিষ্ঠিত করুন। আমিন

# আপসহীন সংগ্রামী এক কিংবদন্তির বিদায়

**মশিউর রহমান রুবেল**

২০০৮ সালের নির্বাচনে জয়ের সম্ভাবনা কম জেনেও তিনি দলকে নির্বাচনমুখী করেন এবং 'ব্যাকডোর' সমঝোতার বদলে গণতান্ত্রিক প্রক্রিয়াকেই বেছে নেন। মৃত্যুর আগ মুহূর্ত পর্যন্ত তিনি বাংলাদেশের রাজনীতিতে ব্যাপক প্রভাব বিস্তার করে গেছেন। বিশ্লেষকদের মতে, দেশে গণতান্ত্রিক অনিশ্চয়তার সময়ে তাঁর অবস্থান আরও বেশি প্রাসঙ্গিক হয়ে উঠেছিল। আপসহীন নেত্রী বেগম খালেদা জিয়া বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে অনুকরণীয় দৃষ্টান্ত রেখে গেছেন। বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে তিনি বহুদলীয় গণতন্ত্রের প্রতীক এবং নারী শিক্ষার প্রসারে অন্যতম পথিকৃৎ হিসেবে স্মরণীয় হয়ে থাকবেন।

হে প্রিয় দেশনেত্রী, আল্লাহ আপনাকে ইহকালীন জীবন যে সম্মান দিয়েছেন পরকালেও নিশ্চয়ই সর্বোচ্চ সম্মানিত করবেন। আমিন



মহীয়সীর মহাপ্রয়াণ। স্মরণ যাঁর চির অম্লান। রাজনীতি ও গণতন্ত্রের সৌন্দর্য, মাধুর্য আর মুগ্ধতা ছড়ানো এক আপসহীন সংগ্রামী এক কিংবদন্তির বিদায়। হাজারো প্রতিকূলতার মুখেও অঙ্গীকার, সাহস ও দৃঢ়তা দেশে কোটি মানুষের হৃদয়ে সম্মানের আসনে বসিয়েছে। বিদায় গণতন্ত্রের মাতা বেগম খালেদা জিয়া। আপনার কর্মগুণেই দেশ ও দেশের জনগণ আপনাকে শ্রদ্ধাভরে স্মরণ রাখবে যুগ-যুগান্তর।

বেগম খালেদা জিয়াকে তাঁর রাজনৈতিক জীবনের আদর্শ ও অনমনীয় ভূমিকার জন্যই তিনি দেশ ও জনগণের কাছে আজও 'আপসহীন নেত্রী'। বেগম খালেদা জিয়া শুধু দেশের প্রথম একজন নারী প্রধানমন্ত্রীই ছিলেন না বরং তিনি ছিলেন সংসদীয় গণতন্ত্র পুনরুদ্ধার ও বাংলাদেশের রাজনীতিতে নারী নেতৃত্বের এক শক্তিশালী প্রতীক।

বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে বেগম খালেদা জিয়ার মতো খুব কম নেতা ও নেত্রীই এত শ্রদ্ধা, বিতর্ক ও ধৈর্যের প্রতীক হয়ে উঠেছিলেন। দীর্ঘ কয়েক দশক ধরে তিনি 'আপসহীন নেত্রী' হিসেবে পরিচিতি পেয়েছেন। এই উপাধিটি তিনি পেয়েছেন স্বৈরশাসনের বিরুদ্ধে তাঁর ধারাবাহিক দৃঢ় অবস্থান, গণতন্ত্র ও রাষ্ট্রীয় সার্বভৌমত্ব রক্ষায় দৃঢ় লড়াইয়ের কারণে।

গণতন্ত্র, মর্যাদা ও জবাবদিহিতে বিশ্বাসী অনেক বাঙালির কাছে তিনি শক্তিশালী প্রতীক হয়ে উঠেছেন। চার দশকের বেশি সময়ের রাজনৈতিক যাত্রায় তিনি জয় দেখেছেন, হার মেনেছেন, কারাবরণ করেছেন, আবার ঘুরেও দাঁড়িয়েছেন। আর এভাবেই গণতন্ত্র, মর্যাদা ও জবাবদিহিতায় বিশ্বাসী বহু মানুষের কাছে দৃঢ়তার প্রতীক হয়ে ওঠেন তিনি।

বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে বেগম খালেদা জিয়ার নাম উচ্চারিত হলেই এক ধরনের নীরব দৃঢ়তা অনুভূত হয়। তিনি শুধু একটি রাজনৈতিক দলেরই প্রধান নন। তিনি একটি সময়, একটি সংগ্রাম এবং একটি ভিন্ন রাজনৈতিক তথা গণতান্ত্রিক সংস্কৃতির প্রতীকও।

বেগম খালেদা জিয়ার ব্যক্তিত্ব অনন্য। বাংলাদেশের রাজনীতিতে তিনি অনন্য চরিত্রের অধিকারী। শুধু আপসহীনতার জন্য নয়, ত্যাগ স্বীকার ও কষ্ট সহ্য করার অপরিসীম ক্ষমতা ছিল তাঁর। এ ধরনের চরিত্র খালেদা জিয়া পেয়েছিলেন তাঁর মা-বাবা এবং স্বামী শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের কাছ থেকে। তিনি ছিলেন, জনপ্রিয়তার বলে বলীয়ান।



যেমন সম্মান জোর করে আদায় করা যায় না, আবার ঢাকঢোল পিটিয়ে প্রচার করেও তা পাওয়া যায় না। এটি মানুষের কাজ, আদর্শ ও চরিত্রের নিরব মূল্যায়নের ভিত্তিতে স্বাভাবিকভাবেই তৈরি হয়। ইতিহাস বারবার প্রমাণ করেছে, জোর করে আদায় করা শ্রদ্ধা স্থায়ী হয় না, কিন্তু প্রকৃত সম্মান ঠিকই থেকে যায়-যার এক জলন্ত উদাহরণ বেগম খালেদা জিয়া।

গত ৩০ ডিসেম্বর ছিল জাতীয় প্রেসক্লাবের বার্ষিক সাধারণ সভা। দেশের প্রথম প্রধানমন্ত্রীর মৃত্যুর খবরে শোকে যেন কাঁদছিলো প্রাণ-প্রকৃতিও। কুয়াশাচ্ছন্ন সকালে ক্লাবে গিয়ে দেখলাম শোকের অংশ হিসেবে স্থগিত করা হয় সাধারণ সভার আনুষ্ঠানিকতা। তবে মঞ্চে বেগম খালেদা জিয়ার রুহের মাগফিরাত কামনায় দোয়া করা হয়। এরপরই শোকাতুর সহযোদ্ধা সাংবাদিকদের সাথে ক্লাবের টিভি রুমে বসে দেখলাম জাতির উদ্দেশ্যে দেয়া প্রধান উপদেষ্টা ভাষণ। তিনি ঘোষণা করালেন একদিনের সাধারণ ছুটি ও তিনদিনের রাষ্ট্রীয় শোক।

এর পরই সহযোদ্ধা সাংবাদিক মো. এনামুল ইসলাম তুহিন ও জাতীয় প্রেসক্লাবের সদস্য এইচ এম আল-আমিনের সাথে কথা হচ্ছিল দেশের রাজনৈতিক নানা প্রসঙ্গ নিয়ে। ঠিক এই সময়ে আল আমিন বলে উঠলেন- জীবিত খালেদা জিয়ার চেয়ে মৃত খালেদা জিয়া দেশের অগুনতি নেতাকর্মীদের কাছে অনেক বেশি শক্তিশালী। বিগত সরকার কখন কিভাবে তাকে নির্যাতন চালিয়েছিল তারও এক পিরিস্তি তুলে ধরলেন। বললেন- সবমিলিয়ে বিগত সরকার এই মৃত্যুর দায় তার কখনোই এড়াতে পারবে না।

সর্বশেষ শেখ হাসিনার স্বৈরাচারী শাসন তাঁর শরীরের ওপর যে নির্যাতন চালায়, সেই ধকল নিয়েই চলে গেলেন খালেদা জিয়া। তবে তাঁর যে মানবিকতা, দেশপ্রেম, দৃঢ় চারিত্রিক গুণাবলি, গভীরে চিন্তা করতে পারার ক্ষমতা, সহনশীলতা- তা ইতিহাসে স্মরণীয় হয়ে থাকবে।

খালেদা জিয়া কখনো মনে প্রতিহিংসা পুষে রাখতেন না। তিনি সবাইকে নিয়ে দেশ গড়তে চেয়েছেন। সেটাই ছিল তার দর্শন। কখনো এসবের প্রতিশোধ নিতে যাননি। তিনি জানতেন জনসমর্থনই তাঁর একমাত্র অবলম্বন। যার প্রমাণ পেয়েছেন, তিনি যখনই নির্বাচনে দাঁড়িয়েছেন, জিতেছেন। বেগম খালেদা জিয়া বাংলাদেশের রাজনীতিতে একজন মহীয়সী নারী। তাঁর তুলনা তিনি নিজেই।

তাঁর সমর্থক ও লাখ লাখ সাধারণ মানুষের কাছে খালেদা জিয়া গণতান্ত্রিক প্রতিরোধের এক মূর্ত প্রতীক। কারাজীবন, আইনি লড়াই এবং ব্যক্তিগত দুঃখ-কষ্টের মুখেও তিনি কখনো দমে যাননি। বাংলাদেশের গণতান্ত্রিক সংগ্রামের অনন্য অনুপ্রেরণা।

প্রেসক্লাবের আরেক সদস্য কবি রফিক লিটন বললেন, খালেদা জিয়া বাংলাদেশের রাজনৈতিক প্রেক্ষাপট গড়ে তুলতে, কোটি মানুষকে অনুপ্রাণিত এরপর ২৬ পৃষ্ঠায়

# মা, মাটি ও মানুষের নেত্রী: অমর অক্ষয় খালেদা জিয়া

> পরবর্তী সময়ে আওয়ামী লীগ সরকারের আমলে ৪১ বছরের স্মৃতি বিজড়িত ক্যান্টনমেন্টের বাসা থেকে উচ্ছেদ, অবরুদ্ধ জীবন, কারাবাস, সন্তান হারানোর বেদনা-সব মিলিয়ে তাঁর জীবন ছিল এক গভীর ট্র্যাজেডির গল্প। তবু তিনি কখনো ভেঙে পড়েননি। বরং বারবার বলেছিলেন, দেশবাসীই তাঁর প্রকৃত স্বজন। দীর্ঘ আন্দোলন, ক্ষমতা, নিপীড়ন ও ত্যাগের মধ্য দিয়ে খালেদা জিয়া শেষ জীবনে এসে দল-মত নির্বিশেষে সকলের শ্রদ্ধায় সিক্ত হন এবং জাতীয় নেত্রীতে পরিণত হন। ২০২৪ সালের গণ-অভ্যুত্থানের পর মুক্তি পেয়ে তিনি তরুণদের উদ্দেশে যে বার্তা দেন-"ধ্বংস নয়, প্রতিশোধ নয়, প্রতিহিংসা নয়; ভালোবাসা, শান্তি ও জ্ঞানভিত্তিক সমাজ গড়ে তুলি"-তা তাঁকে নতুনভাবে 'ঐক্যের প্রতীক' হিসেবে প্রতিষ্ঠিত করে। প্রকৃতপক্ষে বেগম খালেদা জিয়া শুধু একজন ব্যক্তি নন, দীর্ঘ সময়ের নিজ কর্মগুণে নিজেকে একটি প্রতিষ্ঠানে পরিণত করেছেন

আহসান হাবিব বরুণ



বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে একটি গভীর, বেদনাবিধুর এবং তাৎপর্যপূর্ণ অধ্যায়ের অবসান ঘটল আজ মঙ্গলবার সকালে। গণতন্ত্রের আপসহীন সৈনিক, মা-মাটি ও মানুষের নেত্রী, তিন বারের সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়া অযুত কোটি মানুষকে শোকের সাগরে ভাসিয়ে চলে গেলেন অনন্তের পথে-ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। তাঁর প্রয়াণ শুধু একটি রাজনৈতিক নেত্রীর বিদায় নয় বরং এটি বাংলাদেশের রাজনীতির একটি দীর্ঘ অধ্যায়ের সমাপ্তি বলে আমি মনে করি। যেখানে রচিত হয়েছে সংগ্রাম, ত্যাগ, নেতৃত্ব ও প্রতিকূলতার বিরুদ্ধে দৃঢ়তার এক অনন্য ইতিহাস। তার মৃত্যুতে তিন দিনের রাষ্ট্রীয় শোক এবং বুধবার সাধারণ ছুটি ঘোষণা করেছে সরকার।

বেগম খালেদা জিয়া ছিলেন গণতন্ত্রের এক সুদৃঢ় কণ্ঠস্বর। তিনি ছিলেন নিপীড়িত মানুষের আশ্রয় আর জাতীয় রাজনীতিতে ঐক্যের প্রতীক। ব্যক্তিগত জীবনের সীমাবদ্ধতা পেরিয়ে তিনি নিজেকে গড়ে তুলেছিলেন এক শক্তিশালী রাজনৈতিক প্রতিষ্ঠানে-যার প্রভাব চার দশকের বেশি সময় ধরে বাংলাদেশের রাজনীতিতে গভীরভাবে প্রতিফলিত হয়েছে।

খালেদা জিয়ার রাজনৈতিক উত্থান ছিল বাংলাদেশের ইতিহাসে এক ব্যতিক্রমী ঘটনা। তিনি ছিলেন একজন গৃহবধূ-রাজনীতির সঙ্গে প্রত্যক্ষ কোনো সংশ্লিষ্টতা ছিল না। ১৯৮১ সালের ৩০ মে রাষ্ট্রপতি ও বিএনপির প্রতিষ্ঠাতা জিয়াউর রহমান নিহত হওয়ার পর বিএনপি পড়ে যায় নেতৃত্ব সংকটে। সেই সংকটময় সময়ে, ১৯৮২ সালের ৩ জানুয়ারি, মাত্র ৩৯ বছর বয়সে খালেদা জিয়া বিএনপিতে যোগ দেন। অল্প সময়ের মধ্যেই তিনি দলের সিনিয়র ভাইস চেয়ারম্যান, পরে ভারপ্রাপ্ত চেয়ারম্যান এবং শেষে চেয়ারপারসনের দায়িত্ব গ্রহণ করেন।

রাজনীতিতে আসার দশ বছরেরও কম সময়ের মধ্যে তিনি বাংলাদেশের প্রথম নারী প্রধানমন্ত্রী নির্বাচিত হন। মুসলিমপ্রধান, পুরুষশাসিত সমাজে একজন গৃহবধূর এভাবে রাষ্ট্রক্ষমতার শীর্ষে পৌঁছানো ছিল যুগান্তকারী ঘটনা । এটি শুধু বাংলাদেশ নয়। বিশ্বের ইতিহাসেই এটি একটি বিরলতম ঘটনা। সত্যিকার অর্থে তিনি এমন এক সময়ে স্বকীয় রাজনৈতিক অবস্থান তৈরি করেছেন, যখন পুরুষশাসিত সমাজের একচেটিয়া আধিপত্য ছিল।

খালেদা জিয়ার রাজনৈতিক পরিচয়ের সবচেয়ে শক্তিশালী দিক ছিল তাঁর আপসহীনতা। ১৯৮৩ সালে তিনি স্বৈরশাসক হুসেইন মুহাম্মদ এরশাদের বিরুদ্ধে আন্দোলনে নামেন। তাঁর নেতৃত্বে গঠিত হয় ৭-দলীয় ঐক্যজোট, যা পরবর্তীকালে '৯০-এর গণ-আন্দোলনের প্রধান স্তম্ভে পরিণত হয়। দীর্ঘ নয় বছরের আন্দোলনে তিনি হয়ে ওঠেন 'আপসহীন নেত্রী'-যে পরিচয় আজও তাঁর নামের সঙ্গে অঙ্গাঙ্গিভাবে জড়িত।

রাজনৈতিক গবেষকদের মতে, এরশাদবিরোধী আন্দোলনই খালেদা জিয়ার রাজনৈতিক ব্যক্তিত্বকে দৃঢ় ভিত্তি দেয়। রাজপথের আন্দোলন, গ্রেপ্তার, হুমকি-সবকিছুর মধ্যেও তিনি ছিলেন অটল। ১৯৯০ সালের গণ-অভ্যুত্থানের পর ১৯৯১ সালের নির্বাচনে বিএনপি অভাবনীয় জনসমর্থন নিয়ে ক্ষমতায় আসে। বেগম খালেদা জিয়া হন স্বাধীন বাংলাদেশের প্রথম নারী প্রধানমন্ত্রী এবং প্রকৃত অর্থে নিরপেক্ষ সরকারের অধীনে নির্বাচিত প্রথম প্রধানমন্ত্রী-যা তাঁর রাজনৈতিক জীবনের এক অনন্য কৃতিত্ব।

গণতান্ত্রিক রাজনৈতিক ইতিহাসে বেগম খালেদা জিয়া ছিলেন অপরাজেয় নেত্রী। গণতান্ত্রিক রাজনীতির প্রতিটি নির্বাচনী লড়াইয়ে তিনি ছিলেন অপ্রতিদ্বন্দ্বী। যে কটি জাতীয় সংসদ নির্বাচনে তিনি সরাসরি অংশ নিয়েছেন, প্রতিবারই তিনি বিপুল ভোটে বিজয়ী হয়েছেন। তিনি কখনো পরাজয় বরণ করেননি।

আপসহীন আন্দোলনের নেত্রী হলেও রাষ্ট্র পরিচালনায় খালেদা জিয়া ছিলেন বাস্তববাদী ও পরিস্থিতিবোদ্ধা। তিনি সংলাপ ও সমঝোতার রাজনীতিকে কখনো পুরোপুরি অস্বীকার করেননি। নির্বাচনকালীন নির্দলীয় ও নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা সংবিধানে যুক্ত করার ক্ষেত্রে তাঁর অবস্থান তারই প্রমাণ। শুরুতে বিএনপি একমত না হলেও জনদাবির প্রতি সম্মান জানিয়ে তিনি সেই ব্যবস্থাকে সাংবিধানিক স্বীকৃতি দেন।

দীর্ঘ রাজনৈতিক জীবনে তিনি ৭-দলীয়, ৪-দলীয় এবং পরবর্তীকালে ২০-দলীয় জোটের নেতৃত্ব দেন। রাজনৈতিক বিশ্লেষকেরা মনে করেন, বাংলাদেশে জোটভিত্তিক রাজনীতির সফল প্রয়োগে খালেদা জিয়ার ভূমিকা ছিল কেন্দ্রীয়। ভিন্ন মতাদর্শের দলগুলোর সঙ্গে কাজ করার মানসিকতা তাঁকে একটি বৃহত্তর জাতীয় নেত্রীতে পরিণত করেছিল।

২০০৭ সালের এক-এগারোর পর খালেদা জিয়া ও তাঁর পরিবারে নেমে আসে চরম সংকট। সেনা-সমর্থিত তত্ত্বাবধায়ক সরকারের সময় তিনি ও তাঁর দুই পুত্র গ্রেপ্তার হন। দল ভাঙার চেষ্টা, তাঁকে বিদেশে পাঠানোর ষড়যন্ত্র-সবকিছু সত্ত্বেও তিনি দেশ ছাড়তে অস্বীকৃতি জানান। তাঁর সেই উচ্চারণ-"এই দেশ, এই দেশের মাটি-মানুষই আমার সবকিছু"-বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে এক অনন্য দৃঢ়তার উদাহরণ হয়ে আছে।

পরবর্তী সময়ে আওয়ামী লীগ সরকারের আমলে ৪১ বছরের স্মৃতি বিজড়িত ক্যান্টনমেন্টের বাসা থেকে উচ্ছেদ, অবরুদ্ধ জীবন, কারাবাস, সন্তান হারানোর বেদনা-সব মিলিয়ে তাঁর জীবন ছিল এক গভীর ট্র্যাজেডির গল্প। তবু তিনি কখনো ভেঙে পড়েননি। বরং বারবার বলেছিলেন, দেশবাসীই তাঁর প্রকৃত স্বজন।



এরপর ৩৪ পৃষ্ঠায়




Mybestfly
الكويتية
KUWAIT
AIRWAYS
SUMMER SALE - 2026
New York - Dhaka - New York
Starting From
$590+
One-Way
$1190+
Round Trip
KUWAIT
Scan Me
mybestfly.com
718 406 9745
Sister Concern Company of
Global Tours & Travel
World Tours & Travel
37-12 75th St, 2nd floor Suite # 206. Jackson Heights, NY-11372, USA



# LAW OFFICES

## Toll Free: 1-866-MOIN-LAW
## Cell: 917-282-9256

**(To schedule appointment only)**




এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস

**বিনামূল্যে পরামর্শ**

প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন

- গাড়ী এক্সিডেন্ট
- কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
- বিল্ডিং এ দূর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- ট্রিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- লেড পয়জনিং
- **IMMIGRATION**

(Consultation fee applies)





**ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি**


Attorney
Michigan Only.


Attorney
Michigan Only.


Attorney
New Jersey Only


Attorney, Buffalo
New York Only


Attorney
Connecticut Only


Attorney
Pennsylvania Only

**WWW.MOINLAW.COM**

Prior Result Does Not Guarantee future outcome of any cases
Moin Choudhury is admitted in the United States Supreme Court and Michigan State Supreme Court only.
Michael Taub is admitted in New York State Only.

# নির্বাচন অবাধ-সুষ্ঠু করতেই হবে

> এমনিতেই আগামী নির্বাচনে নৌকা প্রতীক তথা আওয়ামী লীগ থাকছে না। এর মধ্যে নিরাপত্তা প্রশ্নে বিএনপির মতো দলের মনোনয়নপ্রাপ্ত ব্যক্তি-নেতা সরে দাঁড়ালে আমাদের দেশে কোন মডেলের নির্বাচন হবে? প্রসঙ্গত, ফ্যাসিস্ট হাসিনার রাজত্বে ২০১৪, ২০১৮ ও ২০২৪-এর মডেলের নির্বাচন অনুষ্ঠানের ঘৃণ্য দৃষ্টান্ত কিন্তু আছে; যা থুতু হিসেবে মানুষ ত্যাগ করেছে। সবাই জানে, মুখের থুতু ফেলে দেওয়ার সঙ্গে সঙ্গে বিষাক্ত হয়ে যায়, তা আর গ্রহণ করা যায় না। ফলে এটুকু বলা চলে, আওয়ামী লীগের জন্য মতলবি মায়া কান্নাকে এবার কোনোরকম বিবেচনায় না নিয়ে ২০২৬-এর ফেব্রুয়ারিতে গ্রহণযোগ্য নির্বাচন করতেই হবে। তা না হলে ২৪-এর অর্জন তো গোল্লায় যাবেই, ৭১-এর অর্জনও সংকটে পড়তে পারে। এ অবস্থায় সেই প্রবচন বিবেচনায় রাখা প্রয়োজন-'সাধু সাবধান!'

আলম রায়হান



দার্শনিকরা কবি না হলেও, কবিরা সাধারণত দার্শনিক এবং কবিতা সর্বজনীন। কবিতার দোতনা যুগে যুগে ঘুরেফিরে অনুভব করা যায়। যেমন, সম্প্রতি নিরাপত্তার জন্য যেভাবে অস্ত্র বিতরণে সরকার পণ করেছে, তাতে রবীন্দ্রনাথ ঠাকুরের যুতা আবিষ্কার কবিতার দোতনা বেশ অনুভব করা যাচ্ছে। কবিতা প্রসঙ্গে কলামের শেষের দিকে আসি। শুরুতে অস্ত্র বিতরণ প্রসঙ্গে আসা যাক। বিষয়টি অনেকটা শিশুতোষ শিক্ষায় সেই পঠনের মতো, 'রাজা নিজ সিংহাসনে বসিয়া নিজ হস্তে নিজ প্রজাদিগকে অর্থ দান করিতেছেন।' তবে এখানে অর্থের বদলে অস্ত্র এবং প্রজার বদলে বিশিষ্টজনকে ধরে নিতে হবে। তা ছাড়া প্রজাদিগকে নিয়ে ভাবেই-বা কে! অথচ সবকিছুই চলে প্রজা তথা জনগণের নামে। সরকার বলে জনস্বার্থে, মানে জনগণের স্বার্থে। রাজনৈতিক দলগুলোও তাই বলে। এই হচ্ছে আধুনিক যুগের অবস্থা। আর আগের অবস্থা যে খুব একটা অন্যরকম ছিল, তাও জোর দিয়ে বলা যাবে না। কারণ, সেই সময়ের জমিদাররা প্রজাদের জন্য সুপেয় পানির উৎস হিসেবে যে দীঘি খনন করতেন, তার পেছনেও স্বার্থবোধ বেশ টনটনে ছিল। এর মধ্যে, একটি হচ্ছে কলেরায় প্রজারা দলে দলে মরে গেলে জমিতে ফসল ফলাবে কে? আর ফসল না ফললে তো খাজনা আদায় করা কঠিন হবে। এমনিতেই প্রজারা খাজনা দিতে চাইত না। যেমন, এখনো চায় না। কাজেই বড়-ছোট যাই হোক, সবকিছুর পেছনেই মতলব থাকে। তবে মতলবের বিষয়টি আমজনতা সচরাচর জানতে পারে না। যেমন, অজানা আছে নির্বাচনে প্রার্থী এবং বিশিষ্টজনের গানম্যান ও অস্ত্রের লাইসেন্স দেওয়ার উদ্যোগের শানেনজুল। আরেকটি বিষয় মনে রাখা প্রয়োজন, কোনো বিষয়ে 'যাহা বলা হয়, তাহাই কিন্তু শেষ কথা নয়!' কথার পিঠে যেমন কথা থাকে, ঘটনার পেছনে ঘটনা আছে, প্রতিবাদের পেছনেও নানান উদ্দেশ্য থাকে। যেমন, মাদক ও পতিতা ব্যবসায়ীরাই সম্প্রতি কুয়াকাটায় অনৈতিক এ ব্যবসার বিরুদ্ধে মিছিল করেছে। আর এটিকেই ইতিবাচক প্রতিক্রিয়া হিসেবে ধরে নিয়েছে এলাকাবাসী।

রাজনীতির যুবরাজ ওসমান হাদির অকালপ্রয়াণের ঘটনায় নানান প্রতিক্রিয়ার প্রধান দুটি হচ্ছে-দুটি পত্রিকা অফিসে হামলা এবং বিশিষ্টজনদের অস্ত্রের লাইসেন্স প্রদান। সংসদ নির্বাচনে প্রার্থীদের অস্ত্র দেওয়ার বিষয়টি বিবেচনার পর এটিকে আরও সম্প্রসারিত করা হয়েছে। এরই মধ্যে অনেকেই অস্ত্র ও গানম্যান পেয়ে গেছেন। এ হচ্ছে মাথ ব্যথার কারণে মাথা কেটে ফেলার উল্টো ভার্সন, 'কল্লার ওপর অসংখ্য মাথা লাগিয়ে দেওয়া'। তবে কল্লা না বলে ঘাড় বলাই বেহেতের। কারণ, কল্লা উচ্চারণ করে ১৯২৭ সালে ঝালকাঠির অজপাড়াগাঁয়ে সৈন্যদের গুলিতে ১৯ জন শহীদ হয়েছিলেন। তখন কিন্তু আইনশৃঙ্খলা আজকের তুলনায় ভালো ছিল বলে মিথ আছে। কাজেই কোনো অঘটনের পেছনে আইনশৃঙ্খলা পরিস্থিতিই একমাত্র প্রাসঙ্গিক বিষয় নয়। তবে এর বিশাল প্রভাব আছে। যেমন হয়েছে বিপ্লবী হাদির হত্যাকাণ্ডের বিষয়ে। বিবেচনায় নিতে হবে, শুধু বিপ্লবী হাদির হত্যাকাণ্ড শুধু আইনশৃঙ্খলার বিষয় নয়। আরও অনেক গভীরের খেলা থাকতে পারে। সামগ্রিক বিবেচনায় দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতিকে ভালো বলার কোনো উপায় নেই। আবার এ ব্যাপারে ব্যর্থতার দায় স্বরাষ্ট্র উপদেষ্টার ওপর চাপানোর একটি জোরালো প্রয়াস আছে। কিন্তু এটি বিবেচনায় আনা হচ্ছে না, কৃষি মন্ত্রণালয়ে যে ব্যক্তি খুবই সফল, সে কেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে ব্যর্থতার খাদে? আর আইনশৃঙ্খলার বিষয়টি কি শুধু স্বরাষ্ট্রমন্ত্রী বা উপদেষ্টার ওপর নির্ভর করে? নিশ্চয়ই না। এর সঙ্গে অসংখ্য ফ্যাক্টর সম্পৃক্ত। ঘরের ইঁদুরেরও কারসাজি থাকে কখনো কখনো। কিন্তু দোষ চাপে শুধু স্বরাষ্ট্রমন্ত্রী বা উপদেষ্টার ওপর! দোষারোপ করার এ ধারা সাধারণ মানুষের মধ্যে সীমাবদ্ধ নেই। আরও উপরে গেছে। যারা বোদ্ধা হিসেবে পরিচিত, তারাও কথায় কথায় স্বরাষ্ট্র উপদেষ্টার পদত্যাগ দাবি করেছেন। কিন্তু এ বিষয়ে সুগভীরে তো দূরের কথা, সাধারণ গভীরতায় যাওয়ারও চেষ্টা করা হয় না। গভীরের যে কথা বহু আগে বলে গেছেন মেধাবী রাজনীতিক কর্নেল (অব.) আকবর হোসেন। তার ভাষ্য, 'স্বরাষ্ট্রমন্ত্রী কখনো নিজে মন্ত্রী থাকেন না।' আকবর হোসেন এ কথা বলেছিলেন শেখ হাসিনার প্রথম সরকারের প্রথম স্বরাষ্ট্রমন্ত্রী মেজর রফিক প্রসঙ্গে। যাকে আড়াই বছরের মধ্যে পদত্যাগ করতে হয়েছিল। কিন্তু তার পর মোহাম্মদ নাসিম এসে মাটির নিচ থেকে সন্ত্রাসী ধরার বুলন্দ আওয়াজ দেওয়া ছাড়া আর কি কিছু করতে পেরেছেন? পারেননি। এদিকে ইনকিলাব মঞ্চ স্বরাষ্ট্র উপদেষ্টা জেনারেল জাহাঙ্গীর আলম চৌধুরীর পাশাপাশি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে কর্মরত খোদা বকশ চৌধুরীরও পদত্যাগ দাবি করেছে। এই খোদা বকশ চৌধুরী পুলিশপ্রধান ছিলেন তিন মাসের জন্য। এর আগে এক দিনের জন্য ছিলেন র‍্যাবের ডিজি। ব্যক্তিগত সততা নিয়ে তার বিরুদ্ধে কখনো কেউ কোনো প্রশ্ন তুলেছেন বলে জানা যায়নি। কিন্তু তিনি 'গ্রুপিং মাস্টার' হিসেবে বেশ পরিচিত। বলা হয়, তার এই ইনবিল্ড প্রবণতার কারণেই পুলিশ যথাযথভাবে ভূমিকা পালন করতে বাধাগ্রস্ত হয়েছে। ২৪ ডিসেম্বর তার বিদায়ের পর এখন কী বলবে পুলিশ? মনে রাখা প্রয়োজন, আইনশৃঙ্খলা রক্ষার মূল দায়িত্ব কিন্তু পুলিশের। ফলে স্বরাষ্ট্র উপদেষ্টার পদত্যাগ কোনো সমাধান নয়। বরং এ ব্যাপারে গভীরে বিবেচনা করতে হবে। বিবেচনায় নিতে হবে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কি জেনারেল জাহাঙ্গীর এরপর ২৪ পৃষ্ঠায়




# ঘটনার ঘনঘটা নিয়ে বিদায় নিচ্ছে বছর

সৈয়দা সাদিয়া শাহরীন

অন্তর্বর্তী সরকার বাংলাদেশের হাল ধরার পর থেকেই নির্বাচন নিয়ে নানা জল্পনাকল্পনা চলেছে। বাড়ির খাবার টেবিল থেকে শুরু করে চায়ের দোকানে মুরুব্বিদের আড্ডায় এ নিয়ে নানা জটিল প্রশ্নের উদ্ভব হয়েছে। প্রায় সব প্রশ্নের উত্তর পাওয়া না গেলেও ২০২৫ সালের শুরু থেকে প্রধান উপদেষ্টা মোটামুটি জোর কণ্ঠেই বলে গেছেন-নির্বাচন হবে। কবে হবে? সে উত্তরটাও সুনির্ধারিতভাবে পাওয়া গেছে বছরের শেষ দিকে এসে। তফসিল ঘোষণা হয়ে গেছে। আকাঙ্ক্ষিত তফসিল। সারা বছর যাঁরা 'নির্বাচন কবে হবে'-এই প্রশ্নের উত্তরের অপেক্ষা করেছেন, তাঁরা নির্বাচনের তারিখটা জেনে নিশ্চয়ই স্বস্তি পেয়েছেন। এবার বহুল আকাঙ্ক্ষিত নির্বাচনটা আসছে বছর ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হয়ে গেলেই ব্যাপারটা সোনায় সোহাগা হবে!

ভবিষ্যতের কথা থাক। লেখাটা আসলে এ বছরের আলোচিত ঘটনাগুলো মনে করিয়ে দিতে ছাপা হয়েছে, যেন অতীতের ভুল শুধরে নতুন বছরে আমরা ভালো কিছু করে এর সুফল ভোগ করতে পারি। ২০২৫ সালে এত ঘটনা ঘটে গেছে যে একে 'ঘটনার ঘনঘটার বছর' বললে নিশ্চয়ই দণ্ডনীয় কোনো অপরাধ হবে না! দেখুন তো পাঠক, নিচের ঘটনাগুলো আপনার মনে পড়ছে কি না।

২. ২০২৫। সালটা ভীষণ উদ্বেগ নিয়ে কেটেছে অনেকের। শিশু ধর্ষণ থেকে শুরু করে প্রকাশ্যে খুন, ছিনতাই, চাঁদাবাজি, ডাকাতি-কী হয়নি এ বছর? অপরাধ যে কয়েক গুণ বেড়েছে, এ নিয়ে কোনো সন্দেহ নেই। আমরা মাগুরার আট বছর বয়সী শিশুর ধর্ষণের বিচার চেয়েছিলাম। বছরের শুরুতে সেই শিশুর ওপর নির্মম অত্যাচারের বিরুদ্ধে সোচ্চার হয়েছিল পুরো দেশ। তবু ঢাকার কেরানীগঞ্জে দলবদ্ধ ধর্ষণের শিকার হন এক অন্তঃসত্ত্বা নারী। রাঙামাটিতে তিন বছরের শিশুকে ধর্ষণ করে ষাট বছরের বৃদ্ধ। ঝিনাইদহে চকলেটের প্রলোভনে ধর্ষণের শিকার হয় চার বছর বয়সী শিশু।

৩. ঢাকার মিটফোর্ড হাসপাতালের সামনে সোহাগ নামের এক ব্যক্তির মাথা থেঁতলে মেরে ফেলা হয় প্রকাশ্য দিবালোকে। এই ঘটনার সিসিটিভি ফুটেজ ছড়িয়ে পড়েছিল নেট দুনিয়ায়। ফুটেজটা কোনো দুঃস্বপ্ন হলেই ভালো হতো। কিন্তু না, বাস্তব ঘটনার সাক্ষী এটি। তবে এই হত্যাকাণ্ডের পর প্রায় একই রকমভাবে একটি ঘটনা ঘটতে যাচ্ছিল পুরান ঢাকার ওয়ারীতে। এলাকাবাসী সেদিন সাহসের পরিচয় দিয়ে রুখে দিয়েছেন হামলাকারীকে। চাঁদাবাজি নিয়ে মিটফোর্ডের হত্যাকাণ্ডটি সংঘটিত হয়েছিল বলে দেশের মানুষ চাঁদাবাজির বিরুদ্ধেও সোচ্চার হয়েছিল তখন।

চাঁদাবাজির বিরুদ্ধে অবস্থান নেওয়ায় বছরের শুরুর দিকেই এলিফ্যান্ট রোড কম্পিউটার ব্যবসায়ী কল্যাণ সমিতির সভাপতি ওয়াহেদুল হাসান দীপু এবং ইপিএস কম্পিউটার সিটির (মাল্টিপ্ল্যান) যুগ্ম সদস্যসচিব এহতেশামুল হক হামলার শিকার হন। পরে বেরিয়ে আসে এই হামলার পেছনে হাত রয়েছে চব্বিশের ৫ আগস্ট-পরবর্তী সময়ে জামিনে ছাড়া পাওয়া দুই শীর্ষ সন্ত্রাসীর। কারাগারে থাকতেই যেখানে তাঁরা অপরাধজগৎ নিয়ন্ত্রণ করতেন বলে জানা যায়, সেখানে তাঁদের জামিন দেওয়া কতটা বুদ্ধিমানের কাজ হয়েছে, তা ইতিমধ্যে নিশ্চয়ই জনগণ নির্ধারণ করে ফেলেছে।



৪. সোনার দাম যেভাবে এ বছর বেড়েছে, তা এক ব্যাপার বটে! এর চেয়েও বড় ব্যাপার ঘটে গিয়েছিল যখন এক ব্যবসায়ী নিজের সোনার দোকানে নিজেই ডাকাতি করিয়ে 'কট' খেয়ে যান। মানিকগঞ্জ শহরের স্বর্ণকারপট্টি এলাকায় শুভ দাস লোক ভাড়া করে নিজের দোকানে ডাকাতির নাটক সাজিয়ে গ্রাহকদের স্বর্ণালংকার আত্মসাৎ করতে চেয়েছিলেন। পুলিশের চোখ ফাঁকি দিতে পারেনি তাঁর এই চালাকি।

তবে রাজধানীর বনশ্রীর ঘটনাটি দুঃখজনক ছিল। আনোয়ার হোসেন নামে এক সোনার ব্যবসায়ীকে গুলি ও ছুরিকাঘাত করে ১৬০ ভরি সোনা ও এক লাখ টাকা ছিনিয়ে নিয়ে যায় ছয়-সাতজন দুর্বৃত্ত।

৫. আপনারা হয়তো কোনো কমেডি সিনেমায় দেখে থাকবেন, ছিনতাইকারী শুধু টাকাপয়সা বা ফোন ছিনতাই করে না, গায়ের জামা-পায়ের জুতা সবই নিয়ে চলে যায়। রাজধানীর শ্যামলীতে সত্যিই যখন এ রকম একটি ঘটনা ঘটল, তখন এর সিসিটিভি ফুটেজ ছড়িয়ে পড়ল সামাজিক যোগাযোগমাধ্যমে। অভিযুক্তকে গ্রেপ্তার করার পাশাপাশি জব্দ করা হয় ছিনতাইয়ে ব্যবহৃত মোটরসাইকেল ও চাপাতি। ঘটনার রহস্য উদ্‌ঘাটনে মেলে আরও চাঞ্চল্যকর তথ্য। ছিনতাইকারী চক্রটি চাপাতি ও মোটরসাইকেল ভাড়া দেয় মাঠপর্যায়ে ছিনতাইকারীদের। প্রতিদিন ঢাকার একাধিক এলাকায় চাপাতি আর মোটরসাইকেল ভাড়া নিয়ে ছিনতাই কার্যক্রম চালায় চক্রটি। চাপাতি-মোটরসাইকেলের ভাড়া অগ্রিম পরিশোধ করতে হয় না তাদের, ছিনতাই শেষে মালপত্র বিক্রির পর ভাড়া দিতে হয়। এমনকি ছিনতাইয়ের মালপত্র বিক্রিও করতে হয় ছিনতাইকারী চক্রের মূল হোতাদের কাছে। ছিনতাই করার এক আধুনিক প্যাকেজ বটে!

বছরজুড়ে মোহাম্মদপুর এলাকাটিও কিন্তু ছিনতাইয়ের ঘটনার জন্য এক আতঙ্কের জায়গা হয়ে রয়েছে। যখন-তখন চাপাতি নিয়ে তেড়ে আসা তরুণেরা এলাকাটির ত্রাস। পুলিশ তৎপরতা না বাড়ালে সেখানকার এরপর ২৮ পৃষ্ঠায়



> তাঁকে সংবর্ধনা দিতে মানুষের যে ঢল নেমেছিল ঢাকার পূর্বাচলের পথে, তা প্রত্যাবর্তনের এক অভূতপূর্ব দৃশ্য বলে মেনে নিতে হয়। আবার সেই নির্বাচনে ফিরে আসা যাক। তারেক রহমানের আগমনে দেশের রাজনৈতিক পট কতটা আর কীভাবে পরিবর্তন হবে, তা সময় বলে দেবে। নির্বাচনের ওপর কেমন আর কতটা প্রভাব পড়বে, তা-ও সময়ই বলে দেবে। কিন্তু নির্বাচনে যাঁরা জয়ী হবেন, তাঁরা নিশ্চয়ই বলতে পারবেন এ বছর যেসব অনাকাঙ্ক্ষিত ও অপ্রত্যাশিত ঘটনা কিংবা অপরাধ সংঘটিত হয়েছে, তা নতুন বছরে ঠেকানো যাবে কি না। কারণ, দেশের হাল যাঁরা ধরবেন, দেশ ও জনগণের নিরাপত্তা তো তাঁদেরই হাতে থাকবে। নিরাপত্তা নিশ্চিত করতে পারলে তাঁরা থাকবেন জনগণের হৃদয়ে। হৃদয়ে জায়গা করে নেওয়া কি খুব কঠিন?



দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
• ওমরাহ প্যাকেজ
• ওমরাহ ভিসা
• মোয়াল্লেম
• হোটেল ও ট্রান্সপোর্ট
বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯
JFK-Dhaka-JFK Return
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
AmericanAirlines
ETIHAD AIRWAYS
QATAR AIRWAYS
Emirates
KUWAIT AIRWAYS
Mohammad B Hossain (Belal)
President & CEO
বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
BANGLA TRAVELS JACKSON HEIGHTS, NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
জামান রঞ্জু
ট্রাভেল কনসালটেন্ট
কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট
মাহির
ট্রাভেল কনসালটেন্ট
জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট
নিলয়
ট্রাভেল কনসালটেন্ট
NEW YORK OFFICE
73-05 37th Road,
Jackson Heights
NY 11372
ATLANTA OFFICE
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753
DHAKA OFFICE
Floor #03, House #09
Road # 17, Block-E,
Banani, Dhaka-1213
+88 01711256872
Phone: 917-396-4140, 917-592-7828

# হাদি অনুপস্থিত তবু অদম্য

রাজু আহমেদ

ঢাকার রাস্তায় বিশেষ করে শাহবাগের আশেপাশে-হাজারো নারী-পুরুষ, শিশু-বৃদ্ধ ওসমান হাদি হত্যার বিচারের দাবিতে পথে বসে আছে। স্লোগান দিচ্ছে। জমে যাওয়া শীতের মধ্যেও তাদের ঘরে ফেরার তাড়া নাই। বাংলাদেশ ইতিহাসে হাদির জন্য যত মানুষের চোখের পানি ঝরেছে, তা অকল্পনীয়। হাদির জন্য হাত তুলে দোয়া হয়েছে, হাদির জন্য মন খারাপ করেছে, হাদিতে মুগ্ধ হয়েছে- সংখ্যার বিচারে তা অবিশ্বাস্য। বাংলাদেশের ইতিহাসে এমন বিরল দৃষ্টান্ত কতবার স্থাপিত হয়েছে, তা বয়স্করাই ভালো জানেন।

হাদি হত্যার বিচার আদৌ হবে কি না, খুনিকে পাকড়াও করা যাবে কি না কিংবা হাদিকে খুনের আড়ালে ষড়যন্ত্র ও চক্রান্তের জাল কতটা বিস্তৃত ছিল- তা ভবিষ্যৎই বলবে। তবে হাদির কবরের পাশে প্রতিদিন যত মানুষ দু'হাত তুলে দাঁড়ায়, দাফনের পাঁচ দিন পরেও যত মানুষের হৃদয়ে হাদি বেঁচে থাকে- তা অকল্পনীয়। হাদি হত্যার বিচারের জন্য সারা দেশের মানুষের যে আকুতি, তার সামান্য প্রতিচ্ছবি জেগে থাকা শাহবাগ। বাংলাদেশের সবচেয়ে সম্ভাবনাময় তরুণটিকে যারা বাঁচতে দেয়নি তাদের নির্বংশতা কামনা করি। হাদির খুনি ধরা পড়ল না কিংবা হাদি হত্যার বিচার হলো না- মজলুমের তাতে হতাশ হওয়ার কিছু নেই।

মানুষ হাদির জন্য যত দোয়া করেছে, যত মানুষ হাদির হত্যাকারীদের বিরুদ্ধে চোখ ভেজা ভাষায় নালিশ জানিয়েছে, তাতে গাদ্দারদের জীবনে নেমে আসবে সবচেয়ে নারকীয় পরিণতি। তাদের মৃত্যু হবে জিল্লতির, আর পরকাল হবে পাথরের জ্বালানিতে ঘেরা। পাঁচশ বছর বাঁচলেও যে ইমপ্যাক্ট তৈরি করা যায় না, সেই ইমপ্যাক্ট হাদি তেত্রিশ বছরের জীবনে তৈরি করে গেছেন। হাজার বছরে যে ভালোবাসা কুড়ানো যায় না, সে ভালোবাসা হাদি রোজ পাচ্ছে। উপস্থিত হাদির চেয়ে অনুপস্থিত হাদি আরও বেশি শক্তিশালী।



কালের স্রোতে হাদি হারিয়ে যাবেন? না। হাদি চিরঞ্জন, হাদি চির উন্নত মম শির। ইনসাফ প্রতিষ্ঠার সংগ্রাম যতদিন চলবে, ততদিন তারুণ্যের শক্তি হাদির প্রেরণায় জ্বলবে। আধিপত্যবাদের বিরুদ্ধে যতদিন লড়াই হবে, ততদিন হাদির কণ্ঠ উচ্চারিত হবে। দেশপ্রেমের পরীক্ষায় হাদি যে স্বাক্ষর রেখে গেছেন, তা বাংলাদেশপন্থী প্রত্যেক মানুষের হৃদয়ে গেঁথে গেছে। হাদির জন্য বাংলাদেশ কাঁদছে। সন্ধ্যায় সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রশ্ন রেখেছিলাম-২০২৫ সালে দেশের সবচেয়ে বড় ক্ষতি কী? সবাই বেদনাহত চোখের জলে লিখেছে, হাদি। হাদির পক্ষে যে জাগরণ, তা হাদিকে আজীবন বাঁচিয়ে রাখবে। ২০২৫ নয় বরং বাঙালি জাতীয়তাবাদের ইতিহাসে অন্যতম বড় ক্ষতি হাদির শূন্যতা। হাদির মতো করে দেশকে ধারণ করার বোধ খুব বেশি মানুষের মধ্যে দেখা যায় না।

হাদি হত্যার বিচার হোক। খুনি গ্রেফতার হোক এবং এই খুনের অন্তরালে থাকা কুশীলবদের পরিচয় প্রকাশ হোক। তবে বিচারের দাবিতে লাগাতার রাস্তা অবরোধ করে রাখা হাদি-প্রচারিত আদর্শের বিপরীত। হাদিকে নিশ্চয়ই ভালোবাসি; কিন্তু তাঁর হত্যার বিচারের দাবিতে সরকারকে চাপ দিতে, জনমত গড়ে তুলতে গিয়ে পথ চারীদের কষ্ট না দেওয়াই শ্রেয়। অতীতের সেই শাহবাগের তিক্ত অভিজ্ঞতা আমরা ভুলিনি।

হাদিকে ভালোবাসে না, হাদি হত্যার বিচার কামনা করে না-এমন অকৃতজ্ঞ ও পাষাণ হাতে গোনা। দেশপ্রেমের প্রশ্নে হাদি দল-মতের ঊর্ধ্বে সবার

এরপর ২৪ পৃষ্ঠায়

> ইনসাফ প্রতিষ্ঠার সংগ্রাম যতদিন চলবে, ততদিন তারুণ্যের শক্তি হাদির প্রেরণায় জ্বলবে। আধিপত্যবাদের বিরুদ্ধে যতদিন লড়াই হবে, ততদিন হাদির কণ্ঠ উচ্চারিত হবে। দেশপ্রেমের পরীক্ষায় হাদি যে স্বাক্ষর রেখে গেছেন, তা বাংলাদেশপন্থী প্রত্যেক মানুষের হৃদয়ে গেঁথে গেছে। হাদির জন্য বাংলাদেশ কাঁদছে। সন্ধ্যায় সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রশ্ন রেখেছিলাম-২০২৫ সালে দেশের সবচেয়ে বড় ক্ষতি কী? সবাই বেদনাহত চোখের জলে লিখেছে, হাদি



> এত মানুষের ভালোবাসা নিয়ে কবরে যেতে পেরেছে-এমন সৌভাগ্যবান সন্তান এই মাটিতে খুব কম জন্মেছে। খুনি ও তার কতিপয় সাঙ্গপাঙ্গ ছাড়া হাদি বাংলাদেশের বাকি সবার ভাই, বন্ধু-পরমাত্মীয়। রাষ্ট্রের কাছে হাদির হত্যাকারীকে গ্রেফতার করার চ্যালেঞ্জটি টপ প্রায়োরিটি হওয়া উচিত। কাজেই দিন-রাত পথচারীদের কষ্ট দিয়ে, রোগীদের বিপদে রেখে স্লোগান দেওয়ার বিষয়টি পুনর্বিবেচনা করা যেতে পারে। পথরুদ্ধ করার বিকল্প কর্মসূচির মাধ্যমে হাদির হত্যাকারীকে গ্রেফতারের পথ খুঁজতে হবে। যে হাদি সবার হৃদয়ে বাসা বেঁধেছে, সেই হাদির খুনিদের স্বাধীনভাবে শ্বাস নেওয়ার অধিকার রাখা যাবে না। সহস্রাধিক বছরের পরে আমরা যে হাদিকে পেয়েছিলাম, যাদের ষড়যন্ত্র ও চক্রান্তে তাকে হারিয়েছি-তাদের ক্ষমা নেই। এই হৃদয় সবাইকে ক্ষমা করতে জানে না

# তারেক রহমানের প্রত্যাবর্তন: বাংলাদেশের রাজনীতিতে নতুন সমীকরণ

আওরঙ্গজেব কামাল

দীর্ঘ ১৭ বছর পর বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের দেশের মাটিতে প্রত্যাবর্তনকে ঘিরে বাংলাদেশের রাজনৈতিক অঙ্গনে সৃষ্টি হয়েছে ব্যাপক আলোড়ন। রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে উৎসবমুখর পরিবেশ, বিপুল জনসমাগম এবং আইনশৃঙ্খলা বাহিনীর সর্বোচ্চ সতর্কতা-সব মিলিয়ে এটি যেন কেবল একজন রাজনৈতিক নেতার দেশে ফেরা নয়, বরং একটি বড় রাজনৈতিক মোড়। তারেক রহমানের আগমনকে কেন্দ্র করে বিএনপি নেতাকর্মীদের মাঝে দেখা গেছে দীর্ঘদিনের প্রত্যাশা পূরণের উচ্ছ্বাস। দলীয় কার্যালয়, গুরুত্বপূর্ণ সড়ক এবং জনসমাগমপূর্ণ এলাকায় উৎসুক জনতার ঢল নামে। একইসঙ্গে যেকোনো অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে আইনশৃঙ্খলা বাহিনী রয়েছে সর্বোচ্চ তৎপরতায়।



রাজনৈতিক বিশ্লেষকদের মতে, তারেক রহমানের প্রত্যাবর্তন বিএনপির সাংগঠনিক কাঠামোকে আরও দৃঢ় করেছে। আগের থেকে বিএনপির নিয়ম কানুন এবং ধারাবাহিকতা আরো অনেক মজবুত হয়েছে। তারেক রহমান চাই বিএনপিকে সুন্দরভাবে সাজাতে। ইতিমধ্যেই দলটি তার সমমনা রাজনৈতিক দলগুলোর সঙ্গে আসন সমঝোতার মাধ্যমে একটি বৃহত্তর রাজনৈতিক জোট গঠনের পথে অগ্রসর হয়েছে। এতে করে আগামী দিনের রাজনৈতিক সমীকরণে বিএনপি নতুন করে শক্ত অবস্থান তৈরি করতে সক্ষম হচ্ছে বলে মনে করছেন সংশ্লিষ্টরা। যদিও রাজনৈতিক সমীকরণের জামাতের সাথে বিশেষ এক হিসেব নিকেশ ও রয়েছে বলে সাধারণ জনগণের মধ্যে এমন আলোচনা রয়েছে।

এছাড়া এনসিপি সহ অন্যান্য রাজনৈতিক দলগুলো চাচ্ছে নির্বাচনের আগে তাদেও দাবি যেন পূরণ হয়। তারা বিএনপি ও জামাতের বিরুদ্ধে অভিযোগ করছে।

আওয়ামী লীগ কে পূর্ণ জীবিত করার জন্য তারা নাকি কাজ করছে। অবশ্যই এসব অভিযোগ উড়িয়ে দিয়েছে দলের নেতৃবৃন্দ। এদিকে, তারেক রহমানের দেশে ফেরা কেবল বিএনপির অভ্যন্তরীণ শক্তি বৃদ্ধিতেই সীমাবদ্ধ থাকেনি। বিভিন্ন রাজনৈতিক দল ও সংগঠনের নেতাকর্মীরা নিজ নিজ দল ত্যাগ করে বিএনপিতে যোগ দিচ্ছেন-যা দেশের রাজনীতিতে একটি গুরুত্বপূর্ণ বার্তা বহন করে। অনেকেই এটিকে চলমান রাজনৈতিক বাস্তবতায় দিক পরিবর্তনের ইঙ্গিত হিসেবে দেখছেন।

রাজনৈতিক অঙ্গনে আলোচনার কেন্দ্রে রয়েছে-এই প্রত্যাবর্তন ভবিষ্যৎ নির্বাচন ও সরকার গঠনের সমীকরণে কী ধরনের প্রভাব ফেলবে। বিশ্লেষকরা বলছেন, দীর্ঘদিন দেশের বাইরে থাকলেও তারেক রহমান দলের নীতিনির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। এবার সরাসরি মাঠে তার উপস্থিতি বিএনপিকে আরও সক্রিয় ও আক্রমণাত্মক রাজনৈতিক কৌশলের দিকে নিয়ে যেতে পারে। সব মিলিয়ে, তারেক রহমানের প্রত্যাবর্তন বাংলাদেশের রাজনীতিতে একটি নতুন অধ্যায়ের সূচনা করেছে। এটি শুধু একটি দলের জন্য নয়, বরং পুরো রাজনৈতিক ব্যবস্থার জন্যই একটি তাৎপর্যপূর্ণ ঘটনা। সামনে এই পরিবর্তনের বাস্তব প্রতিফলন কতটা গভীর হবে-সেদিকেই এখন দেশের রাজনৈতিক মহলের দৃষ্টি।

তবে আমি মনে করি আগামী নির্বাচন হবে গণতন্ত্রের জন্মের এক নতুন ইতিহাস। সে ক্ষেত্রে নির্বাচন কমিশনের ভূমিকা যথার্থ হলে হয়তো বাংলাদেশের জনগণ আবারো গণতন্ত্রের সুশীতল ছায়াতলে থাকতে পারবে। অন্যথায় আবারো কোন এক গণঅভ্যুত্থানের অপেক্ষায় থাকবে দেশের জনসাধারণ।

লেখক : সভাপতি, ঢাকা প্রেসক্লাব ও আন্তর্জাতিক প্রেসক্লাব।

> এবার সরাসরি মাঠে তার উপস্থিতি বিএনপিকে আরও সক্রিয় ও আক্রমণাত্মক রাজনৈতিক কৌশলের দিকে নিয়ে যেতে পারে। সব মিলিয়ে, তারেক রহমানের প্রত্যাবর্তন বাংলাদেশের রাজনীতিতে একটি নতুন অধ্যায়ের সূচনা করেছে। এটি শুধু একটি দলের জন্য নয়, বরং পুরো রাজনৈতিক ব্যবস্থার জন্যই একটি তাৎপর্যপূর্ণ ঘটনা। সামনে এই পরিবর্তনের বাস্তব প্রতিফলন কতটা গভীর হবে-সেদিকেই এখন দেশের রাজনৈতিক মহলের দৃষ্টি। তবে আমি মনে করি আগামী নির্বাচন হবে গণতন্ত্রের জন্মের এক নতুন ইতিহাস। সে ক্ষেত্রে নির্বাচন কমিশনের ভূমিকা যথার্থ হলে হয়তো বাংলাদেশের জনগণ আবারো গণতন্ত্রের সুশীতল ছায়াতলে থাকতে পারবে। অন্যথায় আবারো কোন এক গণঅভ্যুত্থানের অপেক্ষায় থাকবে দেশের জনসাধারণ

> আওয়ামী লীগ কে পূর্ণ জীবিত করার জন্য তারা নাকি কাজ করছে। অবশ্যই এসব অভিযোগ উড়িয়ে দিয়েছে দলের নেতৃবৃন্দ। এদিকে, তারেক রহমানের দেশে ফেরা কেবল বিএনপির অভ্যন্তরীণ শক্তি বৃদ্ধিতেই সীমাবদ্ধ থাকেনি। বিভিন্ন রাজনৈতিক দল ও সংগঠনের নেতাকর্মীরা নিজ নিজ দল ত্যাগ করে বিএনপিতে যোগ দিচ্ছেন-যা দেশের রাজনীতিতে একটি গুরুত্বপূর্ণ বার্তা বহন করে। অনেকেই এটিকে চলমান রাজনৈতিক বাস্তবতায় দিক পরিবর্তনের ইঙ্গিত হিসেবে দেখছেন। রাজনৈতিক অঙ্গনে আলোচনার কেন্দ্রে রয়েছে-এই প্রত্যাবর্তন ভবিষ্যৎ নির্বাচন ও সরকার গঠনের সমীকরণে কী ধরনের প্রভাব ফেলবে



## আমাদের সম্মানিত গ্রাহক ও শুভাকাঙ্খীদেরকে ইংরেজি নববর্ষ – ২০২৬ এর শুভেচ্ছা ও অভিনন্দন ! সে সাথে সবার সুস্থতা ও সাফল্য কামনা করছি !!!!

# শুভ নববর্ষ-২০২৬




## 99 C & UP

**77-14 ROOSEVELT AVENUE , JACKSON HEIGHTS, NY 11372**

**TEL : 718-478-3773**

জ্যাকসন হাইটসের প্রাণ কেন্দ্র ৭৭ স্ট্রিট ও রুজভেল্ট এ সম্পূর্ণ বাংলাদেশী মালিকানাধীন একটি সাশ্রয়ী মূল্যে নিত্য প্রয়োজনীয় সকল ধরণের পণ্যের বিশ্বস্থ প্রতিষ্ঠান।

---

# বাড়ি ক্রয়-বিক্রয়ের কথা ভাবছেন?

## সিদ্ধান্ত নেয়ার এখনই সঠিক সময়

আমরা কম সময়ের মধ্যে আপনার বাড়ি সর্বোচ্চ মূল্যে বিক্রয় করতে সহায়তা করতে পারি।



আপনি (০% থেকে ৩.৫% ডাউন পেমেন্টে) FHA লোন
সেলফ এমপ্লয়েরা ৫% ডাউন পেমেন্টে (শুধু ২০২৫ সালের ট্যাক্স ফাইল দিয়ে)
এবং ইনকাম না থাকলেও ২০% ডাউন পেমেন্ট দিয়ে বাড়ি কিনতে পারেন।

**কামরুজ্জামান বাচ্চু**
**KAMRUZ ZAMAN BACCU**
Licensed Real Estate Salesperson

**347.465.3220**
kamruzbaccu1@gmail.com



**Buying/Selling:**
Residential, Commercial
Investment, HUD
Auctions, Foreclosures
REO/Bank Owned &
Short Sale.

**Rental:**
Cash, W-2
CityPHEPS
PHEPS
Section-8 &
other
programs

MLS
ISLAND ADVANTAGE REALTY
360 Motor Parkway Suite 200A, Hauppauge, NY 11788. 631.351.6000



# সিআইপি শাহ নেওয়াজকে গোল্ডেন এজ পরিবারের অভিনন্দন

৬৪ পৃষ্ঠার পর

এজ হোম কেয়ারের ভাইস প্রেসিডেন্ট, জনপ্রিয় সাপ্তাহিক আজকাল পত্রিকার ম্যানেজিং এডিটর হাসনা নেওয়াজ, শাহান আহসান হাবিব, সাংবাদিক শাহ জে চৌধুরী, আজকাল পত্রিকার সিটি এডিটর অনিক রাজ, শাহ নেওয়াজ গ্রুপের









মিডিয়া ডাইরেক্টর ফরিদ আলম, সাংবাদিক দেলাল আহমেদসহ আরো অনেকে উপস্থিত থেকে তাঁকে ফুলেল শুভেচ্ছা জানান। বিশিষ্ট ব্যবসায়ি শাহ নেওয়াজ এসময় সকলের উদ্দেশ্যে বাংলাদেশ সরকারের সংশ্লিষ্ট কর্মকর্তাদের ধন্যবাদ জানান তাঁকে সিআইপি হিসেবে সম্মানিত করার জন্য। তিনি আশাবাদ ব্যক্ত করে বলেন, আগামীতে দেশের অর্থনীতিতে আরও অবদান রাখার বিশাল দায়িত্ব ও সুযোগ এসেছে সিআইপি হিসেবে ভূষিত হওয়ায়।



# শো টাইম মিউজিক এর পিঠা উৎসব রোববার

৬৪ পৃষ্ঠার পর

সাংস্কৃতিক অনুষ্ঠান হবে উডসাইডের কুইন্স প্যালেসে উক্ত অনুষ্ঠানটিকে সাজানো হয়েছে নানান রকম আনন্দ ও চিত্ত বিনোদন মূলক প্রোগ্রাম দিয়ে। যাতে রয়েছে গান, আকর্ষণীয় নৃত্য ও আরো অনেক চমক প্রদ বিষয়। আরোও রয়েছে যুগযুগ ধরে চলমান বাংলার ঐতিহ্যবাহি পিঠা উৎসব। এই পিঠা উৎসবে থাকবে গ্রাম বাংলার সবচেয়ে আকর্ষণীয় ও সর্বজন প্রিয় নামকরা সব পিঠা, আর এসব পিঠার আসল স্বাদ দেয়ার জন্য প্রবাসের কিছু পিঠা তৈরিতে পারদর্শীদের দায়িত্ব দেয়া হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও পিঠা উৎসবের সফলতা নিয়ে গত ২৮ ডিসেম্বর এক বৈঠকের আয়োজন করা হয়। এতে উপস্থিত ছিলেন শো-মিউজিকের বর্তমান দায়িত্বরত প্রধান খাইরুল ইসলাম খোকন ও কনভেনার আব্দুর রাশিদ বাবু। আরো উপস্থিত ছিলেন তারার আলোর প্রেসিডেন্ট ইসলাম এবং তারার আলোর অন্যান্য সদস্য বৃন্দগণ। সকলকে প্রবেশ মূল্য ব্যতিত উক্ত অনুষ্ঠানে উপস্থিত হয়ে নতুন বছরের প্রথম এবং সেরা বিনোদন উপভোগ করার আমন্ত্রণ জানিয়েছেন।



# নিউইয়র্কে মাইকেল পিস্টন ল' অফিসের সেমিনার

আজকাল রিপোর্ট

অভিবাসী হিসেবে যুক্তরাষ্ট্রে আইনগত অধিকার, ইমিগ্রেশন এনফোর্সমেন্ট এবং জরুরি পরিস্থিতিতে করণীয় সম্পর্কে সচেতনতা বাড়াতে নিউইয়র্কের ইমিগ্রেশন বিষয়ক সেমিনারের আয়োজন করেছে ল অফিস অব মাইকেল ই. পিস্টন।
ল অফিস অব মাইকেল ই. পিস্টনের জ্যাকসন হাইটস শাখার উদ্যোগে জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে অনুষ্ঠিত সেমিনারের মূল লক্ষ্য ছিল অভিবাসীদের আতঙ্কমুক্ত রেখে সঠিক আইনি জ্ঞান ও অভিবাসী হওয়ার পথে তাদের প্রস্তুতির মাধ্যমে আত্মবিশ্বাসী করে তোলা।
'ইমিগ্রেশন এনফোর্সমেন্ট : রাইটস অ্যান্ড প্রিপেয়ারডনেস' শীর্ষক এ সেমিনারে বক্তারা অভিবাসীদের মৌলিক আইনি অধিকার, সম্ভাব্য ঝুঁকি ও চ্যালেঞ্জ মোকাবিলায় করণীয় এবং যেকোনো পরিস্থিতিতে শান্ত থেকে সচেতনভাবে সিদ্ধান্ত নেওয়ার ওপর গুরুত্বারোপ করেন। অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন প্রখ্যাত ইমিগ্রেশন আইন বিশেষজ্ঞ মাইকেল ই. পিস্টন। তিনি ইমিগ্রেশন আইন সংক্রান্ত বিভিন্ন জটিল প্রশ্নের উত্তর দেন এবং বাস্তব অভিজ্ঞতার আলোকে অংশগ্রহণকারীদের জন্য গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা তুলে ধরেন।
এ সময় উপস্থিত ছিলেন- ল' অফিস অব মাইকেল ই. পিস্টন-এর কুইন্স অফিসের নিউও লোকমান হুঁইয়াসহ কমিউনিটির বিভিন্ন পর্যায়ের প্রতিনিধিরা। সেমিনারে অংশগ্রহণকারী অভিবাসীরা এ সেমিনারকে সময়োপযোগী, তথ্যবহুল ও অত্যন্ত কার্যকর বলে মন্তব্য করেন। একই সঙ্গে নিয়মিত বিরতিতে ইমিগ্রেশনের বিভিন্ন বিষয়ে সেমিনার আয়োজন অব্যাহত রাখার আহবান করেন। আয়োজকদের মতে, সাম্প্রতিক সময়ে ইমিগ্রেশন সংক্রান্ত উদ্বেগ ও অনিশ্চয়তা বেড়ে যাওয়ায় এ ধরনের সচেতনতামূলক উদ্যোগ অভিবাসী কমিউনিটির জন্য অত্যন্ত জরুরি। ভবিষ্যতেও অভিবাসীদের পাশে থেকে এ ধরনের সেমিনার ও আইনি সহায়তামূলক কার্যক্রম অব্যাহত রাখার আশাবাদ ব্যক্ত করেন তারা।

## সুস্থতা আল্লাহর নেয়ামত

২৫ পৃষ্ঠার পর

তার দিকে এক হাত এগিয়ে যাই; আর যদি সে আমার দিকে এক হাত এগিয়ে আসে, আমি তার দিকে দুই হাত প্রসারিত হয়ে এগিয়ে যাই; আর যদি সে আমার দিকে হেঁটে আসে, আমি তার দিকে দৌড়ে যাই। (বোখারি ৭৪০৫)।
যে আল্লাহ আমাদের এত ভালোবাসেন, তাঁর নেয়ামতের অপব্যবহার করা যাবে না। সুস্থ থাকা অবস্থায় অসুস্থ হওয়ার আগেই আল্লাহর সন্তুষ্টি অর্জনের চেষ্টা করতে হবে। বেলা ফুরানোর আগেই সঠিক পাথেয় সংগ্রহ করে নীড়ে ফিরে যেতে হবে। আল্লাহর পবিত্র ভালোবাসা ও নবীর সুন্নাত দ্বারা আমাদের হৃদয়কে টইটম্বুর করতে হবে। অন্ধকার রাতকে বিদায় জানিয়ে রাঙা সূর্যের উদয় ঘটাতে হবে। তবেই হবে জীবন রঙিন ও পুণ্যময়। আল্লাহ আমাদের জীবন, যৌবন ও সুস্থতাকে কাজে লাগিয়ে তাঁর নৈকট্য লাভ করার তৌফিক দান করুন।

## নতুন বছরে মোমিনের পরিকল্পনা

২৫ পৃষ্ঠার পর

কিয়ামতের দিন মানুষ চারটি প্রশ্নের উত্তর না দেওয়া পর্যন্ত সামনে যেতে পারবে না- ১. সে তার জীবনকাল কোন কাজে ব্যয় করেছে ২. তার যৌবনকাল কোথায় ক্ষয় করেছে।' (তিরমিজি : ২৪১৬)।
তওবা করা : মানুষের জীবনে ভুল হতেই পারে। গুনাহ হওয়াটাও স্বাভাবিক। এ জন্য আল্লাহর কাছে সব সময় তওবা করতে হবে। নতুন বছরের শুরুতে তওবা করে নিন। আল্লাহ তওবাকারীকে ভালোবাসেন। (সুরা বাকারা : ২২২)।
গুনাহ ছেড়ে দেওয়া : আল্লাহকে পেতে হলে গুনাহ ছাড়তে হবে। গুনাহযুক্ত জীবনে ঈমানের স্বাদ পাওয়া যায় না। নতুন বছরের শুভক্ষণে গুনাহ ছেড়ে দেওয়ার মানসিকতা গড়ে তুলুন। রাসুলুল্লাহ (সা.) আয়েশা (রা.)-কে ছোট ছোট গুনাহ ছেড়ে দেওয়ারও আদেশ দেন। (মিশকাত : ৫৩৫৬)।
নতুন বছরের দোয়া : রাসুলুল্লাহ (সা.)-এর সাহাবিরা নতুন বছরের আগমনে কিংবা নতুন মাসের শুরুতে এই দোয়া পড়তেন-
বাংলা উচ্চারণ : 'আল্লাহুম্মা আদখিলহু আলাইনা বিল আমনি, ওয়াল ঈমানি, ওয়াস সালামাতি, ওয়াল ইসলামি, ওয়া রিদওয়ানিম মিনার রাহমানি, ওয়া জাওয়ারিম মিনাশ শায়তানি।'
বাংলা অর্থ : হে আল্লাহ, আমাদের ঈমান ও ইসলামকে নিরাপদ করুন। আমাদের সুরক্ষা দিন। দয়াময় রহমানের কল্যাণ দান করুন। শয়তানের কুমন্ত্রণার মোকাবিলায় আমাদের সাহায্য করুন। (আল-মুজাম আল-আওসাত : ৬/২২১)।
বিশেষ করে নতুন বছরের শুরুতে আল্লাহর সঙ্গে সুসম্পর্ক, ব্যক্তিগত অধ্যয়ন, রোজগার বৃদ্ধি, দান-সদকা, আদর্শ পরিবার গঠনের নানা কর্মসূচি, সেবামূলক কাজে যুক্ত হওয়া, ভ্রমণ, শরীরচর্চা, বিশ্বভিত্তিক জ্ঞান, টেকনোলজি, বন্ধু তৈরি, মাতৃভূমির উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করুন।

## নববর্ষে ইসলামের নির্দেশনা

২৫ পৃষ্ঠার পর

বলে। বিশুদ্ধ তওবা হলো, কৃত গোনাহের জন্য অনুশোচনা করা, আল্লাহর দরবারে কায়মনো বাক্যে ক্ষমা প্রার্থনা করা এবং ভবিষ্যতে এসব গোনাহ না করার জন্য দৃঢ় প্রতিজ্ঞ হওয়া। রাসুলুল্লাহ (সা.) বলেন, 'গোনাহ থেকে তওবাকারী নিষ্পাপ ব্যক্তির মতো হয়ে যায়।' (সুনানে ইবনে মাজাহ : ৪২৫০)।
অন্য এক হাদিসে এসেছে, 'তওবাকারী ওই ব্যক্তির মতো, যার কোনো গোনাহ নেই।' (সুনানে বাইহাকি : ২০৩৫০)। যদি গোনাহ করার যোগ্যতা মানুষের মাঝে না থাকত, তাহলে মানবসৃষ্টির কোনো প্রয়োজনই ছিল না। শুধু ইবাদতের জন্য ফেরেশতারাই যথেষ্ট ছিল। আবু হুরায়রা (রা.) বলেন, আমি রাসুলুল্লাহ (সা.)-কে বলতে শুনেছি, 'ওই সত্তার কসম, যার হাতে আমার প্রাণ! যদি তোমরা মোটেও গোনাহ না কর, তাহলে আল্লাহ তোমাদের ধ্বংস করে দেবেন এবং এমন জাতি সৃষ্টি করবেন, যারা গোনাহও করবে, তওবা-ইস্তিগফারও করবে। তারপর আল্লাহ তাদের ক্ষমা করে দেবেন।' (মুসলিম : ২৭৪৯; মুসনাদে আহমদ : ৪০৪২)। এ কারণেই রাসুলুল্লাহ (সা.) নিষ্পাপ হওয়া সত্ত্বেও বলতেন, 'মাঝেমধ্যে আমার অন্তর মেঘাচ্ছন্ন হয়ে যায়, তাই প্রতিদিন আমি ১০০বার পর্যন্ত ইস্তিগফার করি।' (মুসলিম : ২৭০২)।
আল্লাহর কাছে কল্যাণ কামনা : নতুন বছরের আগমনে মহান আল্লাহর কাছে ইহকালীন ও পরকালীন সুখ-শান্তি, সফলতা এবং কল্যাণ কামনা করা চাই। আল্লাহই বান্দার সুখ-শান্তি, সফলতা এবং কল্যাণ দান করেন। কোরআনে এসেছে, 'আমি কি তাঁর (আল্লাহর) পরিবর্তে অন্যদের উপাস্যরূপে গ্রহণ করব? করুণাময় যদি আমাকে কষ্টে ফেলতে চান, তবে তাদের সুপারিশ আমার কোনো কাজে আসবে না এবং তারা আমাকে রক্ষাও করতে পারবে না। এরূপ করলে আমি প্রকাশ্য পথভ্রষ্ট হব।' (সুরা ইয়াসিন : ২৩-২৪)।
জীবনের হিসাব-নিকাশ : আল্লাহতায়ালা মানুষকে সুনির্দিষ্ট একটি সময়কাল দিয়ে পৃথিবীতে পাঠান। এ সময়কালের কোনো হেরফের বা কমবেশি হয় না। যার জন্য যতটুকু সময় নির্ধারিত, ততটুকু ফুরিয়ে গেলেই জীবন শেষ হয়ে মৃত্যুর ডাক এসে যায়। কাজেই পরকালে আল্লাহর সামনে হিসাব-নিকাশের মুখোমুখি হওয়ার আগে পৃথিবীতেই জীবনের হিসাব-নিকাশ করে নিতে হবে। একবার রাসুলুল্লাহ (সা.)-কে প্রশ্ন করা হলো, 'সৌভাগ্যবান কারা?' তিনি বললেন, 'যারা দীর্ঘায়ু লাভ করে তা নেক আমলের মাধ্যমে অতিবাহিত করেছে।' পুনরায় জিজ্ঞেস করা হলো, 'দুর্ভাগা কারা?' তিনি বললেন, 'যারা দীর্ঘায়ু পেয়ে তা বদ আমলে কাটিয়েছে বা আমলহীন অতিবাহিত করেছে।' (সুনানে তিরমিজি : ২৩২৯)। তাই তো ওমর (রা.) বলতেন, 'তোমরা নিজেদের হিসেব করে নাও তোমাদের হিসেব নেওয়ার আগে।' (সুনানে তিরমিজি : ২৪৫৯)।

## অর্থসংকটে ইসলামে সংযমের শিক্ষা

২৫ পৃষ্ঠার পর

আর এই পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার চাবিকাঠি হল ধৈর্য।
আল্লাহ আরও বলেন, 'যারা বিপদে পড়লে বলে, নিশ্চয়ই আমরা আল্লাহর এবং নিশ্চয়ই তাঁরই কাছে ফিরে যাব।' (সুরা বাকারা, আয়াত: ১৫৬)। অর্থনৈতিক সংকটে যখন মানুষ মনে করে সব কিছু তার নিয়ন্ত্রণের বাইরে চলে যাচ্ছে, তখন এই বিশ্বাস তাকে আল্লাহর দিকে ফিরিয়ে আনে-যিনি রিজিকের একমাত্র মালিক। আল্লাহ তাআলা আরও সুস্পষ্টভাবে ঘোষণা করেন, 'যে ব্যক্তি আল্লাহকে ভয় করে, তিনি তার জন্য উত্তরণের পথ করে দেন এবং তাকে এমন স্থান থেকে রিজিক দান করেন যা সে কল্পনাও করতে পারে না।' (সুরা তালাক, আয়াত: ২৩)। এই আয়াত অর্থনৈতিক দর্শনের একটি মৌলিক নীতি স্থাপন করে-রিজিক যেমন পরিশ্রমের ফসল তেমনি আল্লাহভীতির সঙ্গেও তা গভীরভাবে সম্পৃক্ত।
নবীজির (সা.) জীবনে অর্থনৈতিক সংকট : মহানবীর জীবন ছিল অর্থনৈতিক কষ্ট ও ধৈর্যের এক জীবন্ত দলিল। মক্কায় কাফেরদের সামাজিক বয়কটের সময় তিনি ও তাঁর পরিবার মাসের পর মাস ক্ষুধা সহ্য করেছেন, শিশুদের কান্না আকাশে ভারী করেছে। আয়েশা (রা.) বলেন, 'আমরা কখনো পরপর দুদিন পেট ভরে খেতে পারিনি।' (সহিহ বুখারি, হাদিস: ৫,৪১৪)। একাধিক দিন নবীজির ঘরে চুলা জ্বলেনি। তবু দারিদ্র্য কখনো তাঁকে আল্লাহর ওপর আস্থাহীন করেনি। বরং সংকটের মধ্যেই তিনি উম্মতকে ধৈর্য ও আত্মমর্যাদার শিক্ষা দিয়েছেন। একাধিক দিন তাঁর ঘরে চুলা জ্বলেনি। তবু এই দারিদ্র্য কখনো তাঁকে আল্লাহর ওপর আস্থাহীন করেনি। বরং সংকটের মধ্যেই তিনি উম্মতকে ধৈর্য ও আত্মমর্যাদার শিক্ষা দিয়েছেন। তিনি বলেন, ধৈর্যশীল ব্যক্তির জন্য কত সুন্দর প্রতিদান! যে ধৈর্য ধারণ করে, আল্লাহ তাকে ধৈর্য দান করেন।








## নিউইয়র্কে গায়েবানা জানাজা অনুষ্ঠিত



১ পৃষ্ঠার পর

নেতৃত্ব। যুক্তরাষ্ট্র প্রবাসী সর্বস্তরের বাংলাদেশির ব্যানারে গত ৩১ ডিসেম্বর নিউইয়র্কের উডসাইডস্থ কুইন্স প্যালেসে আয়োজিত এ গায়েবানা জানাজা অনুষ্ঠানে খালেদাজিয়ার জন্য মাগফেরাত কামনা করেন বিএনপির নেতাকর্মীসহ সাধারণ মানুষজন। গায়েবানা জানাজায় ইমামতি করেন যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সভাপতি আবদুল লতিফ সম্রাট। এ সময় নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেটের কনসাল জেনারেল মোজাম্মেল হক, ভাইস কনসাল আনিসুর রহমান, বিএনপির নির্বাহী কমিটির সদস্য ও যুক্তরাষ্ট্র বিএনপি নেতা জিল্লুর রহমান জিল জিল্লুর রহমান বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, বিএনপি নেতা, কাজী আজম, জসিম উদ্দিন, আবদুল সবুর প্রমুখ। প্রচন্ড শীত উপেক্ষা করে নিউইয়র্ক সিটির ৫টি বরো সহ লংআইল্যান্ড নিউজার্সি ও কানেকটিকাট স্টেট থেকেও নেতাকর্মীরা গায়েবানা জানাজায় অংশ নিতে উপস্থিত হন।

ঠিক দুপুর দুইটার সময় কুইন্স প্যালেসের হলরুমে এ গায়েবানা জানাজা অনুষ্ঠিত হয়। শুরুতে উপস্থিত নেতাকর্মী ও সাধারণ মানুষের জন্য জানাজার




নামাজের নিয়ম বলে দেন লতিফ সম্রাট। জানাজায় ইমাম ও কনসালজেনারেলসহ ৫ জন স্টেজের উপরে অবস্থান নেন বাকীরা ছিলেন স্টেজের নিচে।

জানাজা শেষে খালেদা জিয়ার রুহের মাগফেরাত কামনা ও তার ভুল-ত্রুটি ক্ষমা করে দিতে আল্লাহর কাছে ফরিয়াদ জানান। এ সময় নেতাকর্মীরা দুই হাত তুলে দোয়া করেন যাতে খালেদা জিয়াকে মহান আল্লাহ তায়ালা জান্নাতুল ফেরদৌস দান করেন। দোয়া পরিচালনা করেছিলেন জ্যাকসন হাইটের ইসলামিক সেন্টারের খতিব মাওলানা আবু সালিহ।






## নরসিংদী জেলা সমিতি পিঠা উৎসব অনুষ্ঠিত

৬২ পৃষ্ঠার পর

নিজেরাই বাড়ি থেকে পিঠা তৈরি করে অনুষ্ঠানস্থলে নিয়ে আসেন। পিঠা উৎসবে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ডা. নজরুল এইচ খান। প্রধান পৃষ্ঠপোষক ছিলেন সাবেক সভাপতি ও সাবেক ট্রাস্টি বোর্ড চেয়ারম্যান আজহারুল ইসলাম খোকা। গেস্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন সাবেক সভাপতি ও ট্রাস্টি বোর্ড সদস্য আহসান হাবীব। পিঠা উৎসবের উদ্বোধন করেন ট্রাস্টি বোর্ড সদস্য সি এম মোরাদ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মুকুল রানা, সভাপতি ইয়েলো সোসাইটি; মোর্শেদ খান শিবলী, সাধারণ সম্পাদক ইয়েলো সোসাইটি, রাসেল আকন্দ, সাধারণ সম্পাদক মাদারীপুর জেলা সমিতি ও রিয়েল্টর মো. রহমান শাহীন।

পিঠা উৎসবের আহ্বায়ক ছিলেন শামীমা খান, প্রধান সমন্বয়কারী নাসরিন জাহান সুমি, সমন্বয়কারী তহুরা বেগম ও সদস্য সাচিন জেরিন আজাদ নুপুর।

এসময় উপস্থিত ছিলেন নরসিংদী জেলা সমিতির সভাপতি শামীম শফুর, সাধারণ সম্পাদক আহসানুল হক বাবুল, সিনিয়র সহ-সভাপতি ইকবাল এ ভূঁইয়া, ট্রাস্টি সদস্য ইনজিঃ আহসানুল হক, মাহাবুব হোসেন, এ কাদের জিলানী, মাহাবুবুর রহমান মুন্নু, সাবেক ভিপি আশরাফ উদ্দিন, সাবেক সাধারণ সম্পাদক জে মোল্লা সানী, জসিম খন্দকার ও ফিরোজ আহমেদ, সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান কবির আহমেদ, সাবেক সহ-সভাপতি মাহাবুবুর রহমান মুকুল, সালাউদ্দিন খান সুজন, জিয়াউর রহমান, মোঃ মহসিন হোসেন, ইসমাইল হোসেন, অলিউল্লাহ খন্দকার সুমন, সাইদুর রহমান সাইদুল, আব্দুল কাইউম, মতিউর রহমান, নাজমুল হক, মাসুদুর রহমান মোহন, মোফাজ্জল হক ও কার্যকরী পরিষদের সদস্যবৃন্দ ও ট্রাস্টি বোর্ডের সদস্যবৃন্দ সহ আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন। উৎসবে নরসিংদীর জনপ্রিয় রকমারি পিঠা, চটপটি, নুডুলস ও অন্যান্য স্নেকস পরিবেশন করা হয়।

পিঠা উৎসবের পাশাপাশি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সংগীত পরিবেশন করেন প্রবাসের জনপ্রিয় কণ্ঠশিল্পী সজীব, সাজু আখন্দ, রোজী আজাদ, ঝুমা আফরোজ, আনজুমান পলাশী, জাহিদ টিপু ও জি এম জুয়েল। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ফারুক রফিকী, আমিনুল খান, এম এম জিন্নাহ, তাহমিনা নুপুর, জেসমিন আনোয়ার, আশরাফুল ইসলাম, হুমায়ন কবীর, ইকবাল কবির, ইয়াসীন মিয়া, স্বপন ও মো. কামরুজ্জামান।

পিঠা উৎসবের পাশাপাশি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সংগীত পরিবেশন করেন প্রবাসের জনপ্রিয় কণ্ঠশিল্পী সজীব, সাজু আখন্দ, রোজী আজাদ, ঝুমা আফরোজ, আনজুমান পলাশী, জাহিদ টিপু ও জি এম জুয়েল ও অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ফারুক রফিকী, আমিনুল খান, এম এম জিন্নাহ, তাহমিনা নুপুর, জেসমিন আনোয়ার, আশরাফুল ইসলাম, হুমায়ন কবীর, ইকবাল কবির, ইয়াসীন মিয়া, স্বপন ও মো. কামরুজ্জামান। পিঠা উৎসব ও সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনা করেন সাধারন সম্পাদক আহসানুল হক বাবুল ও সাবেক সাধারণ সম্পাদক ফিরোজ আহমেদ।

# এই সপ্তাহের কবিতা






## ভুলে যেতে চাই
### মনিজা রহমান

হরিণ কিংবা শিম্পাঞ্জি নয়, মানুষেরা হাঁটলেই পথ হয়ে যায়
অথচ পথ মানুষকে চেনে না
দ্বিতীয়বার হেঁটে গেলেও চিনতে পারে না
কত যাযাবর হেঁটে যায়, কার পদচিহ্ন মনে রাখে পথ?
কত আলো জেগে থাকে অন্ধকার বুকে নিয়ে -
বুকের ভেতর নিঃশব্দ অন্ধকার তা জানে না।
উত্তাপ কি মনে রাখে শীতের প্রার্থনা?
একটু উষ্ণতার জন্য শীতের আকুতি?
শীতও ভুলে যায় আগুনের ঋণ।
মানুষের দুর্লভ গুণ- সে সহজেই বিস্মৃত হতে পারে।
আমিও ভুলে যেতে চাই জ্যোতোহীন হিমশৈল দিন
ভুলে যেতে চাই অন্ধকারের মুখোশধারি কষ্টগুলো
ওরা আমাকে নিঃস্বপ্ন জাগিয়ে রাখে শীতার্ত রাতে
জেগে থেকে পথ হাঁটি একা একা স্মৃতিহীন।



## নতুন বছরের শুভেচ্ছা
### মোহাম্মদ মহিবুর রহমান

পৃথিবী জুড়ে নানা উৎসবে অরপুর
অপেক্ষায় থাকে মানুষ রাতের মধ্যপুর।
বিভিন্ন দেশে চলে নানা ক্যালেন্ডারের ধারা
তবুও ইংরেজি বর্ষপঞ্জি চলে সর্বত্র সারা।

দিন, সপ্তাহ আর মাস চলে নিয়মের ধারায়
সময় কারো জন্য অপেক্ষায় নয়-কালে গড়ায়।
পৃথিবীর নানা দেশে পালিত হয় ইংরেজি নিউ ইয়ার
একত্রিশে ডিসেম্বর রাত বারোটার পরেই হ্যাপি নিউ ইয়ার।

আবাল-বৃদ্ধ-বণিতা মিলেই উদযাপন করে থার্টি ফার্স্ট রাত
নতুন দিনে স্বপ্ন বুকে, প্রস্তুতি নেয় অগণিত প্রভাত।
উন্নত বিশ্ব ঝলমলে আলো, আতশবাজির গান
সে আনন্দ উপভোগ করে মানুষ নানা প্রান্তে, নানা স্থান।

নতুন বছরে সবাই বলে-হ্যাপি নিউ ইয়ার
শুভেচ্ছা আর শুভকামনা ছড়িয়ে পড়ুক সবার।



## সত্যের কাছে ভুল
### উৎপলকান্তি বড়ুয়া

সত্যের কথা-সুরে গেয়ে যাই গান
সত্যের বচন হয় অমৃত সমান।
সত্যের পথে থাকে দৃঢ় বুক মনও
সত্যের আলো নিতে না তো কক্ষণো!

সত্যের দোরে জয় টোকা দিয়ে যায়
সত্যের রবি হাসে রোজ জানালায়।
সত্যের চাঁদ যেনো ঝলমলে প্রাণ
সত্যের ফোটে ফুল ছড়ায় সে ঘ্রাণ।

সত্যের প্রিয় ঠোঁটে বেজে ওঠে বীণ
সত্যের নিশি হয় ঠিকই ভয় হীন।
সত্যের মুখোমুখি থাকে সুধীজন
সত্যের মাঠে হয় উর্বর ফলন।

সত্যের জমি চাষে ফসল ভালো
সত্যের সন্ধানে ঘুচে যাক কালো।
সত্যের কাছে ভুল করে মাথা নত
সত্যের হাওয়া বয়ে যাক অবিরত।



## ইলশেগুঁড়ি
### সুফিয়ান আহমদ চৌধুরী

ইলশেগুঁড়ি টাপুর টুপুর
মেঘকন্যা হাসে,
ঝুমুর ঝুমুর বৃষ্টি দুপুর
মেঘে মেঘে ভাসে।

ইলশেগুঁড়ি ইলিশভাজা
মেঘ দিনে ঘরে,
খোকা খুকুর রঙিন মন
সুখে খেলা করে।

ইলশেগুঁড়ি বিজলী গর্জে
কাঁপে বুক কী যে,
ইস্টিশনে ঝুঁইন আসে
মেঘ-বৃষ্টি ভিজে।

ইলশেগুঁড়ি নতুন কনে
লাজ রাঙা সাজে,
বিয়ের গান জমিয়ে কত
বিয়ে বাড়ি বাজে।

ইলশেগুঁড়ি সন্দেশ নাড়ু
শিববাড়ি মেলা,
নূপুরের ছন্দে ছন্দে
রঙে মাখা বেলা।



## বেদনার ব্যাকরণ
### ইকবাল খান

আমার হৃদয় যদি সাহিত্যে পাতা হতো,
তবে তার প্রথম লাইনে থাকত আলো-
শিশিরভেজা সকালের মতো শান্ত।
প্রেম সেখানে শব্দ নয়, আশ্রয়,
বেদনা হতো নীরব ব্যাকরণ-
যার অর্থ বোঝা যায়, উচ্চারণ না করেও।
জীবনের ভুলগুলো হতো সংশোধন চিহ্ন,
আর ক্ষমা-শেষ পাতার প্রার্থনা।
এই হৃদয়-পুস্তক
শেষ করা যায় না,
বারবার পড়তে হয়-
নিজেকে বোঝার জন্য।



## মদন দাদুর বিয়ের শখ
### সাঈদুর রহমান লিটন

মদন দাদুর চাঁরটে বউয়ে
খেউর কাটছে চোপায়,
দাদুর আদর পাবার জন্য
পুষ্প গুজছে খোঁপায়।

বিষম জ্বালায় উলোট পালোট
পরাণ উড়ছে ধোঁয়ায়,
ব্যথাটা কেবল হোকল দিচ্ছে
চাঁরটে বোঁয়ের ছোঁয়ায়।

মদন দাদুর মনের কষ্ট
পাড়ার লোককে বলায়,
সকল বউয়ে লোককে দিয়েই
কানটা ধরেই মলায়।

বুকের মধ্যে নতুন জ্বালায়
বিয়ের শখটা জেগেছে,
খবর শুনেই সকল বউয়ে
খুব যে কঠিন রেগেছে।

টোপর মাথায় লজ্জা ঢাকায়
মুখটা আড়াল রুমালে,
বিয়ের সাধটা মিটলো দাদুর
হঠাৎ রাত্রে ঘুমালে।



## ক্রিসেনথিমামের চোখে জল
### আহম্মদ হোসেন বাবু

কোকিলা আমার নাম, বাংলাদেশে জন্ম;
বাংলার চঞ্চলা নবীনা যুবতী এক কন্যা আমি।
প্রকৃতির রূপ-রস-গন্ধ মেখে কাটছিল দিবস-রজনি,
তখনো বুঝিনি প্রেম ভালোবাসা কারে কয়, ক্যামনে হয়।
হঠাৎ একদিন দেখা হল দু'জনায়, ছলকে উঠল রক্ত বুকের ভেতরটায়!
আকর্ষণীয় সে যুবক অস্থিরতায় প্রতিধ্বনি হয়ে এল জীবনে আমার।
সকালে-বিকালে সে বসন্ত বাতাস আনল ডেকে,
কথা দিল, বিশ্বস্ত প্রেমিক হবে, ভরসা করলাম।
চোখে চোখে কথা হল, ভালোবাসাবাসি হল।
কোকিলার ধ্রুবতারা ভেবে তাকে হৃদাসনে বসালাম।

আমার জীবনে বসন্ত কোকিল হয়ে তুমি এলে
নারীর হৃদয় জয় করে মিলনের যোগ্য করে নিলে
একদিন আমার রক্তে লেখা দুটো ঠোঁটে-
প্রেমাসক্ত চুমু এঁকে দিয়ে অন্তরাত্মা কাঁপালে!
মনে হল জ্বরে পুড়ে গেল হিমালয়
দেহের ভিতরে ফুঁসে ওঠল ঘুনোহাঁস
গোলাপের রঙে জ্বলে ওঠল কপোলের তিল
মসৃণ ললাটে সমুদ্র গর্জন গেল শোনা
সুডৌল গ্রীবায় জোয়ারের অপেক্ষার অবসান হল
আমার প্রার্থনাগুলো জেগে ওঠল অরণ্যে-পর্বতে।
ফুল্লচিত্তে কানে কানে তুমি বললে, ক্রিসেনথিমাম আমার...
বললাম, সে আবার কি?
বললে, বিদেশি ফুলের নাম এটা, তুমি সেই ফুলপাখি আমার।
বললাম, অতি সাধারণ বাংলার কোকিলা আমি...
আমাকে জড়িয়ে ধরে বললে, আজ থেকে তুমিই আমার ক্রিসেনথিমাম।
তোমার সান্নিধ্যে আমার তৃষিত আত্মা খোঁজে ফেরে আস্থা।
প্রণয়ী ঠোঁটের চাপে সূর্য জেগে ওঠে
আমার মনের বাসনাগুলো বাঙ্ময় হয়ে ওঠে
পদ্মফুলের মাথার উপরে ভ্রমর দুলতে থাকে
আমাদের বুনো নিঃশ্বাসগুলো ডানা মেলে আঁধারে
আগুনের এক হলকা বলকাতে বলকাতে জামার বোতাম খোলে
বন্ধ চোখে ছলকে ওঠে উভয়ের আবেগি উচ্চারণ
ভালোবাসার চন্দ্র ফুটো হয়ে পড়ে পড়ে পড়ে রক্ত বৃষ্টি!

এভাবেই ক্রিসেনথিমামের সৌন্দর্যে আকৃষ্ট হয়ে-
সকালে-বিকালে কোকিল বসন্ত গান গায়....!

তারপর একদিন বসন্ত কোকিল উড়ে চলে যায়!
সান্নিধ্য পিয়াসি কোকিলার মন ওঠে কেঁদে
কত শীত-বসন্ত এভাবে পার হয়ে যায়-
লম্পট কোকিল কখনো ফেরে না আর!
কোকিলার ভালোবাসা দিবা-রাত্রি নত হয়ে কাঁদে প্রার্থনায়
চুম্বন প্রদাহে ফোলাফোলা কোকিলার ঠোঁট-
আজ পড়ে থাকে গ্রামবাংলার সবুজ ঘাসের উপর!
হরিণ শিশুর মতো কোকিলার স্তন চেয়ে থাকে অন্তরীক্ষে!
ধীরে ধীরে পৃথিবীর সূর্য নেমে আসে পাহাড়ের তলদেশে।
দূরে-বহুদূরে আকাশের অন্তগামী তারার চিৎকার আসে ভেসে:
ক্রিসেনথিমামের কান্না, আজ লালসা-সাগরে হাবুডুবু খায়...!!





## বৈচিত্রময় কর্মকাণ্ড
### মো. নজরুল ইসলাম

এই পৃথিবীর মানুষ প্রকৃতিতে বড়ই বৈচিত্রময় প্রাণী,
ধর্মের নামে তাদের কর্মকাণ্ড প্রদর্শনে তারা খুব পটু।
বিবেকের যন্ত্রণায় হারিয়ে যাওয়ার অনুভূতি যা বলে,
নিপীড়নমূলক যন্ত্রণা সহে ব্যর্থ পার্থিব পুরস্কার পায়।
মানবিক হত্যাকাণ্ডের মধ্য দিয়ে সামনে এগিয়ে যায়,
এই সমাজে মানবতা বেঁচে থাকে অবশেষে আমরণ।
তাদের নীতিহীন গোপনের আড়ালেই লুকিয়ে থাকে,
নৌকাগুলো ভিড়লে যাত্রীরা উঠছিল এবং নামছিল।
তীরে নিজেকে হারিয়ে পাগলের মত নিজেই খুঁজছি,
তুমি যদি কোন পাগলকে দেখো তাহলে কেমন হয়?
জীবনের পথ ভ্রমণ করা হচ্ছে আপনা গতিতে চলন।
নিজের যেমন আছে তেমন ভাবেই সাজিয়ে নেওয়া।
যারা নিজ আচরণের ফাঁদে আটকা পড়ে তারা ভিন্ন।
অসাধারণ নীতিগুলি বিশ্বজুড়ে প্রচলিত মতে বিশ্বাস,
যারা বেশি ক্ষতি করে তারাই সবচেয়ে বেশি স্বার্থপর।
মানবতার চূড়ান্ত লক্ষ্য হলো জনগণের সেবক হওয়া,
মানব সমাজে একজন ধার্মিক ব্যক্তি যে ধর্মের দাস?
জাতীয় জীবনের সর্বত্র শান্তি ও সম্প্রীতি রক্ষা করে।
যখন মানুষ সর্বশক্তিমান প্রভুর আদেশের পিছে ছুটে
বাগানে প্রবেশের পরে মানব জাতি কার ফল খাবে?
হায়! বাগানে কতো ফুল এবং ফল পড়ে পচে আছে।
মানুষ ধাতু, মাটি, ইট, পাথরের তৈরি ঘরে বাস করে,
ভাবতেই অবাক লাগে যে বিচার ব্যবস্থা কত অদ্ভুত!
যা সর্বোচ্চ স্তরের বোকামি হিসেবে চিহ্নিত করা যায়।
তুমি নিজে প্রফুল্ল মনে সাফল্য আশে কাজে নিযুক্ত।



## শীতের আর্তনাদ
### আসাদুজ্জামান খান মুকুল

শ্বেত কুয়াশায় আকাশ ঢাকা,
ভোরের বাতাস শীতল ভারি।
পথের জুড়ে নীরব দাঁড়ায়,
জীবন চলে বড়ই আড়ি।

নিভে যাওয়া চুলার পাশে,
ক্ষুধা জ্বলে নীরব তাড়ে।
দিনমজুরের কাঁধে শীতই,
নামে বোঝা দুঃখের ভারে।

ছেঁড়া কাঁথায় রাত কাটায় আজ,
ফুটপাথেরই কত মানুষ।
খোলা আকাশ ছাদ হয়ে যায়,
নিদ্রা ছাড়া হয় যে বেহুশ।

গরম বস্ত্রে মোড়া সুখে,
অট্টালিকায় আনন্দ-গান।
নিচে পড়ে শীতের কান্না,
শোনে না যে মানবের জ্ঞান।

অভাবীর হক ধনীর ঘরে,
বণ্টন হোকনা ন্যায্য ভাবে।
মানবতা জাগলে মনে,
দুঃখীর দুঃখ মুছে যাবে।


বাড়ী ক্রয়ের এখনই সঠিক সময়!
SELL YOUR PROPERTY FASTER WITH TOP $$$
Resdential, Commercial, Foreclosure HUD Sale, Short Sale Specialist.
20 Years Experience
BUY - SELL - RENT
আপনার বাড়ীর Free Market Analysis and Consultation এর জন্য যোগাযোগ করুন:
মোহাম্মদ সেলিম রেজা
Lic. Real Estate Sales Person
আমরা বাংলায় কথা বলি
ফোন: 929-393-7331
Mohammad Salim Reza (MBA)
NYC Licensed Realtor, Professional/ Couteous!
Tel. 929-393-7331
Email: mrezarealtor@gmail.com
EXIT
EXIT REALTY PRIME
189-10 Hillside Ave, Suite E, Queens, NY 11423
Office: 718-262-0205, Fax: 718-262-0254


IMMIGRATION
ইমিগ্রেশন
TRANSLATION
TAX FILING
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Legal Investigator
• ইমিগ্রেশন • অ্যাসাইলাম
• অ্যাক্সিডেন্ট • পারসোনাল ইনজুরি
• ডিভোর্স (আনকনটেস্টেড)
631-805-1051
Primavera 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372
We Work with
BHATTA LAW & ASSOCIATES


www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG SHAH NAWAZ GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208

# Elon Musk warns 'people will die' over Mamdani's NYC fire commissioner choice

Ajkal Desk



Elon Musk slammed New York City Mayor-elect Zohran Mamdani's choice to lead the FDNY, warning that "people will die" because of the appointment, according to The Hill.

"People will die because of this. Proven experience matters when lives are at stake," Musk wrote in a post on X, the social platform he owns.

His criticism targeted Lillian Bonsignore, a veteran Emergency Medical Services leader, who was tapped Friday to become New York City's first openly gay fire commissioner and the second woman to lead the department, according to the outlet.

According to the Hill, Musk's comments sparked backlash and renewed attacks from some Trump administration officials who have previously condemned Mamdani's policy proposals aligned with democratic socialism.

Mamdani fired back on Saturday, defending Bonsignore's qualifications, the report noted.

"Experience does matter, which is why I appointed the person who spent more than 30 years at EMS. You know, the workforce that addresses at least 70% of all calls coming into FDNY?" Mamdani wrote in a post on X.




# Federal Judge Upholds New York Law Allowing Undocumented Immigrants to Obtain Driver's Licenses

Ajkal Desk

After months of legal sparring, the case reached a decisive turning point when the Trump administration and New York State clashed over the rights of undocumented immigrants. This legal battle marks a critical moment in the ongoing conflict between the two parties. On Tuesday, a federal judge rejected the government's attempt to block the "Green Light Law," which allows New York residents to obtain a standard driver's license without proving lawful immigration status. U.S. District Judge Anne M. Nardacci ruled that the Justice Department did not demonstrate that the state law violates the federal Constitution. The decision is a significant victory for immigrant rights advocates and a defeat for the Trump administration in its challenge to the immigration policies of progressive states. In February, the Justice Department filed a lawsuit against New York Governor Kathy Hochul and Attorney General Letitia James. The federal government argued that the New York law encroached on federal immigration authority, unlawfully regulated the federal government, and discriminated against it. Judge Nardacci rejected each of these arguments in her ruling. She emphasized that her role was to determine whether the administration violated the Supremacy Clause of the U.S. Constitution (the clause that says federal law outranks state law), not to assess the policy itself. The judge concluded unequivocally that the administration "failed to state such a claim." Attorney General Letitia James welcomed the decision. "As I said from the start, our laws protect the rights of all New Yorkers and keep our communities safe," she said in an official statement. "I will always stand up for New Yorkers and the rule of law." Officially titled the "Driver's License Access and Privacy Act," the measure was adopted in 2019 to improve road safety in New York State. Supporters argued that making licenses accessible would encourage more people to take driving tests and obtain auto insurance, regardless of immigration status. The law allows applicants without a valid Social Continued on page 26



# Port Authority toll hikes hit NJ drivers, E-ZPass discounts end

Shah Nawaz

*Higher tolls start Jan. 4, with peak E-ZPass rates rising to $16.79.*

*Off-peak drivers lose ground with a discount being phased out.*

*It funds a $45B capital plan, but commuters will shoulder the cost for years.*

The Port Authority of New York and New Jersey is axing a key discount for E-ZPass users and increasing tolls to pay for its $45 billion plans.

Starting Jan. 4, the Port Authority will increase its already sizable tolls by 3% for all bridges and tunnels under its jurisdiction. That includes the George Washington Bridge, the Lincoln Tunnel, and the Holland Tunnel.

**Higher E-ZPass and toll-by-plate rates at major crossings :** During peak hours, tolls for cars with E-ZPass will rise to $16.79. That's up from $16.06 now. The off-peak toll for E-ZPass isn't much better, rising to $14.73 thanks to the same 3% hike plus another 25 cents. For cars without E-ZPass, the toll-by-plate rate will hit $22.38.

**Off-peak E-ZPass discount set to disappear :** The tolls will, in part, help the Port Authority fund its capital plan for the next decade.

To fund the $45 billion project, another change will hurt the pockets of off-peak drivers with E-ZPass.

Starting January 2027, the Port Authority will phase out the off-peak discount for cars and motorcycles. The current $2 discount will drop by 50 cents per year over four years until it disappears completely.

**Toll hikes tied to Port Authority's $45B capital plan :** On Thursday, the massive 2026-2035 capital plan was approved unanimously by the Port Authority's commissioners. It includes a new Terminal B at Newark Liberty International Airport and a new EWR AirTrain. In 2023, a brand new Terminal A opened at the airport. It cost $2.7 billion.

PATH train riders should expect more direct service and more reliable trains as the project goes on. But that's not free either. Next summer, PATH fares will increase by 25 cents, and then hike by the same amount each January through 2029. Also on the list for redevelopment under the 10-year plan are a brand new Midtown Bus Terminal, the completion of renovations at John F. Kennedy International Airport, and upgrades for LaGuardia Airport.

# US Orders Biometric Scans for All Noncitizens



Ajkal Desk

A sweeping facial recognition mandate for every noncitizen entering or leaving the United States took effect Saturday, December 26, landing squarely in the middle of one of the busiest travel periods of the year. The policy affects green card holders, visa holders, and foreign nationals at every port of entry, from major international hubs to land crossings and seaports. The timing is critical. The Transportation Security Administration estimates more than 44 million travelers will pass through airports between December 19 and January 4, according to Travel.einnews.com. That includes a significant volume of noncitizens navigating customs, immigration, and now, mandatory biometric collection at both arrival and departure.

**What Changed on December 26**

The Department of Homeland Security says the measure is designed to curb visa fraud and identify criminals, according to Travel.einnews.com. While DHS already utilizes biometric facial comparison technology at 238 airports to process incoming travelers, the new policy formalizes and expands that framework, making it no longer voluntary or situational but universal and mandatory. This is not about U.S. citizens. American passport holders are still exempt from biometric exit screening at airports, though they've long been photographed on entry. But for the millions of noncitizens who live, work, study, or visit the U.S., the shift is absolute. No exemptions. No opt-outs. Every entry. Every exit.

**Who This Affects**

This policy reaches far beyond tourists on short-term visas. Lawful permanent residents, commonly known as green card holders, are now included in mandatory biometric exit screening. That means millions of people who call the U.S. home, who have lived here for years or decades, are now subject to the same surveillance infrastructure as first-time visitors or temporary work visa holders. For international business travelers, foreign journalists, students, and seasonal workers, this becomes part of the routine. For photographers, expedition leaders, and global mobility professionals crossing borders frequently, it adds another layer to an already dense process. The rollout affects all points of entry and exit: international airports, land border crossings with Canada and Mexico, and seaports. The infrastructure varies widely. Major hubs like JFK, LAX, and Miami International have had facial recognition tech in place for years. Smaller regional airports, rural land crossings, and cruise terminals are catching up. Continued on page 26

# US citizens are carrying passports amid ICE fears

Ajkal Desk



Many Americans are not leaving the house without their passports, as Immigration and Customs Enforcement (ICE) continues to conduct raids across American cities. Reports of citizens being detained have created a culture of fear, leading them to carry identifying documents wherever they go.

**What citizens are being detained?**

At least 170 American citizens have been detained by ICE during its raids, according to a ProPublica investigation. This has led some people to carry their passports because of the "threat of mistakenly being taken into ICE detention and potentially disappearing into labyrinthine immigration custody," said NPR's KQED-FM. While there is no legal requirement to carry a passport, citizens "may choose to make practical decisions around carrying documentation anyway." Reports indicate that the majority of people choosing to do this are people of color, including many Latino U.S. citizens. Walter Cruz Perez, who lives in a New Orleans suburb, has been a U.S. citizen since 2022 and "used to never think twice about only carrying his driver's license," said The Guardian. But since the ICE raids in New Orleans ramped up, he's in the "habit of putting his passport in his cell phone case." Those in his community "see on the news that people don't have the chance to identify themselves," so "you do what you have to do to avoid problems," he said.

Other people of color are reportedly choosing to carry documentation too. Amid ICE raids targeting Minnesota's large Somali American population, many of these people "feel they have little choice but to carry their passports to prove they are citizens," said CBS News. These Somali Americans are "being stopped by ICE and asked to prove citizenship," Jamal Osman, a Minneapolis City Council member, said to CBS News, saying it "feels like [the] 1930s and '40s in Germany."

**What can ICE ask for?**

The U.S. Department of Homeland Security "vehemently denies that American citizens have been detained, even inadvertently, during its immigrant sweeps," said Arizona State University's Cronkite News, with the department calling ICE raids "highly targeted." Despite this, experts continue to push clarity on what ICE agents can and cannot do when stopping someone.

There is "no legal requirement that U.S. citizens carry papers or have proof of their citizenship on them," Bree Bernwanger, a senior attorney at ACLU NorCal, said to KQED-FM. There "shouldn't be a reason to have to carry your papers because immigration agents aren't supposed to stop people or detain them" unless they have a reasonable suspicion of a crime. But people also "have to make their own decisions about what they are comfortable with in the face of this lawless enforcement."

Many legal experts say carrying your passport, even if you are an American citizen, is probably a good idea. It is "better to carry your passport — that's the best," attorney Layla Suleiman González said in a translated interview with Telemundo Chicago. But even if you are stopped by ICE, you "don't have to answer their questions, you don't have to say where you're from, you don't have to say whether you are a citizen or not. You don't have to talk to them."

# Mamdani-Backed Candidate Rejects U.S. Holidays

Ajkal Desk



A state Assembly campaign in Queens is attracting controversy after public statements from a candidate supported by Mayor-elect Zohran Mamdani raised questions about her views on American national holidays and broader U.S. traditions.

Aber Kawas, a longtime activist and member of the Democratic Socialists of America, is running for the Assembly seat representing New York's 34th District. She has drawn support from Mamdani and the Democratic Socialists of America's Electoral Working Group in a contest to succeed Assemblymember Jessica Gonzalez-Rojas, who is not seeking reelection. Writings attributed to Kawas from 2015, first widely circulated this month, say she does not celebrate major federal holidays such as July 4th, Labor Day, or Veterans Day because she believes they "represent the silencing & destruction of our movements."

In a journal entry from September 2015, Kawas wrote, "Today I do not celebrate a day off, I only recommit myself to a global movement that fights against the death, displacement, and exploitation of people for capital," according to the New York Post.

Kawas added, "For this movement, a day off is not a victory. A day off means nothing, because liberation means everything." Her remarks drew immediate criticism from local officials.

Queens City Council Member Robert Holden, a Democrat with conservative leanings, said in a statement, "When Zohran Mamdani backs candidates like Aber Kawas who openly hate Labor Day, Veterans Day, and the American Dream, it's a warning sign that we need to stop electing people who despise this country and everything it stands for."

Holden added, "Socialism has failed everywhere, and it's flat-out un-American." Mamdani's support for Kawas comes as the mayor-elect prepares to take office in one of the nation's largest cities. Mamdani, a democratic socialist who has represented parts of Queens in the New York State Assembly, was elected mayor in November 2025, making him the city's first Muslim and first South Asian mayor. Kawas' campaign also faces scrutiny for other past statements that critics say underscore opposition to traditional U.S. narratives about the Sept. 11, 2001, terror attacks. In remarks that circulated on social media last month, she described the attack as something a "couple of people did" while connecting it to broader systemic grievances.

Former affiliations and advocacy work have also become points of debate in the race.

Kawas previously interned with the Council on American-Islamic Relations and remains active in Muslim advocacy networks, which opponents label controversial in the broader national security context.

Despite the criticism, Kawas remains a contender in a heavily Democrat district. Gonzalez-Rojas has endorsed her chief of staff, Brian Romero, setting up what is expected to be a competitive primary in the district's progressive-leaning district.

*(Source-Newsmax)*

# Top U.S. Bank Chief Says Immigration Uncertainty Is Now a Bigger Business Risk Than Tariffs

Ajkal Desk



Bank of America CEO Brian Moynihan said small businesses are seeking clarity, not ideology, when it comes to the Trump administration's evolving immigration policies, arguing that uncertainty around labor rules is making it harder for firms to plan and hire.

Appearing on CBS's Face the Nation in an interview recorded earlier this month, Moynihan explained that small business owners, many of whom rely on immigrant labor, are less focused on whether they agree with the policies themselves and more **Continued on page 26**

# Apu Biswas set for a 'Durbar' comeback

Ajkal Desk



Apu Biswas, who has starred opposite Shakib Khan as the leading lady in a record number of films and delivered numerous box-office successes, is set to return to the silver screen after a two-year hiatus. She is currently shooting for her new film, where she stars opposite popular actor Shajal Noor.

Speaking to The Daily Star, Apu Biswas opened up about her comeback, the film, and her renewed journey in Dhakai cinema.

Her upcoming film, titled "Durbar", is directed by Kamrul Hassan Fuad. A thriller by **Continued on page 26**

# Mosharraf Karim opens up in 102-minute podcast



Anik Raj

From growing up in a small village to becoming one of Bangladesh's most respected actors, Mosharraf Karim has built his career through years of discipline, persistence and honesty. His journey — marked by theatre training, television success and recognition on both sides of the border — is now the focus of a special podcast episode airing this weekend.

In the latest episode of the podcast "Behind the Fame with RRK", Mosharraf Karim shares lesser-known stories from his personal and professional life. The 102-minute episode will be broadcast on Maasranga Television and Radio Dinraat 93.6 FM at 8 pm on Saturday, December 27, and is hosted by Rumman Rashid Khan.

One of the most talked-about moments in the episode is Mosharraf Karim's reflection on his decision not to accept the National Film Award in 2018. He was announced as Best Comic Actor for his performance as Mofizur in the film "Komola Rocket", despite playing a central role in the story.

At the time, his decision sparked debate in the film industry. Speaking on the podcast, he finally explains why he chose not to accept the award, saying he felt the category did not reflect the nature of his performance.

In a lighter moment, the actor also speaks humorously about his limited cooking skills. "All I can cook are eggs — fried eggs, poached eggs and boiled eggs," he said, adding that he once learned how to steam eggs from YouTube but has since forgotten how to do it.

Mosharraf Karim recalls participating regularly in cultural programmes during his school years, held every Thursday from January to April. He also worked briefly as a child performer in jatra theatre, experiences that shaped his early interest in acting.

After moving to Dhaka, he became deeply involved in theatre, where he learned what he describes as the most important lesson of his life from his mentors: to be an honest human being before aspiring to be an artist.

The actor also addresses irresponsible behaviour on social media, criticising the tendency to share unverified information. "People write many things without checking facts, and later much of it turns out to be wrong," he said. "Why make yourself smaller in your own eyes?"

The podcast is produced by Z I Faisal and features Mosharraf Karim speaking candidly about different phases of his life, his thoughts, and the values that continue to guide his career.



# একজিমা রোগীর যেসব জিনিসের সংস্পর্শ এড়িয়ে চলা উচিত

ডা. সাইফ হোসেন খান



একজিমা দীর্ঘমেয়াদি ত্বকের সমস্যা। এর প্রধান লক্ষণ চুলকানি, লালচে ভাব, শুষ্কতা ও ত্বকের ওপরের স্তর ওঠা। অনেক সময় ওষুধের পাশাপাশি কিছু দৈনন্দিন ব্যবহার্য রাসায়নিক পদার্থ একজিমার উপসর্গ আরও বাড়িয়ে দেয়। তাই একজিমা নিয়ন্ত্রণে রাখতে এসব রাসায়নিক সম্পর্কে সচেতন থাকা জরুরি।

বায়ুদূষণ ও পরিবেশগত রাসায়নিক পদার্থ : বাইরের বাতাসে থাকা বিভিন্ন দূষিত উপাদান একজিমা বাড়াতে পারে। গাড়ির ধোঁয়া, কারখানার গ্যাস, ধুলাবালি, ধোঁয়া ও অন্য ত্বকে প্রদাহ সৃষ্টি করে। দীর্ঘদিন এসব দূষণের সংস্পর্শে থাকলে ত্বকের প্রাকৃতিক সুরক্ষা স্তর দুর্বল হয়ে যায়, ফলে একজিমার উপসর্গ বেড়ে যেতে পারে।

ঘরের ভেতরের ক্ষতিকর রাসায়নিক : অনেক সময় আমরা বুঝতেই পারি না, ঘরের ভেতরের কিছু জিনিস একজিমার জন্য দায়ী। দেয়ালের রং, নতুন আসবাব, পরিষ্কার-পরিচ্ছন্নতার তরল, গু বা পালিশ থেকে নির্গত ভোলাটাইল অর্গানিক কম্পাউন্ড ত্বকে জ্বালা সৃষ্টি করে। তীব্র গন্ধযুক্ত ক্লিনার, ডিটারজেন্ট ও কীটনাশক ব্যবহার একজিমা রোগীদের জন্য বিশেষভাবে ক্ষতিকর।

ব্যক্তিগত পরিচর্যা পণ্য : একজিমা আক্রান্ত ত্বকের সবচেয়ে বড় শত্রু সুগন্ধি ও রংযুক্ত প্রসাধনী। সাবান, শ্যাম্পু, লোশন বা ক্রিমে থাকা ফ্রাগরেন্স, অ্যালকোহল, প্রোপিলিন গ্লাইকোল, কোকামিডোপ্রোপাইল বিটেইন এবং কিছু প্রিজারভেটিভ ত্বকে অ্যালার্জি ও জ্বালা তৈরি করতে পারে। চুলের রং, নেইলপলিশ ও মেকআপে এমন রাসায়নিক থাকতে পারে, যা একজিমা বাড়ায়।

এরপর ২৮ পৃষ্ঠায়



# শীতকালে ডায়রিয়া ঝুঁকি, লক্ষণ এবং ঘরোয়া যত্ন

ডা. মুহাম্মদ মাহতাব হোসাইন মাজেদ

শীতকালে ডায়রিয়া সাধারণ হলেও সতর্কতা ছাড়া এটি কখনও কখনও বিপজ্জনক রূপ নিতে পারে। বিশেষ করে শিশু ও বৃদ্ধদের জন্য শীতের সময় সতর্ক থাকা জরুরি। খাদ্যাভ্যাস, পানি এবং পরিবেশগত কারণে শীতকালে ডায়রিয়ার ঝুঁকি বেড়ে যায়। সময়মতো সচেতনতা ও সঠিক যত্ন গ্রহণ করলে সমস্যাটি অনেকাংশে কমানো সম্ভব।



শীতকালে ডায়রিয়ার প্রধান কারণ

সংক্রমণ: ভাইরাস যেমন রোটাভাইরাস এবং ব্যাকটেরিয়া যেমন ইকোলাই, সালমোনেলা ও শিগেল্লা।

অস্বাস্থ্যকর খাদ্য ও পানি: রাস্তার খাবার, অর্ধেক স্যুপ বা অপরিষ্কার পানি সংক্রমণ বাড়ায়।

ঠান্ডা পরিবেশ: কম তাপমাত্রা ও আর্দ্রতা সংক্রমণ সহজ করে।

দেহের প্রতিরোধ ক্ষমতা হ্রাস: শীতকালে ভিটামিন ও প্রোটিনের অভাব শরীরকে দুর্বল করে।

পাচনতন্ত্র সংবেদনশীলতা: ঠান্ডা খাবার বা পানীয় হঠাৎ খেলে পেটে সমস্যা দেখা দিতে পারে।

লক্ষণ

* বারবার পাতলা বা তরল মল।
* পেটে ব্যথা বা খিঁচুনি।
* বমি বা

এরপর ২৮ পৃষ্ঠায়

# শীতে চোখ সুস্থ রাখতে কিছু সহজ অভ্যাস

অধ্যাপক ডা. ইফতেখার মো. মুনির



শীত এলে আমাদের দৈনন্দিন জীবনে পরিবর্তন আসে, তেমনি আবহাওয়ারও পরিবর্তন ঘটে। শীতের শুষ্ক আবহাওয়া, ধুলাবালু, ঠান্ডা বাতাস ও সূর্যালোকের তারতম্যের কারণে শীতকালে চোখ বিশেষভাবে সংবেদনশীল হয়ে ওঠে। এই সময় চোখের জ্বালা, শুষ্কতা থেকে শুরু করে গ্লুকোমার মতো গুরুতর রোগও নীরবে ক্ষতি করতে পারে।

শীতকালে চোখের সাধারণ সমস্যা ও কারণ : শীতকালে সবচেয়ে বেশি দেখা যায় শুষ্ক চোখ বা ড্রাই আই সিনড্রোম। ঠান্ডা বাতাস ও কম আর্দ্রতার কারণে চোখের পানির পরিমাণ কমে যায়। ফলে চোখে জ্বালা, চুলকানি, বালুর মতো অনুভূতি ও লাল ভাব দেখা দেয়।

* চোখের অ্যালার্জি মূলত শীতে ধুলাবালু ও ঠান্ডা থেকে হয়ে থাকে।
* কনজাংটিভাইটিস বা চোখ ওঠা সাধারণত ভাইরাসজনিত সংক্রমণের কারণে হয় এবং এ সময় বেশি হতে দেখা যায়।
* চোখে পানি পড়া বা ঝাপসা দেখা।
* চোখের সংক্রমণ, বিশেষ করে শিশু ও বয়স্কদের মধ্যে।

আরেকটি গুরুত্বপূর্ণ কিন্তু নীরব সমস্যা হলো গ্লুকোমা। শীতকালে

এরপর ৩৬ পৃষ্ঠায়

# কীভাবে হাঁটার গতি বাড়াবেন

ডা. হিমেল বিশ্বাস



সুস্থতা বজায় রাখতে নিয়মিত হাঁটার কোনো বিকল্প নেই। শুধু হাঁটলেই হবে না, দ্রুতগতিতে হাঁটার অভ্যাস গড়ে তোলাও জরুরি। কিন্তু দ্রুত হাঁটা আমাদের অনেকেরই অভ্যাসে নেই। তবে সঠিক কৌশল ও নির্দিষ্ট অনুশীলনের মাধ্যমে হাঁটার গতি বাড়ানো সম্ভব।

সঠিক শারীরিক ভঙ্গি : দ্রুত হাঁটার জন্য শুধু দ্রুত পা চালালেই হবে না, প্রয়োজন সঠিক শারীরিক ভঙ্গি। এটি আপনার হাঁটার দক্ষতা উন্নত করবে এবং অপ্রয়োজনীয় বাধা এড়িয়ে গতি বাড়াতে সাহায্য করবে।

সোজা হয়ে দাঁড়ান : মেরুদণ্ডকে প্রসারিত রেখে সোজা হয়ে দাঁড়াতে হবে। এতে পদক্ষেপ আরও শক্তিশালী হবে।

সামনে দৃষ্টি : চোখ প্রায় ১০ থেকে ২০ ফুট সামনে নিবদ্ধ রাখা প্রয়োজন। তাহলে শরীরের ওপরের অংশে টান পড়া এড়ানো যায়।

হাত ভাঁজ করুন : কনুই ৮৫ ডিগ্রি থেকে ৯০ ডিগ্রি ভাঁজ থাকবে, হাতগুলোকে সামনে-পেছনে করতে হবে। হাত ভাঁজ থাকলে সেগুলোকে দ্রুত ঘোরানো এবং পা হাতের গতির সঙ্গে তাল মিলিয়ে দ্রুত চালিত করা সহজ হয়।

গোড়ালিতে ভর দিয়ে পা নামান : হাঁটার সময় প্রথমে গোড়ালিতে ভর দিয়ে পা নামাতে হবে, তারপর পায়ের পাতা দিয়ে রোল করে আঙুলের ডগা দিয়ে ধাক্কা দিতে হবে। এটি মসৃণ গতি এনে দ্রুত হাঁটতে সাহায্য করে।

ছোট, দ্রুত পদক্ষেপ : দীর্ঘ পদক্ষেপ নেওয়ার চেয়ে ছোট এবং দ্রুত পদক্ষেপ নিতে হবে। এটি গতি কমিয়ে না দিয়ে বরং একটি মসৃণ, ঘূর্ণায়মান পদক্ষেপ নিশ্চিত করবে।

দ্রুত হাঁটার জন্য কার্যকর ব্যায়াম : নিয়মিত অনুশীলনের মাধ্যমে হাঁটার গতি ও সহনশীলতা বাড়ানো সম্ভব। যেমন-

সময়ভিত্তিক হাঁটা : একটি নির্দিষ্ট সময় (যেমন ২০ বা ৩০ মিনিট) ধরে হাঁটা এবং খেয়াল রাখা যে কত দূর পর্যন্ত যাওয়া যায়। পরবর্তী সময়ে হাঁটার সময় দূরত্ব বা সময়কে ছাড়িয়ে যাওয়ার চেষ্টা করতে

এরপর ২৮ পৃষ্ঠায়

# ছয় মাস বয়স হলে শিশুকে যেসব খাবার দেবেন



অধ্যাপক প্রণব কুমার চৌধুরী



ছয় মাস বয়স হলে শিশুকে বুকের দুধের পাশাপাশি অন্য খাবার দিতে হয়। তবে মনে রাখবেন, একই সঙ্গে বুকের দুধ পান অব্যাহত রাখা জরুরি। কেননা বুকের দুধ ৬ থেকে ১২ মাস বয়সে শিশুর পুষ্টি চাহিদার অর্ধেক ও ১২ থেকে ২৪ মাস বয়সে পুষ্টি চাহিদার এক-তৃতীয়াংশ সরবরাহ করে।

যেসব খাবার যেভাবে দেওয়া উচিত : চটকানো কলা, আটা-ময়দা, ভাত, সুজি, সেদ্ধ ফলমূল (মিষ্টিকুমড়া, গাজর, শাক, আলু), টমেটো। শিশুকে মৌসুমি ফলমূল খাওয়াতে হবে। খাবারে ঘি বা তেল মিশিয়ে ক্যালরির ঘনত্ব বাড়ানো যায়।

একবারে এক উপাদানের বেশি খাওয়ানো উচিত নয়। নতুন খাবার যোগ করতে এক সপ্তাহ সময় দিতে হবে। এতে কোন কোন খাবার সে সহ্য করতে পারে না, তা বোঝা যায়। যে শিশু একবারে বেশি খায় না, তাকে ফল, দুধ ও খাবার ২-৩ ঘণ্টা বিরতিতে দিতে হবে। জোর করা যাবে না।

খেতে না চাইলে চিন্তিত না হয়ে নতুন স্বাদের কোন খাবারে আগ্রহ, তা যাচাই করতে হবে। খাওয়ানোর সময় সামান্য খাবার বাকি থেকে যায়, তবে তা শেষ করানোর জন্য জোর করা যাবে না। যখন পান হাতে নিজে নিজে পানি পান করতে পারবে, তখন তাতে উৎসাহ দিতে হবে।

শিশুর জন্য রান্না শাকসবজি বেশি ফোটানো ভালো নয়। ভাত বা শাকসবজি সেদ্ধ করে পানি ফেলে না দেওয়া উত্তম। ভালোভাবে পরিষ্কার করা তাজা ফল হাতে ধরে খেতে দিলে ভালো। বেশির ভাগ শিশু মাঝারি মাত্রার ঝাল সহ্য করতে পারে।

যদি পরিবারের কারও কোনো

এরপর ৩৬ পৃষ্ঠায়



ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

# বাংলাডেস্ক যুক্তরাষ্ট্রের ভূবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791


بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহুদ, তা'উয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনার ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খয়বরের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহুরা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন নাহামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফীয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারূন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়াতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের নিরিখে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রথমে আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক তথ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর তথ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে মা'উনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ্ বিন উবাই বিন সলূল এবং আওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের সঙ্গীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় যেন না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সম্মত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাঊযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর সমীপে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের পছন্দের হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন রচয়িতা লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে মা'উনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইয়া'ওয়ানুহু ফীদ্ দিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে পরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই যুদ্ধাভিযানের কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম. এ (রা.)'র একটি তথ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণে এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও বিমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই ভিন্ন ভিন্ন সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু আওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এক্ষণই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাঊযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব সলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালাম বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথায় কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা কুরবানীর বিষয়কে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মন্ডী বাহাউদ্দিন জেলার সাহ্কেয়ানপুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়েই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রতি দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কোনোই বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

**347-659-8842**

**7 DAYS OPEN**

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)



# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of

FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**

Franchise & Business Consulting Firm

37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.

Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590

Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১

সপ্তাহে ৭ দিনই খোলা



# রেনোভেশন/রিপিয়ার/কনস্ট্রাকশন

আপনি কি বাসা-বাড়ির কাজের জন্য লোক খুঁজছেন?

আমরা আপনাকে সহযোগিতা করতে পারি।



আমরা Binghamton এ কাজ করে থাকি

**আমাদের কাজসমূহ:**

* গরম পানির ট্যাঙ্ক ইনস্টলেশন/ মেরামত
* যে কোন প্রকার পাম্বিলিংয়ের কাজ/বাথরুম/কিচেন/অন্যান্য
* যে কোন প্রকার টাইলসের কাজ/নতুন ইনস্টলেশন/রিপ্লেস/ রেনোভেশন
* নতুন বাথরুম ইনস্টলেশন/রিপিয়ার
* কার্পেটিং/নতুন রুম/এক্সটেনশন
* ড্রাই ওয়াল/পেইন্ট/রি-পেইন্ট
* ব্যাকইয়ার্ড/ডক/বারান্দা/ছাদ
* উড ফ্লোর/পলিশ/নতুন ইনস্টলেশন/ক্লিনিং
* অয়েল হিটিং সিস্টেম পুরনোটি রিপ্লেস এবং নতুন থার্মাল ইনস্টলেশন।

Free ইস্টিমেট করা হয়ে থাকে

**যোগাযোগ:**

**WOVENA CONSTRUCTION INC**

172-11, 93 Ave, Jamaica, NY 114333

**Phone: 347-822-9052, 716-828-6677**

wovenatexusa@gmail.com

# গৃহবধূ থেকে রাষ্ট্রনায়ক খালেদা জিয়াঃ সংগ্রাম, ত্যাগ ও আত্মমর্যাদার অনন্য অধ্যায়

৫ পৃষ্ঠার পর

ছুটি ঘোষণা করেছে, যা রাষ্ট্র ও রাজনীতিতে তাঁর অপরিসীম গুরুত্বেরই প্রতিফলন। বাংলাদেশের জাতিসংঘ অফিসিয়াল পেজ থেকে প্রকাশিত বার্তায় জাতিসংঘ গভীর শোক প্রকাশ করে গণতন্ত্র ও মানবাধিকারের পক্ষে খালেদা জিয়ার দীর্ঘ সংগ্রামের কথা স্মরণ করেছে এবং আন্তর্জাতিক পরিসরে গণতান্ত্রিক মূল্যবোধ প্রতিষ্ঠায় তাঁর ভূমিকার কথা বিশেষভাবে উল্লেখ করেছে।

আঞ্চলিক ও বৈশ্বিক নেতৃবৃন্দও এই শোকে শামিল হয়েছেন। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ব্যক্তিগত শোকবার্তায় খালেদা জিয়ার সঙ্গে তাঁর সৌহার্দ্যপূর্ণ সাক্ষাৎ ও ভারত-বাংলাদেশ সম্পর্ক গঠনে তাঁর অবদান চিরস্মরণীয় বলে উল্লেখ করেন। তিনি বলেন, বাংলাদেশের উন্নয়ন ও দ্বিপাক্ষিক সম্পর্ককে নতুন উচ্চতায় নিতে খালেদা জিয়ার ভূমিকা ইতিহাসে স্মরণীয় হয়ে থাকবে। একইভাবে পাকিস্তানের রাষ্ট্রপতি আসিফ আলী জারদারি ও প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ গভীর শোক প্রকাশ করে বলেন, খালেদা জিয়া আজীবন দেশের সার্বিক উন্নয়ন ও মানুষের কল্যাণে নিজেকে উৎসর্গ করেছিলেন এবং তাঁর ইন্তেকালে পাকিস্তানও বাংলাদেশের জনগণের শোকের অংশীদার।

রাশিয়া তাঁকে বিশ্বব্যাপী গণতান্ত্রিক সমাজের এক শক্তিশালী রূপকার হিসেবে স্মরণ করেছে এবং আন্তর্জাতিক মঞ্চে নারীর নেতৃত্বের দৃঢ় ও সাহসী প্রতীক হিসেবে তাঁর অবস্থানকে বিশেষভাবে তুলে ধরেছে। যুক্তরাষ্ট্রের দূতাবাস এক শোকবার্তায় খালেদা জিয়ার নেতৃত্বকে বাংলাদেশের আধুনিক ইতিহাসে অত্যন্ত গুরুত্বপূর্ণ আখ্যা দিয়ে গণতান্ত্রিক মূল্যবোধ ও জনগণের অধিকার প্রতিষ্ঠায় তাঁর অবদানের কথা উল্লেখ করেছে। আন্তর্জাতিক সংবাদ সংস্থা রয়টার্সসহ বিশ্বের প্রথম সারির গণমাধ্যমগুলো তাঁকে একজন "প্রভাবশালী রাজনৈতিক নেতা" এবং নারী রাজনৈতিক ক্ষমতায়নের পথপ্রদর্শক হিসেবে অভিহিত করেছে। তাঁর জানাজায় অংশ নিতে একাধিক দেশের প্রতিনিধিদের ঢাকায় আগমন প্রমাণ করে যে, বেগম খালেদা জিয়া শুধু বাংলাদেশের নন, তিনি ছিলেন বিশ্ব রাজনীতির এক সম্মানিত ও প্রভাবশালী ব্যক্তিত্ব। এই সব আন্তর্জাতিক প্রতিক্রিয়া শুধু একটি রাজনৈতিক নেত্রীর মৃত্যু সম্পর্কে নয় বরং একজন মানুষের, এক নারীর ও এক সংগ্রামী নেতার জীবনের প্রতিফলন, যিনি সর্বদা গণতন্ত্রের পথ ধরে চলেছেন, মানুষের কল্যাণ ও অধিকার প্রতিষ্ঠায় অবিচল থেকেছেন এবং তাঁর জীবনের প্রতিটি অধ্যায়ে তিনি জনগণের সাথে অংশীদার হয়েছেন।

বেগম খালেদা জিয়ার জীবনের এই দীর্ঘ সংগ্রাম ও আন্তর্জাতিক স্বীকৃতি প্রমাণ করে যে তাঁর ভূমিকা কেবল বাংলাদেশের আয়তেই সীমাবদ্ধ নয় - তিনি ছিলেন একের পর এক প্রজন্মের অনুপ্রেরণা, একজন গণতন্ত্রের প্রতীক এবং আন্তর্জাতিক রাজনীতির এক গুরুত্বপূর্ণ মানুষ, যাঁর স্মৃতি সর্বদা একটি চিরন্তন অধ্যায় হিসেবে ইতিহাসে উজ্জ্বল থাকবে। বাংলাদেশের রাজনীতিতে এক বর্ণাঢ্য, সংগ্রামী ও ঘটনাবহুল অধ্যায়ের পরিসমাপ্তি ঘটল। বেগম খালেদা জিয়ার জীবন কেবল একজন রাজনীতিবিদের জীবনী নয়, ছিল বাংলাদেশের গণতান্ত্রিক ইতিহাসের এক অবিচ্ছেদ্য অংশ। ক্ষমতা ও বিরোধিতার টানাপোড়েন, কারাবরণ ও প্রতিকূলতার ভেতর দিয়েও তিনি যে অবিচল দৃঢ়তা দেখিয়েছেন, তা তাঁকে সমসাময়িক রাজনীতির ঊর্ধ্বে তুলে দিয়েছে।

খালেদা জিয়ার সাহস ও নেতৃত্ব বাংলাদেশের রাজনীতিকে বহুবার নতুন মোড় দিয়েছে। সংকটের সময় তিনি কখনো আপসের পথ বেছে নেননি, বরং প্রতিকূলতার মধ্যেই নিজের অবস্থান স্পষ্ট করেছেন। রাষ্ট্র পরিচালনার দায়িত্বে থাকাকালীন যেমন তিনি দৃঢ়তা দেখিয়েছেন, তেমনি ক্ষমতার বাইরে থেকেও রাজনীতির কেন্দ্রবিন্দুতে নিজেকে প্রতিষ্ঠিত রেখেছেন। ইতিহাস তাঁকে মনে রাখবে একজন এমন নেত্রী হিসেবে, যাঁর শক্তি ছিল তাঁর আপসহীনতা এবং যাঁর পরিচয় ছিল সংগ্রাম। নারী হয়েও নেতৃত্বের ক্ষেত্রে তিনি ভেঙে দিয়েছেন বহু সামাজিক ও রাজনৈতিক দেয়াল। পুরুষতান্ত্রিক রাজনীতির কঠিন বাস্তবতায় দাঁড়িয়ে খালেদা জিয়া প্রমাণ করেছেন নেতৃত্বের মানদণ্ড লিঙ্গে নয়, দৃঢ়তায়। তিনি শুধু নারী রাজনীতিবিদদের জন্যই নন, বাংলাদেশের প্রতিটি সংগ্রামী মানুষের জন্য হয়ে উঠেছিলেন সাহস ও আত্মমর্যাদার প্রতীক। তাঁর পথচলা অসংখ্য নারীর রাজনৈতিক সচেতনতা ও আত্মবিশ্বাস জাগিয়ে তুলেছে।

আজ বেগম খালেদা জিয়া আমাদের মাঝে নেই, কিন্তু তাঁর জীবন, সংগ্রাম ও আদর্শ ইতিহাসের পাতায় চিরকাল অমলিন হয়ে থাকবে। বাংলাদেশের গণতন্ত্র, রাজনৈতিক অধিকার ও নেতৃত্বের যে দীর্ঘ ও সংগ্রামী পথচলা-তার বহু অধ্যায় জুড়ে অবিচ্ছেদ্যভাবে জড়িয়ে থাকবে এই নাম। সময়ের প্রবাহে অনেক কিছু বদলে যাবে, প্রেক্ষাপট পাল্টাবে, কিন্তু খালেদা জিয়ার সাহস, ত্যাগ ও আপসহীন নেতৃত্ব ভবিষ্যৎ প্রজন্মের কাছে থেকে যাবে এক অনির্বাণ অনুপ্রেরণার বাতিঘর হয়ে। তাঁর প্রস্থান মানে শুধু একজন রাজনৈতিক নেত্রীর বিদায় নয়; এটি সংগ্রাম, আত্মমর্যাদা ও দৃঢ়চেতা নেতৃত্বে গড়ে ওঠা এক দীর্ঘ সময়ের অবসান। গণতন্ত্রের পক্ষে তাঁর অবিচল অবস্থান, স্বৈরশাসনবিরোধী আন্দোলনে দৃঢ় ভূমিকা এবং রাষ্ট্র পরিচালনায় তাঁর উপস্থিতি বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে চিরস্মরণীয় হয়ে থাকবে।

সাধারণ এক গৃহবধূ থেকে ইতিহাসের কঠিনতম দায়িত্ব কাঁধে তুলে নেওয়ার গল্পটি বেগম খালেদা জিয়ার জীবনের সবচেয়ে বেদনাবিধুর ও গৌরবময় অধ্যায়। স্বামী শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানকে হারিয়ে হঠাৎ বদলে যাওয়া বাস্তবতায় তিনি ভেঙে পড়েননি; বরং শোককে শক্তিতে রূপ দিয়ে দাঁড়িয়েছিলেন জাতির সামনে। এক-এগারোর দুঃসময়েও তিনি দেশ ত্যাগ করতে রাজি হননি, আপস করেননি নিজের বিশ্বাসের সঙ্গে। ভয়, নিপীড়ন ও একাকীত্বের মাঝেও তিনি মাতৃভূমিকে আঁকড়ে ধরেছিলেন কারণ তাঁর কাছে দেশ ছিল শুধু ভূখণ্ড নয়, ছিল আত্মপরিচয় ও দায়িত্ব। এই অবিচলতা, এই আত্মমর্যাদা আর এই ত্যাগই তাঁকে সাধারণের ঊর্ধ্বে তুলে এনে ইতিহাসের এক অনন্য উচ্চতায় স্থাপন করেছে। সময় বদলাবে, প্রেক্ষাপট পাল্টাবে কিন্তু খালেদা জিয়ার নাম, তাঁর সাহস, ত্যাগ ও আপসহীন নেতৃত্ব বাংলাদেশের ইতিহাসে চিরকাল অমলিন হয়ে থাকবে। তিনি থাকবেন এক অনুপ্রেরণার বাতিঘর হয়ে যা প্রজন্মের পর প্রজন্মকে পথ দেখাবে।

# হাদি অনুপস্থিত তবু অদম্য

১২ পৃষ্ঠার পর

ভালোবাসা পেয়েছিল। এত মানুষের ভালোবাসা নিয়ে কবরে যেতে পেরেছে-এমন সৌভাগ্যবান সন্তান এই মাটিতে খুব কম জন্মেছে। খুনি ও তার কতিপয় সাঙ্গপাঙ্গ ছাড়া হাদি বাংলাদেশের বাকি সবার ভাই, বন্ধু-পরমাত্মীয়। রাষ্ট্রের কাছে হাদির হত্যাকারীকে গ্রেফতার করার চ্যালেঞ্জটি টপ প্রায়োরিটি হওয়া উচিত। কাজেই দিন-রাত পথচারীদের কষ্ট দিয়ে, রোগীদের বিপদে রেখে স্লোগান দেওয়ার বিষয়টি পুনর্বিবেচনা করা যেতে পারে।

পথরুদ্ধ করার বিকল্প কর্মসূচির মাধ্যমে হাদির হত্যাকারীকে গ্রেফতারের পথ খুঁজতে হবে। যে হাদি সবার হৃদয়ে বাসা বেঁধেছে, সেই হাদির খুনিদের স্বাধীনভাবে শ্বাস নেওয়ার অধিকার রাখা হবে না। সহস্রাব্দিক বছরের পরে আমরা যে হাদিকে পেয়েছিলাম, যাদের ষড়যন্ত্র ও চক্রান্তে তাকে হারিয়েছি-তাদের ক্ষমা নেই। এই হৃদয় সবাইকে ক্ষমা করতে জানে না।

# নির্বাচন অবাধ-সুষ্ঠু করতেই হবে

১০ পৃষ্ঠার পর

আলম চৌধুরী একচ্ছত্রভাবে পরিচালনা করছেন? প্রসঙ্গত, শেখ হাসিনার আমলে যিনিই স্বরাষ্ট্রমন্ত্রীর চেয়ারে থাকুন না কেন, স্বরাষ্ট্র মন্ত্রণালয় নিয়ন্ত্রণ করতেন সেই সময়ের প্রধানমন্ত্রী শেখ হাসিনার ফুপাতো ভাই শেখ সেলিম। আর বর্তমান সরকারের সময় খোদা বকশ চৌধুরী নিয়ন্ত্রণ করতেন বলে রটনা আছে। তবে ঘটনা যাই হোক, তার পদত্যাগের পর স্বরাষ্ট্র উপদেষ্টার আর কোনো অজুহাত থাকবে না। তিনি হয়তো চুক্তিভিত্তিক আইজিপি বদল করতে চাইতে পারেন। যাক, এত উচ্চপর্যায়ের রদবদল নিয়ে ভাবা আমজনতার কম্ম নয়।

জনতার ভাবনা হচ্ছে, জনে জনে অস্ত্র দেওয়ার পেছনে ন্যারেটিভ হিসেবে হয়তো আমেরিকাসহ উন্নত দেশের মডেল কারও মগজে থাকতে পারে। কিন্তু সেই দেশগুলোর মানুষের মনন এবং রাষ্ট্র কাঠামো কি কোনোভাবেই আমাদের সঙ্গে মেলানো যাবে? উত্তর-এক কথায় নেতিবাচক! এই ব্যবধানের পরও উন্নত দেশগুলোর বৈধ অস্ত্রের ব্যবহার কোন পর্যায়ে ঠেকেছে? এও বিবেচনায় নেওয়া প্রয়োজন। ফলে হাতে হাতে অস্ত্র পেলে আমাদের অবস্থা ভয়াবহ হতে বাধ্য। তা হোক বৈধ অথবা অবৈধ অস্ত্র। অন্যরকম বাস্তবতাও আছে। তা হচ্ছে, একটি বৈধ অস্ত্রের আড়ালে অনেক ক্ষেত্রেই অন্তত দশটি অবৈধ অস্ত্র থাকে। প্রসঙ্গত, একসময় আমাদের দেশের ঘরে ঘরে অস্ত্র হিসেবে ঢাল-সড়কি ছিল। সেই সময়ের পুরো দেশের চিত্র আজকের ব্রাহ্মণবাড়িয়া-নরসিংদীর সঙ্গে মেলানো যায়। এদিকে বলা হয়, উন্নত দেশে জনে জনে অস্ত্রের দেখভাল ট্রিলিয়ন ডলারের অস্ত্র ব্যবসা প্রেশার হিসেবে কাজ করে। আমাদের দেশে কারও কোটি টাকার অস্ত্র ব্যবসায়িক ধান্দা থাকা কিন্তু বিচিত্র কিছু নয়। কথা হচ্ছে, নির্বাচনের আগে অবৈধ অস্ত্র উদ্ধারে বিশেষ অভিযান এবং বৈধ অস্ত্র থানায় জমা দেওয়ার একটি ধারা প্রচলিত ছিল। কিন্তু এর উল্টো পথে কি ফল হবে? আর বিবেচনায় রাখা প্রয়োজন, অস্ত্র দিয়ে অন্যকে ঘায়েল করা যায়, কিন্তু নিজেকে রক্ষা করা যায় না। এটি সাধারণ থেকে অসাধারণ ক্ষেত্রেও বাস্তবতা। এ উপমহাদেশেই এর বড় রকমের উদাহরণ হয়ে আছেন কিংবদন্তি ব্যক্তিত্ব মহাত্মা গান্ধী, লিয়াকত আলি খান থেকে শুরু করে ইন্দিরা গান্ধী ও বেনজির ভুট্টো।

এবার কলামের শুরুতে উল্লেখ করা রবীন্দ্রনাথ ঠাকুরের 'জুতা আবিষ্কার' কবিতা প্রসঙ্গে আসা যাক। এ কবিতার মর্মকথা যুগে যুগে উপেক্ষিত হয়ে আসছে। সমস্যার সমাধানের কেন্দ্রে অথবা বিন্দুতে আলোকপাত না করে কিছু শিকড়ের জোড়াতালি করা হয়। এ প্রবণতা প্রায় সর্বত্রই বিরাজমান। সর্বব্যাপী এ অরাজকতার মধ্যে অবশেষে বর্তমান সরকার রবি ঠাকুরের কবিতার মর্মকথা 'রাজার পদ চর্ম আবরণে ঢাকিল বৃদ্ধা বসিয়া পদোপাত্তে'-এক প্রকার অনুসরণ করার পথ করেছে হয়তো এবং স্বরাষ্ট্র উপদেষ্টার কাঁধে বন্দুক রেখে বন্দুক বিতরণে মহাযজ্ঞ বেশ স্পষ্ট। কিন্তু পায়ের আর গায়ের বাস্তবতা মোটেই এক নয়! ধুলো থেকে পা রক্ষায় জুতা তত্ত্ব মোক্ষম। কিন্তু এ যুগে গুলি থেকে শরীর ঠেকানো যাবে না! আততায়ী গুলি ঠেকাতে রবিঠাকুরের কবিতার হবুচন্দ্র রাজার গবুচন্দ্র মন্ত্রীর ধারণাই ধারণ করতে হবে, 'আমারে তবে জানি/ চর্ম দিয়া মুড়িয়া দাও পৃথ্বী।' জনে জনে গানম্যান অথবা অস্ত্রের লাইসেন্স দেওয়া নয়, নিরাপত্তার চাদরে দেশকে মুড়ে দিতে হবে। কিন্তু এটা না করে ব্যক্তিকে অস্ত্র দেওয়ার ব্রত উল্টো বোঝার মতো বিষয়। এ ব্যাপারে প্রচলিত একটি গল্প আছে। এ গল্পের শেষ লাইনটি হচ্ছে, ব্রিটিশ দারোগার সদ্য প্রসব করা ঘোড়ার বাচ্চা কাঁধে নিয়ে চলতে চলতে বৃদ্ধ ও ক্লান্ত ব্রাহ্মণ বলছিলেন, 'উল্টা বুঝিলি রাম!' আমাদের অবস্থাও কিন্তু গল্পের বৃদ্ধ ও ক্লান্ত ব্রাহ্মণের মতো। যখনতখন হুজুরে আপনাদের কাছে নিবেদন, বিশিষ্টজনদের রক্ষার নামে আমাদের কাঁধে অস্ত্রের বোঝা আর চাপাবেন না। এমনিতেই আমাদের ওপর অনেক বোঝা চেপে আছে। এর ওপর শাকের আঁটি বহনেরও ক্ষমতা নেই! এ নিয়ে আমরা উদ্বেগে আছি। এদিকে বিপ্লবী হাদির অকালে বিদায়ে শোকের মধ্যেও একটি বিষয় খুবই উদ্বেগের দৃষ্টান্ত হয়ে আছে। তা হচ্ছে, সোনার হরিণের মতো বিএনপির মনোনয়ন পেয়েও নারায়ণগঞ্জে মাসুদুজ্জামান মাসুদের নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ঘোষণা। এ কাজ তিনি করেছেন নিরাপত্তা প্রশ্নে। পরিস্থিতির উন্নতি না হলে মাসুদদের সংখ্যা বাড়বে-এটি ধরে নেওয়া যায়। এমনিতেই আগামী নির্বাচনে নৌকা প্রতীক তথা আওয়ামী লীগ থাকছে না। এর মধ্যে নিরাপত্তা প্রশ্নে বিএনপির মতো দলের মনোনয়নপ্রাপ্ত ব্যক্তি-নেতা সরে দাঁড়ালে আমাদের দেশে কোন মডেলের নির্বাচন হবে? প্রসঙ্গত, ফ্যাসিস্ট হাসিনার রাজত্বে ২০১৪, ২০১৮ ও ২০২৪-এর মডেলের নির্বাচন অনুষ্ঠানের ঘৃণ্য দৃষ্টান্ত কিন্তু আছে; যা থুথু হিসেবে মানুষ ত্যাগ করেছে। সবাই জানে, মুখের থুথু ফেলে দেওয়ার সঙ্গে সঙ্গে বিষাক্ত হয়ে যায়, তা আর গ্রহণ করা যায় না। ফলে এটুকু বলা চলে, আওয়ামী লীগের জন্য মতলবি মায়া কান্নাকে এবার কোনোরকম বিবেচনায় না নিয়ে ২০২৬-এর ফেব্রুয়ারিতে গ্রহণযোগ্য নির্বাচন করতেই হবে। তা না হলে ২৪-এর অর্জন তো গোল্লায় যাবেই, ৭১-এর অর্জনও সংকটে পড়তে পারে। এ অবস্থায় সেই প্রবচন বিবেচনায় রাখা প্রয়োজন-'সাধু সাবধান!'

লেখক: জ্যেষ্ঠ সাংবাদিক ও রম্য লেখক।


জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস



মেডিসিন বিশেষজ্ঞ

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।

Cell: 718-864-8882

আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine

Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com 718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট

Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজ্যেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.

We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office

Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700

Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)
Wednesday (12 Pm to 5 Pm) Saturday (12pm to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432



# সুস্থতা আল্লাহর নেয়ামত

আরাফাত রহমান

মোমিনের সারা জীবন তার রবের নেয়ামতে ভরপুর। এর মধ্যে একটি অন্যতম নেয়ামত হলো সুস্থতা। এই সুস্থতার মাধ্যমেই মোমিন তার রবের ইবাদত করে, সুখে-দুঃখে আল্লাহকে ডাকে, আলো-আঁধারে আপন রবের শরণাপন্ন হয়, কায়মনোবাক্যে আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করে।
যখন কোনো ব্যক্তি অসুস্থ হয়ে পড়ে, তখন সে উপলব্ধি করতে পারে- এই সুস্থতা আল্লাহর পক্ষ থেকে দেওয়া কত বড় নেয়ামত ছিল। তাই রাসুলুল্লাহ (সা.) তাঁর প্রিয় সাহাবিদের উদ্দেশ্যে বলেন, পাঁচটি জিনিস আসার পূর্বেই পাঁচটি জিনিসকে কাজে লাগাও- বার্ধক্য আসার আগেই যৌবনকালকে, অসুস্থতার আগেই সুস্থতাকে, দারিদ্র্য আসার আগেই সম্পদকে, ব্যস্ততা আসার আগেই অবসরকে এবং মৃত্যুর আগে জীবনের সময়কে। (মুস্তাদরাকে হাকেম : ৭৮৪৬)।
এই হাদিস থেকে স্পষ্ট বোঝা যাচ্ছে- মানুষকে আগেভাগেই সচেতন হতে হবে। অনেকেই ভাবেন, এইভাবেই চলতে থাকি, সময় হলে তাওবা করে নেব।' কিন্তু মনে রাখতে হবে, যৌবনকালের ইবাদত মহান রবের নিকট সবচেয়ে প্রিয়। যেমনভাবে প্রখর রোদের কারণে জমিনে তৃষ্ণা নেমে আসে, পরে আল্লাহ রহমতের বৃষ্টি বর্ষণ করলে জমিন সজীবতায় ভরে ওঠে, তেমনি কোনো ব্যক্তি যদি যৌবনকালকে সঠিকভাবে ব্যবহার করে, তবে তার জীবনও ভরে উঠবে সজীবতায়। হাদিসে কুদসিতে আল্লাহতায়ালা বলেন, আমি আমার বান্দার ধারণার ওপর আছি। যদি সে আমাকে স্মরণ করে, আমিও তাকে স্মরণ করি; যদি সে আমাকে কোনো উত্তম স্থানে স্মরণ করে, আমি তাকে তার চেয়ে উত্তম এক স্থানে স্মরণ করি; আর যদি সে আমার দিকে এক বিঘৎ এগিয়ে আসে, আমি এরপর ১৪ পৃষ্ঠায়




# অর্থসংকটে ইসলামে সংযমের শিক্ষা

ইফতেখারুল হক হাসনাইন

আর্থিক সংকট মানবজীবনের একটি কঠিন ও বাস্তব পরীক্ষা। মূল্যস্ফীতির চাপে নিত্যপ্রয়োজনীয় দ্রব্য মানুষের নাগালের বাইরে চলে যাচ্ছে। কর্মসংস্থানের সুযোগ সংকুচিত হচ্ছে, বেকারত্ব বাড়ছে, ঋণের বোঝা পরিবার ও সমাজকে নীরবে পিষে ফেলছে।
এসব সংকট মানুষের মনস্তত্ত্ব, নৈতিকতা ও বিশ্বাসের ওপরও গভীর প্রভাব ফেলে। হতাশা, দুশ্চিন্তা ও অনিশ্চয়তা মানুষকে আল্লাহর রহমত থেকে দূরে সরিয়ে নেওয়ার আশঙ্কা তৈরি করে।
কিন্তু ইসলাম অর্থনৈতিক সংকটকে স্রেফ দুর্ভোগ হিসেবে নয়; আল্লাহ তাআলার পক্ষ থেকে একটি পরিশুদ্ধকারী পরীক্ষা হিসেবে দেখে। এই পরীক্ষার মধ্য দিয়েই মানুষের ইমান, ধৈর্য, সংযম ও তাওয়াক্কুলের বাস্তব রূপ প্রকাশ পায়।
মহান আল্লাহ বলেন, 'আমি অবশ্যই তোমাদের পরীক্ষা করব কিছু ভয়, ক্ষুধা, সম্পদ ও জীবনের ক্ষয় এবং ফল-ফসলের ক্ষতির মাধ্যমে। আর ধৈর্যশীলদের সুসংবাদ দাও।' (সুরা বাকারা, আয়াত: ১৫৫)।
এই আয়াত আমাদের স্মরণ করিয়ে দেয়, অর্থনৈতিক টানাপড়েন আল্লাহর নির্ধারিত পরীক্ষারই অংশ। এরপর ১৪ পৃষ্ঠায়





# নববর্ষে ইসলামের নির্দেশনা

মুসফিকুর রহমান

মহান আল্লাহর স্মরণে ঈমান বৃদ্ধি পায়। যথাযথভাবে ইবাদত ও জিকির করার দ্বারা আল্লাহকে স্মরণ করতে হবে। আল্লাহর স্মরণে জীবন পরিচালিত হলে ঈমান নবায়ন হয়। ফলে জীবন-মৃত্যু প্রশান্তিপূর্ণ ও সৌভাগ্যময় হয়। নতুন বছরকে ঈমান নবায়নের সূচনায় পরিণত করা চাই। রাসুলুল্লাহ (সা.) বলেন, 'তোমরা তোমাদের ঈমান নবায়ন কর।' সাহাবিরা জানতে চাইলেন, 'কীভাবে তা নবায়ন করব?' তিনি বললেন, 'বেশি বেশি লা ইলাহা ইল্লাল্লাহ পড়তে থাক।' (মুসনাদে আহমদ : ৮৭১০)। আল্লাহর কাছে ঈমান নবায়নের প্রার্থনা করতে হয়। রাসুলুল্লাহ (সা.) বলেন, 'অবশ্যই তোমাদের হৃদয়ে ঈমান জীর্ণ হয়, যেমন জীর্ণ হয় পুরোনো কাপড়। সুতরাং তোমরা আল্লাহর কাছে প্রার্থনা কর; যেন তিনি তোমাদের হৃদয়ে তোমাদের ঈমান নবায়ন করে দেন।' (মুসতাদরাকে হাকেম : ৫)।
গোনাহ থেকে তওবা : অতীত মন্দ কাজের জন্য বিশেষভাবে অনুতপ্ত হওয়াকে তওবা এরপর ১৪ পৃষ্ঠায়

# নতুন বছরে মোমিনের পরিকল্পনা



আনিসুর রহমান

শুরু হলো ইংরেজি নববর্ষ। নববর্ষ মানুষকে আনন্দিত করে। আন্দোলিত করে। জীবনের খেরোখাতায় সম্ভাবনা, চ্যালেঞ্জ ও স্বপ্ন যোগ করে। আবার হারিয়ে যাওয়া সময়ের জন্য বেদনা জাগে। নতুন বছরে পেছনের ভুলভ্রান্তি, গুনাহ মাফের জন্য আল্লাহর কাছে কায়মনোবাক্যে প্রার্থনা করতে হবে। সামনের দিনে অন্তরে আল্লাহর ভয় (তাকওয়া) অর্জনের পাশাপাশি সব ধরনের পাপ থেকে বিরত থাকার প্রতিশ্রুতি নিতে হবে। আরবি মাস বারোটি। মুসলিম জীবনে বারো মাসের গুরুত্ব অপরিসীম। ইসলামের বিধিবিধান চাঁদের সঙ্গে সম্পর্কিত। চান্দ্র তারিখের ওপর নির্ভরশীল মুসলিমদের আচার-অনুষ্ঠান ও উৎসব। আল্লাহ বলেন, 'নিশ্চয়ই আকাশমণ্ডলী ও পৃথিবী সৃষ্টির দিন থেকেই আল্লাহর বিধানে আল্লাহর কাছে মাস গণনায় মাস বারোটি।' (সুরা তওবা : ৩৬)।
পরিকল্পনা গ্রহণ করুন : সফলতার পূর্বশর্ত পরিকল্পনা করে কাজ করা। পরিকল্পনা কাজে ধারাবাহিকতা, গতি ও সফলতা আনে। বছরের শুরুতে পরিকল্পনা করুন সামনের দিনগুলো কীভাবে কাটাবেন। সর্বোপরি জীবনের প্রতিটি ক্ষেত্রে ইসলাম প্রাধান্য দেওয়ার পরিকল্পনা আপনাকে সুন্দর ও অমলিন জীবন উপহার দেবে।
সময় ধারণ করতে হবে : সময়ই জীবন। বয়স বাড়ার সঙ্গে সঙ্গে নির্ধারিত আয়ু কমে। সময়কে কাজে লাগাতে হবে। সময়কে ধারণ না করলে গর্ভবতী হয় না কোনো প্রাণী। গাছ ও ফসলে আসে না ফুল ও ফল। ওমর ইবনুল আবদুল আজিজ (রহ.) বলেন, 'নিশ্চয়ই সময় তোমার ভেতর সক্রিয়। সুতরাং তুমি তাতে সক্রিয় থাকো।' সময়ের হিসাব দিতে হবে। রাসুলুল্লাহ (সা.) বলেছেন, এরপর ১৪ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি Prayer Times For New York City জানুয়ারি ২০২৬

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| 2 | 5:58 | 7:20 | 12:00 | 2:22 | 4:40 | 6:02 |
| 3 | 5:58 | 7:20 | 12:01 | 2:23 | 4:41 | 6:03 |
| 4 | 5:59 | 7:20 | 12:01 | 2:24 | 4:42 | 6:04 |
| 5 | 5:59 | 7:20 | 12:01 | 2:25 | 4:43 | 6:05 |
| 6 | 5:59 | 7:20 | 12:02 | 2:26 | 4:44 | 6:05 |
| 7 | 5:59 | 7:20 | 12:02 | 2:26 | 4:45 | 6:06 |
| 8 | 5:59 | 7:20 | 12:03 | 2:27 | 4:46 | 6:07 |

source: salahtimes.com

# Federal Judge Upholds New York Law Allowing Undocumented Immigrants to Obtain Driver's Licenses

Continued on page 18

Security number to submit alternative identification, such as a valid passports or a foreign driver's license. To support the safety claims, a study from the AAA Foundation for Traffic Safety found that states that implemented similar laws experienced a 10% reduction in car accidents involving uninsured drivers. Another report highlighted that insurance rates in states with such policies dropped by an average of 5%. Applicants must still obtain a learner's permit and pass a road test to receive a standard license. The law does not apply to commercial driver's licenses, which remain subject to federal requirements.

When announcing the lawsuit, U.S. Attorney General Pam Bondi accused Governor Hochul and Attorney General James of putting "illegal aliens over American citizens." She argued that the law limits federal immigration agents' access to certain driving record information during traffic stops. In fact, federal agents can still obtain data through established legal channels such as subpoenas or warrants. In its complaint, the Justice Department described the legislation as "a frontal assault on the federal immigration laws." The administration cited a provision requiring the state's DMV commissioner to notify applicants when a federal immigration agency requests access to their personal information. The federal government also argued that broader access to New York driver data would support its immigration enforcement efforts. The Green Light Law faced renewed criticism after a fatal shooting in Vermont last January, when a U.S. Customs and Border Protection agent was killed near the Canadian border during a traffic stop involving a German national. Critics pointed to the incident to express safety concerns surrounding undocumented individuals' access to driver's licenses, although there has been no direct evidence linking the shooting to New York's DMV data rules. This distinction is crucial to understand, as federal agents still have access to necessary information through appropriate legal channels. Hector Garza, vice president of the National Border Patrol Council, sharply criticized the New York legislation at the time. "Any information that can help law enforcement stay safe as they conduct their duties has pretty much been taken away with this Green Light Law," he said. The union official added that the law can limit the information officers obtain during routine vehicle registration checks before a traffic stop, including whether a person has outstanding warrants or is considered armed and dangerous.

# Apu Biswas set for a 'Durbar' comeback

Continued on page 19

genre, the film promises to present the actress in an entirely new light. "In 'Durbar', audiences will see me moving at a durbar pace," she said with a smile. "I'll be appearing in a different character and a different look. Viewers will get to watch a very good film, and there are many surprises in store."

Sharing an update on the shoot, she added, "The shooting of 'Durbar' is also progressing at a durbar (indomitable) pace. About 40 percent of my portion has already been completed, and the rest will be finished very soon."

Reflecting on returning to the camera after a long break, Apu Biswas spoke with emotion and gratitude. "It is cinema that has given me my identity. All the love I've received from audiences has come through films. So even though it took some time, I'm happy that I could return with a good project."

She emphasised that her comeback was carefully planned. "I always wanted to return with quality work, and I believe I've been able to do that. I'm shooting with a lot of preparation. Just as I received love from the audience before, I hope to receive it again through 'Durbar'."

Having worked opposite many leading men over the years, Apu Biswas is now sharing screen space with Shajal for the first time. Speaking about her co-star, she said, "Shajal bhai is a wonderful person and extremely humble. I'm a big fan of his acting. This is our first film together, and audiences will see us in a completely new way."

When asked about Shajal as a hero, she was quick to praise him. "He's very good and has immense experience in acting. From the very first day, our shooting went beautifully. We're working with great understanding, and I believe audiences will really like us as a pair. Honestly, Shajal bhai is my dream hero."

Apu Biswas also stressed the importance of storytelling. "Audiences always appreciate a good story, and 'Durbar' has that. There are plenty of surprises, but I'll share more details when the time is right."

Speaking about director Kamrul Hassan Fuad, she said, "He's a very talented director who works with great care. The story is different, and I can clearly see finesse and maturity in his direction."

However, when it comes to her character in the film, the actress chose to remain tight-lipped. "I don't want to reveal anything right now. I'll talk about it once the work is properly completed."

Asked whether she regrets returning to the big screen later than expected, Apu Biswas firmly said no. "I took my time for good work, and this project is shaping up exactly the way I wanted."

# US Orders Biometric Scans for All Noncitizens

Continued on page 18

**Operational Reality on the Ground**

Biometric screening is fast when it works. A photo is captured at the inspection booth, matched against passport or visa records, and processed in seconds. But during peak travel surges, with 44 million people moving through the system in a two-week window, even small delays multiply. At land borders, where vehicle throughput is already strained during holiday weekends, adding biometric exit checks could slow secondary inspections. At cruise terminals, where passenger processing can bottleneck during embarkation, the mandate introduces another verification step before boarding. The technology itself is mature. CBP has been refining facial recognition systems since 2017. Accuracy rates are high for most travelers, though lighting conditions, photo quality, and physical changes since a passport photo was taken can still flag mismatches requiring manual review. *(Source-Newsbreak)*

# Top U.S. Bank Chief Says Immigration Uncertainty Is Now a Bigger Business Risk Than Tariffs

Continued on page 19

concerned that the rules have yet to fully settle.

"What they tell us is labor availability," Moynihan said. "I need people to do this work, and I need to be dependable they're here. So, give me a set of rules, and I'll go play with them. But I need to be clarified of what the rules are."

Moynihan did not directly criticize deportation efforts or immigration enforcement. Instead, he framed the issue as one of predictability, noting that businesses want stable guidelines they can plan around. He added that immigration-related labor concerns have overtaken tariffs as the top issue raised by small business clients following renewed trade uncertainty this summer. On the broader economy, Moynihan offered an optimistic outlook. He said consumer spending is up between 4% and 4.5% year-over-year across all income levels, with faster growth among middle- and higher-income households. While consumer sentiment remains subdued due to lingering inflation effects from earlier years, he cited solid wage growth of around 3%, low unemployment at roughly 4.6%, and strong credit conditions.

Bank of America projects U.S. GDP growth of about 2.4% in 2026. Moynihan also stressed the importance of maintaining an independent Federal Reserve, warning that markets would react negatively if that independence were compromised.

On housing, he pointed to higher interest rates and supply shortages as ongoing challenges, arguing that increasing housing supply through streamlined permitting would be more effective than waiting for mortgage rates to return to unusually low levels.

Online reactions to Moynihan's comments have been mixed, with some viral posts amplifying claims that he rebuked Trump-era policies. However, the full interview shows his remarks were largely focused on economic stability and regulatory clarity rather than political opposition.

# আশ্রয়প্রার্থীদের ঠিকানা উগান্ডা হন্ডুরাস বা ইকুয়েডর!

৩ পৃষ্ঠার পর

অনুমতি দেওয়ার কোনও কারণ নেই।

অভিবাসন আদালতের তথ্যের সাম্প্রতিক বিশ্লেষণ অনুসারে, অনুমোদনটি প্রচেষ্টাকে টার্বোচার্জ করেছিল এবং নভেম্বরে, ডিএইচএস আটর্নিরা বিচারকদের প্রায় ৫,০০০ মামলা খারিজ করতে বলেছিলেন, যা অক্টোবরে দ্বিগুণ এবং সেপ্টেম্বরে চারগুণ বেশি ছিল। এটি স্পষ্ট নয় যে ৫,০০০ টির কতগুলি ছিল কারণ ডিএইচএস কাউকে তৃতীয় দেশে পাঠাতে চেয়েছিল।

আমেরিকান ইমিগ্রেশন কাউন্সিলের ইমিগ্রেশন জাস্টিস ক্যাম্পেইন এবং পলিসি বিভাগের স্টাফ অ্যাটর্নি রেবেকা গেন্ড বলেন, প্রশাসন আমাদের মানবিক সুরক্ষা ব্যবস্থা ধ্বংস করতে চায়। তারা চায় না যে লোকেরা মার্কিন যুক্তরাষ্ট্রে আশ্রয়ের জন্য আবেদন করার ক্ষমতা রাখে। কিন্তু প্রশাসনের এই কর্মকর্তা পাল্টা বলেন যে, যে কেউ প্রকৃতপক্ষে নিপীড়নের ভয় পায় তার কেবল তাদের নিরাপত্তা নিয়ে উদ্বিগ্ন হওয়া উচিত।

ওই কর্মকর্তা বলেন, তাদের নির্দিষ্ট অবস্থান নিয়ে চিন্তা করা উচিত নয়। অনেক [অভিবাসন গোষ্ঠী] কোনও না কোনওভাবে মনে করে যে এটা করা খারাপ- অন্য কিছু যাই হোক না কেন, প্রত্যেকেরই শুনানি হওয়া উচিত। কিন্তু আমাদের দৃষ্টিকোণ থেকে বাস্তবতা হল, এটি আইন এবং আপনি হয়তো আইনের সঙ্গে দ্বিমত পোষণ করতে পারেন। কিন্তু তা সমাধানের উপায় হল কংগ্রেসের মাধ্যমে। ডিএইচএস-এর কৌশলটি প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের দল কীভাবে তার প্রথম মেয়াদের প্রচেষ্টা থেকে শিখেছে এবং গড়ে তুলেছে তার আরেকটি উদাহরণ প্রদান করে। ২০১৯ সালে, ডিএইচএস এবং বিচার বিভাগ টি.ক. কে হন্ডুরাস, এল সালভাদোর এবং গুয়াতেমালার সাথে তৃতীয়-দেশের চুক্তিতে প্রবেশের অনুমতি দিয়ে একটি অন্তর্বর্তীকালীন চূড়ান্ত নিয়ম জারি করে-অভিবাসীদের যুক্তরাষ্ট্রে এ আশ্রয়ের জন্য আবেদন করা থেকে বিরত রাখে যদি প্রশাসন নির্ধারণ করে যে তারা অন্য কোনও দেশে নিরাপদে এটি করতে পারে। সেই বছর দায়ের করা একটি ফেডারেল মামলায়-এই সেপ্টেম্বরে পুনরুজ্জীবিত-আশ্রয়প্রার্থী এবং অভিবাসন গোষ্ঠীগুলি যুক্তি দিয়েছিল যে চুক্তিগুলি বেআইনি ছিল। প্রশাসনের কর্মকর্তারা আশা করছেন যে, তাদের সর্বশেষ কৌশলের বিরুদ্ধে অন্যান্য মামলা দায়ের করা হবে।

# আপসহীন সংগ্রামী এক কিংবদন্তির বিদায়

৬ পৃষ্ঠার পর

করতে এবং নারী নেতৃত্বে নতুন দিগন্তের উন্মোচন করেছেন। এক কথায় মাতৃত্ব ও নেতৃত্বে অনন্য এক নেত্রী।

একজন সাধারণ গৃহিণী থেকে তিনবারের প্রধানমন্ত্রী হয়ে ওঠার তাঁর এই যাত্রা স্থিতিস্থাপকতা, সাহস ও দৃঢ়তার এক গল্প। রাজনৈতিক উপাধির বাইরে তাঁর উত্তরাধিকার হলোঃ তিনি এই বার্তা রেখে গেছেন যে, সততা, অধ্যবসায় এবং সত্যের অন্বেষণ সবচেয়ে কঠিন ঝড়কেও মোকাবিলা করতে পারে।

খালেদা জিয়ার রাজনৈতিক জীবন ছিল ঝঞ্ঝাবিক্ষুব্ধ। দেশ পরিচালনার পাশাপাশি বারবার তিনি নির্যাতিত হয়েছেন। মিথ্যা মামলায় কারাবরণ করেছেন। তাঁকে বাড়ি থেকে উচ্ছেদ করা হয়েছে। নির্যাতনের শিকার তার দুই সন্তানের মধ্যে ছোট ছেলে মারা যান নির্বাসনে। তাদের সংসার আর কখনো এক ছাদের নিচে রাত্রিযাপনের সুযোগ পায়নি।

দেশের প্রথম নারী প্রধানমন্ত্রী : দেশের প্রথম নারী প্রধানমন্ত্রী হিসেবে তাঁর নেতৃত্ব জনজীবনে নারীদের অংশগ্রহণ বাড়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। প্রধানমন্ত্রী হিসেবে তাঁর তিন মেয়াদে তিনি বেশকিছু জনগুরুত্বপূর্ণ কাজ বাস্তবায়ন করেন। এর মধ্যে রয়েছে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা আইন, দশম শ্রেণি পর্যন্ত মেয়েদের জন্য বিনামূল্যে শিক্ষা, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এবং জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা, বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন, স্বাস্থ্যসেবা সম্প্রসারণ, বিদ্যুতায়ন ও নিরাপদ পানীয় জলের ব্যবস্থা, সেলুলার এবং আইএসডি সেবার মাধ্যমে টেলিযোগাযোগের অগ্রগতি, ১ হাজারের বেশি ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ এবং ধর্মীয় সম্প্রীতি বাড়াতে নেওয়া বিভিন্ন পদক্ষেপ।

বেসরকারিকরণ বাড়ানো, আয়কর কমানো, আমদানি শুল্ক সহজ করা এবং মুক্তবাজার অর্থনীতিতে উৎসাহিত করে তিনি অর্থনীতিতে জিয়াউর রহমানের নীতিকে এগিয়ে নেন। খালেদা জিয়া মুক্তিযুদ্ধের স্মৃতি সংরক্ষণেও কাজ করেছেন। তিনি ২০০১ সালে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় গঠন করেন, বীর প্রতীক তারামন বিবিকে সম্মাননা দেন এবং ২০০৬ সালে বীরশ্রেষ্ঠ মতিউর রহমানের দেহাবশেষ দেশে ফিরিয়ে এনে রাষ্ট্রীয় মর্যাদায় দাফনের ব্যবস্থা করেন।

রাজনীতিতে আসা ছিল আকস্মিক ও বেদনাবহ : খালেদা জিয়ার রাজনীতিতে আসা ছিল আকস্মিক ও বেদনাবহ। তিনি জাতীয় রাজনীতিতে প্রবেশ করেন ব্যক্তিগত ট্র্যাজেডি এবং নেতৃত্বের হঠাৎ শূন্যতার কারণে।

প্রেসিডেন্ট জিয়াউর রহমানের জীবদ্দশায় তিনি রাজনীতির প্রতি তেমন আগ্রহী ছিলেন না। কিন্তু ১৯৮১ সালে তাঁর স্বামীর হত্যাকাণ্ড সব কিছু বদলে দেয়। ১৯৮৪ সালে বেগম জিয়া বিএনপির নেতৃত্ব নিজের কাঁধে তুলে নেন। খুব কম সময়ের মধ্যেই এরশাদের সামরিক শাসনের বিরুদ্ধে আন্দোলনের মুখ্য ব্যক্তিত্বে পরিণত হন।

আশির দশকের মাঝামাঝি যখন এরশাদ সামরিক শাসনকে 'নির্বাচনের' মাধ্যমে বৈধ করার চেষ্টা করেন, তখন বিরোধী দলগুলো অংশ নেবে কিনা তা নিয়ে প্রশ্ন ওঠে। এমন প্রেক্ষাপটে বেগম খালেদা জিয়া কালজয়ী সিদ্ধান্ত নেন। তিনি স্পষ্ট ঘোষণা দেন, নির্বাচন বর্জনের। ১৯৮৬ সালের নির্বাচনে খালেদা জিয়া অংশ নেননি। সামরিক শাসনের প্রভাবে নির্বাচনী পরিবেশে অনিয়ম ও অস্বচ্ছতার অভিযোগ তুলে ৫ দফা দাবি উপস্থাপন করেন তিনি। বিশ্লেষকরা এটিকে সাহসী পদক্ষেপ হিসেবে দেখেছেন, যা অভিজ্ঞ রাজনীতিবিদদের থেকেও তাঁকে অনন্য করে তুলেছিল। একই বছর তথা ১৯৮৬ সালের ১৩ অক্টোবর তাঁকে গৃহবন্দী করা হয়। কিন্তু মুক্তির পরও তিনি পিছু হটেননি। বরং সভা-সমাবেশ, ধর্মঘট, অনশন ও অসহযোগ আন্দোলনের মাধ্যমে স্বৈরশাসনের বিরুদ্ধে নতুন করে লড়াই শুরু করেন। ১৯৮৮ সালে মার্চে হুসেইন মুহম্মদ এরশাদের নেতৃত্বাধীন জাতীয় পার্টি সংসদ নির্বাচনের আয়োজন করে। সব প্রধান বিরোধী দল তখন সেই একতরফা ভোট বর্জন করে। বেগম জিয়া তখনও ছিলেন পুরোপুরি আপসহীন। শাসক দল নিজেদের বিজয়ী ঘোষণা করলেও তিনি তা প্রত্যাখান করেছিলেন। তিনি স্পষ্ট করে বলেছিলেন, এই নির্বাচন অবৈধ ছিল। অবশেষে তাঁর সেই দীর্ঘ লড়াই ফলপ্রসূ হয়।

অনেক বিশ্লেষক মনে করেন, ইতিহাসের মোড় ঘুরিয়ে দেওয়া এই পরিবর্তনের মূল চালিকাশক্তি ছিল বেগম খালেদা জিয়ার অনমনীয় নেতৃত্ব ও স্বৈরশাসনের বিরুদ্ধে আপসহীন মনোভাব। ১৯৯১ সালের নির্বাচন ছিল এরশাদ পতনের পর প্রথম ভোট। বিএনপি ৩০০ আসনের মধ্যে ১৪০টিতে জয় পায়। ওই সময় বেগম জিয়া নিজের প্রতিদ্বন্দ্বিতা করা পাঁচটি আসনেই জয়ী হন। এরপর দেশের প্রথম নারী প্রধানমন্ত্রী হিসেবে ক্ষমতা গ্রহণ করেন।

সরকারে গিয়েই তিনি কিছু গুরুত্বপূর্ণ সাংবিধানিক ও নীতিগত সংস্কার কার্যক্রম চালান। সেগুলো হল- ১২তম সংশোধনী পাস করে দেশে পার্লামেন্টারি ব্যবস্থা ফিরিয়ে আনেন। ১৩তম সংশোধনীর মাধ্যমে নির্বাচনের নিরপেক্ষতা নিশ্চিত করার উদ্দেশ্যে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা চালু করেন। তাঁর শাসনামলে শিক্ষা, নারীর ক্ষমতায়ন, অবকাঠামো ও জনকল্যাণ খাতে বিস্তৃত উদ্যোগ নেওয়া হয়। প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করা, মাদ্রাসা শিক্ষার আধুনিকীকরণ, বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন, বেসরকারি ও দূরশিক্ষণ প্রতিষ্ঠানকে উৎসাহ দেওয়ার মত উদ্যোগ সেসময় ব্যাপক আলোচিত হয়। পরিবেশ রক্ষায়ও তিনি কঠোর পদক্ষেপ গ্রহণ করেন, যার মধ্যে অন্যতম ছিল পলিথিন ব্যাগ নিষিদ্ধকরণ। এছাড়া কর্মসংস্থান, কৃষি সংস্কার ও সামাজিক সুরক্ষা কর্মসূচিও জোরদার করা হয়।

বেগম জিয়ার নেতৃত্ব ছিল নৈতিকতা ও দায়িত্ববোধে পরিপূর্ণ। অনেকের মতে, তিনি একবার সিদ্ধান্ত নিলে সেখান থেকে পিছু হটতেন না। মিথ্যা মামলা, কারাবাস কিংবা নির্যাতন কোনো কিছুই তাঁর অবস্থান টলাতে পারেনি।

তাঁর মূলমন্ত্র ছিল, 'বাংলাদেশ সমৃদ্ধ হলে, আমি সমৃদ্ধ হব' এবং 'এই দেশই আমার একমাত্র ঘর।' দৃঢ়তা যেমন খালেদা জিয়াকে জনপ্রিয় করেছিল, তেমনি ডেকে এনেছিল দুর্ভোগও। বারবার গ্রেফতার, মামলা, গৃহবন্দিত্ব সবই তাঁকে মেনে নিতে হয়েছে বিভিন্ন সরকারের আমলে। ২০০৭ সালের সেনা সমর্থিত 'ওয়ান ইলেভেন' সরকারের সময়ও তিনি গ্রেফতার হন। সেসময় তাকে বিদেশে পাঠানোরও চেষ্টা করা হয়েছিল। পরে তাঁকে কারাগারে আটক রাখা হয়। একসময় ঢাকা সেনানিবাসের মইনুল রোডে অবস্থিত স্বামী ও সন্তানদের স্মৃতিবিজড়িত বাড়িটিও সরকার দখলে নেয়। ওয়ান ইলেভেন সরকার ও পরবর্তী আওয়ামী লীগ সরকার তাঁর বিরুদ্ধে একাধিক মামলা দায়ের করে। জিয়া অরফানেজ ট্রাস্ট ও জিয়া চ্যারিটেবল ট্রাস্ট মামলায় তিনি দণ্ডিত হন। তবে দেশি-বিদেশি বিশ্লেষকরা এই মামলাগুলোকে রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বলে মন্তব্য করেন। শারীরিক অসুস্থতা, দুর্বলতা ও হাসপাতালে যাতায়াতের মধ্যেও তিনি নিজের রাজনৈতিক অবস্থান থেকে একচুল পরিমাণও সরে যাননি। কোনো ধরনের দয়া প্রার্থনা করেননি; নির্বাসনও চাননি। বরং সব পরিস্থিতিতে দলের নেতাকর্মীদের ঐক্যবদ্ধ থাকতে বলেছেন।

২০০৮ সালের নির্বাচনে জয়ের সম্ভাবনা কম জেনেও তিনি দলকে নির্বাচনমুখী করেন এবং 'ব্যাকডোর' সমঝোতার বদলে গণতান্ত্রিক প্রক্রিয়াকেই বেছে নেন। মৃত্যুর আগ মুহূর্ত পর্যন্ত তিনি বাংলাদেশের রাজনীতিতে ব্যাপক প্রভাব বিস্তার করে গেছেন। বিশ্লেষকদের মতে, দেশে গণতান্ত্রিক অনিশ্চয়তার সময়ে তাঁর অবস্থান আরও বেশি প্রাসঙ্গিক হয়ে উঠেছিল।

আপসহীন নেত্রী বেগম খালেদা জিয়া বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে অনুকরণীয় দৃষ্টান্ত রেখে গেছেন। বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে তিনি বহুদলীয় গণতন্ত্রের প্রতীক এবং নারী শিক্ষার প্রসারে অন্যতম পথিকৃৎ হিসেবে স্মরণীয় হয়ে থাকবেন। হে প্রিয় দেশনেত্রী, আল্লাহ আপনাকে ইহকালীন জীবনে যে সম্মান দিয়েছেন পরকালেও নিশ্চয়ই সর্বোচ্চ সম্মানিত করবেন। আমিন।

লেখক: বার্তা সম্পাদক, স্বদেশ প্রতিদিন।

# শ্রীমঙ্গল এসোসিয়েশনের পিঠা উৎসব অনুষ্ঠিত

৩ পৃষ্ঠার পর

করেন। জমজমাট এ উৎসবের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন শ্রীমঙ্গল এসোসিয়েশন অব আমেরিকা'র সভাপতি মল্লিক এনায়েত চমন ও প্রতিষ্ঠাতা সভাপতি মাহবুবুর রশীদ শিপু। অনুষ্ঠানের সঞ্চালনা করেন সহ-সভাপতি মিজানুর রহমান, সাধারণ সম্পাদক সুফিয়ান চৌধুরী, কোষাধ্যক্ষ খলিলুর রহমান পিঠা উৎসবটি সুশৃঙ্খলভাবে সাজানো হয় এবং সুন্দরভাবে পরিবেশন করা হয়, এর দায়িত্বে ছিলেন সহ সভাপতি রহিমা লিপা, উপদেষ্টা শওকত আরা শেলী, নিগার সোবহান, তাদেরকে সহযোগিতা করেন কয়েক জন, দিলদার হোসেন, মো. হোসেন, আলতাফ হোসেন, তোফায়েল আহমেদ, ফজলুর রশিদ টিপু, হাসনাত দিপার, রেদোয়ান চৌধুরী, আবুল বাশার, রণজিত পুরকায়স্থ বিল্টু, কৃষ্ণ সেন চৌধুরী প্রমুখ।

অনুষ্ঠানে বাংলাদেশের ঐতিহ্যবাহী গ্রাম বাংলার নানা ধরনের পিঠা পরিবেশন করা হয়। এতে অতিথিদের মাঝে উচ্ছ্বাস-আনন্দের কমতি ছিল না। সৃষ্টি হয় এক ভিন্ন আবহের। চমৎকার এ আয়োজনে প্রতিফলিত হয় বাঙালি সংস্কৃতির জয়গান। উৎসবে বাসায় তৈরী পিঠা আনার প্রতিযোগিতায় মেতে ওঠেন সেন আয়োজক শ্রীমঙ্গলবাসী। পিঠা উৎসবে শোভা পাচ্ছিল পাটিসাপটা, ভাপাপিঠা, কুলশি, বিবিখানা, তেলেপিঠা, চিতইপিঠা, হালার সন্দেশ, গজাগজা, পাকুনপিঠা, মাংসেরপিঠা, নারিকেল পুলি, নিমকি, চুপড়ি পিঠা, ঝালপিঠা, সাবুদানার, ঝালপুরি, আলপাকসহ হরেক রকমের পিঠা।

অনুষ্ঠানে কমিউনিটির বিশিষ্ট ব্যাক্তিবর্গদের মধ্যে উপস্থিত ছিলেন জালালাবাদ এসোসিয়েশনের ট্রাস্টি প্রবীণ ব্যক্তি সদরুল নুর, বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ডের সদস্য ও বিয়ানীবাজার সমিতির সাবেক সভাপতি আজিমুর রহমান বোরহান, এম. সি. এন্ড গভঃ কলেজ এলামনাইর সভাপতি সফিক উদ্দিন চৌধুরী, সেন্টার ফর এন, আরাফাত চেয়ারম্যান এম. এন. শৌকিল চৌধুরী, গোপালগঞ্জ সোসাইটির সভাপতি এনাম চৌধুরী, এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির সভাপতি লোকেল আহমদ, সাপ্তাহিক সম্পাদক জাবেদ উদ্দীন, কমিউনিটির নেতৃবৃন্দ ও রাজনৈতিক ব্যাক্তিত্ব, শেখ আতিকুল ইসলাম সৈয়দ আতিকুর রহমান, ট্যাক্স কনসালটেন্ট ছুলকার হায়দার, গৌতম চৌধুরী বিপু, হারুন আলী, আমিনুল ইসলাম চুনু।

অনুষ্ঠানে সংগীতানুষ্ঠান পরিচালনায় ছিলেন সাংস্কৃতিক সম্পাদক পিংকু ভৌমিক সঙ্গীত পরিবেশন করেন শ্রীমঙ্গলের বিশিষ্ট সঙ্গীত শিল্পী ও সুরকার প্রয়াত এ. কে আনামের ছোট ভাই জিল্লুল আনাম, সংগঠনের সহ সভাপতি অলক দত্ত, পিংকু ভৌমিক, মিতা ভৌমিক, অতিথি শিল্পী তানজিল আহমেদ সজীব, মীরা সিনহা, প্রমুখ। শিল্পীদের মনোমুগ্ধকর পরিবেশনা দর্শকরা দারুণভাবে উপভোগ করেন।

## বাংলাদেশে ভারতীয় চ্যানেল সম্প্রচার বন্ধের দাবী

৩ পৃষ্ঠার পর

মুনাফা করলেও প্রতিনিয়ত তারা বাংলাদেশ ও বাংলাদেশীদের সম্পর্কে বিষোদগারও করছে। তাদের অনেক অনুষ্ঠানই বাংলাদেশের মানুষের সামাজিক মূল্যবোধের বিপরীত। অন্যদিকে ভারতে এমনকি কোলকাতাতেও বাংলাদেশী টিভি চ্যানেলগুলি কখনোই দেখানো হয় না। এ সময়, আবদুল কাদের বলেন, টিভি চ্যানেলের পাশাপাশি এখন ভারতের ইউটিউবাররাও বাংলাদেশ বিরোধী প্রচারণায় লিপ্ত রয়েছে। তারা প্রধান উপদেষ্টা সহ বিভিন্ন রাজনৈতিক ব্যক্তিত্বদের ব্যাপারে কটূক্তি করতে কার্পণ্য করছে না। তারা সমাজকে অস্থিতিশীল করতে অব্যাহত ভাবে চেষ্টা চালাচ্ছে। বর্তমানে এই যে হিংসাত্মক ঘটনা, সন্ত্রাস ও অস্থিরতা বাড়ছে এর পেছনেও রয়েছে ভারতীয় অপসংস্কৃতির প্রভাব।

তিনি বলেন, বর্তমানে হিন্দু মৌলবাদীরা ভারত শাসন করছে ও ধর্মীয় সংখ্যালঘুদের জীবন সেখানে ভীষণ ভাবে বিপন্ন। ভারতীয় হিন্দুত্ববাদীদের এই সব সন্ত্রাসী কর্মকান্ড যেভাবে দিন দিন বাড়ছে প্রতিবেশী দেশ হিসেবে বাংলাদেশেও এই সব ছড়িয়ে পড়তে বলে তাদের আশংকা রয়েছে। সাংবাদিক ও কলামিস্ট চৌধুরী মোহাম্মদ কাজল বলেন, যেভাবে দীপু চন্দ্র দাসকে পুড়িয়ে মারা হল এটা তো বাংলাদেশের সংস্কৃতি নয়। এমন ঘটনা অতীতে ভারতে অনেক বার ঘটেছে, কিন্তু বাংলাদেশে ঘটেনি। সংখ্যালঘুদের হত্যা করা ও ধর্মীয় সংখ্যালঘুদের উপাসনালয় গুড়িয়ে দেওয়া এগুলি ভারতে হয়। বাংলাদেশে কখনও এমন ঘটেনি। তাই ভারতীয় টিভি ও ইউটিউবারদের নিয়ন্ত্রন করতে না পারলে এইসব অপসংস্কৃতি ও হিংসাত্মক ঘটনা বাংলাদেশে আরও বাড়বে। এ সময় আরও বক্তব্য রাখেন পিওবি'র সদস্য দীপন গাজী, সৈয়দ নাসিম, আলী আহমেদ কাশেমী, মশিউর রহমান লিটন, ফুলকুল আহমেদ, রুহুল খান ও আলোকচিত্রী নিয়াজ সিদ্দিক।

কনসাল জেনারেল মোহাম্মদ মোজাম্মেল হক তাদের বক্তব্য শোনেন ও স্মারকলিপিটি যথাযথ পৌঁছে দেবেন বলে জানান।

## ১৪ বীরমুক্তিযোদ্ধাকে সম্মাননা দিল সিলেট জেলা সমিতির

৩ পৃষ্ঠার পর

সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন নিউইয়র্ক স্টেট কমান্ড কাউন্সিলর কমান্ডার বীরমুক্তিযোদ্ধা মনজুর আহমেদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক উপজেলা চেয়ারম্যান বীরমুক্তিযোদ্ধা নুরুল ইসলাম, বীরমুক্তিযোদ্ধা মোকাম্মেল আহমেদ চৌধুরী, রাজনীতিবিদ আব্দুর রহিম বাদশা, আব্দুল শহীদ, আব্দুল মুহিত, বীরমুক্তিযোদ্ধা মেজর অবঃ হাবিবুর রহমান, হাজী খলির উদ্দিন ভূঁইয়া, বীরমুক্তিযোদ্ধা আব্দুল হাকিম।

আলোচনার শুরুতে শুভেচ্ছা বক্তব্য রাখেন অনুষ্ঠানের সদস্য সচিব নাজিম খান, বক্তব্য রাখেন মূল ধারার রাজনীতিবিদ শেখ জামাল হোসেন, বাংলাদেশ সোসাইটি অব ব্রুকসের প্রচার সম্পাদক শেখ শফিকুর রহমান, সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান জামাল হোসেন, মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটির সভাপতি সোহেল আহমেদ টুটুল, আমেরিকান ওয়েলফেয়ার অর্গানাইজেশনের সাধারণ সম্পাদক নুরুল ইসলাম মিলন, সাবেক ক্রীড়াবিদ মাখন মিয়া, সাবেক বন কর্মকর্তা রেজাউল করিম, অধ্যক্ষ সানাউল্লাহ মিয়া, হাবেবুর রহমান, ব্যবসায়ী জামাল আহমেদ মামুন, আখতার হোসেন, যুবনেতা অলয় মিয়া প্রমুখ।

মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণের স্মৃতিচারণ করে বক্তব্য রাখেন বীরমুক্তিযোদ্ধা কবিবিদ ড.শাহজাহান, যুক্তরাষ্ট্র মুক্তিযোদ্ধা মেজর অবঃ হাবিবুর রহমান, বীরমুক্তিযোদ্ধা আব্দুল সালাম, বীরমুক্তিযোদ্ধা বিজয় কৃষ্ণ সাহা, ডেপুটি কমান্ডার বীরমুক্তিযোদ্ধা আবু জাফর। বক্তারা বলেন আজ আমাদের বাংলাদেশের স্বাধীনতা সংকটে নিমজ্জিত। এই সংকট থেকে উত্তরণের জন্য স্বাধীনতার স্বপক্ষের সকল শক্তিকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে।

মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করেন জনপ্রিয় সংগীতশিল্পী শশী, রুনা এবং বাবলা।






## যেসব দেশে নতুন করে নিষেধাজ্ঞা দিল যুক্তরাষ্ট্র

৩ পৃষ্ঠার পর

ভেনেজুয়েলাকে প্রচলিত অস্ত্র সরবরাহ করছে, যা পশ্চিম গোলার্ধে যুক্তরাষ্ট্রের স্বার্থের জন্য হুমকি। এই বাণিজ্য ঠেকাতে যুক্তরাষ্ট্র নব ধরনের ব্যবস্থা নেবে। উল্লেখ্য, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প চলতি বছরের ফেব্রুয়ারিতে ইরানের বিরুদ্ধে 'সর্বোচ্চ চাপ' নীতি পুনরায় চালু করেন। এরপর থেকে যুক্তরাষ্ট্র শুধু নিষেধাজ্ঞাই নয়, সামরিক পদক্ষেপও নিয়েছে। গত গ্রীষ্মে ইসরাইল-ইরান উত্তেজনার সময় যুক্তরাষ্ট্র ইরানের তিনটি পারমাণবিক স্থাপনায় হামলা চালায়।

## ঘটনার ঘনঘটা নিয়ে বিদায় নিচ্ছে বছর

১০ পৃষ্ঠার পর

অপরাধ চলতেই থাকবে।

৬. বছরের আলোচিত একটি হত্যাকাণ্ড ছিল প্রাইম এশিয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী পারভেজ হত্যাকাণ্ড। শুধু হাসির 'অপরাধে' প্রাণ দিতে হয়েছিল তাঁকে।

বাড্ডায় প্রকাশ্যে গুলি করে হত্যা করা হয় বিএনপির নেতা কামরুল আহসান সাধনকে। পুরান ঢাকায় প্রকাশ্যে গুলি করে হত্যা করা হয় সন্ত্রাসী তারিক সাইফ মামুনকে। লক্ষ্মীপুরের চন্দ্রগঞ্জের পশ্চিম লতিফপুর এলাকায় ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আবুল কালামকে গুলি করে হত্যা করে দুর্বৃত্তরা। পল্লবীতে একটি হার্ডওয়্যারের দোকানে প্রবেশ করে মুখোশ ও হেলমেট পরা সন্ত্রাসীরা গুলি করে হত্যা করে পল্লবী থানা যুবদলের সদস্যসচিব গোলাম কিবরিয়াকে। চট্টগ্রামে চলন্ত প্রাইভেট কার থামিয়ে প্রকাশ্যে দিনদুপুরে বিএনপি-সমর্থিত এক ব্যবসায়ীকে গুলি করে হত্যা করা হয়। এসব হত্যাকাণ্ডের পেছনে রাজনৈতিক কারণ নাকি ব্যবসায়িক বা ব্যক্তিগত শত্রুতা রয়েছে-সবই জটিল রহস্যে মুড়ে আছে।

লক্ষ্মীপুরে বিএনপির নেতা বেলাল হোসেনের বাড়িতে আগুন দেওয়ার ঘটনায় দগ্ধ হয়ে তাঁর দুই সন্তানের মৃত্যু পুরো দেশকেই মর্মাহত করেছে। ময়মনসিংহের ভালুকায় পোশাকশ্রমিক দীপু চন্দ্র দাসকে পিটিয়ে হত্যা করে ও লাশ পুড়িয়ে দেওয়ার ঘটনা বর্বরতার সব মাত্রা যেন ছাড়িয়ে গেছে। কবর থেকে উঠিয়ে নুরাল পাগলার লাশ পুড়িয়ে তথাকথিত মব কী অর্জন করতে পেরেছে, তা এক রহস্য। মবের হাত থেকে রক্ষা পায়নি সংবাদমাধ্যমও। একটুর জন্য রক্ষা পেয়েছে সংবাদকর্মীরা।

নাটকীয় কায়দায় যেভাবে ইনকিলাব মঞ্চের মুখপাত্র ও ঢাকা-৮ আসনের স্বতন্ত্র প্রার্থী শরিফ ওসমান বিন হাদিকে দিনদুপুরে গুলি করা হলো, তা এই বছরটির জন্য এক কলঙ্কিত অধ্যায় হয়ে থাকবে। চিকিৎসাধীন অবস্থায় হাদির মৃত্যুর পর সারা দেশ এখনো জনরোষে ফুঁসছে, বিচার চাইছে সবাই। কিন্তু বিচার কার হবে? পলাতক হত্যাকারীকে অবিলম্বে খুঁজে বের করা হোক। তবেই না হবে বিচার।

৭. ২০২৫ সালের সবচেয়ে আকর্ষণীয় ঘটনা কোনটি? এর উত্তরে বলতে হয়-বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের স্বদেশ প্রত্যাবর্তন। তিনি নিজেই জানিয়েছেন, ৬ হাজার ৩১৪ দিন পর দেশে ফিরেছেন। ফিরেই মাটির স্পর্শ নিয়েছেন। জানিয়েছেন দেশ নিয়ে তাঁর পরিকল্পনার কথা। তাঁকে সংবর্ধনা দিতে মানুষের যে ঢল নেমেছিল ঢাকার পূর্বাচলের পথে, তা প্রত্যাবর্তনের এক অভূতপূর্ব দৃশ্য বলে মেনে নিতে হয়।

আবার সেই নির্বাচনে ফিরে আসা যাক। তারেক রহমানের আগমনে দেশের রাজনৈতিক পট কতটা আর কীভাবে পরিবর্তন হবে, তা সময় বলে দেবে। নির্বাচনের ওপর কেমন আর কতটা প্রভাব পড়বে, তা-ও সময়ই বলে দেবে। কিন্তু নির্বাচনে যাঁরা জয়ী হবেন, তাঁরা নিশ্চয়ই বলতে পারবেন এ বছর যেসব অনাকাঙ্ক্ষিত ও অপ্রত্যাশিত ঘটনা কিংবা অপরাধ সংঘটিত হয়েছে, তা নতুন বছরে ঠেকানো যাবে কি না। কারণ, দেশের হাল যাঁরা ধরবেন, দেশ ও জনগণের নিরাপত্তা তো তাঁদেরই হাতে থাকবে। নিরাপত্তা নিশ্চিত করতে পারলে তাঁরা থাকবেন জনগণের হৃদয়ে। হৃদয়ে জায়গা করে নেওয়া কি খুব কঠিন?

লেখক: সহসম্পাদক, আজকের পত্রিকা।

## জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা'র বিজয় দিবস উদযাপন

৬৪ পৃষ্ঠার পর

হলে এ সভা অনুষ্ঠিত হয়। সংগঠনের সভাপতি বদরুল খানের সভাপতিত্বে এবং ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রোকন হাকিমের পরিচালনায় অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, বিশেষ অতিথি ছিলেন বীর মুক্তিযোদ্ধা ফেঞ্চুগঞ্জ উপজেলার সাবেক চেয়ারম্যান নুরুল ইসলাম, বাংলাদেশ সোসাইটির বোর্ড অব ট্রাস্টি সদস্য ও জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার ইনক-এর প্রধান নির্বাচন কমিশনার আজিজুর রহমান হোসেন, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনক-এর বোর্ড অব ট্রাস্টি হদরুল নুর, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার ইনক-এর সাবেক বোর্ড অব ট্রাস্টি বীর মুক্তিযোদ্ধা জোবায়েল আহমেদ চৌধুরী, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার ইনক-এর সাবেক বোর্ড অব ট্রাস্টি আব্দুল শহীদ, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার ইনক ও বাংলাদেশ সোসাইটির ইনক-এর সাবেক বোর্ড অব ট্রাস্টি মকবুল রহিম চুনই, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার ইনক-এর সাবেক বোর্ড অব ট্রাস্টি এম নাসির উদ্দিন, সাবেক লাখাই ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান আব্দুল ইসলাম তালুকদার, বাংলাদেশ সোসাইটির সাবেক সহ সাধারণ সম্পাদক সিরাজ উদ্দিন আহমেদ সোহাগ, ফেঞ্চুগঞ্জ অর্গানিজেশন এর সভাপতি মাহবুব আলম, হবিগঞ্জ জেলা কল্যাণ সমিতি যুক্তরাষ্ট্রের ইনক এর সভাপতি নাজির হোসেন ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কমান্ডার মনজুর আহমেদ।

সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত দুআ করেন কমিটি এক্সিকিউটিভ জালাল চৌধুরী । গীতা পাঠ করেন সুরজিত কিশোর দাশ চৌধুরী । এর পরপরই বাংলাদেশের জাতীয় সংগীত ও আমেরিকার জাতীয় সংগীত পরিবেশন করা হয়। শহীদদের স্মরণে ১ মিনিট নীরবতা পালন করা হয়।

সভায় শুভেচ্ছা বক্তব্য রাখেন বিজয় দিবস উদযাপন কমিটির আহ্বায়ক মোঃ লোকমান হোসেন লুদু, সহ-সভাপতি শামীম আহমেদ, প্রচার ও দপ্তর সম্পাদক কয়সাল আলম, কার্যনির্বাহী কমিটির সদস্য মোঃ ফজল খান, মুক্তিযোদ্ধা সন্তান কাজী রবীউজ্জামান, ভাইস চেয়ারম্যান জামাল উদ্দিন, মোঃ রেজাউল করিম, রেজা আহমদুল্লাহ ও বিয়ানীবাজার সমিতির নির্বাচন কমিশনার ছাত্র নেতা আব্দুল জলিল চৌধুরী ।

সভায় উপস্থিত ছিলেন মুক্তিযোদ্ধা সন্তান সাইফুদ্দিন আহমেদ শামীম, হবিগঞ্জ জেলা কল্যাণ সমিতির সাবেক সদস্য আনফাজুল হক চৌধুরী, সুনামগঞ্জ জেলা সমিতির কার্যকারী সদস্য শফিকুর রহমান, মৌলভীবাজার ডিস্ট্রিক্ট এসোসিয়েশনের বোর্ড অব ট্রাস্টি মেহার মিয়া মোঃ আলতাফ হোসেন, বিশিষ্ট কমিউনিটি এক্সিকিউটিভ জালাল চৌধুরী, বিশিষ্ট কমিউনিটি এক্সিকিউটিভ বিয়ানীবাজার সমিতির উপদেষ্টা শুভ্র চৌধুরী মিন্টু, বাংলাদেশ সোসাইটির অব ব্রুকস নিউইয়র্কের সাধারণ সম্পাদক শেখ এলি আহসান, সাংগঠনিক সম্পাদক দিপংকর দে, প্রচার সম্পাদক ও নিউইয়র্ক বাংলাদেশ প্রেস ক্লাবের সদস্য শেখ সফিকুর রহমান, সিলেট জেলা সমিতি ইউ এস এ ইনকের আহ্বায়ক কফিল চৌধুরী, সদস্য সচিব সাজন খান, শামসুল ইসলাম, মোঃ আবু জাফর, সরকার এ মজিদ, এম এ নাসির, জাহাঙ্গীর আলম, জিল্লুর রহমান, মোঃ আব্দুর রউফ, বিজয় কৃষ্ণ সাহা প্রমুখ। আলোচনা সভায় মহান বিজয় দিবস উপলক্ষে কবিতা আবৃত্তি করেন কবি আবু তাহের চৌধুরী ও সুরজিত কিশোর দাশ চৌধুরী।

আমন্ত্রিত মুক্তিযোদ্ধার হাতে সংগঠনের পক্ষ থেকে সম্মাননা স্মারক দেওয়া হয় বীর মুক্তিযোদ্ধা বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলাম, বীর মুক্তিযুদ্ধা মোঃ জাওয়াদ আলী, বীর মুক্তিযুদ্ধা মোহাম্মা আব্দুল হামিদ, বীর মুক্তিযুদ্ধা আব্দুল বাসিত চৌধুরী, বীর মুক্তিযুদ্ধা সাবরুল হোসেন বাবুল ও বীর মুক্তিযোদ্ধা মোঃ মতিউর রহমান।

## খালেদা জিয়ার মৃত্যুতে যুক্তরাষ্ট্রের শোক

৩ পৃষ্ঠার পর

ভূমিকা পালন করেছেন এবং তার নেতৃত্ব বাংলাদেশের উন্নয়নকে এগিয়ে নিতে সহায়ক ভূমিকা পালন করেছে।'

প্রসঙ্গত, মঙ্গলবার ভোর ৬টায় রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তিকাল করেন খালেদা জিয়া। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮০ বছর।

## সম্প্রীতি ও দেশপ্রেমের প্রতীক বেগম খালেদা জিয়া

৬ পৃষ্ঠার পর

সরকার প্রধান শেখ হাসিনা বেগম খালেদা জিয়ার ওপর নিষ্ঠুরতম আচরণ করেছেন। বাড়ি থেকে জোরপূর্বক উচ্ছেদ করার পর রাজনৈতিক হয়রানিমূলক মামলা দিয়ে ফরমায়েশি রায়ে তাকে ২০১৮ সালের ৮ই ফেব্রুয়ারি কারাগারে নেয়া হয়। এতেও তিনি ক্লান্ত হননি। কারাগারে বিনা চিকিৎসায় বেগম খালেদা জিয়া কঠিন রোগে আক্রান্ত হয়েছেন। তাকে কোনো উন্নত চিকিৎসার সুযোগ দেয়া হয়নি। তিনি ঢাকার এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন এবং এক কঠিন জীবন-মৃত্যুর মুখোমুখি ছিলেন। প্রতিনিয়ত দেশে-বিদেশের কোটি কোটি নাগরিক তার জন্য দোয়া করেছেন। বিশেষজ্ঞ চিকিৎসকগণ অবিরাম চেষ্টা করেছেন তাকে সুস্থ করে তুলতে।

গত ২৩শে নভেম্বর ২০২৫ রোববার এভার কেয়ার হাসপাতালে ভর্তি করা হয়।

৩০শে ডিসেম্বর ২০২৫ মঙ্গলবার ভোর ৬টা দুনিয়া থেকে চিরবিদায় নিয়েছেন গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠার দীর্ঘ সংগ্রামের আপসহীন নেত্রী, মুক্তিযোদ্ধা বাংলাদেশের প্রথম নারী প্রধানমন্ত্রী বিএনপি চেয়ারপারসন দেশনেত্রী বেগম খালেদা জিয়া। ইন্না-লিল্লাহি ওয়া ইন্না-ইলাইহি রাজিউন। তাদের দেখানো পথ ধরে রক্তের ও রাজনৈতিক দর্শনের উত্তরাধিকার বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব তারেক রহমান '৩১ দফা' র ভিত্তিতে আগামীর কল্যাণ রাষ্ট্র গড়ে তুলবেন এই হোক আমার আপনার প্রতিশ্রুতি। দেশনেত্রীকে মহান আল্লাহ বেহেশতের সর্বোচ্চ স্থানে অধিষ্ঠিত করুন। আমিন।

লেখক: বিএনপি মিডিয়া সেল সদস্য ও সাংস্কৃতিক কর্মী ও রাজনৈতিক বিশ্লেষক।

## কীভাবে হাঁটার গতি বাড়াবেন

২০ পৃষ্ঠার পর

হবে।

ইন্টারভ্যাল : এটি হলো দ্রুত আর ধীরে হাঁটার একটি চক্র। উদাহরণস্বরূপ, দুই থেকে তিন মিনিট স্বাভাবিক গতিতে হেঁটে ৩০ সেকেন্ডের জন্য গতি বাড়াতে হবে। এটি ৫ থেকে ১০ বার পুনরাবৃত্তি করতে হবে। এতে দ্রুত চলার জন্য প্রশিক্ষণ পায় শরীর, বাড়ে সহনশীলতা। ইন্টারভ্যাল হাঁটার একটি সহজ পদ্ধতি হলো ল্যান্ডমার্ক ব্যবহার। যেমন একটি নির্দিষ্ট জায়গা পর্যন্ত দ্রুত হাঁটতে হবে, তারপর পরবর্তী রাস্তাটি ধীরে হাঁটতে হবে।

ল্যাডার্স : এই পদ্ধতিতে হাঁটার গতিকে ক্রমান্বয়ে বাড়াতে এবং কমাতে হবে। আরামদায়ক গতিতে শুরু করে প্রতি এক বা দুই মিনিটে গতি বাড়াতে হবে, যতক্ষণ না সর্বোচ্চ গতিতে পৌঁছানো যায়। সর্বোচ্চ গতিতে কিছুক্ষণ থাকার পর আবার ধীরে ধীরে গতি কমানো যাবে। দ্রুতগতিতে হাঁটার অভ্যাস আপনাকে কেবল শক্তিশালী করবে না, এটি হৃদযন্ত্রের স্বাস্থ্যও উন্নত করবে। তাই আজ থেকেই সঠিক কৌশল এবং এই ওয়ার্কআউটগুলো অনুশীলনের মাধ্যমে আপনার হাঁটার গতি বাড়ানোর চেষ্টা করুন।

লেখক: ক্লিনিক্যাল স্টাফ, নিউরোলজি বিভাগ, স্কয়ার হাসপাতাল লিমিটেড, ঢাকা। সোর্স: হার্ভার্ড হেলথ।

## একজিমা রোগীর যেসব জিনিসের সংস্পর্শ এড়িয়ে চলা উচিত

২০ পৃষ্ঠার পর

নতুন কাপড়ে ব্যবহৃত রং ও ফরমালডিহাইডজাতীয় রাসায়নিক অনেক সময় ত্বকে সমস্যা তৈরি করে। এ ছাড়া শক্তিশালী ডিটারজেন্ট ও ফ্যাব্রিক সফটেনারের অবশিষ্টাংশ ত্বকের সংস্পর্শে এসে একজিমা বাড়াতে পারে। তাই নতুন কাপড় পরার আগে ধুয়ে নেওয়া এবং সুগন্ধহীন ডিটারজেন্ট ব্যবহার করা ভালো।

করণীয় : একজিমা থাকলে সুগন্ধিমুক্ত ও রঞ্জনবিহীন পণ্য ব্যবহার করতে হবে। ঘরে ভালোভাবে বাতাস চলাচলযোগ্য রাখতে হবে। নতুন কোনো পণ্য ব্যবহারের আগে ছোট জায়গায় পরীক্ষা করা (প্যাচ টেস্ট) খুবই গুরুত্বপূর্ণ।

পরিষ্কার-পরিচ্ছন্ন থাকার চেষ্টা করতে হবে, প্রসাধনী ব্যবহারে সতর্ক থাকতে হবে। প্রয়োজনে একজন বিশেষজ্ঞের পরামর্শ নেওয়াই সবচেয়ে নিরাপদ।

লেখক : সহকারী অধ্যাপক ও মেডিসিন বিশেষজ্ঞ, পপুলার ডায়াগনস্টিক সেন্টার, ধানমন্ডি, ঢাকা।

## শীতকালে ডায়রিয়া : ঝুঁকি, লক্ষণ এবং ঘরোয়া যত্ন

২০ পৃষ্ঠার পর

বমির অনুভূতি।

* গ্যাস, ফোলাভাব ও অস্বস্তি।
* হালকা থেকে মাঝারি জ্বর।
* দুর্বলতা, ক্লান্তি ও অতিরিক্ত শীতলতা।

ডায়রিয়ার প্রকারভেদ

অ্যাকিউট (স্বল্পকালীন): সাধারণত সংক্রমণজনিত, ১৭ দিনের মধ্যে চলে যায়।

ক্রনিক (দীর্ঘকালীন): ৪ সপ্তাহের বেশি স্থায়ী, পুষ্টির অভাব ও ওজন কমে যাওয়ার ঝুঁকি।

রক্তমিশ্রিত ডায়রিয়া: মলে রক্ত বা মিউকাস দেখা যায়, ব্যাকটেরিয়া সংক্রমণের ইঙ্গিত।

সিক্রেটরি/পানিশূন্য ডায়রিয়া: অতিরিক্ত পানি ও লবণ ক্ষতি করে, শিশু ও বৃদ্ধদের জন্য বিপজ্জনক।

জটিলতা

ডিহাইড্রেশন (পানি ও লবণের ঘাটতি): শিশু ও বৃদ্ধরা দ্রুত শুষ্ক হয়ে যায়, মুখ শুকনো, চোখ বসখসে ও অজ্ঞানভাব হয়।

শক্তি ও ওজন কমে যাওয়া: বারবার মলের কারণে দুর্বলতা ও ক্লান্তি।

প্রদাহ বৃদ্ধি: দীর্ঘমেয়াদি ডায়রিয়া অন্ত্রের প্রদাহ বাড়াতে পারে।

পুষ্টি হ্রাস: ভিটামিন, প্রোটিন ও লবণের অভাব দেখা দেয়।

গুরুতর সংক্রমণ: রক্তমিশ্রিত ডায়রিয়া বা উচ্চ জ্বর হলে অন্যান্য অঙ্গপ্রত্যঙ্গেও প্রভাব পড়তে পারে।

ঘরোয়া প্রতিকার ও সতর্কতা

শিশু ও বৃদ্ধদের জন্য বিশেষ টিপস:

* পর্যাপ্ত পানি পান:

গরম পানি, লবণ-মিশ্রিত পানি বা ওআরএস ।

* শিশুদের ১২ চা চামচ করে প্রতি ২০-৩০ মিনিটে পান করানো।

ওআরএস (ওরাল রিহাইড্রেশন সলিউশন):

* বাজারে পাওয়া যায় বা বাড়িতে বানানো যায়।
* ১ লিটার পানি + ৬ চা চামচ চিনি + ১ চা চামচ লবণ।

হালকা ও সহজপাচ্য খাবার:

* ভাত, ডাল, সেদ্ধ আলু, পাকা কলা।
* দই বা সেদ্ধ সবজি অন্ত্রকে শান্ত রাখে।

নিষিদ্ধ খাবার ও পানীয়:

* তেল, মশলা ও ভাজাপোড়া খাবার এড়িয়ে চলা।
* ঠান্ডা পানীয়, আইসক্রিম বা কোল্ড ড্রিঙ্ক বন্ধ করা।

গরম রাখা:

* ঘর উষ্ণ রাখা এবং উষ্ণ কাপড় পরানো।
* শিশুদের অতিরিক্ত ঠান্ডা পরিবেশ এড়িয়ে চলা।

প্রাকৃতিক উপকরণ:

* আদা চা বা গরম পানি পেট শান্ত রাখে।
* ধনেপাতা বা এলাচ যুক্ত গরম পানীয় উপকারী।

হাইজিন ও পরিচ্ছন্নতা:

* নিয়মিত হাত ধোয়া।
* খোলা খাবার বা অপরিষ্কার পানি এড়িয়ে চলা।

চিকিৎসা প্রয়োজনীয়তা:

* শিশু বা বৃদ্ধদের দীর্ঘমেয়াদি ডায়রিয়া, রক্তমিশ্রিত মল, বমি বা জ্বর দেখা দিলে অবিলম্বে ডাক্তার দেখানো।
* সংক্রমণ প্রতিরোধে ওষুধ ও পুষ্টি সাপোর্ট প্রয়োজন হতে পারে।

সতর্কতা

* শিশুদের ক্ষেত্রে ৬ ঘণ্টার বেশি মল হলে বা কম পানিশূন্য হলে দ্রুত চিকিৎসা নেওয়া।
* বৃদ্ধরা সহজেই ডিহাইড্রেশন হয়, তাই গরম পানি ও ওআরএস নিয়মিত।
* শীতকালে স্ট্রিট ফুড এড়িয়ে চলা, রান্না করা খাবার ভালোভাবে সংরক্ষণ করা।
* হালকা ব্যায়াম বা ঘরে চলাফেরা শরীরকে শক্তিশালী রাখে।

পরিশেষে বলতে চাই, শীতকালে ডায়রিয়া সাধারণ হলেও সতর্কতা ছাড়া বিপজ্জনক হতে পারে। সংক্রমণ, অস্বাস্থ্যকর খাদ্য, কম তাপমাত্রা এবং দুর্বল প্রতিরোধ ক্ষমতা ডায়রিয়ার ঝুঁকি বাড়ায়। শিশু ও বৃদ্ধদের বিশেষ যত্ন প্রয়োজন। ঘরোয়া প্রতিকার, সহজপাচ্য খাবার, পর্যাপ্ত পানি ও উষ্ণতা বজায় রাখলে ডায়রিয়া অনেকাংশে নিয়ন্ত্রণে রাখা সম্ভব। সময়মতো চিকিৎসা নিলে গুরুতর জটিলতা এড়িয়ে যাওয়া যায়।

লেখক: কলাম লেখক ও জনস্বাস্থ্য বিশ্লেষক, প্রতিষ্ঠাতা চেয়ারম্যান, জাতীয় রোগী কল্যাণ সোসাইটি।


LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372


মহিলাদের জন্য
মহিলা গাইডের
সুব্যবস্থা আছে
KARNAFULLY
TRAVEL INC.
EXCLUSIVE UMRAH
PACKAGE FOR NOVEMBER 2025
JFK-JEDDAH
19TH NOV
MADINA-JFK
29TH NOV.
TOTAL DAYS
9 DAYS
(2 Jummah Makka & Madina)
PACKAGE INCLUDES
1. Round Trip Ticket From Jfk To Jedda & Madina To JFK.
2. 1 Year Multiple Entry Tourist Visa (Us Passport) & Perform Umrah With Guide.
3. 5* Star Hotel Makka & Madina Near to Haram With VIP Breakfast Buffet in Hotel.
4. Full Ground Transportation With Luxury Bus From Jedda Airport To Makka Hotel, Makka To Madina, Madina To Airport.
5. Historical & Religius Tours With Guidance (Makka & Madina).
6. Extra Visit Makka Tayef & Madina Wadi-E-Jinn.
7. Individual Family Package Also Available. *
KARNAFULLY TRAVEL INC.
37-16 73rd St. Suite # 201 FR, Jackson Heights, NY 11372
Tel: +1-718-205-6050, Cell: +1-646 724 5933
karnafullytravel@yahoo.com I www.karnafullytravel.com

# NY INSURANCE

BROKEAGE INC.

NY I
NY INSURANCE BROKERAGE

TLC INSURANCE SPECIALIST

718 476-2025

# NY CAR & LIMO

SERVICES INC

NY CAR & LIMO SERVICES INC BO2902

BLACK & GREEN CAR BASE

718 727 4444

# BEGINNER'S

DRIVING ACADEMY

YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY

929 244-7730

# DMV EXPRESS

PLATES
NEW, SURRENDER & TRANSFER

TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST

REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER

929-244-7730

EXCELSIOR


ফরিদপুর জেলা সমিতি ইউএসএ ইন্‌ক
Faridpur Zilla Samity USA Inc
FARIDPUR ZILLA SAMITY USA, INC.
সম্মানিত উপদেষ্টা পরিষদ
সম্মানিত উপদেষ্টা মুজিবুল হাসান
সম্মানিত উপদেষ্টা পরেশ সাহা
সম্মানিত উপদেষ্টা আতিয়ার রহমান
সম্মানিত উপদেষ্টা মনিরুল ইসলাম লাবু
সম্মানিত উপদেষ্টা আবুল কালাম আজাদ
সম্মানিত উপদেষ্টা মোহাম্মদ আলী সিদ্দিকী
সম্মানিত উপদেষ্টা শাখাওয়াত বিশ্বাস
সম্মানিত উপদেষ্টা এস এম লুৎফর রহমান
সম্মানিত উপদেষ্টা আরিফুজ্জামান মোল্লা
সম্মানিত উপদেষ্টা মোঃ বুলবুল ইসলাম
সম্মানিত উপদেষ্টা মোঃ ইমরোজ হোসেন
সম্মানিত উপদেষ্টা গোলাম কবির
সম্মানিত উপদেষ্টা দিলিপ কুমার রায়
সম্মানিত উপদেষ্টা এ কে এম নজরুল ইসলাম
সম্মানিত উপদেষ্টা সেলিম চৌধুরী
সম্মানিত উপদেষ্টা মোঃ শহিদুল ইসলাম
সম্মানিত উপদেষ্টা আসাদুজ্জামান লিটন
কার্যকরী কমিটি ২০২৫-২০২৬
সভাপতি এম এম রমজান আলী
সাধারণ সম্পাদক শরীফ রাহাত আহমেদ
সহ সভাপতি গোলাম মাওলা বেলাল
সহ সভাপতি মোঃ হান্নান
সহ সভাপতি আহমেদ ফারুকী
সহ সভাপতি মাহফুজুর রহমান হেলাল
সহ সভাপতি স্বপন
সহ সাধারণ সম্পাদক মোঃ আমিরুজ্জামান
সহ সাধারণ সম্পাদক এনামুল হাসান
সহ সাধারণ সম্পাদক মোঃ মিজানুর রহমান
সাংগঠনিক সম্পাদক মোঃ তৈয়েবুর রহমান
সহ সাংগঠনিক সম্পাদক মোঃ মেহেদী হাসান পিয়াল
কোষাধ্যক্ষ শেখ রহিম
সহ কোষাধ্যক্ষ এইচ এম বাইজিদ
ক্রীড়া সম্পাদক মোঃ রানা শেখ
সহ ক্রীড়া সম্পাদক শেখ আমিনুর
সাংস্কৃতিক সম্পাদক কাজী পাইন
সহ সাংস্কৃতিক সম্পাদক আলী আজাদ মিয়া
ধর্ম ও সমাজকল্যাণ সম্পাদক মুকুল হাসান
সহ ধর্ম ও সমাজকল্যাণ সম্পাদক জিন্নাত
মহিলা বিষয়ক সম্পাদিকা রোকসানা আক্তার
সহ মহিলা বিষয়ক সম্পাদিকা ফারজানা আক্তার
প্রচার ও প্রকাশনা সম্পাদক মোহাম্মদ সানী
সদস্য সারোয়ার হোসেন
সদস্য ফুয়াদ হোসেন
পৃষ্ঠপোষকতায়ঃ
এটর্নী মঈন চৌধুরী
Moin Choudhury, Esq.
917-282-9256
SHAYAN TAX & ACCOUNTING SERVICE INC
e-file
Individual Tax
Corporation Tax
Accounting
Book Keeping
Payroll/Payroll Tax
Notary
Immigration
And more
TRIPTI PARABOILED (BASHMOTI) RICE
সুলভ মূল্যে পাওয়া যাচ্ছে আপনার পাশের দোকানেই
e-file
ADVANCED SERVICE UNIT (ASU)
Accounting and Taxation Services
Notary Public
MD. ASADUL HOQUE
STAR FURNITURE

GOLDEN AGE HOME CARE

GOLDEN A
HOME CA

PCA HOME CARE সেবা
আমাদের স

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনে

Please Contact

**Shah Nawaz** MBA
*President & CEO*
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gold

আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনিং

**JACKSON HTS OFFICE**
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

**BRONX OFFICE**
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

**HILLSIDE AVE. O**
170-18A Hillside
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-4

Email: info@goldenagehomecare.co


AGE
R E
HHA/PCA SERVICE
SKILLED NURSING
নিতে চান?
াথে যোগাযোগ করুন
প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নর সেবা প্রদান করবো
7852
96 Text: 646-591-8396
denagehomecare.com
স্কুল আছে
FFICE
e Ave
432
820
115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
Design by: ihopeprint.com, 929-538-7903
om | www.goldenagehomecare.com



# নোয়াখালী সোসাইটির অভিষেক অনুষ্ঠিত

৬৪ পৃষ্ঠার পর

প্রথম পর্বে সভাপতিত্ব করেন সংগঠনের বিদায়ী সভাপতি নাজমুল হাসান মানিক। অভিষেক অনুষ্ঠানের সদস্য সচিব মাইনুদ্দীন মাহমুদের পরিচালনায় মঞ্চে উপবিষ্ট ছিলেন সংগঠনের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান হাজী মফিজুর রহমান, বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সংগঠনের প্রধান নির্বাচন কমিশনার মোহাম্মদ সোহেল হেলাল,







বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি আব্দুর রব মিয়া, অভিষেক অনুষ্ঠানের আহ্বায়ক আনোয়ারুল আজিম। সদস্য সচিবকে সহযোগিতা করেন সাবেক সাধারণ সম্পাদক ইউসুফ জলিল।

ধর্ম ও সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক মুহাম্মদ মনজুরুল করিমের কোরআন তেলাওয়াত এবং বাংলাদেশ ও আমেরিকার জাতীয় সংগীত পরিবেশন শেষে বক্তব্য রাখেন-ট্রাস্টি বোর্ডের সদস্য খোকন মোশাররফ, রফিকুল ইসলাম







ভূঁইয়া, উপদেষ্টা পরিষদের সদস্য শাহ আলম, প্রতিষ্ঠাতা সদস্য রেজাউল করিম চৌধুরী, বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক ফখরুল আলম, সংগঠনের সাবেক সভাপতি সালাম উল্যাহ, সন্দ্বীপ সোসাইটির সভাপতি ফিরোজ আহমেদ, মাওলানা ইব্রাহিম, লক্ষ্মীপুর ডিস্ট্রিক্ট সোসাইটির সভাপতি মোহাম্মদ লিয়াকত আলী, নির্বাচন কমিশনের সদস্য মোজাক হোসেন মোশাররফ, অধ্যাপক এএসএম ইব্রাহিম চৌধুরী রতন, মোহাম্মদ ফারুক আহমেদ, মোহাম্মদ আব্দুল মান্নান, সংগঠনের সাবেক সাধারণ সম্পাদক নুরুল আমীন, সাবেক নির্বাচন কমিশনার আবু নাসের, কোম্পানীগঞ্জ ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের সভাপতি ডা. নূর আলম সিদ্দিকী মুন্না, সাধারণ সম্পাদক মোশাররফ হোসেন সবুজ, বৃহত্তর নোয়াখালী সোসাইটির সিনিয়র সহ-সভাপতি তাজু মিয়া, মাসুদুর রহমান, প্রচার সম্পাদক ও প্রকাশিত জুলুয়া ম্যাগাজিনের সম্পাদক মাহমুদুল হাসান (রুদ্র মামুন), সাংবাদিক শিল্পী চৌধুরী কায়েস, লক্ষ্মীপুরের চেয়ারম্যান মিন্টু চৌধুরী প্রমুখ।



এই অনুষ্ঠানে ৫ থেকে ৭ মিলিয়ন ডলার ব্যয়ে কমিউনিটি সেন্টার নির্মাণের ঘোষণা দিয়েছেন বৃহত্তর নোয়াখালী সোসাইটির নবনির্বাচিত সভাপতি, বিশিষ্ট ব্যবসায়ী ও কমিউনিটির অতিপরিচিত মুখ জাহিদ মিন্টু। সেই সঙ্গে ফিউনারেল হোম প্রতিষ্ঠারও ঘোষণা দেন।

অনুষ্ঠানে নবনির্বাচিত কমিটির সদস্যদের শপথ বাক্য পাঠ করান প্রধান নির্বাচন কমিশনার মোহাম্মদ সোহেল হেলাল। শপথ বাক্য শেষে অভিষিক্ত কর্মকর্তাদের ফুল দিয়ে অভিনন্দন জানানো হয়। সেই সঙ্গে সার্টিফিকেট প্রদান করা হয়।

অভিষিক্ত কর্মকর্তারা হলেন-সভাপতি জাহিদ মিন্টু, সিনিয়র সহ-সভাপতি তাজু মিয়া, সহ-সভাপতি এনামুল হক রুমি,



সাধারণ সম্পাদক এএসএম মাইনউদ্দিন পিন্টু, সহ-সাধারণ সম্পাদক সালেহ আহমেদ চৌধুরী রুবেল, কোষাধ্যক্ষ নজরুল ইসলাম, সহ-কোষাধ্যক্ষ জামাল উদ্দিন, প্রচার সম্পাদক মাহমুদুল হাসান, ধর্ম ও সমাজ কল্যাণ সম্পাদক মুহাম্মদ মনজুরুল করিম, ক্রীড়া সম্পাদক মোহাম্মদ আব্দুর রহিম, দফতর সম্পাদক মোহাম্মদ রেজাউল হক শামীম, কার্যকরি সদস্য আনোয়ারুল আজিম, ইকবাল হোসেন, এএসএম মাইনউদ্দিন বাবুল, মাহমুদুল হক, হাসানুজ্জামান বাদল। হল ভর্তি অডিটোরিয়ামে সংগঠনের কল্যাণে কাজ করার জন্য বিদায়ী সভাপতি নাজমুল হাসান মানিক, বিদায়ী সাধারণ সম্পাদক ইউসুফ জলিল, উপদেষ্টা শাহ নাসের স্বপন, উপদেষ্টা মাইনুল উদ্দিন মাহমুদকে ক্রেস্ট প্রদান করা হয়।

অনুষ্ঠানে নবনির্বাচিত সভাপতি এবং সাধারণ সম্পাদকসহ কার্যকরি কমিটির সদস্যদের বৃহত্তর নোয়াখালীর বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ ফুল দিয়ে অভিনন্দন জানান। অভিষেক অনুষ্ঠানে বৃহত্তর নোয়াখালীবাসী ছাড়াও কমিউনিটির সর্বস্তরের গণ্যমান্য এবং প্রতিদ্বন্দ্বীশীল সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। তা ছাড়া মহিলাদের উপস্থিতি ছিল চোখে পড়ার মত। অডিটোরিয়ামে স্থান সংকুলান না হওয়ায় অনেককেই হলের বেইসমেন্টের দ্বিতীয় হলে অবস্থান নিতে হয়। তবে অনেকেই অভিমত ব্যক্ত করে বলেছেন, অনেক দিন পর অসাধারণ একটি অনুষ্ঠানের আয়োজন করেছে নোয়াখালী সোসাইটি। অভিষেক অনুষ্ঠান উপলক্ষে মাহমুদুল হাসানের সম্পাদনায় জুলুয়া নামে একটি ম্যাগাজিন প্রকাশ করা হয়। অনুষ্ঠানে এই ম্যাগাজিনের মোড়ক উন্মোচন করা হয়। অনুষ্ঠানের শেষ পর্বে সংগীত পরিবেশন করেন প্রবাসের জনপ্রিয় শিল্পী শাহ মাহবুব ও কৃষ্ণা তিথি।

# দাদিকে নিয়ে আবেগঘন তারেক কন্যা

১ পৃষ্ঠার পর

জিয়ার সঙ্গে নিজের একটি ছবিও শেয়ার করেন। বৃহস্পতিবার বিকালে এই স্ট্যাটাস দেন জাইমা রহমান। তার স্ট্যাটাসটি হুবহু তুলে ধরা হলো-

তুমি অমন ক'রে গো বারে বারে জল-ছল-ছল চোখে চেয়ো না,
জল-ছল-ছল চোখে চেয়ো না।
ঐ কাতর কন্ঠে থেকে থেকে শুধু বিদায়ের গান গেয়ো না,
শুধু বিদায়ের গান গেয়ো না।।
হাসি দিয়ে যদি লুকালে তোমার সারা জীবনের বেদনা,
আজো তবে শুধু হেসে যাও, আজ বিদায়ের দিনে কেঁদো না।
ঐ ব্যথাতুর আঁখি কাঁদো-কাঁদো মুখ
দেখি আর শুধু হেসে যাও,আজ বিদায়ের দিনে কেঁদো না।
চলার তোমার বাকী পথটুকু-
পথিক! ওগো সুদূর পথের পথিক-
হায়, অমন ক'রে ও অকর'ণ গীতে আঁখির সলিলে ছেয়ো না,
ওগো আঁখির সলিলে ছেয়ো না।।
দূরের পথিক! তুমি ভাব বুঝি
তব ব্যথা কেউ বোঝে না,
তোমার ব্যথার তুমিই দরদী একাকী,
পথে ফেরে যারা পথ-হারা,
কোন গৃহবাসী তারে খোঁজে না,
বুকে ক্ষত হ'য়ে জাগে আজো সেই ব্যথা-লেখা কি?
দূর বাউলের গানে ব্যথা হানে বুঝি শুধু ধূ-ধূ মাঠে পথিকে?
এ যে মিছে অভিমান পরবাসী! দেখে ঘর-বাসীদের ক্ষতিকে!
তবে জান কি তোমার বিদায়- কথায়
কত বুক-ভাঙা গোপন ব্যথায়
আজ কতগুলি প্রাণ কাঁদিছে কোথায়-
পথিক! ওগো অভিমানী দূর পথিক!
কেহ ভালোবাসিল না ভেবে যেন আজো
মিছে ব্যথা পেয়ে যেয়ো না,
ওগো যাবে যাও, তুমি বুকে ব্যথা নিয়ে যেয়ো না।
[কবিতাঃ বিদায়-বেলায়, কবিঃ কাজী নজরুল ইসলাম]

উল্লেখ্য, বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় গত ৩০শে ডিসেম্বর মৃত্যুবরণ করেন। ৩১শে ডিসেম্বর মানিক মিয়া এভিনিউতে ঐতিহাসিক জানাজা শেষে স্বামী শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের কবরের পাশে তাকে সমাহিত করা হয়।

# বিজয়ের মাসে 'প্রবাহ'র সাহিত্য সভা

৬২ পৃষ্ঠার পর

সকলকে লিখনির মাধ্যমে অন্যায় ও অসত্যের বিরুদ্ধে সাহিত্য রচনা ও শহীদ শরীফ ওসমান হাদীর মত বলিষ্ঠ কন্ঠে সত্য উচ্চারণের আহবান জানান তিনি। উপস্থিত সকলেই শহীদ হাদীকে স্মরণ করে আলোচনা করেন। বীর মুক্তিযোদ্ধা রেজাউল করিম কিরণ বলেন, আমাদের যুদ্ধ জীবন থেকে মৃত্যু পর্যন্ত। অন্যায় ও অত্যাচারের বিরুদ্ধে সংগ্রাম করেই আমাদের জয়ী হতে হবে। কবি রেণু রোজা, কবি ও বাচিক শিল্পী সুমন শামসুদ্দিন এবং কবি মোস্তাফিজুর রহমান তাঁদের স্বরচিত কবিতা আবৃত্তি করেন। বাচিক শিল্পী এম এ সাদেক শরীফ ওসমান হাদীর কবিতা 'আমায় ছিঁড়ে খাও হে শকুন' আবৃত্তি করেন। বাচিক শিল্পী ও টিভি উপস্থাপক জি এম ফারুক খান আবৃত্তি করেন কবি কাজী জহিরুল ইসলামের কবিতা এবং উচ্চারণ নিয়ে ধারাবাহিক উপস্থাপনা। সোহেল হামিদ বিজয় দিবস উপলক্ষে একটি ছড়া ও শহীদ হাদীকে নিয়ে একটি গান উপস্থাপন করেন। বিশিষ্ট সংগঠক লিয়াকত এলাহী প্রবাহ এর সাহিত্য কার্যক্রমকে গতিশীল করার জন্য কিছু প্রস্তাবনা পেশ করেন।

# মা, মাটি ও মানুষের নেত্রী: অমর অক্ষয় খালেদা জিয়া

৭ পৃষ্ঠার পর

দীর্ঘ আন্দোলন, ক্ষমতা, নিপীড়ন ও ত্যাগের মধ্য দিয়ে খালেদা জিয়া শেষ জীবনে এসে দল-মত নির্বিশেষে সকলের শ্রদ্ধায় সিক্ত হন এবং জাতীয় নেত্রীতে পরিণত হন। ২০২৪ সালের গণ-অভ্যুত্থানের পর মুক্তি পেয়ে তিনি তরুণদের উদ্দেশে যে বার্তা দেন-"ধ্বংস নয়, প্রতিশোধ নয়, প্রতিহিংসা নয়; ভালোবাসা, শান্তি ও জ্ঞানভিত্তিক সমাজ গড়ে তুলি"-তা তাঁকে নতুনভাবে 'ঐক্যের প্রতীক' হিসেবে প্রতিষ্ঠিত করে। প্রকৃতপক্ষে বেগম খালেদা জিয়া শুধু একজন ব্যক্তি নন, দীর্ঘ সময়ের নিজ কর্মগুণে নিজেকে একটি প্রতিষ্ঠানে পরিণত করেছেন।

শেষ কথাঃ বেগম খালেদা জিয়া দৈহিকভাবে চলে গেলেন। কিন্তু তিনি রয়ে গেছেন বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে-মা, মাটি ও মানুষের নেত্রী হিসেবে। গণতন্ত্র, আপসহীনতা, ত্যাগ ও নেতৃত্বের যে মানদণ্ড তিনি স্থাপন করেছেন, তা আগামী প্রজন্মের রাজনীতিকদের জন্য এক অনিবার্য পাঠ হয়ে থাকবে। তাঁর জীবন প্রমাণ করে-ক্ষমতা ক্ষণস্থায়ী, কিন্তু আদর্শ ও দৃঢ়তা অমর-অক্ষয়। বস্তুতপক্ষে একজন খালেদা জিয়ার কোনো মৃত্যু নেই। তিনি অনন্ত আদর্শের প্রতীক হিসেবে বেঁচে থাকবেন যুগ থেকে যুগান্তরে প্রজন্ম থেকে প্রজন্মান্তরে কোটি মানুষের হৃদয় জুড়ে।

লেখক সাংবাদিক-কলামিস্ট ও রাজনৈতিক বিশ্লেষক, ঢাকা।

# ভারতীয় কূটনীতিক ও জামায়াত আমিরের 'গোপন' বৈঠক

১ পৃষ্ঠার পর

করা হয়নি। অন্যান্য দেশের কূটনীতিকদের সঙ্গে প্রকাশ্যে বৈঠক করলেও ভারতীয় কূটনীতিকদের সঙ্গে হওয়া বৈঠকের খবর তিনি অপ্রকাশ্য রেখেছিলেন। জামায়াত আমির ডা.শফিকুর রহমানের দাবি ভারতীয় কর্মকর্তাদের অনুরোধেই খবরটি গোপন রাখা হয়। বুধবার বার্তা সংস্থা রয়টার্সকে দেয়া এক সাক্ষাৎকারে ড. শফিকুর রহমান এসব কথা বলেন।

বার্তা সংস্থা রয়টার্সের খবরে বলা হয়েছে, এক সময় নিষিদ্ধ থাকা বাংলাদেশের ইসলামপন্থী দল বাংলাদেশ জামায়াতে ইসলামী আসন্ন ফেব্রুয়ারির নির্বাচনে নিজেদের অবস্থান মজবুত করার পথে রয়েছে। দলটি জাতীয় সরকারের আগ্রহী। ইতিমধ্যেই বেশ কয়েকটি দলের সঙ্গে এ বিষয়ে আলোচনা চূড়ান্ত করেছে তারা। জনমত জরিপগুলো আভাস দিচ্ছে- দীর্ঘ ১৭ বছর পর প্রথমবার নির্বাচনে অংশ নিতে যাওয়া দলটি মূলধারার রাজনীতিতে ফিরে আসার লড়াইয়ে বিএনপি'র পরের অবস্থানেই থাকতে পারে জামায়াত। ১৭ কোটি ৫০ লাখ মানুষের মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশটিতে ২০০১ থেকে ২০০৬ সাল পর্যন্ত বিএনপি'র নেতৃত্বাধীন জোটের অংশ ছিল ইসলামপন্থী এই দল। ঢাকার নিজ কার্যালয়ে বসে সাক্ষাৎকার দিয়েছেন জামায়াতের আমির। বলেছেন, আগামী পাঁচ বছরের জন্য আমরা একটি স্থিতিশীল রাষ্ট্র দেখতে চাই। দলগুলো যদি একমত হয়, তাহলে আমরা সকলে মিলে সরকার পরিচালনা করব। সম্প্রতি জেন-জি তথা তরুণ প্রজন্মের নেতৃত্বাধীন রাজনৈতিক দল জাতীয় নাগরিক পার্টির সঙ্গে জোট করায় ব্যাপক সমালোচনা হচ্ছে।

দুর্নীতিবিরোধী অবস্থান : শরিয়াহ আইনের ভিত্তিতে ইসলামি শাসনের কথা বললেও বর্তমানে জামায়াতে ইসলামী রক্ষণশীল পন্থির বাইরে জনসমর্থন বৃদ্ধির চেষ্টা করছে। ড. শফিকুর রহমান বলেন, যে কোনো ঐকমত্যের সরকারের জন্য দুর্নীতি প্রতিরোধ একটি অভিন্ন লক্ষ্য হতে হবে। তিনি আরও জানান, নির্বাচনে যে দল সবচেয়ে বেশি আসন পাবে, প্রধানমন্ত্রী সেই দল থেকেই হবেন। জামায়াত যদি সর্বোচ্চ আসন পায়, তবে তিনিই প্রধানমন্ত্রী পদের প্রার্থী হবেন কি না, সে বিষয়ে দল সিদ্ধান্ত নেবে। চব্বিশের আগস্টে ছাত্র-জনতার অভ্যুত্থানে দীর্ঘদিন ক্ষমতায় থাকা প্রধানমন্ত্রী শেখ হাসিনার পতনের পর জামায়াতের পুনরুত্থান ঘটেছে। শেখ হাসিনার দল আওয়ামী লীগ বর্তমানে নির্বাচনে নিষিদ্ধ। হাসিনা জামায়াতের তীব্র সমালোচক ছিলেন এবং তার শাসনামলে ১৯৭১ সালের স্বাধীনতা যুদ্ধে পাকিস্তানের পক্ষ নেওয়ায় যুদ্ধাপরাধের দায়ে দলটির বেশ কয়েকজন শীর্ষ নেতার মৃত্যুদণ্ড কার্যকর করা হয়। ২০১৩ সালে আদালতের এক রায়ে জামায়াতের নিবন্ধন বাতিল করা হয়। তবে চব্বিশের আগস্টে নোবেলজয়ী ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তীকালীন সরকার দলটির ওপর থেকে সকল বিধিনিষেধ প্রত্যাহার করে নেয়।

ভারত ও পাকিস্তানের সাথে সম্পর্ক : ড. শফিকুর রহমান বলেন, শেখ হাসিনা ভারতে অবস্থান করায় দুই দেশের সম্পর্কের বর্তমান টানাপোড়েন একটি উদ্বেগের বিষয়। ভারতের সঙ্গে হাসিনার ঘনিষ্ঠ ব্যক্তিগত ও বাণিজ্যিক সম্পর্ক ছিল। ভারত এখন আগামীতে ক্ষমতায় আসতে পারে এমন দলগুলোর সাথে যোগাযোগ শুরু করেছে। শফিকুর রহমান নিশ্চিত করেছেন, গেল বছরের (২০২৫) শুরুতে তিনি একজন ভারতীয় কূটনীতিকের সঙ্গে বৈঠক করেন। তবে অন্যান্য দেশের কূটনীতিকরা প্রকাশ্যে দেখা করলেও ভারতীয় কর্মকর্তা বৈঠকটি গোপন রাখার অনুরোধ করেছিলেন বলে তিনি জানান। তিনি বলেন, আমাদের সকলের জন্য উন্মুক্ত হতে হবে এবং একে অপরের প্রতি উদার হতে হবে। সম্পর্ক উন্নয়নের কোনো বিকল্প নেই। এ বিষয়ে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় তাৎক্ষণিক কোনো মন্তব্য করেনি, তবে একটি সরকারি সূত্র বিভিন্ন দলের সঙ্গে যোগাযোগের বিষয়টি নিশ্চিত করেছে। পাকিস্তানের সঙ্গে জামায়াতের ঐতিহাসিক ঘনিষ্ঠতা নিয়ে প্রশ্ন করা হলে আমির বলেন, আমরা সবার সঙ্গে ভারসাম্যপূর্ণ সম্পর্ক বজায় রাখি। আমরা কোনো নির্দিষ্ট দেশের দিকে ঝুঁকে পড়তে আগ্রহী নই। বরং আমরা সকল দেশকে সম্মান করি এবং দেশগুলোর মধ্যে ভারসাম্যপূর্ণ সম্পর্ক চাই।


POWERED BY
Empire Care Agency
NURUL AZIM
CEO
Ph: 516-451-3748
PRESENTS
All County Health Care
REFERRAL SERVICES OF NEW YORK
NYS Licensed Home Care Agency
POWERED BY
prem's collections
গ্রাম বাংলার ঐতিহ্যবাহী পিঠার মহা উৎসব
FREE ENTRY
পিঠা উৎসব
PITHA UTSHOB 2026
CHIEF GUEST
DR. MOHAMMED ENAMUL HOQUE
A Distinguished Physician & Dedicated Social Worker
Member of trustee board, Bangladesh society
উদ্বোধন করবেন
DULAL BEHEDO
President, Dhaka Zila Association of USA Inc.
GRAND SPONSOR
NURUL AMIN BABU
GUEST OF HONOR
MOIN CHOUDHURY, Esq.
Attorney at Law
Director, American International Bar Association
ANCHOR
MIA MOHAMMAD DULAL
4TH JANUARY 2026
SUNDAY 3PM-11PM
QUEENS PALACE
3711 57TH ST, WOODSIDE, NY 11377
ANCHOR
ISRAT JAHAN ISHA
CONVENER
ABDUR RASHID BABU
MEMBER SECRETARY
MD TUHIN
CO-CONVENER
HABIBUL CHOWDHURY
CULTURAL MANAGEMENT
KAZAL MAHMOOD
GUEST RECEPTIONIST
AJAZUL ISLAM
CHIEF COORDINATOR
SARWOR KHAN BABU
PLANNED BY
MIA MOHAMMAD DULAL
STAGE
MEHEDI HASAN SOHAG
FINANCE EDITOR
MD AMZAD HOSSAIN, KOWSAR ALAM
ADVISOR
RASHED AHMED
ISTEAK RUMI
AHSAN HABIB
SHAKIL MIA
GOLAM MIA KUDDUS
MONIRUZZAMAN BABU
IN ASSOCIATION
BONHISHIKHA SANGEET NIKETON INC.
TARAR ALO WOMEN'S SOCIETY USA
SHILPAKALA ACADEMY USA INC
AMRA SHOKHIRA GROUP
CLOTHING STALL:
ASMARAA, FASHIONISTA
MIRA'S COLLECTION, AJ FASHION NY INC.
7 STAR GUEST
MUHAMMAD ABDUL KADER, CIP
PRESIDENT & CEO, ALL COUNTY HOME CARE
MD ABDUR DILIP
CEO, DIPLOMAT GROUP FASHION INC, USA
KAZI SAKAWAT HOSSAIN AZAM
BOARD OF TRUSTEE, BANGLADESH SOCIETY, INC
FAHAD SOLAIMAN
PRESIDENT, FAUNA INNOVATIVE INC
SPECIAL GUEST
SHAH J. CHOUDHURY
MOHAMMED ANISUR RAHMAN
DR. NARGIS AHMED
MOHAMMED HASAN ZILANI
MOFIZUR RAHMAN
MD KHALILUR RAHMAN
DR. BORNALI HASAN
JHORNA FATEH
AMINUL ISLAM CHOWDHURY
ABUL BASHAR MILON
AHMED SUMONA
UTTAM KUMAR
KAMRUZ ZAMAN KAMRUL
NAZRUL ISLAM
NASIR KHAN PAUL
DUKE KHANE
RAJU SAHA BIPLOB
SHOHEL GAZI
MUSTAQUIM BILLAH
ZR CHOWDHURY LITU
SHAHANAZ HOSSAIN
SHAKTI D GUPTA
ABU TALEB CHOWDHURY CHANDU
NASIR UDDIN
Organized by
SHOWTIME MUSIC & PLAY
MEDIA PARTNER:
ইনকিলাব
CHANNEL i
Tushar Pic Chitra
FOR MORE INFORMATION: KHAIRUL ISLAM KHOKAN - (646) 421-9496

## শীতে চোখ সুস্থ রাখতে কিছু সহজ অভ্যাস

২০ পৃষ্ঠার পর

চোখের ভেতরের চাপ বা ইন্ট্রাঅকুলার প্রেশার ওঠানামা করতে পারে, যা আগে থেকে গ্লুকোমায় আক্রান্ত বা ঝুঁকিপূর্ণ ব্যক্তিদের জন্য বিপজ্জনক।

**শীতে চোখ সুস্থ রাখতে কিছু সহজ অভ্যাস**

* বাইরে গেলে সানগ্লাস বা প্রোটেক্টিভ চশমা ব্যবহার করুন।
* চোখে বারবার হাত দেওয়া থেকে বিরত থাকুন।
* ধুলাবালু এড়িয়ে চলতে হবে।
* পর্যাপ্ত পানি খান।
* প্রয়োজনে চিকিৎসকের পরামর্শে লুব্রিকেটিং আই ড্রপ ব্যবহার করুন।
* গ্লুকোমা রোগীরা নিয়মিত ওষুধ ও ফলোআপ অবশ্যই বজায় রাখুন।

**কখন চিকিৎসকের শরণাপন্ন হবেন**

* চোখে তীব্র ব্যথা, হঠাৎ দৃষ্টি কমে যাওয়া, দীর্ঘদিন লাল ভাব বা ঝাপসা দেখার সমস্যা হলে দেরি না করে চোখের বিশেষজ্ঞের কাছে যেতে হবে। শীতে নিজের ও পরিবারের চোখের যত্ন নিন, অন্যকেও সচেতন করুন।

লেখক: গ্লুকোমা বিশেষজ্ঞ ও পরিচালক, বাংলাদেশ আই হাসপাতাল, মালিবাগ, ঢাকা।

## কোরআন ছুঁয়ে মামদানির শপথ

৬৪ পৃষ্ঠার পর

এর আগে শপথগ্রহণ অনুষ্ঠানে মামদানি বলেন, মি: স্যান্ডার্সকে এখানে পেয়ে আমি সম্মানিত বোধ করছি কারণ আমরা এমন একটি প্রশাসন শুরু করছি যা এই রাস্তার দৃশ্য এবং শহরের গণপরিবহনকে বিশ্বের ঈর্ষায় পরিণত করার দায়িত্ব ও সুযোগকে গুরুত্বের সঙ্গে নেবে।' নিউইয়র্কের অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস মামদানির শপথ গ্রহণের আগে বলেন, 'পরিবার ও বন্ধুদের মধ্যে থাকা এবং নিউইয়র্ক সিটির অগ্রগতি, প্রতিশ্রুতি ও সমৃদ্ধির এক নতুন যুগের সূচনা করার চেয়ে ২০২৬ সালে আমি এর চেয়ে ভাল আর কোন কিছুর কথা ভাবতে পারি না'।

তিনি বলেন, 'জোহরান মামদানি, তুমি যা অর্জন করেছ তার জন্য আমি খুব গর্বিত এবং আগামী বছরগুলিতে আমরা আমাদের প্রিয় শহরের জন্য যা অর্জন করব তা নিয়ে আমি আনন্দে পূর্ণ'। সিনেটর বার্নি স্যান্ডার্স এবং রিপাবলিকান আলেকজান্দ্রিয়া ওকাসিও কর্টেজ শতজনের বৃহত্তর পাবলিক অনুষ্ঠানে মামদানির সাথে উপস্থিত ছিলেন। এ সময় ব্লক পার্টিতে অংশগ্রহণ করা সাধারণ মানুষ জোহরান মামদানিকে ঘিরে আনন্দ উল্লাসে মেতে ছিলেন। যা মামদানির জন্য নতুন এক রেকর্ড আর সাধারণ মানুষের ভালোবাসায় পরিপূর্ণ ছিল চারদিক।


বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।
আমরা ওমরার প্যাকেজ করে থাকি
আমাদের প্যাকেজ বিবরণ
ওমরা ভিসা
এয়ার টিকেট
১ দিন মক্কায় ট্যুর
১ দিন মদিনা ট্যুর
মক্কা থেকে মদিনা গাড়িতে
এয়ারপোর্ট থেকে হোটেল
(4 Star Hotel with Breakfast.)
মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ
(একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)
* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।
NAFS TRAVEL INC.
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com
NAFS TRAVEL
37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)




## জ্যাকসন হাইটস খলিল বিরিয়ানীর কিচেন চালু

৩ পৃষ্ঠার পর

খলিলুর রহমান। তিনি জানান, এতদিন ব্রুকলিন থেকে রান্না করে এনে জ্যাকসন হাইটসের দোকান চালিয়েছি। এজন্য ইচ্ছে থাকলেও গ্রাহকদের জন্য রকমারী খাবার পরিবেশন করতে পারিনি। এখন কিচেনে গ্যাস সংযোজন হওয়ায় প্রতিদিন গ্রাহকদের জন্য নিত্যনতুন খাবার উপহার দিতে পারবো। চলতি সপ্তাহ থেকেই খাবারে নতুন নতুন মেনু সংযোজন হবে। নিয়মিত খাবার ছাড়াও পাওয়া যাবে ধাঁন পোলাও, মোরগ পোলাও, সরিষার তেলে রান্না করা তেহারী, কাচ্চি বিরিয়ানী সহ অন্যান্য সব খাবার। খলিলুর রহমান বলেন, আমি নিজের হাতে সমস্ত রান্না করবো। প্রথম দিন গ্যাস সংযোগ পাওয়ার পর আরটিভির আলোকিত কোরআন অনুষ্ঠানের প্রায় ফিনালের খাবার সরবরাহ করছি। ইতোমধ্যেই আরো ৬০০ জনের একটি ক্যাটারীং অর্ডার পেয়েছি। ইনশাআল্লাহ আরো কিছু অর্ডার অচিরেই আসবে বলে আশা করছি।

খলিল বলেন, জ্যাকসন হাইটসের দোকানটি আমার সম্পূর্ণ একক মালিকানায় পরিচালিত হচ্ছে। জ্যামাইকার দোকান নিয়ে কোর্টে যে মামলা চলছিলো তারও অবসান ঘটেছে। অচিরেই ওজনপার্কে খলিল বিরিয়ানীর আরো একটি শাখার উদ্বোধন পর্যায়ে বলে তিনি উল্লেখ করেন।

## ছয় মাস বয়স হলে শিশুকে যেসব খাবার দেবেন

২০ পৃষ্ঠার পর

খাবারে অ্যালার্জির ইতিহাস থাকে, যেমন-বাদাম, তবে প্রথম বছরে শিশুকে তা খেতে না দেওয়া ভালো। বেশি চিনিযুক্ত বা লবণযুক্ত খাদ্য না রাখা উত্তম। টেলিভিশন বা মুঠোফোন সামনে রেখে শিশুকে খাওয়ানো যাবে না।

**অসুখ-বিসুখে যা খাওয়াবেন**

* অসুখ হলে শিশু খেতে চায় না। কিন্তু অসুস্থ শিশুকে বুকের দুধ পান করানো সম্ভব। এ অবস্থায় তাকে তরল ও পুষ্টিকর খাবার অল্প অল্প পরিমাণে খাওয়াতে হবে। অসুখ থেকে সেরে উঠলে তাকে এক মাস পর্যন্ত প্রতিদিন অতিরিক্ত এক বা দুবার খাবার খাওয়ানো উচিত।
* শিশুকে বোতলজাত খাবার, জুস, কোল্ড ড্রিংকস, পুষ্টি ড্রিংকস এসব দেবেন না। চা, কফি ও বিভিন্ন পানীয় কখনো নয়।
* শিশু যেসব খাবার হাতে ধরে খেতে পারে, তা তাকে চিনিয়ে খাওয়ার সুযোগ করে দেওয়া উচিত। সম্ভব হলে শিশুর খাবার তৈরির দুই ঘণ্টার মধ্যে খাওয়ানো উচিত। আর যে খাবার ফ্রিজে রাখা হয়, তা-ও এক বা দুদিনের মধ্যে শেষ করতে হবে।

লেখক: সাবেক বিভাগীয় প্রধান, শিশুস্বাস্থ্য বিভাগ, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল।

## ভবিষ্যৎ সরকার প্রধানকে যা করতে হবে

৫ পৃষ্ঠার পর

তারা পছন্দ করে এবং ভোট দিয়ে সরকারে পাঠায়, সেই দলগুলোর শীর্ষ পদ যুগের পর যুগ আঁকড়ে রাখেন একজন মাত্র ব্যক্তি, তখন তারা দুঃখ পায়। দলগুলো যদি একজন মাত্র ব্যক্তি দখল করে রাখেন, তাহলে সেই ব্যক্তি কীভাবে দেশকে 'গণতান্ত্রিক সরকার' দেবেন? বাংলাদেশ যখন পাকিস্তানের অংশ ছিল, তখন জনগণ একক ক্ষমতাধর প্রেসিডেন্ট আইয়ুব খানকে গণতন্ত্রের অভিনব রূপ 'মৌলিক গণতন্ত্র' দিতে দেখেছে। শেখ মুজিবুর রহমানকে দেখেছে 'বাকশাল'-এর ছদ্মাবরণে একদলীয় 'গণতান্ত্রিক সমাজতন্ত্র' উপহার দিতে। আইয়ুব বা মুজিবের মস্তিষ্কপ্রসূত নিজস্ব 'গণতন্ত্র' জনগণ ছুড়ে ফেলে দিয়েছিল। উভয় শাসকের স্থান ইতিহাসের আস্তাকুঁড়ে। রাজনৈতিক দলে গণতান্ত্রিক চর্চা না থাকলে গণতন্ত্রের কী হাল হতে পারে আইয়ুব ও মুজিবের উদ্যোগই এর উত্তম দৃষ্টান্ত। কেবল জনসমর্থন, দম্ভ, আস্ফালন, বলপ্রয়োগ, স্বেচ্ছাচারী আচরণ ও একগুঁয়েমি দ্বারা রাষ্ট্র ও সরকার পরিচালনা করা যায় না। তাহলে বাংলাদেশে শেখ মুজিবই হয়তো হতে পারতেন সেরা শাসক। কিন্তু তিনি যেভাবে রাষ্ট্রপরিচালনার নীতি স্থির করেছিলেন, তা রাষ্ট্র পরিচালনার কোনো ব্যাকরণের মধ্যে বা রাষ্ট্রবিজ্ঞানের কোনো সংজ্ঞায় ফেলা যায় না। ক্ষমতার মোহ পরিহার করে তিনি যদি রাষ্ট্রচিন্তায় স্থায়ী ছাপ রেখে যেতেন, রাজনৈতিক দার্শনিকদের দেওয়া পরামর্শ ও রাষ্ট্রপরিচালনার রীতিনীতি ও কৌশল প্রয়োগ করতেন এবং বিশ্বের গণতান্ত্রিক দেশগুলোর নজির অনুসরণ করতেন, তাহলে বাংলাদেশের ইতিহাসে তিনি নিন্দিত শাসক হিসেবে চিহ্নিত হতেন না।

দেশের ইতিহাসে এযাবৎকালের নজিরবিহীন বিপ্লবে বিশ্বের সবচেয়ে দুর্দম, নির্মম ও শক্তিশালী নারী শাসক তার আমায় জনগণের বিপুল ম্যান্ডেট নিয়ে ক্ষমতায় অধিষ্ঠিত হওয়ার মাত্র মাস সাত পর তার পারিষদবর্গসহ তড়িঘড়ি দেশ ছেড়ে পালিয়েছেন। এর ফলে দেশবাসীর জন্য প্রথমবারের মতো নির্বাচিত গণতান্ত্রিক সরকারকে ক্ষমতায় দেখার সুযোগ সৃষ্টি করেছে। দেশের সর্ববৃহৎ ও জনপ্রিয় রাজনৈতিক সংগঠন বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)। যারা তিন মেয়াদে (১৯৭৯-১৯৮২, ১৯৯১-১৯৯৬ ও ২০০১-২০০৬) সরকারে থেকে রাষ্ট্র পরিচালনার অভিজ্ঞতায় সমৃদ্ধ। সেই দলের শীর্ষ নেতা তারেক রহমান জুলাই বিপ্লবের সুফলে দীর্ঘ ১৭ বছর পর দেশে ফিরে এসেছেন। তাকে কেন্দ্র করে দেশে আবার গণতন্ত্র পাবার উচ্ছ্বাস সৃষ্টি হয়েছে। আগামী ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠেয় জাতীয় নির্বাচনে তাঁর নেতৃত্বে বিএনপিকে বিজয়ী করার গণজোয়ার সৃষ্টি হয়েছে। জামায়াতে ইসলামীর নেতৃত্বে ১০/১১টি দল নির্বাচনী জোট বেঁধেছে।

নির্বাচন ভণ্ডুল করার দেশী ও বিদেশি চক্রান্ত আছে। কারচুপির মাধ্যমে নির্বাচনে বিজয়ী হওয়ার বা নিজেদের বিজয়ী হওয়ার বিখ্যাত দল আওয়ামী লীগ মাঠে না থাকলেও তারা নির্বাচনে গোলাযোগ সৃষ্টি না করলে তাদের হাত-পা চুলকাবে। কারও 'বাড়া ভাতে ছাই' দেওয়ার এমন দল দেশে আর দ্বিতীয়টি নেই। পাঁচ বছর ক্ষমতার বাইরে থাকলে তাদের গোদা ফুত বা শয়তান তাদের কিলাবে তাদের অকর্মণ্যতার জন্য। অতএব গণতন্ত্রকামীদের হুঁশিয়ার থাকা আবশ্যক।

তারেক রহমান দেশে ফিরে আসার পর বাংলাদেশের রাজনৈতিক দৃশ্যপট সহসাই পাল্টে গেছে। তার উপস্থিতিতে এমনকি অন্তর্বর্তী সরকারের অস্তিত্বও অনেকটা ম্লান হয়ে গেছে। বিএনপি তো দল হিসেবে তাঁকে অবশ্যই বাংলাদেশের পরবর্তী প্রধানমন্ত্রী হিসেবে দেখতে চায়। জনগণ এখনই তাকে সম্ভাব্য প্রধানমন্ত্রী বলে বিবেচনা করতে শুরু করেছে। যদিও শাহজাহান চৌধুরী জামায়াতের এক নেতা তাদের দলে 'প্রধানমন্ত্রী হওয়ার যোগ্যতাসম্পন্ন বহুলোক' আছেন বলে দর্পপূর্ণ বক্তব্য দিয়েছেন, কিন্তু জামায়াত বিরোধী দলে বসা ছাড়া এবার তেমন কিছু করতে পারবে না। মাত্র দেড় মাস পর অনুষ্ঠেয় ত্রয়োদশ সংসদ নির্বাচনে তারেক তাঁর দলের সংখ্যাগরিষ্ঠতা নিশ্চিত করতে পারলে তিনিই প্রধানমন্ত্রী হবেন, এতে কোনো সন্দেহ নেই। সে ক্ষেত্রে তিনি সাবেক প্রেসিডেন্ট ও সাবেক প্রধানমন্ত্রীর পুত্র হিসেবে বাংলাদেশের সরকারপ্রধানের পদে একই পরিবারের তৃতীয় সদস্য হয়ে নতুন ইতিহাস সৃষ্টি করবেন। কিন্তু এরই মধ্যে আশঙ্কার সৃষ্টি হয়েছে যে সরকার পরিচালনা করতে গিয়ে তাঁকে ঝামেলায় পড়তে হতে পারে তাঁর নিজের দলের মধ্য থেকেই, যারা বিরোধী দলে থাকবে, তাদের পক্ষ থেকে নয়।

আওয়ামী লীগ ২০০৯ সালে ক্ষমতায় আসার পর থেকে বিএনপি চেয়ারপারসন সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ও তাঁর পুত্র দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানসহ সব কেন্দ্রীয় নেতার বিরুদ্ধে মিথ্যা মামলা দায়ের করে, বিনা বিচারে কারাগারে বছরের পর বছর আটক রেখে এবং বিএনপি নেতা-কর্মীদের হত্যা করে বিএনপিকে কার্যত নেতৃত্বশূন্য করে ফেলেছে। বিকল্প কোনো নেতৃত্ব সৃষ্টি হয়নি। ফলে ২০২৪ পর্যন্ত দীর্ঘ সাড়ে ১৫ বছরে বিএনপির পক্ষে আওয়ামী লীগের দুঃশাসনের বিরুদ্ধে, এমনকি খালেদা জিয়াকে তাঁর বাড়ি থেকে বের করে দেওয়া ও তাঁকে নানাভাবে হেনস্থা করার প্রতিবাদে একটি কার্যকর আন্দোলন পর্যন্ত করতে পারেনি। জুলাই বিপ্লবের পর নেতৃত্বহীন বিএনপির মাঝারি নেতা ও মাঠপর্যায়ের কর্মীরা দেশজুড়ে যেভাবে চাঁদাবাজি, দখল বাণিজ্যে নিয়োজিত হয়েছিলেন, সেই ধারাবাহিকতা এখনো বন্ধ হয়নি।

বিএনপির ২০০১-২০০২ মেয়াদে কথিত "হাওয়া ভবন" সরকারের বিকল্প ক্ষমতার কেন্দ্র হয়ে উঠেছিল এবং সেখান থেকে তিনি সরকার নিয়ন্ত্রণ করতেন বলে যে অভিযোগ তারেকের বিরুদ্ধে আছে, তার পুনরাবৃত্তি না হওয়া সমুচিত হবে। ইন্দিরা গান্ধীর পুত্র সঞ্জয় গান্ধীর বিরুদ্ধে কোনো সরকারি পদাধিকারী না হওয়া সত্ত্বেও সরকারে হস্তক্ষেপ করার অভিযোগ উঠেছিল। রাস্তায় সঞ্জয়ের বিরুদ্ধে উঠতো। দিল্লির দেয়ালগুলো "গলি গলি মে শোর হ্যায়, সঞ্জয় গান্ধী চোর হ্যায়" লেখায় ভরে গিয়েছিল। পরিণতি ছিল জরুরী অবস্থা জারি পরবর্তী নির্বাচনে ইন্দিরার কংগ্রেসের পরাজয়। কংগ্রেসে ভাঙন ইত্যাদি। বিএনপি ক্ষমতায় আসলে সুযোগসন্ধানীর সংখ্যা আরও বৃদ্ধি পাবে। তারেক রহমান যদি এখনই এ ব্যাপারে কঠোর না হতে পারেন, তাহলে তাঁকে ভবিষ্যতে দুর্ভোগের মধ্যে পড়তে হবে।

১৭ বছর আগের চেয়ে তারেক রহমান নিঃসন্দেহে রাজনীতিতে যথেষ্ট পরিপক্ব হয়েছেন বলে বিশ্বাস করি। তিনি ২৫ ডিসেম্বর তাঁকে অভ্যর্থনা জানাতে আগত জনতার উদ্দেশে সংক্ষিপ্ত বক্তব্যে মার্টিন লুথার কিং জুনিয়রের বিখ্যাত উক্তি 'আই হ্যাভ আ ড্রিম' উদ্ধৃত করে তাঁর 'আই হ্যাভ আ প্ল্যান'-এর কথা বলেছেন। এটিও একটি বড় স্বপ্ন। তাঁর স্বপ্ন বাস্তবায়ন করতে হলে তাঁকে প্রথমেই দলের জঞ্জাল সাফ করার কঠোর পদক্ষেপ নিতে হবে। সিঙ্গাপুরের প্রথম প্রধানমন্ত্রী লি কুয়ান ইউ-এর মতো তাঁকে প্রথমেই দুর্নীতির বিরুদ্ধে গ্রহণ করতে হবে 'জিরো টলারেন্স' নীতি। লি কুয়ান বিশ্বাস করতেন যে দুর্নীতি শুরু হয় উচ্চপর্যায় থেকে। দায়িত্ব গ্রহণ করার দুই বছরের মধ্যে দুর্নীতির সঙ্গে সংশ্লিষ্টতার অভিযোগে তিনি তিনজন মন্ত্রী ও একজন পার্লামেন্ট সদস্যসহ উচ্চপর্যায়ের বহু ব্যক্তিকে পদচ্যুত করেছিলেন। বাংলাদেশের ভবিষ্যৎ প্রধানমন্ত্রী লি কুয়ানের দৃষ্টান্ত অনুসরণ করতে পারেন।

অতীতের তিক্ত অভিজ্ঞতাও তাঁকে অবশ্যই শিখিয়েছে যে রাষ্ট্র পরিচালনায় কতটা কুশলী হওয়া আবশ্যক। এ ক্ষেত্রে সততা ও স্বজনপ্রীতির ঊর্ধ্বে থাকার দৃষ্টান্ত স্থাপনকারী তাঁর পিতা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের পদাঙ্ক পাথেয় হতে পারে।

তারেক রহমান যদি ফেব্রুয়ারির নির্বাচনের পর সত্যিই বাংলাদেশের প্রধানমন্ত্রীর পদ অলংকৃত করেন তাহলে ফরাসি রাজনৈতিক দার্শনিক রুশোর রাষ্ট্রচিন্তা মাথায় রাখা সংগত হবে। রুশো বলেছেন : 'সিদ্ধান্ত গ্রহণে সর্বোচ্চ নেতাকে জনগণের অভিজ্ঞতা ও যৌথ ইচ্ছার প্রতিফলন ঘটাতে হবে এবং নিজেকে ও তাঁর মন্ত্রীদের জনগণের শাসক নয়, সেবক বিবেচনা করতে হবে। তাতে জনগণ উপলব্ধি করবে যে তাদের সম্মতিই রাষ্ট্র ও সরকারের কর্তৃত্বের একমাত্র উৎস।' কূটবুদ্ধির রাজনৈতিক দার্শনিক হিসেবে খ্যাত মেকিয়াভেলির রাষ্ট্রচিন্তা থেকেও কিছু ভালো বিষয় তিনি গ্রহণ করতে পারেন, তা হলো : 'একজন নেতার প্রাথমিক দায়িত্ব হলো রাষ্ট্রকে নিরাপদ ও শক্তিশালী করার জন্য কঠোর হওয়া। শৃঙ্খলা বজায় রাখার জন্য রাষ্ট্রে আইনের শাসন থাকতে হবে, কিন্তু হুমকি মোকাবিলার জন্য প্রয়োজনে বল প্রয়োগ করতে হবে।'

লেখক: সিনিয়র সাংবাদিক।



MD Golam Mostofa, ESQ.
NY State Attorney
LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.
- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters
Address:
Queens: 148-45 Hillside Ave
Jamaica, NY 11435
Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com

আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
# নির্ভরযোগ্য নিশ্চয়তা
প্রদান করি



# ZAM ZAM TRAVEL US

## আমাদের সার্ভিস সমূহ

- এয়ার টিকেটিং
- হজ্ প্যাকেজ — সার্ভিস প্রোভাইডার
- হোটেল বুকিং
- ভিসা প্রোসেসিং
- ওমরাহ্ প্যাকেজ — সার্ভিস প্রোভাইডার

## কেন আমাদের সার্ভিস নিবেন?

- ✓ বিশেষজ্ঞ দল
- ✓ যাচাইকৃত ভিসা চেকলিস্ট
- ✓ প্রিমিয়াম সহায়তা
- ✓ নিখুঁত ভিসা আবেদন পরিষেবা

ZAM ZAM TRAVEL US
*in a Partnership with*

إثراء الخير
ITHRAA ALKHAIR

## এয়ার লাইন সমূহ

السعودية SAUDIA | QATAR AIRWAYS القطرية | Emirates | TURKISH AIRLINES

### ঢাকা অফিস
**+88 017 1133 6292**
*Tropical Mollah Tower*
*Shop no: 08 (4th Floor), Progoti Sharoni*
*Middle Badda, Dhaka 1212, Bangladesh*

### নিউইয়র্ক অফিস
**+1 718 395 9697**
*37-15 73 Street (Suite-207),*
*Jackson Heights, NY-11372*
zamzamtravelus

www.zamzamtravelus.com | zamzamtravelus@gmail.com

## 'আমরা ফ্যাসিস্ট অবৈধ সরকার থেকে আজ মুক্ত'

৬২ পৃষ্ঠার পর

গত বছর রক্তক্ষয়ী বিক্ষোভের মধ্য দিয়ে ক্ষমতাচ্যুত হন তিনি। জীবনের শেষ দশকে খালেদা জিয়া অসুস্থতা ও রাজনৈতিক নিপীড়নে জর্জরিত ছিলেন। প্রতিদ্বন্দ্বী শেখ হাসিনার আমলে কখনো কারাগারে, কখনো গৃহবন্দি অবস্থায় থাকতে হয়েছে তাঁকে। আদালতে তাঁর বিরুদ্ধে মামলার পাহাড় জমেছিল। তাঁকে বারবার হাসপাতালে নেওয়া-আনা করা হয় নিরাপত্তা বেষ্টনীর মধ্যে। বয়সজনিত নানান জটিলতার পাশাপাশি তিনি ছিলেন বাতজ্বর, ডায়াবেটিস ও গুরুতর লিভার সমস্যায় আক্রান্ত। ২০২১ সালে কোভিডে আক্রান্ত হওয়ার পর তাঁর শারীরিক অবস্থা অবনতি ঘটলে চিকিৎসকরা তাঁকে বিদেশে নিয়ে চিকিৎসার পরামর্শ দেন। কিন্তু শেখ হাসিনার আমলের আদালত তাঁর আইনজীবীদের একের পর এক আবেদন নাকচ করে দেয়। সে সময়ের পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেন বলেন, খালেদা জিয়া চাইলে যে কোনো বিদেশি চিকিৎসককে বাংলাদেশে এনে চিকিৎসা করাতে পারেন, তবে তাঁকে বিদেশ যেতে দেয়া হবে না।

শেখ হাসিনা ক্ষমতাচ্যুত ও দেশত্যাগে বাধ্য হওয়ার পর খালেদা জিয়া গৃহবন্দি অবস্থা থেকে মুক্তি পান এবং তাঁর বিরুদ্ধে থাকা প্রায় এক ডজন মামলা খারিজ হয়। তবু তিনি শয্যাশায়ীই রয়ে যান। হাসপাতালে ভর্তি থাকলেও তাঁর দল বিএনপি তাঁকে আসন্ন জাতীয় নির্বাচনের জন্য তিনটি আসনে প্রার্থী হিসেবে মনোনয়ন দেয়। এই নির্বাচন আগামী ফেব্রুয়ারিতে হওয়ার কথা। হাসপাতালের শয্যা থেকেই শেখ হাসিনার পতনকে 'স্বৈরাচারের অবসান' বলে অভিহিত করেন খালেদা জিয়া। তিনি বলেন, 'দীর্ঘ আন্দোলন, সংগ্রাম ও ত্যাগের মধ্য দিয়ে আমরা ফ্যাসিস্ট ও অবৈধ সরকারের হাত থেকে মুক্ত হয়েছি'। উপমহাদেশের দুটি বিভাজন তাঁর জীবনকে গভীরভাবে প্রভাবিত করে। ১৯৪৭ সালে ভারত-পাকিস্তান বিভক্তির পর তাঁর পরিবার পাকিস্তানে চলে যায়। তখন তিনি ছিলেন শিশুকন্যা। ১৯৭১ সালে দীর্ঘ দমনপীড়ন ও রক্তাক্ত সংঘর্ষের পর পূর্ব পাকিস্তান স্বাধীন বাংলাদেশে রূপ নেয়। ষাটের দশকে তিনি পাকিস্তান সেনাবাহিনীর অফিসার জিয়াউর রহমানের সঙ্গে বিবাহবন্ধনে আবদ্ধ হন। জিয়া পরবর্তীতে বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন এবং শেষ পর্যন্ত দেশের সেনাপ্রধান ও রাষ্ট্রনায়কে পরিণত হন; পরিচিত হন জেনারেল জিয়া হিসেবে। ১৯৭৫ সালে বাংলাদেশের রাজনীতি নেমে যায় সহিংস অস্থিরতায়। সামরিক অভ্যুত্থান ও পাল্টা অভ্যুত্থানের রক্তাক্ত চক্র শুরু হয়। ওই বছর ১৫ই আগস্ট প্রতিষ্ঠাতা শেখ মুজিবুর রহমানকে তাঁর পরিবারের বেশির ভাগ সদস্যসহ রাতের আঁধারে নিজ বাসভবনে হত্যা করা হয়। তাঁর দুই জীবিত কন্যার একজন শেখ হাসিনা পরে পিতার রাজনৈতিক ঐতিহ্য ধারণ করেন এবং সেই ট্র্যাজেডির স্মৃতি তাঁর রাজনীতিকে গভীরভাবে প্রভাবিত করে। সে সময় সেনাবাহিনীর উপপ্রধান জেনারেল জিয়া দ্রুত ক্ষমতার কেন্দ্রে উঠে আসেন এবং দুই বছরের অস্থিরতা পেরিয়ে সরকারের নিয়ন্ত্রণ নেন। তিনি নবগঠিত বিএনপিকে নির্বাচন জিতিয়ে ক্ষমতার বৈধতা অর্জনের চেষ্টা করেন। কিন্তু তিনিও শেষ পর্যন্ত আরেক অভ্যুত্থানের শিকার হন ১৯৮১ সালে। চট্টগ্রাম সফরে থাকা অবস্থায় সেনা কর্মকর্তাদের গুলিতে তিনি ও তাঁর ছয়জন দেহরক্ষী নিহত হন। এর কিছুদিন পরই খালেদা জিয়া আনুষ্ঠানিকভাবে রাজনীতিতে প্রবেশ করেন এবং দ্রুত বিএনপির নেতৃত্বে উঠে আসেন। কিন্তু দেশ আবার সামরিক শাসনের অধীনে চলে যায়। সেনাপ্রধান হুসেইন মুহম্মদ এরশাদ অন্তর্বর্তী প্রেসিডেন্টকে সরিয়ে নিজেকে দেশের শাসক ঘোষণা করেন। এরশাদ স্বৈরাচারের বিরুদ্ধে আন্দোলনই প্রথমবারের মতো দেশের দুই প্রধান নারী প্রতিদ্বন্দ্বীকে একই মঞ্চে আনে। গণতন্ত্র পুনরুদ্ধারের জন্য ব্যাপক গণআন্দোলন সংগঠিত হয়।

১৯৯১ সালে নির্বাচিত হয়ে খালেদা জিয়া বাংলাদেশের প্রথম নারী প্রধানমন্ত্রী হন। তাঁর প্রথম মেয়াদ শুরু হয় তখনই। তাঁর দ্বিতীয় মেয়াদ সংক্ষিপ্ত হয়। কারণ বিরোধী দল নির্বাচন বর্জন করে এবং সংসদ নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের অধীনে পুনর্নির্বাচনের পক্ষে মত দেয়। সেই নির্বাচনে তিনি শেখ হাসিনার দলের কাছে পরাজিত হন। ফলে শেখ হাসিনা প্রথমবারের মতো ক্ষমতায় আসেন। ২০০১ সালে খালেদা জিয়া আবার ক্ষমতায় ফেরেন। এবার কয়েকটি ইসলামপন্থি দলের জোটে নির্বাচিত হন। তবে ক্ষমতার এ মেয়াদে উগ্রবাদ বেড়ে ওঠার অভিযোগ এবং তাঁর ঘনিষ্ঠজনদের বিরুদ্ধেও দুর্নীতি মামলার চাপ বাড়তে থাকে। সেগুলোকে কেন্দ্র করে শেখ হাসিনা পুনরায় ক্ষমতায় ফেরার রাজনৈতিক শক্তি সঞ্চয় করেন।

তৃতীয় মেয়াদের শেষে তাঁর পতনের সূচনা হয়। নির্বাচনের দায়িত্বে থাকা সামরিক সমর্থিত তত্ত্বাবধায়ক সরকার তাঁকে গ্রেপ্তার করে। প্রায় একই সময়ে শেখ হাসিনাকেও গ্রেপ্তার করা হয়। নির্বাচনের ঠিক আগে উভয়েই মুক্তি পান এবং শেখ হাসিনা নির্বাচনে জয়ী হয়ে প্রধানমন্ত্রী হন। পরবর্তীতে টানা ১৫ বছর ক্ষমতায় থেকে হাসিনা নিজের অবস্থান আরও পোক্ত করেন। বন্দিত্বের সময় খালেদা জিয়া ও শেখ হাসিনা কাছাকাছি দুটি বাড়িতে আটক ছিলেন। হাসিনা নাকি নিজের খাবার তাঁর সঙ্গে ভাগাভাগি করতেন। তবে প্রধানমন্ত্রিত্বের শেষ বছরে নিউইয়র্ক টাইমসকে দেয়া সাক্ষাৎকারে শেখ হাসিনা তা অস্বীকার করেন। তিনি বলেন, খালেদা জিয়া 'নতুন নির্মিত একটি বাড়িতে' গৃহবন্দি ছিলেন। 'ভালো জায়গা, ভালো আসবাব- সবকিছুই ভালো' বলেন হাসিনা। 'আমার জন্য সবই ছিল পুরোনো, ভাঙাচোরা।'

পরিবার হারানোর যন্ত্রণায়- যা তিনি প্রায় প্রতিটি ভাষণে উল্লেখ করতেন- শেখ হাসিনা কিছুটা হলেও জিয়া পরিবারকে দায়ী করতেন। ২০০৯ সালে খালেদা জিয়াকে সেই সরকারি বাড়ি থেকে উচ্ছেদ করা হয়, যেখানে তিনি ও তাঁর পরিবার তিন দশকেরও বেশি সময় ধরে বসবাস করছিলেন। এটাকে অনেকে প্রতিশোধমূলক পদক্ষেপ বলে মনে করেন। কারণ ২০০১ সালে খালেদা জিয়ার আমলে শেখ হাসিনাকেও তাঁর সরকারি বাসভবন থেকে উচ্ছেদ করা হয়েছিল।

শেখ হাসিনা ক্ষমতায় আরও শক্ত অবস্থান তৈরি করলে খালেদা জিয়ার বিরুদ্ধে দুর্নীতির মামলাও ক্রমে চরমের দিকে পৌঁছায়। ২০১৮ সালে রাষ্ট্রীয় এতিমখানা তহবিল থেকে অর্থ আত্মসাতের অভিযোগে তাঁকে পাঁচ বছরের কারাদণ্ড দেয়া হয়। পরে তা বাড়িয়ে ১০ বছর করা হয়। মামলাগুলোর মধ্যে একটি ছিল যে তিনি নাকি ইচ্ছাকৃতভাবে নিজের জন্মদিন ভুল উল্লেখ করেছেন- ১৫ আগস্ট। এদিন শেখ হাসিনা তাঁর পরিবার হত্যার স্মরণে শোক পালন করেন। ২০১৬ সালে শেখ হাসিনা-সমর্থিত এক ব্যক্তির অভিযোগে আদালতে হাজির না হলে তাঁর বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি হয়।

বিএনপির আইনি শাখার আইনজীবী সাঈদ নজরুল ইসলাম বলেন, অভিযোগ ছিল তিনি বহুদিন ধরে ১৫ আগস্টে ভুয়া জন্মদিন পালন করছেন। কিন্তু বাস্তবে সেটিই তাঁর প্রকৃত জন্মদিন।

তাঁর রেখে যাওয়া পরিবারের সদস্যদের মধ্যে রয়েছেন বড় ছেলে তারেক রহমান। তিনি ২০০৮ সাল থেকে বৃটেনে নির্বাসনে থেকে দল পরিচালনা করছিলেন। তাঁর আরেক ছেলে আরাফাত রহমান ২০১৫ সালে হৃদরোগে মারা যান। তারেক রহমান ২৫শে ডিসেম্বর দেশে ফিরেছেন।

## রংপুর জেলা এসোসিয়েশনের সভাপতি রাজু, স্বপন সম্পাদক

৬২ পৃষ্ঠার পর

সাধারণ সম্পাদক হয়েছেন মোহাম্মদ রবিউল মামুন (স্বপন)। নির্বাচনী প্রক্রিয়া শেষে প্রধান নির্বাচন কমিশনার মাসুদ আলম মিন্টু গত ২১ ডিসেম্বর 'রাজু-স্বপন' প্যানেলের প্রার্থীদের নির্বাচিত ঘোষণা করেন।

সংগঠনের কার্যকরি কমিটির অন্যরা হলেনসহ সভাপতি- মোহাম্মদ নুরুননবী মিয়া (বাদল), সহ সাধারণ সম্পাদক- মোহাম্মদ মাহমুদুল হাসান (প্রান্ত), অর্থ সম্পাদক- মোহাম্মদ জোবায়দুর রহমান (মিন্টু), সহ অর্থ সম্পাদক- মোহাম্মদ শফিকুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক- মোহাম্মদ হাসান আবু সাঈদ (বিদ্যুৎ), সাংস্কৃতিক সম্পাদিকা- তাহমিনা সিলভিয়া, সহ সাংস্কৃতিক সম্পাদিকা- নাদিয়া আক্তার বানু (শিখা), প্রচার সম্পাদক- মোহাম্মদ আহসান হাবিব (আবির) এবং কার্যনির্বাহী সদস্য : মোহাম্মদ মিয়া (মুকুল), মোহাম্মদ জাকিউল ইসলাম (উজ্জ্বল), মোহাম্মদ আনওয়ার হোসেন, জাকিয়া ফেরদৌস (সাথী) ও মোহাম্মদ জাহাঙ্গীর আলম। তিন সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশনের সদস্যদ্বয় ছিলেন মোহাম্মদ একরামুল ইসলাম (মুকুল) ও মোহাম্মদ শফিকুল হক বসুনিয়া।

## নতুন বছরে অনেক চ্যালেঞ্জ

৫২ পৃষ্ঠার পর

কিন্তু আফঈদা খন্দকাররা সেই মিশনের জন্যই নিজেদের শানিত করে যাচ্ছেন। ফুটবলের পাশাপাশি ফুটসালে খেলছেন সাবিনা-সুমাইয়ারা। সাফের আসরে প্রথমবার অংশ নিয়ে সাফল্য পাওয়াটাও বড় বিষয়। জাতীয় দলের পাশাপাশি ঘরোয়া ফুটবলের ব্যস্ততা কম নয়। কোটি টাকার সুপার কাপ রয়েছে। এছাড়া আর্থিকভাবে ভঙ্গুর ক্লাবগুলোর এ বছর নতুন করে ঘুরে দাঁড়ানোর ইচ্ছে রয়েছে। বিশেষ করে জাতীয় নির্বাচনের পর ক্লাবগুলোতে পরিবর্তনের হাওয়া লাগতে পারে। তাবিথ আউয়ালের বাফুফেও কিছু পরিবর্তন আনার সুযোগ দেখছেন। ফুটবলের পাশাপাশি দেশের অন্যতম জনপ্রিয় খেলা ক্রিকেটের তো চ্যালেঞ্জ কম নয়। ওয়ানডে বিশ্বকাপে সরাসরি খেলার সুযোগ রয়েছে। এ বছর ভালো খেলতে পারলে র‍্যাংকিংয়ে এগিয়ে থেকে সরাসরি বিশ্বকাপে খেলবে লিটন কুমার দাসের দল। তাই টিম স্পিরিটও থাকছে উঁচুতে। যেন বাংলাদেশ দলকে বাছাই পর্ব খেলে আসতে না হয়। ফেব্রুয়ারিতে রয়েছে টি টোয়েন্টি বিশ্বকাপ। ভারতে বাংলাদেশ দল কতটুকু ভালো করতে পারে তা দেখার রয়েছে। এরপর টেস্টের কথা বললে এ বছর বেশ কিছু ম্যাচ রয়েছে। ১১টির মতো ম্যাচ খেলতে হতে পারে। অধিকাংশ টেস্ট চ্যাম্পিয়নশিপের অংশ। সবচেয়ে বড় উল্লেখযোগ্য হচ্ছে এপ্রিল-মে মাসে নিউজিল্যান্ড ও অস্ট্রেলিয়াকে ঘরের মাঠে আতিথ্য দেওয়ার কথা রয়েছে বাংলাদেশ পুরুষ ক্রিকেট দলের। তার আগে মার্চ-এপ্রিলে আসার কথা রয়েছে পাকিস্তানের। আগস্টে দুটি টেস্টের জন্য অস্ট্রেলিয়া সফর করার কথা। সেপ্টেম্বরে ঘরের মাঠে আতিথ্য দেওয়ার কথা রয়েছে ভারতকেও। অক্টোবরে ঘরের মাঠে রয়েছে ওয়েস্ট ইন্ডিজ সিরিজ।

## সাজুফতা সাহিত্য ক্লাবের মহান বিজয় দিবস উদযাপন

৬২ পৃষ্ঠার পর

কাউন্সিলর লিমন। বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা বিজয় কৃষ্ণ সাহা , এম এ নাসির। বিজয়ের উপর লেখা গীতিকাব্য বিজয় বীথি কাব্যগাঁথা করেন জুলি রহমান ও তাঁর সাজুফতা পরিবারের কবি শিল্পী নাট্য দল। এতে অংশগ্রহণ করেন বাউলের ভূমিকায় কবি সুধাংশু কুমার মন্ডল। মুক্তিযোদ্ধা এম এ নাসির মুক্তিযোদ্ধারই অভিনয় করেন। বীথির ভূমিকায় থাকেন সর্ব গুণে গুণান্বিতা মনিকা মন্ডল।

অনুষ্ঠানের শেষাংশে থাকে পুঁথি পাঠের আসর। অংশ গ্রহণে মেহের চৌধুরী লিমন এম এ নাসির সুধাংশু কুমার মন্ডল মনিকা ও জুলি রহমান অন্যদ। এবার সাজুফতার পক্ষ থেকে ৬ জন মুক্তিযোদ্ধাকে সম্মাননা প্রদান করা হয়। এরা হলেন যথাক্রমে বীর মুক্তিযোদ্ধা লিয়াকত আলী। বীর মুক্তিযোদ্ধা বিজয় কৃষ্ণ সাহা , মুক্তিযোদ্ধা এম এ নাসির,মনজুর আহমেদ কমান্ডার। দেশের গান করেন কাউন্সিলর লিমন জাগ্রতি। সমগ্র অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন মনিকা মন্ডল।

## কংগ্রেসনাল প্রোক্লেমেশন পেলেন সুব্রত চৌধুরী

৬২ পৃষ্ঠার পর

সিটি স্কুল বোর্ড নির্বাচনে প্রথম দক্ষিণ এশীয় আমেরিকান হিসেবে পরপর তৃতীয় মেয়াদে জয়লাভ করায় নিউজার্সি অঙ্গরাজ্যের দ্বিতীয় কংগ্রেসনাল জেলার কংগ্রেসম্যান জেফ ভ্যান ড্রিউ সুব্রত চৌধুরীকে এই কংগ্রেসনাল প্রোক্লেমেশন প্রদান করেন। সুব্রত চৌধুরী সাংবাদিকতার পাশাপাশি সাহিত্যের বিভিন্ন ধারায় লেখালেখি করেন। ছড়াকার, গল্পকারের পাশাপাশি অনুবাদক হিসেবেও তাঁর খ্যাতি রয়েছে। আবৃত্তি শিল্পী হিসেবে প্রবাসের সাংস্কৃতিক পরিমণ্ডলে তাঁর রয়েছে সদর্প বিচরণ। সুব্রত চৌধুরী বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সাউথ জার্সি, ন্যাশনাল অ্যাসোসিয়েশন ফর দ্য অ্যাডভান্সমেন্ট অব কালারড পিপল (এনএএসিপি), সাউথ জার্সি পোয়েটস কালেক্টিভ এর সঙ্গে যুক্ত।

বাংলাদেশের চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলার কচুয়াই গ্রামের বাসিন্দা প্রয়াত দীপেশ চৌধুরী ও রাধা চৌধুরীর জ্যেষ্ঠ সন্তান সুব্রত চৌধুরী আটলান্টিক কাউন্টি গভর্নমেন্ট এর হিউম্যান সার্ভিসেস স্পেশালিস্ট পদে কর্মরত।

সুব্রত চৌধুরী প্রথম এশিয়ান আমেরিকান হিসেবে আটলান্টিক কাউন্টির 'সংস্কৃতি ও ঐতিহ্য বিষয়ক পরামর্শক পর্ষদ' এর সদস্য পদে আগামী তিন বছরের জন্য তৃতীয় মেয়াদে দায়িত্ব পালন করছেন। এছাড়া তিনি আটলান্টিক সিটি ফ্রি পাবলিক লাইব্রেরির ট্রাস্টি বোর্ডের সদস্য হিসাবেও দায়িত্ব পালন করছেন।







# ফরিদপুর জেলা সমিতি ইউএসএ ইনক
# Faridpur Zilla Samity USA Inc




**তারিখ**
৩রা জানুয়ারী, ২০২৬
শনিবার, সময়: সন্ধ্যা ৬ টা

**স্থান**
ইকরা পার্টি হল
89-16 175th St,
Jamaica, NY 11432



সঙ্গীত পরিবেশনায়: নির্জন, নিপা জামান, নারায়ণ বর্মণ ও ইউসুফ হোসেন

**প্রধান অথিতি:**



**এটর্নী মঈন চৌধুরী**
এটর্নী অ্যাট ল, ডিরেক্টর
আমেরিকান ইস্টা. বার এসোসিয়েশন

সুধী, আসসালামু আলাইকুম,

আসছে ৩রা জানুয়ারী ২০২৬ রোজ শনিবার, সন্ধ্যা ৬টায় ফরিদপুর জেলা সমিতি ইউএসএ ইনক এর উদ্যোগে হ্যাপি নিউ ইয়ার ২০২৬ উপলক্ষে ইকরা পার্টি হলে দেশীয় পিঠা উৎসব ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

উক্ত অনুষ্ঠানে আপনি/আপনারা স্বপরিবারে বিশেষভাবে আমন্ত্রিত ।

**বিশেষ অতিথি:**

মাহফুজুল ইসলাম ভুঁইয়া
(কোষাধ্যক্ষ, বাংলাদেশ সোসাইটি)

মোহাম্মদ ইউসুফ আলী
(কনসালটেন্ট, লাইয়ান ট্যাক্স অ্যান্ড একাউন্টিং সার্ভিস)

**যোগাযোগ ও সহযোগিতায়:** গোলাম রাব্বানি বেলাল, মোঃ হান্নান, তাহের ফারুকী, মাহাবুবুর রহমান রাসেল, স্বপন, মোঃ আরিফুজ্জামান, এনামুল হাসান, মোঃ মিজানুর রহমান, মোঃ তৈয়েবুর রহমান, মোঃ মেহেদী হাসান পিয়াল, শেখ রহিম, এইচ এম বাইজিদ, মোঃ রানা শেখ, শেখ আমিনুর, কাজী পাইন, আলী আজাদ মিয়া মুকুল হাসান, জিন্নাত, রোকসানা আক্তার, ফারজানা আক্তার, সারোয়ার হোসেন, ফুয়াদ হোসেন।

**সার্বিক সহযোগিতায়:** মুজিবুল হাসান, পরেশ সাহা, আতিয়ার রহমান, মনিরুল ইসলাম লাব্বু, আবুল কালাম আজাদ, মোহাম্মদ আলী সিদ্দিকী, শাখাওয়াত বিশ্বাস, এস এম লুৎফর রহমান, আরিফুজ্জামান মোল্লা, মোঃ বুলবুল ইসলাম, মোঃ ইমরোজ হোসেন, গোলাম কবির, দিলিপ কুমার রায়, একেএম নজরুল ইসলাম, সেলিম চৌধুরী, মোঃ শহিদুল ইসলাম ও আসাদুজ্জামান লিটন।

**আমন্ত্রনে:**

সভাপতি
এম এম রমজান আলী
৬৪৬-৮২৯-৫৬৪৭

সাংগঠনিক সম্পাদক
মোঃ তৈয়েবুর রহমান
৯২৯-২৮৫-৬৭২৩

সাধারণ সম্পাদক
শরীফ রাহাত আহমেদ মিল্টন
৯৩৪-৭৯৯-৮৪০৮

প্রচারেঃ প্রচার ও প্রকাশনা সম্পাদক মোহাম্মদ সাদী, ৯২৯-৬১৫-৯৪৭৬

## বাংলাদেশসহ ১৭ দেশের জন্য যুক্তরাষ্ট্রের ২ বিলিয়ন ডলার

৬২ পৃষ্ঠার পর

বাংলাদেশ, সিরিয়া, উগান্ডা, কেনিয়া এবং চাদ, পাশাপাশি জাতিসংঘের কেন্দ্রীয় জরুরি প্রতিক্রিয়া।

মূলত মার্কিন প্রেসিডেন্টের প্রশাসন যুক্তরাষ্ট্রের বৈদেশিক সহায়তা কমিয়ে আরও ছোট করে নিতে চাইছে। একইসঙ্গে নতুন আর্থিক বাস্তবতায় সাহায্য দেওয়া সংস্থাগুলিকেও কঠোর বার্তা দিয়ে রেখেছে। মার্কিন প্রশাসন আগে যতটা সাহায্য করত সেই তুলনায় ২ বিলিয়ন ডলার অনেকটাই কম। তবে ট্রাম্প প্রশাসনের মতে, এটি একটি উদার অনুদান, যা যুক্তরাষ্ট্রকে বিশ্বের সবচেয়ে বড় মানবিক দাতা হিসেবে প্রতিষ্ঠিত করে রাখবে।

সংবাদ সংস্থার প্রতিবেদনে বলা হয়েছে, এই অর্থ একটি আমব্রেলা ফান্ড-এর মাধ্যমে বিতরণ করা হবে। সেখান থেকে নির্দিষ্ট সংস্থা ও অগ্রাধিকারভিত্তিক খাতে অর্থ বরাদ্দ দেওয়া হবে। এটি জাতিসংঘজুড়ে ব্যাপক সংস্কারের জন্য যুক্তরাষ্ট্রের দাবির একটি গুরুত্বপূর্ণ অংশ। এই পদ্ধতি মানবিক সহায়তাকর্মীদের মধ্যে উদ্বেগ সৃষ্টি করেছে। এর ফলে অনেক কর্মসূচি ও সেবায় বড় ধরনের কাটছাঁটও হয়েছে।

সংস্কার প্রকল্পটির মূল লক্ষ্য হলো এমন তহবিল গড়ে তোলা, যেগুলো নির্দিষ্ট কোনো সংকট বা সহায়তাপ্রয়োজনীয় দেশের দিকে সরাসরি পাঠানো যাবে। প্রাথমিকভাবে ১৭টি দেশকে রাখা হয়েছে এই তালিকায়। এরমধ্যে বাংলাদেশ ছাড়াও আছে কঙ্গো, হাইতি, সিরিয়া ও ইউক্রেন। তবে বিশ্বের সবচেয়ে সংকটাপন্ন দেশগুলোর একটি আফগানিস্তান এই তালিকায় নেই। একইভাবে ফিলিস্তিনি ভূখণ্ডও অন্তর্ভুক্ত করা হয়নি। কর্মকর্তারা বলেছেন, ফিলিস্তিনের জন্য সহায়তা আসবে ট্রাম্পের এখনো অসম্পূর্ণ গাজা শান্তি পরিকল্পনা থেকে পাওয়া অর্থের মাধ্যমে। জাতিসংঘের তথ্য অনুযায়ী, এই ২ বিলিয়ন ডলার সাম্প্রতিক বছরগুলোতে জাতিসংঘ-সমর্থিত কর্মসূচিতে যুক্তরাষ্ট্রের প্রচলিত মানবিক সহায়তার খুবই সামান্য অংশ। একসময় এই সহায়তার পরিমাণ বছরে সর্বোচ্চ ১৭ বিলিয়ন ডলার পর্যন্ত পৌঁছেছিল।

মার্কিন কর্মকর্তারা জানান, এর মধ্যে মাত্র ৮ থেকে ১০ বিলিয়ন ডলার ছিল স্বেচ্ছা অনুদান। এ ছাড়া জাতিসংঘের সদস্য রাষ্ট্র হিসেবে যুক্তরাষ্ট্র প্রতিবছর আরও কয়েক বিলিয়ন ডলার চাঁদা দেয়।

সমালোচকদের মতে, পশ্চিমা দেশগুলোর পাশাপাশি যুক্তরাষ্ট্রেরও সহায়তা কমানোর ফলে লাখো মানুষ ক্ষুধা, বাস্তুচ্যুতি ও রোগের ঝুঁকিতে পড়ছে। এতে বিশ্বজুড়ে যুক্তরাষ্ট্রের প্রভাব ক্ষতিগ্রস্ত হচ্ছে।

## 'দ্বন্দ্বের জেরে' চেলসি ছাড়লেন হেড কোচ এনজো মারেস্কা

৫২ পৃষ্ঠার পর

নিষেধাজ্ঞার সময় দায়িত্ব পালন করা উইলি কাবালেরো অস্থায়ীভাবে দল পরিচালনা করতে পারেন বলে ধারণা করা হচ্ছে। দীর্ঘমেয়াদে কোচ হিসেবে ক্লাবের ব্লুকো মালিকানাধীন ক্লাব স্ট্রাসবুর্গের বর্তমান কোচ লিয়াম রোজেনিয়রকে সম্ভাব্য প্রার্থী হিসেবে দেখা হচ্ছে। তবে ক্রিস্টাল প্যালেসের অলিভার গ্লাসনার এই দৌড়ে নেই বলে জানিয়েছে সূত্র।

মারেস্কার শেষ ম্যাচ ছিল মঙ্গলবার এএফসি বোর্নমাউথের বিপক্ষে ২-২ ড্র। ম্যাচ শেষে স্ট্যামফোর্ড ব্রিজে দর্শকদের দুয়োধ্বনির মুখে পড়ে দলটি।

কোল পামারকে বদলি করার সিদ্ধান্তে ক্ষুব্ধ সমর্থকরা মারেস্কার উদ্দেশে 'তুমি জানো না তুমি কী করছ' বলে স্লোগান দেন। এরপর তিনি ম্যাচ-পরবর্তী সংবাদ সম্মেলনেও হাজির হননি; ক্লাব তখন জানায়, মারেস্কা অসুস্থ ছিলেন।

২০২৪ সালের জুলাইয়ে চেলসির দায়িত্ব নেওয়া মারেস্কা তার প্রথম মৌসুমেই দলকে চ্যাম্পিয়নস লিগে ফেরান, প্রিমিয়ার লিগে চতুর্থ স্থান অর্জনের মাধ্যমে। পাশাপাশি তিনি কনফারেন্স লিগ ও ক্লাব বিশ্বকাপ জেতান চেলসিকে। মারেস্কার চুক্তি ছিল ২০২৯ সাল পর্যন্ত, সঙ্গে অতিরিক্ত এক বছরের অপশন। যদিও ম্যানচেস্টার সিটির সঙ্গে সম্ভাব্য যোগসূত্র নিয়ে গুঞ্জন থাকলেও, সিটি কর্তৃপক্ষ এটিকে নিছক জল্পনা বলেই দেখছে, কারণ সেখানে বর্তমানে কোনো কোচিং শূন্যপদ নেই।











চিটাগাং এসোসিয়েশন অফ নর্থ আমেরিকা ইন্‌কের নব নির্বাচিত ট্রাস্টি বোর্ডের পক্ষ থেকে
বাংলাদেশের মহান বিজয় দিবসে সকলের প্রতি রইলো
শুভেচ্ছা এবং আন্তরিক অভিনন্দন
মুক্তিযুদ্ধের বিজয়, বীর বাঙালীর অহংকার
মুক্তির মন্দির সোপানতলে
কত প্রাণ হলো বলিদান
লেখা আছে অশ্রুজলে
নতুন বছর ২০২৬
সবার জীবনে নিয়ে আসুক
শুভ বার্তা, সকলের সুস্বাস্থ্য এবং
সমৃদ্ধি কামনা করছি!!
Happy New Year
2026
Shamsul Alam Chowdhury
Chairman
Kamal Hossain Mithu
Co-chairman
Munir Ahmed
Member
Enam Chowdhury
Member
Syed Mosharraf Hossain Babar
Member
Mohammed Shahjahan
Member
Syed Morshed Rizvi Chowdhury
Member
Abul Kashem
Member
Mizanur Rahman Jahangir
Member
AKM Tariqul
Haider Chowdhury
Member
Abu Taleb Chowdhury
Member
বোর্ড অফ ট্রাস্টি
চিটাগাং এসোসিয়েশন অফ নর্থ আমেরিকা ইন্‌ক
৫৪৫ ম্যাকডোনাল্ড এভিনিউ, ব্রুকলিন, নিউইয়র্ক ১১২১৮

জ্যাকসন হাইটস, উডসাইড এ নিরিবিলি পরিবেশে

বাংলাদেশী ডাক্তার

মেডিসিন বিশেষজ্ঞ

Internal Medicine

Geriatric Medicine

শামীম আহমেদ এম, ডি

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

35-30, 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)

TEL: 718-205-6561

Starling Car Service LLC

Best Choice for your trip



একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

- 24 Hours Service
- Experienced & Professional Driver
- Affordable Price
- Airport Service
- Long Distance - Short Distance Hourly Service
- Special Occasions Service
- Wheelchair Available
- Corporate Transporation



Please Contact:
Md. Kamroul Hasan
President & CEO
718-612-8825

2115 Starling Ave
2nd Fl, Bronx
NY 10462
Tel: 718-612-8825
914-294-1845
Email: starlingcarservice@gmail.com

We arrange
Base Letter & Base Affiliate

Amader Service.com

Your Trusted Service Partner

আমাদের সেবাসমূহ

ইভেন্ট ম্যানেজমেন্ট
১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী

হোম সার্ভিস
১. ফার্নিচার সেটআপ
২. ইলেক্ট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কনস্ট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা

অফিস এ্যাডভাইজারী
১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ডিএমভি সার্ভিস
৫. ইবিটি, ফুড ষ্ট্যাম্প, রেন্টাল এসিস্ট্যান্ট
৬. হোম কেয়ার

এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।

Get all services you need in one place from professional expart, at home!

এ্যাপসটি ডাউনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।

GET IT ON Google Play | GET IN ON App Store

CONTACT

+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410

www.amaderservice.com

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all Your Professional Photography Like events News Conference Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত

KARNAFULLY
TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc
Approved




# কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

পায়ের বিশেষজ্ঞ চিকিৎসক
Bangladeshi Foot Specialist
Dr. Sadi Alam

পায়ের কোন সমস্যায় ভুগছেন ?
নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন
ডায়াবেটিক রোগীদের ইন্স্যুরেন্সের মাধ্যমে ডায়াবেটিক জুতা দেওয়া হয়।
We Accept Wellcare, Fidelis, Medicare, Metroplus, Healthfirst and other private insurances.
Our Office Locations
01 16605 Highland Ave, Suite L-1, Jamaica, NY 11432
02 264-02 Hillside Ave, Floral Park, NY 11004
03 486 McDonald Ave, Brooklyn, NY 11218
04 7017 37th Ave, Jackson Heights, NY 11372
05 7721 101th Ave, Ozone Park, NY 11416
06 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
Phone: 347-509-4470, Fax: (646) 845-1861
আজই আপনার ডাক্তারকে রেফারেলের জন্য জিজ্ঞাসা করুন।
Call for Appointment

ESTD 2017
Tribune Training Academy
Workplace Safety Training School
40-38 75th Street,
Jackson Heights, NY 11373
(718) 790-2664
tribunest@gmail.com
www.tribunest.com

40-HR OSHA/SST: $400
Tribune Training Academy is an outstanding institution with a proven track record of excellence that has made it a top player in the field of safety and technical training. Based in New York City, our esteemed organization has continuously set the standard for quality education through our unwavering commitment to providing the very best in certification training. Below are a list of some of the courses we offer:
- 30 Hour OSHA Training
- 40 Hour OSHA/SST
- 62 Hour Supervisor SST
- 4,16 & 32 Hour Scaffold
- 8-Hour EPA Lead Renovator
- NYS Security Guard License
- Fire Guard/FSD Training
- Work-zone Flagger
- Forklift/Scissor Lift Operator
- Defensive Driving Course

40-HR OSHA/SST: $400 (LIMITED TIME OFFER)
Get your 40-Hour OSHA/SST Training for only $400. This is a limited time offer only and this rate will not be honored once this promotional rate ends.

আমেরিকা তথা নিউইয়র্ক এ একটি গর্বিত বাড়ির মালিক হতে চান?
আমরা স্বাচ্ছন্দ্য মুল্যে বাড়ি ক্রয় বিক্রয়ে নিশ্চয়তা দিয়ে থাকি।
REALTOR MLS
EQUAL HOUSING LENDER


KAZI N JALAL
Licensed Sale Agent
ARA REALTY SERVICES INC
A full Service Real Estate Brokerage of Professional Company
158-10 84th DriveJamaica, NY 11432
Email: realtornykazi@gmail.com
Office: 917-417-6766
Cell: 516-439-0156

CHAUDRI CPA P.C.
FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING
Sarwar Chaudri, CPA, MBA

ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যানশিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল
আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ
AUTHORIZED IRS e-file PROVIDER
Individual and Business Tax Audit, Financial Statement Bookkeeping, Non-Profit Business Setup, Licensing & Payroll Specialized in IRS & NYS Tax problem resolution
tax refund
Finance, Accounting, Tax Filing, Audit & Consulting
(Business & Not for Profit)
JACKSON HEIGHT OFFICE:
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com
BRONX OFFICE:
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com

## সিনেমা হলের সিটটা শক্ত করে ধরুন :সিয়াম

৪৬ পৃষ্ঠার পর

পাঠিয়েছেন, এই ভালোবাসা সত্যিই ভাষায় প্রকাশ করার মতো নয়।' সিয়াম মনে করেন, অভিনেতা হিসেবে সবসময় নিজেকে চ্যালেঞ্জ করাই তার লক্ষ্য। আরও লক্ষ্য দর্শকদের জন্য ভিন্ন স্বাদের চরিত্র, নতুন গল্প নিয়ে পর্দায় হাজির হওয়া। সিয়াম মনে করেন, গত বছরের চরিত্রগুলোর সফলতায় তিনি বুঝেছেন- তার চেষ্টা কিছুটা হলেও সফল। গত বছরের অভিজ্ঞতায় নতুন বছরটাকেও সাজাতে চান সিয়াম আহমেদ। তার ভাষায়, 'এই বছরটা শুরু হয়েছিল অনেক আশঙ্কা আর অনিশ্চয়তা নিয়ে। ঠিক সেই সময়েই বিনোদনের কাজটা আরও বেশি জরুরি হয়ে ওঠে- মানুষকে একটু হলেও বাস্তবের চাপ থেকে দূরে নিয়ে যাওয়া, কিছুক্ষণ হাসানো, কাঁদানো কিংবা নতুন একটা জগতে নিয়ে যাওয়া। তাই এবার নতুন চ্যালেঞ্জের পালা। নতুন বছরে আপনাদের জন্য আসছে আরও নতুন কিছু চরিত্র, আরও নতুন গল্প। আমি সিনেমায় অভিনয় করি দর্শকদের জন্যই, দর্শকের ভালো লাগা-মন্দ লাগাই আমার সবচেয়ে বড় অর্জন। তাই নতুন বছরে এমন কিছু চরিত্র, এমন কিছু গল্পই হাতে নিয়েছি যেখানে রাক্ষস আকারে জংলি হয়ে উঠবে। তাই সিনেমা হলের সিটটা শক্ত করে ধরুন, পপকর্নের বক্সটা কাছে নিয়ে রাখুন, কারণ আমি সিনেমার পর্দায় আগুন হয়ে ধরা দিতে চাই।' চলতি বছরের শুরুতেই সিয়ামের দুটি সিনেমা রয়েছে আলোচনার তালিকায়। একটি রায়হান রাফীর 'আন্ধার'। ছবিটিতে সিয়ামের বিপরীতে অভিনয় করেছেন নায়িকা তুশি। সিনেমাটির কাজ শেষ করেই প্রস্তুতি নিচ্ছেন মেহেদী হাসান হৃদয় পরিচালিত 'রাক্ষস'-এর জন্য। ছবিটির নায়িকা হচ্ছেন কলকাতার সুস্মিতা চ্যাটার্জি। বলা দরকার, সিয়াম আহমেদ অভিনীত দেশের প্রেক্ষাগৃহে মুক্তি পাওয়া সর্বশেষ সিনেমা এম রাহিম পরিচালিত 'জংলি'। এতে তাঁর বিপরীতে অভিনয় করেছেন শবনম বুবলী। তার আগে 'পোড়ামন ২' দিয়ে দারুণ শুরু করেছেন টিভি পর্দার এই অভিনেতা-মডেল। এরপর 'দহন', 'বিশ্বসুন্দরী', 'শান', 'মৃধা বনাম মৃধা', 'অপারেশন সুন্দরবন', 'দহন', 'অ্যাডভেঞ্চার অব সুন্দরবন', 'পাপপুণ্য', 'দামাল', 'অন্তর্জাল' সিনেমাগুলো দিয়ে নিজেকে প্রমাণ করেছেন।

## 'মেয়েকে দেখে ইমোশনাল নাদিয়া'

৪৬ পৃষ্ঠার পর

সুস্থ। আজ বিকেল সাড়ে পাঁচটার পর নাদিয়ার হোয়াটসঅ্যাপ নম্বরে ফোন দিলে সেটি ধরেন সালমান আরাফাত। তিনি প্রথম আলোকে জানান, কিছু সময় আগে তাঁদের সন্তানের জন্ম হয়েছে। মাত্রই তিনি সন্তানের মুখ দেখেছেন। এ সময় তিনি বলেন, 'নাদিয়া ও মেয়ে দুজনই ভালো আছে। এখন নাদিয়ার সঙ্গে কথা বলতে পারবেন না। সে চিকিৎসকদের তত্ত্বাবধানে রয়েছেন। আমরা মা ও বাবা হয়েছি, এটাই আজকের দিনে সবচেয়ে আনন্দের সংবাদ।'

মেয়ের মুখ দেখে ইমোশনাল হয়ে গিয়েছিলেন নাদিয়া, এমনটাই জানালেন তাঁর স্বামী। আরাফাত বলেন, 'সে (নাদিয়া) দীর্ঘ সময় ধরে অপেক্ষা করেছে মাতৃত্বের জন্য। সে সব সময় মাতৃত্বের স্বাদ পেতে চাইত। সন্তান জন্মের পরে মেয়েকে দেখে ইমোশনাল নাদিয়া। আসলে আমরা দুজনই ইমোশনাল। সন্তানের জন্য আমরা সবাই অপেক্ষায় ছিলাম। তারা যেন ভালো থাকে, সেই দোয়া চাই।' এদিকে মেয়ের জন্মের খবর ফেসবুকে জানিয়ে নাদিয়ার অ্যাডমিন পোস্টে লেখা হয়েছে, 'আল্লাহর রহমতে আজ আমাদের হৃদয় কৃতজ্ঞতায় ভরে উঠেছে। আমরা এক সুন্দর কন্যাসন্তানের আশীর্বাদ পেয়েছি। আল্লাহ যেন তাকে হেফাজত করেন, সঠিক পথে পরিচালিত করেন এবং তার জীবন ঈমান, ভালোবাসা ও অফুরন্ত সুখে ভরে দেন। আমাদের ছোট রাজকন্যার জন্য দোয়া করবেন সবাই।'

দেড় দশক ধরে বিনোদন অঙ্গনে কাজ করছেন নাদিয়া খানম নাদিয়া। এর মধ্যে গত বছর জুনে তিনি বিয়ে করেন। তাঁর স্বামী সালমান আরাফাতও বিনোদন অঙ্গনে কাজ করেন। তিনি নাটক ও বিজ্ঞাপনচিত্রের নিয়মিত মুখ।

## আশা নিয়ে ব্যাংকক যাচ্ছেন সাবিনা-সুমাইয়ারা

৫২ পৃষ্ঠার পর

খেলবে ভারতের বিপক্ষে। এরপর ভুটান, নেপাল, শ্রীলঙ্কা, পাকিস্তান এবং সবশেষ মালদ্বীপের বিপক্ষে খেলবেন সাবিনারা। বাফুফে ভবনে সাবিনা খাতুন বলেছেন, 'ফুটসালের প্রতি আমার আলাদা একটা সফটকর্নার আছে। বাংলাদেশের প্রথম কোনও নারী ফুটবলার বিদেশের মাটিতে খেলেছিল, সেটা হচ্ছি আমি এবং তখন ফুটসাল খেলতেই গিয়েছিলাম। সাফে দেশকে রিপ্রেজেন্ট করতে পারি, একটা ভালো পজিশনে নিয়ে যেতে পারি, নেক্সট জেনারেশন যারা আসবে তাদের জন্য একটু সহজ হবে।' ফুটবলের পাশাপাশি ফুটসালও খেলছেন সাবিনা। এ নিয়ে বললেন, 'আসলে ক্যারিয়ার কখন শেষ হবে সেটা মনে হয় যে প্লেয়াররা ডিসাইড করলে বেটার হয়। আমি যে ফুটসালে এখন কমিটেড এরকমও কিছু না। যেহেতু আমি খেলেছি আগে, আমার অভিজ্ঞতা আছে। আমার জন্য যদি দেশের একটু ভালো হয় বা আমি যদি বাকি মেয়েদের সাপোর্ট দিতে পারি তাহলে কেন যাবো না? আমার যেখানে আসলে প্রয়োজন মনে হবে, যেহেতু দুইটা খেলাই আমি পারি, তাই চেষ্টা করবো ওই জায়গা থেকে সর্বোচ্চটা দেওয়ার।'

ব্যাংককে আগে গিয়ে প্রস্তুতি ম্যাচও খেলবে বাংলাদেশ। সাফ ফুটসালে লক্ষ্য নিয়ে সাবিনার পরিষ্কার বার্তা, 'আসলে কোনও টিমের সম্পর্কে আমাদের কোনও ধারণা নেই। তবে মালদ্বীপকে যদি দেখেন, আমি নিশ্চিত করে বলতে পারি যে ওরা বেশ অভিজ্ঞ এবং ওখানকার মেয়েরা মূলত ফুটসালই খেলে। আমাদের চেয়ে মালদ্বীপ এগিয়ে থাকবে এবং ইন্ডিয়া বেশ কিছু কোয়ালিফায়ার খেলছে ফুটসালে, তারা অবশ্যই সবসময় শক্তিশালী হয় এবং ওদের পরিকল্পনা সবসময় আগের থেকেই থাকে। বাকি টিমগুলো যারা আছে তারা আমাদের মতোই নতুন। তবে এক মাসের একটু বেশি সময় অনুশীলন করেছি। সেই জায়গা থেকে আমার মনে হয় যে আমরা ভালো কিছু করবো।'

মাতসুশিমা সুমাইয়া প্রশ্ন রেখে বলেছেন, 'এখন আমরা সাফে যাচ্ছি। তবে একটি বড় অনুরোধ আছে।আমাদের একটি ফুটসাল স্টেডিয়াম প্রয়োজন। এখন দুটি ন্যাশনাল টিম (নারী ও পুরুষ) প্রস্তুত হচ্ছে, কিন্তু ঢাকায় কিছু স্টেডিয়াম থাকা সত্ত্বেও আমরা কেন ট্রেনিং করতে পারছি না, সেটি আমার কাছে বড় প্রশ্ন।'

## বছরের শুরুতে এমবাপ্পেকে নিয়ে দুঃসংবাদ পেলো রিয়াল মাদ্রিদ

৫২ পৃষ্ঠার পর

সুপার কাপের সেমিফাইনাল, লেভান্তের বিপক্ষে লিগ ম্যাচ এবং সাবেক ক্লাব মোনাকোর বিপক্ষে চ্যাম্পিয়ন্স লিগের ম্যাচও মিস করতে পারেন এমবাপ্পে।

কবে বা কীভাবে এই চোট পেয়েছেন, সে বিষয়ে কিছু জানায়নি রিয়াল মাদ্রিদ। তবে মঙ্গলবার দলের সঙ্গে অনুশীলনে ছিলেন এমবাপ্পে। বুধবার তার এমআরআই স্ক্যান করা হয়। ২০২৫ সালটা দারুণ কেটেছে এমবাপ্পের। এক পঞ্জিকা বর্ষে ৫৯ গোল করে ক্রিস্টিয়ানো রোনালদোর ক্লাব রেকর্ডে ভাগ বসিয়েছেন। এছাড়া অনেক ম্যাচেই দলকে টেনে নিয়ে গেছেন তিনি। চাপে থাকা কোচ জাবি আলোনসোর ওপর কিছুটা চাপও কমিয়েছেন।

## সুপার ওভারে রংপুরকে হারালো রাজশাহী

৫২ পৃষ্ঠার পর

নিতে পারেনি রংপুর। ম্যাচসেরাও তাই রিপন।

মামুলি লক্ষ্য সামনে রেখে ব্যাট হাতে পার্থক্য গড়ে দেন তানজিদ হাসান তামিম। সুপার ওভারে মোস্তাফিজুর রহমানের করা ওভারে একটি চার, দুই রান ও আরেকটি চার মেরে নাটকীয় জয় নিশ্চিত করেন তিনি। এই জয়ে চার ম্যাচে তিন জয় নিয়ে ছয় পয়েন্ট সংগ্রহ করে পয়েন্ট টেবিলের শীর্ষে থাকলো রাজশাহী।

অথচ ম্যাচের বেশিরভাগই রংপুরের নিয়ন্ত্রণে ছিল। দলীয় ২২ রানে লিটনের আউটের পর ডেভিড মালান ও তাওহীদ হৃদয়ের শতরানের জুটিতে দ্বিতীয় উইকেটে শক্ত ভিত পায় দলটি। টানা দ্বিতীয় ম্যাচে ফিফটি করা মালান ৫০ বলে অপরাজিত ৬৩ রান করেন। হৃদয় ৩৯ বলে করেন ৫৩ রান। ১৯ ওভারে তিন উইকেটে ১৫৩ রান তুলে সহজ জয়ের পথে এগিয়ে যাচ্ছিল তারা। কিন্তু মোমেন্টাম বদলায় শেষ ওভারে। প্রথম তিন ওভারে ৩৭ রান খরচ করা রিপন শেষ ওভারের প্রথম বলেই খুশদিল শাহকে সাজঘরে পাঠান। পরের তিন বলে নুরুল হাসান সোহান নেন ছয় রান। শেষ দুই বলে প্রয়োজন ছিল মাত্র এক রান। ঠিক তখনই আবার আঘাত হানেন রিপন। অধিনায়ক সোহানকে আউট করার পর শেষ বলে মেহেরবের দুর্দান্ত ফিল্ডিংয়ে রানআউট হন মাহমুদউল্লাহ। ৬ উইকেটে দলটি থামে ১৫৯ রানে। ফলে বিপিএলের এবারের আসরে প্রথমবারের মতো ম্যাচ গড়ায় সুপার ওভারে। এর আগে টস হেরে ব্যাট করতে নেমে ১৩ ওভারে এক উইকেটে ১০৫ রান তুলে ভালো অবস্থানে ছিল রাজশাহী। দ্বিতীয় উইকেটে সাহেবজাদা ফারহান ও নাজমুল হোসেন শান্ত যোগ করেন ৯৩ রান। তবে ৩৩ বলে ৪১ রান করা শান্ত রানআউট হলে ছন্দ হারায় তারা। শেষ পর্যন্ত আর মাত্র ৫৪ রান যোগ করে ৮ উইকেটে ১৫৯ রানে থামে রাজশাহী। দলের পক্ষে সর্বোচ্চ ৬৫ রান করেন ফারহান। তার ৪৬ বলের ইনিংসে ছিল আটটি চার ও দুটি ছক্কা। তবে অন্য ব্যাটারদের কাছ থেকে তেমন সহায়তা পাননি তিনি। রংপুরের হয়ে বল হাতে আবারও উজ্জ্বল ছিলেন ফাহিম আশরাফ। ৪৩ রানে নেন ৩ উইকেট। এছাড়া আলিস আল ইসলাম নেন দুটি উইকেট।

## ডানা মেলছে বাংলাদেশের নারী হকি

৫২ পৃষ্ঠার পর

অনুশীলন ও উন্নত সুযোগ-সুবিধা জেলা পর্যায়ে নেই। বিকেএসপির মেয়েরা নিয়মিত টার্ফে খেলার সুযোগ পান, যা দেশের অন্য মেয়েরা পান না। জেলায় মেয়েদের টুর্নামেন্টও হয় না। ছিটেফোঁটা যেটুকু হকি চর্চা হয় জেলায়, সেটি আধুনিক হকির যুগে একেবারেই বেমানান ঘাসের মাঠে। ফেডারেশন কোনো টুর্নামেন্ট আয়োজন করলে তড়িঘড়ি দল তৈরি করে মাঠে নামে জেলা।

তারপরও নারী হকির চর্চা বাড়ছে, যা দেশের ক্রীড়াঙ্গনের জন্য ভালো খবর। মেয়েরা উৎসাহিত হচ্ছেন, পুরস্কার পাচ্ছেন। 'কোটি টাকার' এই আয়োজনে যেমন সেরা গোলকিপার হয়েছেন রাজশাহীর মহুয়া এবং উদীয়মান তারকা নির্বাচিত হয়েছেন অপূর্ব আক্তার জান্নাতুল। টুর্নামেন্টের সেরা খেলোয়াড়ের পুরস্কার পেয়েছেন চ্যাম্পিয়ন বিকেএসপির আইরিন আক্তার।

২০২৩ সালের সেপ্টেম্বরে ওমানে বিশ্বকাপ বাছাই ফাইভ-এ-সাইড টুর্নামেন্টে পরপর তিন ম্যাচে সেরা হওয়া এই খেলোয়াড় এবার এসএসসি পরীক্ষার্থী। পুরো আয়োজন নিয়ে আইরিন বেশ উচ্ছ্বসিত, 'আগে ফুটবল খেলতাম। ঝিনাইদহের এক ম্যাডামের কথায় হকিতে ট্রায়াল দিই। বিকেএসপিতে খেলার পর এখন খেলাটিকে ভালোবেসে ফেলেছি। আমরাই নারী হকির ভবিষ্যৎ এবং আমরাই এটাকে এগিয়ে নিয়ে যাব।'

ফাইনালে দুটিসহ ২২ গোল করে সেরা গোলদাতার পুরস্কার জিতেছেন বিকেএসপির অধিনায়ক এবং জাতীয় অনূর্ধ্ব-২১ দলের অধিনায়ক অর্পিতা পাল। ওমানে ফাইভ-এ-সাইড টুর্নামেন্টেও ২০ গোল করে সর্বোচ্চ গোলদাতা হয়েছিলেন তিনি। নিয়মিত অনুশীলন, ভালো খাবার এবং ২-৩ জন কোচের অধীনে কঠোর পরিশ্রমই এই ফলের পেছনের কারণ বলে জানান অর্পিতা। তবে তাঁর কণ্ঠে যেন একটু আক্ষেপও আছে। শক্ত প্রতিপক্ষের সঙ্গে খেলার সুযোগ পাচ্ছে না বিকেএসপি। ফেডারেশনের কাছে অর্পিতার অনুরোধ, 'ফেডারেশনের কাছে আবেদন জানাই যেন মেয়েদের খেলার সুযোগ আরও বাড়ানো হয়। আমরা যেন বড় প্রতিপক্ষের সঙ্গে খেলতে পারি।'

বিকেএসপির হকি কোচ জাহিদ হোসেন ও মওদুদুর রহমান মনে করেন, এই ধরনের আয়োজন মেয়েদের জন্য একটি শক্তিশালী মঞ্চ হিসেবে কাজ করবে, যা ভবিষ্যতে জাতীয় দল গঠনে ইতিবাচক ভূমিকা রাখবে। বাংলাদেশে মেয়েদের বয়সভিত্তিক হকি খেলা হলেও এখনো পূর্ণাঙ্গ জাতীয় দল গঠিত হয়নি। তবে আগামী মার্চে এশিয়ান হকি ফেডারেশন কাপের জন্য জাতীয় দল গঠিত হতে পারে। সে ক্ষেত্রে এমন টুর্নামেন্ট গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতেই পারে।

ফাইনাল শেষে পুরস্কার প্রদান অনুষ্ঠানে ব্র্যাক ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও রেফাত উল্লাহ খান আশ্বাস দিয়েছেন, আগামী দিনে এই টুর্নামেন্ট আরও বড় পরিসরে আয়োজন করা হবে।


LIBERTY
REAL ESTATE SCHOOL
NYS Approved Real Estate School

রিয়েলএস্টেটের লাইসেন্স করুন
বছরে লক্ষ ডলার আয় করুন
বিস্তারিত তথ্য এবং ক্লাসের সময় সুচি জানতে
কল করুন +1 (929) 393-8620

- SALESPERSON COURSE : 75 HOURS
- CONTINUING EDUCATION : 22.5 HOURS
- BROKER COURSE : 45 HOURS

YOU LEARN :
The easiest way to buy and sell a home
Learn for Being a professional Realtor or for knowledge
Buying and selling a home as an investment
The market price of house goes up and down
Buy for profit, sell for profit (fix-flip)
What to do to buy your own house
Rules of buying and selling properties
Different types of mortgage loans

Jackson Heights Office: 37-22 73rd Street, Suite 2A
Jamaica Office: 167-16 Hillside Avenue
917 781 0647, 929 399 9352
libertyrealestateschool@gmail.com



জব জব হেল্প জব
Job Help Application Processing Service
917-500-3937

* পোষ্টাল জব
* ফেডারেল জব
* স্টেট জব
* এম. টি. এ জব
* সিটি জব
* রেজুমী তৈরী
* কভার লেটার
* সিটিজেনশীপ এপ্লিঃ প্রঃ
* নিউ পাসপোর্ট/রিনুয়েল
* ডুয়েল সিটিজেনশীপ
* ফুড স্ট্যাম্প
* ডিজএবিলিটি (SSI)
* সসিয়াল সিকিউরিটি (SS)
* রিটারম্যান্ট বেনিফিড



Md. Ali
B.Sc. LLB
Chittagong University
Retired Govt. Officer
Bangladesh

148-45, Hillside Ave, 2nd Fl, Suite 204
Jamica, NY 11435
Phone/Fax: 917-300-6160

২০২৬ সালটা

# বলিউডে বছরটা জেন-জির

আজকাল বিনোদন



বলিউডে ২০২৬ সালটা হতে পারে জেনজির বছর। কারণ, নতুন বছরে যাঁরা রুপালি পর্দায় প্রভাব ফেলবেন বলে ভাবা হচ্ছে, তাঁদের বড় একটা অংশই নবীনও বেশির ভাগই আবার ফিল্মি পরিবারের সন্তান। নতুন প্রজন্মের এই মুখগুলোকে ঘিরে ইন্ডাস্ট্রিতে ইতিমধ্যে তৈরি হয়েছে কৌতূহল।

সুহানা খান : ২০২৬ সালের নতুন মুখদের তালিকায় সবার আগে উচ্চারিত হচ্ছে শাহরুখ খানের মেয়ে সুহানা খানের নাম। এ বছরই অ্যাকশন-ড্রামা ছবি কিং-এ বাবার সহ-অভিনেত্রী হিসেবে বড় পর্দায় তাঁর অভিষেক হতে যাচ্ছে। ছবিটি পরিচালনা করছেন সিদ্ধার্থ আনন্দ। জানা গেছে, ছবিতে সুহানা একজন দক্ষ গুটার। চরিত্রের প্রয়োজনে লন্ডনে পেশাদার প্রশিক্ষকদের কাছ থেকে অ্যাকশনু স্টান্টের বিশেষ প্রশিক্ষণ নিচ্ছেন তিনি। ছবিতে তাঁর গুরুর ভূমিকায় থ কবেন শাহরুখ খান।

২০২৩ সালে নেটফ্লিক্সের দ্য আর্চিস-এর মাধ্যমে ওটিটিতে সুহানার অভিষেক হয়েছিল, তবে বড় পর্দায় কিং-ই হবে তাঁর প্রথম ছবি।

অগস্ত্য নন্দা ও সিমর ভাটিয়া : নতুন বছরেই বড় পর্দায় আসছেন অমিতাভ বচ্চনের নাতি অগস্ত্য নন্দা। শ্রীরাম রাঘবন পরিচালিত ইক্কিস ছবির মাধ্যমে রুপালি পর্দায় তাঁর অভিষেক হবে। ছবিতে পরমবীর চক্রপ্রাপ্ত মেজর অরুণ ক্ষেত্রপালের চরিত্রে অভিনয় করেছেন তিনি। অগস্ত্যও সুহানার মতো দ্য আর্চিস-এ অভিনয়ের মধ্য দিয়ে ওটিটিতে প্রথম কাজ করেছিলেন।

ইক্কিস দিয়ে অভিনেত্রী সিমর ভাটিয়ারও বলিউড অভিষেক হচ্ছে। নবাগত এই অভিনেত্রী অক্ষয় কুমারের ভাগনি। আজ প্রেক্ষাগৃহে মুক্তি পেয়েছে ইক্কিস।

যশবর্ধন আহুজা : বলিউড অভিনেতা গোবিন্দর ছেলে যশবর্ধন আহুজা শিগগিরই একটি রোমান্টিক ছবির মাধ্যমে বলিউডে আত্মপ্রকাশ করতে যাচ্ছেন। দক্ষিণ ভারতীয় নির্মাতা সাই রাজেশ ছবিটি পরিচালনা করছেন। আশা করা হচ্ছে, ২০২৬ সালেই এটি মুক্তি পাবে।

মেধা রানা : বড় বাজেটের জনপ্রিয় একটি ফ্র্যাঞ্চাইজি ছবির মাধ্যমে আসছেন অভিনেত্রী মেধা রানা। ১৯৯৭ সালের ব্লকবাস্টার বর্ডারএর



## 'মেয়েকে দেখে ইমোশনাল নাদিয়া'

আজকাল বিনোদন

নতুন বছরের প্রথম দিনে মা হলেন ছোট পর্দার অভিনেত্রী সালহা খানম নাদিয়া। আজ বৃহস্পতিবার বিকেল সাড়ে পাঁচটা পরে ঢাকার একটি হাসপাতালে তাঁর কন্যাসন্তানের জন্ম হয়। নাদিয়ার স্বামী সালমান আবাফাত জানান, মেয়ের নাম রেখেছেন মেহেরুজ নূর সানাহ। বর্তমানে মা ও সন্তান এরপর ৪৫ পৃষ্ঠায়



## সিনেমা হলের সিটটা শক্ত করে ধরুন : সিয়াম

আজকাল বিনোদন

নতুন বছরের প্রথম দিনে চোখ মেলেই ভক্ত-দর্শক-সমালোচকদের সতর্ক-বার্তা দিলেন নায়ক সিয়াম আহমেদ। বললেন, 'সিনেমাহলের সিটটা শক্ত করে ধরতে।' কারণ, নতুন বছরে পর্দায় আগুন ধরানোর আভাস দিলেন তিনি। শুধু সামনে নয়, নতুন বছরের প্রথম দিনে তিনি ফিরে তাকালেন পেছনের দিকেও। টানলেন 'জংলি'র গল্প। যে সিনেমা দিয়ে তিনি গত বছর প্রশংসা কুড়িয়েছেন সব ঘরানার দর্শকের কাছে।

সিয়ামের ভাষায়, "ঈদে লক্ষ লক্ষ মানুষ পরিবার নিয়ে সিনেমাহলে এসেছেন 'জংলি' দেখতে। আপনারা হেসেছেন, কেঁদেছেন, পরম মমতায় আমাকে জড়িয়ে ধরেছেন। সিনেমাহলে লুকিয়ে লুকিয়ে আমি দেখেছি, বাবা তার সন্তানকে আগলে ধরে বসে আছেন। মায়ের চোখ দিয়ে অঝোরে পানি ঝরছে। বিশ্বাস করুন, আপনাদের সেই ভালোবাসা দেখে আমারও চোখ ভিজে উঠেছে। একজন অভিনেতার জন্য এর চেয়ে বড় প্রাপ্তি আর কী হতে পারে!" গত বছর মুক্তি পাওয়া নিজের অভিনীত চরিত্রগুলোর নাম টেনে সিয়াম বলেন, 'আপনারা জনি কিংবা জংলিকে যেমন আপন করে নিয়েছেন, তেমনি আরমান মনসুরকে দেখে বিস্মিত হয়েছেন। অল্প সময়ের একটি চরিত্রকে ঘিরে আপনারা পোস্টার, মিম, ভিডিও ম্যাশআপ, এমনকি বিজিএম বানিয়ে এরপর ৪৫ পৃষ্ঠায়



## নিজের বিয়ের গুঞ্জন জানালেন নিজেই!

আজকাল বিনোদন

পাকিস্তানের জনপ্রিয় অভিনেত্রী হানিয়া আমির বছরের শেষটা করলেন বিয়ের গুঞ্জন দিয়ে। অথবা নতুন বছরের শুরুটা করলেন সেই বিয়ের খবর দিয়েই। শোনা যাচ্ছে, চলতি বছর নাকি বিয়ের পিঁড়িতে বসতে চলেছেন তিনি।

সম্প্রতি ইনস্টাগ্রামে হানিয়া আমিরের একটি পোস্টে এক ভক্ত মন্তব্য করেন, 'তোমার বিয়ের গুঞ্জন শুনছি।' সাধারণত, তারকারা এমন মন্তব্য বরাবরই এড়িয়ে যান। কিন্তু এ ক্ষেত্রে হানিয়া ব্যতিক্রম নজির সৃষ্টি করলেন। সেই মন্তব্যের জবাবে অভিনেত্রী জবাব দেন এভাবে, 'বিয়ের গুঞ্জনটি আমিও শুনছি!'

হানিয়ার এমন মন্তব্যে নতুন যেন বিয়ের বাদ্য বেজে উঠলো সামাজিক যোগাযোগমাধ্যমে। যদিও এর কোনও তল এখনও খুঁজে পাওয়া যায়নি। বলা দরকার, ২০১৮ সালের দিকে পাকিস্তানি গায়ক আসিম আজহারের সঙ্গে সম্পর্কে জড়িয়েছিলেন হানিয়া আমির। ২০১৯ সালে সেই সম্পর্কের কথা প্রকাশ্যে আসে। তবে ২০২০ সালে দু'জনের পথ আলাদা হয়। নতুন গুঞ্জন, সেই পুরনো প্রেম নাকি নতুন করে জোড়া লেগেছে। অনেকেই মনে করছেন, প্রাক্তন প্রেমিক আসিমকেই বিয়ে করতে যাচ্ছেন হানিয়া আমির। গত বছর 'সর্দার জি ৩' নামের সিনেমায় অভিনয় করে দর্শক ও সমালোচকদের প্রশংসা কুড়িয়েছেন হানিয়া। প্রথমবার ঢাকা সফরে এসেও ভালোই আলোচনার জন্ম দিয়েছেন এই লাস্যময়ী।

## নিকের নতুন গান, প্রিয়াঙ্কা-হৃতিকের উচ্ছ্বাস!

আজকাল বিনোদন





স্বামীস্ত্রী হিসেবে যেমন, তেমনি শিল্পী হিসেবেও একে অপরের সবচেয়ে বড় সমর্থক প্রিয়াঙ্কা চোপড়া ও নিক জোনাস। নতুন বছরের প্রথম দিনেই তার প্রমাণ মিলল আবারও। নিক জোনাসের বহু প্রতীক্ষিত একক অ্যালবামের প্রথম গান প্রকাশ পেতেই সোশ্যাল মিডিয়ায় উচ্ছ্বাস প্রকাশ করলেন প্রিয়াঙ্কা। পাশাপাশি নিকের প্রশংসায় সরব হলেন বলিউড তারকা হৃতিক রোশনও।

১ জানুয়ারি নিক জোনাসের একক অ্যালবাম 'সানডে বেস্ট' থেকে প্রথম গান 'গাট পাঞ্চ' প্রকাশ পেয়েছে। গানটির সঙ্গে একটি ঘোষণামূলক ভিডিওও শেয়ার করেন নিক। সেখানে তিনি লেখেন, "গাট পাঞ্চ' এখন সব জায়গায় পাওয়া যাচ্ছে। নতুন বছরের শুরুতে এমন একটি গান শোনা, যার কথাগুলো আমার কাছে এতটা অর্থবহ যে, এর চেয়ে ভালো কিছু হতে পারে না। ২০২৬ সালে নিজের প্রতি আরও সদয় হওয়ার জন্য, আগাম ধন্যবাদ। ভালোবাসা।"

নিকের এই অনুভূতির সঙ্গে একমত তার স্ত্রী প্রিয়াঙ্কা চোপড়াও। গানটি শোনার পর ইনস্টাগ্রাম স্টোরিতে নিকের ট্র্যাকটি শেয়ার করে তিনি শুধু লেখেন, 'ওউ'! সঙ্গে ট্যাগ করেন স্বামী নিককে। ছোট্ট এই প্রতিক্রিয়াই ভক্তদের কাছে হয়ে ওঠে বড় ভালোবাসার প্রকাশ।

প্রিয়াঙ্কার পাশাপাশি নিকের নতুন গানটির প্রশংসা করেছেন বলিউড অভিনেতা হৃতিক রোশনও। গানটি ২০২৬ সালের 'অ্যান্থেম' হয়ে উঠতে পারে-এমন ইঙ্গিত দিয়ে এরপর ৫৩ পৃষ্ঠায়

## ফের সংসার বিচ্ছেদে সালমা



আজকাল বিনোদন

সংসার জীবনের দ্বিতীয় ইনিংসে এসে সাত বছরের দাম্পত্য জীবনের ইতি টানলেন কণ্ঠশিল্পী মৌসুমী আক্তার সালমা। ৩০ ডিসেম্বর রাতে ফেসবুক স্ট্যাটাসে বিচ্ছেদের বিষয়টি প্রথমে জানান তার স্বামী আইনজীবী সানাউল্লাহ নূর সাগর। পরে সালমা নিজেও বিচ্ছেদের খবরটি নিশ্চিত করেছেন গণমাধ্যমে। গায়িকা জানান, গত নভেম্বরে তাদের বিচ্ছেদ হয়েছে।

সালমা বলেন, 'গত ২৯ নভেম্বর আমাদের বিচ্ছেদ হয়। এটা নিয়ে আর কিছু বলতে চাই না।' ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে সালমা বলেন, 'এখন শুধু গানে মনোযোগ দিতে চাই। বিচ্ছেদ নিয়ে ভাবতে চাই না। ভালো ভালো গান গাইতে চাই।' এরপর ৫৩ পৃষ্ঠায়





# বাদ-প্রতিবাদে সোসাইটি'র সাধারণ সভা











৬৪ পৃষ্ঠার পর

বিশেষ নিরাপত্তার ব্যবস্থা।

বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার শুরুতে সাধারণ সম্পাদক মোহাম্মদ আলীর উপস্থাপনায় আমন্ত্রণে মঞ্চে আসন গ্রহণ করেন সংগঠনের ট্রাস্টিবোর্ডের চেয়ারম্যান শাহ নেওয়াজ, সিনিয়র সহ সভাপতি মহিউদ্দিন দেওয়ান, সহ সভাপতি কামরুজ্জামান কামরুল, সোসাইটির গঠনতন্ত্র সংশোধন কমিটির চেয়ারম্যান ও সাবেক সাধারণ সম্পাদক মোহাম্মদ হোসেন খান, সহকারী সাধারণ সম্পাদক- আবুল কালাম ভূঁইয়া, কোষাধ্যক্ষ মফিজুল ইসলাম রুমি। এরপর পবিত্র কোরআন থেকে তেলাওয়াত, গীতা পাঠ এবং সকল শহীদদের স্মরণে এক মিনিট নিরবতা পালন করা হয়। কোরআন তেলাওয়াত এবং বিশেষ দোয়া পরিচালনা করেন সংগঠনের সমাজকল্যাণ সম্পাদক জাকির আনসারী এবং গীতা পাঠ করেন নবাবগঞ্জ এসোসিয়েশন ইউএসএ'র সাধারণ সম্পাদক গণেশ কির্তনীয়া। পরবর্তীতে পরিবেশিত হয় জাতীয় সঙ্গীত।

আনুষ্ঠানিকভাবে সভার কার্যক্রম শুরুর পর স্বাগত বক্তব্য রাখেন সভাপতি আতাউর রহমান সেলিম। এরপর সভায় সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষের রিপোর্ট পেশ করেন যথাক্রমে সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী ও কোষাধ্যক্ষ মফিজুল ইসলাম রুমি। রিপোর্ট দুটি উপস্থাপনের পরই মুক্ত আলোচনার শুরুতেই সভায় শুরু হয় হৈচৈ। এসময় সভাপতি সেলিমের আহবানে সভায় শান্ত পরিবেশ ফিরে আসে এবং সাবেক সাধারণ সম্পাদক জয়নাল আবেদীন প্রথম আলোচনায় অংশ নেয়া সুযোগ পান।













পরবর্তীতে রিপোর্ট দুটির উপর আলোচনায় আরো অংশ নেন সাবেক সভাপতি এম এ আজিজ ও আজমল হোসেন কুনু, ট্রাস্টি বোর্ডের সাবেক সদস্য মকবুল রহিম চুন্নু, সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক ফখরুল আলম, অধ্যাপিকা রানা ফেরদৌস চৌধুরী ও রুহুল আমীন সিদ্দিকী, সোসাইটির সদস্য ও জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সভাপতি বদরুল হোসেন খান, সাবেক নির্বাচন কমিশনার আবু নাসের ও ফিরোজ আহমেদ, সাবেক সহ সাধারণ সম্পাদক বাবুল চৌধুরী, সাবেক কোষাধ্যক্ষ নিশান রহীম ও নওশাদ হোসেন, সাবেক কর্মকর্তা জামান তপন ও তোফায়েল চৌধুরী, সদস্য আলম মেহেদী, ইউনুস সরকার, সারোয়ার খান বাবু, মামুন এইচ সিরাজী, আব্দুল খালেক প্রমুখ।













এছাড়াও বক্তব্য রাখেন বিশিষ্ট ব্যবসায়ী ও ট্রাস্টিবোর্ডের চেয়ারম্যান শাহ নেওয়াজ ও ট্রাস্টি বোর্ড সদস্য আব্দুর রহীম হাওলাদার। সভায় কোন কোন সদস্য বিভিন্ন অনুষ্ঠানে সোসাইটির ফান্ড থেকে অর্থ ব্যয়ের তীব্র সমালোচনা করেণ। এছাড়াও গঠনতন্ত্র মানা না মানা, কবর ক্রয় সহ বিভিন্ন বিষয় তুলে ধরেন সদস্যরা। কথা কাটাকাটি হয় বর্তমান কমিটি ও বিদায়ী কমিটির কর্মকর্তাদের মধ্যে। ফলে সভায় একাধিকবার উত্তেজনার সৃষ্টি হয়। সভায় বক্তারা বাংলাদেশ সোসাইটির ভবন ক্রয়ের ব্যাপারে সার্বিক সহযোগিতার আশ্বাস দেন। এছাড়াও গঠনতন্ত্রে নির্বাচন কমিশনের আয়-ব্যয় কার্যকরী কমিটির নিকট দাখিলের প্রস্তাব অন্তর্ভুক্ত করার দাবী এবং কেউ কেউ মাদার সংগঠন হিসেবে আঞ্চলিক সংগঠনগুলোর সমস্যা সমাধানের জন্য সোসাইটির প্রতি আহবান জানান।

সভায় শাহ নেওয়াজ বলেন আমরা এমন কোন কাজ করবো না যাতে সোসাইটি ক্ষতিগ্রস্ত হয়। আমরা সোসাইটির ভবনের সমস্যা বা ভায়োলেশন নিয়ে কাজ করছি। বিশেষ করে নতুন ভবন ক্রয়ে কোন অনিয়ম করা হবে না। তিনি বলেন, সোসাইটির নতুন ভবনের জন্য এক লাখ ২৫ হাজার ডলার অনুদান দিয়েছি। প্রয়োজনে নতুন ভবন ক্রয়ে আমি আরো ২ মিলিয়ন ডলার দেবো, ইনশাআল্লাহ সোসাইটি ভবন হবে। এজন্য সবার সহযোগিতা কামনা করেন তিনি। সভায় উপস্থিত সদস্যদের অভিযোগ-পাল্টা অভিযোগ এবং বক্তব্যের পর সভাপতি আতাউর রহমান সেলিমের আহবানে উপস্থিত অধিকাংশ সদস্য হাত তুলে কন্ঠ ভোটে সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ-এর রিপোর্ট দুটি পাশের পক্ষে রায় দেন। উপস্থিত সদস্যদের মধ্যকার পারস্পরিক সৌহার্দ্যপূর্ণ পরিবেশে নৈশভোজের মাধ্যমে সভার কার্যক্রম শেষ হয়।


First Time in NY
COMMUNITY CONNECT
Scan to Register
Tuesday June 17th, 2025
5.00 PM - 7.30 PM
150 State Street 4 FL
Albany 12207 NY
Speakers
The Next Bangladesh: Powered by its Global Citizens (NRBs)
Quazi M. Ahmed
Global Leadership Trainer & Coach
Founder & President, BOND
CEO, Global Center of Excellence, LLC
Cybersecurity Awarness: Protecting Ourselves and Our Community
Mahbub Rahman
IT Professional & Career Coach
Founder & CEO at Sustain Secure and The Triple Zero LLC
Refreshments will be served
Hosted by
MAJESTIC TOUCH
Organizing Partners
BOND
SUSTAIN SECURE
QUAZI consultants
GLOBAL
EAGLES BOOST
triplezero
CXO GLOBAL ALLIANCE
America TECH


পূর্বাচল মেরিন সিটিতে সাশ্রয়ী মূল্যে
প্লট ক্রয় করে বাড়ী নির্মাণের সুবর্ণ সুযোগ
মানচিত্রে প্রকল্পের অবস্থান
300 ROAD
AIRPORT
যোগাযোগঃ ATM Salah Uddin, Cell: 929-462-2170, Md Mofizur Rahman, Cell: 929-395-3945
Address : 37-18-73rd st. Suite 501, Jackson Heights, NY 11372


PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005
EARN 100K TO 200K PER YEAR
• Selenium Automation Testing
• SQL Server Database Administration
• Business Analyst
PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.
Authorized Employment Agency by:
NYC Consumer and Worker Protection
Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu
Certified Training Institute by:
Washington University of Science and Technology
If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us
1-855-JOB-PIIT(1-855-562-7448)
www.piit.us


US BANGLA TAX & MULTISERVICES INC.
US BANGLA TECHNOLOGY & SUPPLIES INC.
US BANGLA DEVELOPER & PROPERTY INC.
Chandan Gupta
President
347-239-3408
Mostafezur Rahman
Vice President
646-361-0250
Authorized e-file Provider
One Stop Services
37-47 73rd Street, Suite #217
Jackson Heights, NY-11372
Tel :718-255-6783
Fax:718-255-6783
usbanglagroup@yahoo.com
Services : Individual & Business Tax Services, Immigration Services, Loan Modification, Real Estate Property Investment.


আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন
Dream Cottage Realty Inc
আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড
লোন সহ সকল ব্যাবস্থা করে থাকি।
শত ভাগ গ্যারান্টি
সবচেয়ে কম রেটের মর্টগেজে
সহযোগীতা প্রদান করা হয়
Fazle Shohag Khan
Licensed Real Estate Sales
Cell: 1-917 770 1341
Office: 1-516 800 5160
e-mail: shohag.khan@hotmail.com


Video & Photo
PRODUCTION
SERVICES
DFC TV
DREAM FRAME CREATIVE
• Brand Videos
• Event Coverage
• Product Demos
• Corporate Videos
• Video Editing
সোশ্যাল মিডিয়ার জন্য কনটেন্ট দরকার? আমাদের হাতে তৈরি করুন ফাস্ট ও স্মার্টলি!
আমাদের সেবাসমূহ: ইভেন্ট ফিল্মিং (বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন) কর্পোরেট ও প্রোমোশনাল ভিডিও সোশ্যাল মিডিয়া ও ইউটিউব কনটেন্ট লাইভস্ট্রিমিং (Facebook, YouTube) ডকুমেন্টারি
ইভেন্ট কভারেজ থেকে কর্পোরেট ভিডিও —সবকিছু এক ছাতার নিচে!
Phone
(646) 457-6732
(929) 498-0979
Website
www.dfcreative.org
Location
Jamaica, NY 11432


We Speak বাংলা, English, हिन्दी العربية
ALAM MEDICAL
লং আইল্যান্ডে ডিয়ার পার্কে
আপনার পরিবারের স্বাস্থ্যসেবা এখন হাতের নাগালে।
Dr. Rehana Alam
DO, DPM
Board certified family medicine physician
আমাদের সেবাসমূহ :
• হেলথ চেকআপ।
• দীর্ঘস্থায়ী (ক্রনিক) রোগ নির্ণয় ও ব্যবস্থাপনা (ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও অন্যান্য)।
• রোগ প্রতিষেধক টিকা প্রদান।
• শিশু ও কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসেবা।
• নারীদের স্বাস্থ্য পরীক্ষা ও সেবা, যার মধ্যে রয়েছে জরায়ুর ক্যান্সার নির্ণয়ের জন্য প্যাপ স্মিয়ার, গর্ভধারণ পরামর্শ ও মেনোপজ ব্যবস্থাপনা সহায়তা।
আমাদের সাথে যোগাযোগ করুন
Contact us 631-778-4048 1755 Deer Park Ave, Deer Park, NY 11729
www.alammedical.com


WIN ZONE Realty Inc.
WIN ZONE REALTY INC.
Licensed Real Estate Broker
Specialist on Residential & Commercial, Bank Own Properties, Short Sale, REO and Loan Modification.
Hard Money Loan Available.
রিয়েল স্টেট লাইসেন্স প্রাপ্ত আমেরিকাতে বাড়ি বেচা-কেনা ও লোন সংক্রান্ত বিষয়ে বহু বছরের অভিজ্ঞতা সম্পন্ন বিশিষ্ট রিয়েল্টর
Somnath Ghosh ( SAM)
Licensed Real Estate Agent
Tel: ( Direct)
646-597-1760
Office : 81-15 Queens Blvd
2nd FL, Elmhurst, NY 11373
Tel: 718-899-7000
Fax: 516-407-5615
Email:sstreamline@ gmail.com


মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Low Income, No Problem
MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.
Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি
★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট
646-920-4799
আপনাদের সেবাই আমাদের লক্ষ্য
● ব্যক্তিগত পরামর্শ ● ইন্টারেষ্ট রেট কম ● ইনভেষ্টমেন্ট
● ফ্রি এপ্রোভাল ● ফাষ্ট ক্লোজিং ● দ্রুত এবং বিশ্বস্ত
139-27 Queens Blvd, Jamaica, NY 11435
Akib Hussain

## আজকাল সম্পাদকের শোক

১ পৃষ্ঠার পর

থাকবেন কোটি মানুষের অন্তরে। ভালোবাসায়। চেতনায়। গণতন্ত্র প্রতিষ্ঠার সংগ্রামে। ফ্যাসিবাদ বিরোধী লড়াইয়ে আদর্শিক নেত্রী হয়ে। বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে কিছু মানুষ আছেন, যাঁদের শারীরিক প্রস্থান কখনোই তাঁদের উপস্থিতিকে মুছে দিতে পারে না। বেগম খালেদা জিয়া তেমনই এক নাম-একটি সময়, একটি আদর্শ, একটি সংগ্রামের প্রতীক। তিনবারের প্রধানমন্ত্রী, বিএনপির চেয়ারপারসন, গণতন্ত্রের আপসহীন সৈনিক-তাঁর জীবন কেবল ক্ষমতার বৃত্তান্ত নয়; এটি অসীম ত্যাগ, দৃঢ়চিত্ত দৃঢ়তা ও জনগণের ভাগ্য বদলানোর জন্য অবিরাম লড়াইয়ের এক অনবদ্য মহাকাব্য। তাই তাঁর প্রয়াণের খবর ছড়িয়ে পড়লেও ইতিহাসের পাতায়, অগণিত মানুষের হৃদয়ে এবং গণতান্ত্রিক চেতনায় তিনি অবিনশ্বর-চিরঞ্জীব। আমরা দৃঢ়ভাবে আত্মার অন্তস্থল থেকে বিশ্বাস করি একজন কিংবদন্তি খালেদা জিয়ার মৃত্যু নেই।

তার আপসহীন চরিত্র এ দেশের আপামর জনতার হৃদয়ে স্থায়ী আসন নিয়েছে। সাধারণ মানুষের ভাগ্য বদলাতে তাঁর লড়াই ছিল নিরবচ্ছিন্ন। কৃষক, শ্রমিক, মধ্যবিত্ত-সবার কণ্ঠস্বর তিনি রাষ্ট্রক্ষমতার কেন্দ্রে পৌঁছে দিতে চেয়েছেন। তাঁর রাজনীতি ছিল কেবল ক্ষমতার হিসাব নয়; এটি ছিল মানুষের মর্যাদা ও অধিকার প্রতিষ্ঠার সংগ্রাম।

শেষ জীবনে তিনি যে বার্তা রেখে গেছেন-ভালোবাসা, শান্তি ও জ্ঞানভিত্তিক সমাজ গড়ার আহ্বান-তা তাঁকে নতুনভাবে ঐক্যের প্রতীকে পরিণত করেছে। দীর্ঘ সংগ্রাম শেষে দল-মত নির্বিশেষে তিনি হয়ে উঠেছিলেন জাতীয় নেত্রী। তাঁর জীবন প্রমাণ করে, ক্ষমতা ক্ষণস্থায়ী হলেও আদর্শ অমর।

আজ বেগম খালেদা জিয়া আমাদের মাঝে নেই-এই সত্য অস্বীকার করার উপায় নেই। কিন্তু ইতিহাসের বিচারে তিনি অমর। তাঁর আপসহীনতা, তাঁর নেতৃত্ব, তাঁর ত্যাগ-সবকিছু মিলিয়ে তিনি একটি প্রতিষ্ঠান। গণতন্ত্রের যে মানদণ্ড তিনি স্থাপন করেছেন, তা আগামী প্রজন্মের রাজনীতিকদের জন্য এক অনিবার্য পাঠ হয়ে থাকবে। সাপ্তাহিক আজকাল পরিবার ও অগণিত পাঠকের পক্ষ থেকে বেগম খালেদা জিয়ার মৃত্যুতে শোক প্রকাশ করছি। তার আত্মার মাগফেরাত কামনা করছি।



## দেশনেত্রীর জানাজায় জনসমুদ্র

১ পৃষ্ঠার পর

উঠেছিলেন, সেখান থেকেই জনতার ভালোবাসায় শেষ বিদায় নিলেন খালেদা জিয়া। কয়েক বর্গকিলোমিটার এলাকাজুড়ে বিস্তৃত তাঁর জানাজায় লাখ লাখ শোকার্ত মানুষ শরিক হয়ে শ্রদ্ধা জানান। গত বুধবার সব দল-মতের মানুষের পথ মিলিত হয়েছিল খালেদা জিয়ার জানাজায়।

এ জানাজাকে পৃথিবীর ইতিহাসের অন্যতম বৃহৎ জনসমাগম হিসেবে বিবেচনা করা হচ্ছে। রাজধানীর সংসদ ভবনের দক্ষিণ প্লাজা ছাপিয়ে মানিক মিয়া অ্যাভিনিউ হয়ে দক্ষিণে ধানমন্ডির সোবহানবাগ পর্যন্ত পৌঁছায় জানাজার কাতার। দক্ষিণ-পূর্বে ফার্মগেট, কারওয়ান বাজার হয়ে বাংলামটর পর্যন্ত সড়কে ছিল মুসল্লিদের কাতার। উত্তরে মণিপুরিপাড়া হয়ে শেওড়াপাড়া এবং বিজয় সরণি হয়ে জাহাঙ্গীর গেট পর্যন্ত সড়কজুড়ে ছিল জানাজার কাতার। এলিভেটেড এক্সপ্রেসওয়ের ফার্মগেটমুখী নামার অংশেও জানাজায় দাঁড়ান মানুষ। অন্যদিকে শেরেবাংলা নগর, আগারগাঁও, শ্যামলী পর্যন্তও জানাজায় অংশ নেন হাজার হাজার মানুষ। সড়কে জায়গা না পেয়ে হাজারো মানুষ আগারগাঁও, ফার্মগেট, কারওয়ান বাজার মেট্রো স্টেশনে জানাজার নামাজ আদায় করেন। মূল সড়কের বাইরে আশপাশের সড়ক ও অলিগলিতে দাঁড়িয়েও শত শত মানুষ জানাজায়





অংশ নেন। এ ছাড়া রাজধানীর বিভিন্ন ভবনের ছাদ, ওভারব্রিজসহ যে যেখানে সুযোগ পেয়েছেন, সেখানেই দাঁড়িয়ে অংশ নেন খালেদা জিয়ার জানাজায়। পাশাপাশি ফেনী, বগুড়া, দিনাজপুর, রংপুর, রাজশাহী, সিলেট, চট্টগ্রাম, ময়মনসিংহ, বরিশালসহ সারাদেশে অনেক স্থানে গায়েবানা জানাজা হয়েছে। যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়াসহ বিভিন্ন দেশেও হয়েছে গায়েবানা জানাজা। এ ছাড়া কোটি মানুষ টেলিভিশন এবং সামাজিক মাধ্যমে সম্প্রচারিত জানাজা দেখেন।

জোহরের নামাজের পর দুপুর ২টায় জানাজা শুরুর কথা থাকলেও বেলা ১১টার আগেই পূর্ণ হয়ে যায় দক্ষিণ প্লাজার মাঠ এবং মানিক মিয়া অ্যাভিনিউ। সারাদেশ থেকে আসা লাখ লাখ মানুষের জমায়েতে বায়তুল মোকাররম জাতীয় মসজিদের খতিব মুফতি আবদুল মালেকের ইমামতিতে জানাজা শুরু হয় বিকেল ৩টা ৭ মিনিটে। প্রথম সারিতে ছিলেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। তাঁর দুই পাশে ছিলেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান ও খালেদা জিয়ার বড় ছেলে তারেক রহমান এবং প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী। তাঁদের পাশে ছিলেন জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান ও এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম। জানাজায় অংশ নেন উপদেষ্টা পরিষদ সদস্য, তিন বাহিনীর প্রধানগণ, বিভিন্ন রাজনৈতিক দলের জ্যেষ্ঠ নেতা, উচ্চপদস্থ সরকারি কর্মকর্তা ও কূটনীতিকরা। খালেদা জিয়ার মৃত্যুতে তিন দিনের রাষ্ট্রীয় শোক ঘোষণায় তারা কালোব্যাজ ধারণ করেন। জানাজার আগে সংসদ ভবনে তারেক রহমানের সঙ্গে দেখা করে পাকিস্তানের স্পিকার সরদার আয়াজ সাদিক, ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্করসহ বিভিন্ন দেশের নেতারা শোকবার্তা হস্তান্তর করেন। উপদেষ্টা আসিফ নজরুল, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা খলিলুর রহমানও এ সময় উপস্থিত ছিলেন।

দুপুর ২টা ৩৫ মিনিটে তিনবারের সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার পার্থিব দেহ জাতীয় পতাকায় মুড়িয়ে শেষবারের মতো সংসদ ভবনে আনা হয়। দলের স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান বিএনপির চেয়ারপারসনের জীবনী পাঠ করেন। তিনি বলেন, তাঁর মৃত্যুর দায় থেকে ফ্যাসিবাদী হাসিনা কখনও মুক্তি পাবে না। এই বক্তব্যে উপস্থিত লাখো জনতা সমস্বরে সমর্থন জানান। এরপর তারেক রহমান মুসল্লিদের উদ্দেশে ধর্মীয় রীতিতে কথা বলেন। মরহুমা মায়ের ভুলত্রুটি থাকলে ক্ষমা করার অনুরোধ জানান। জানাজা শেষে সামরিক তত্ত্বাবধানে খালেদা জিয়াকে নেওয়া হয় জিয়া উদ্যানে তাঁর স্বামী রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সমাধি প্রাঙ্গণে। সেখানে তাঁকে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় সমাহিত করা হয় স্বামীর কবরের পাশে।

অগণিত মানুষের ঢল : ১০ বছর সরকার প্রধান হিসেবে বাংলাদেশের দায়িত্ব পালন করা খালেদা জিয়া গত মঙ্গলবার ভোরে ইন্তেকাল করেন। তাঁর মৃত্যুর সংবাদ ছড়িয়ে পড়ার পর সারাদেশ শোক জানায়। স্বৈরাচার এবং ফ্যাসিবাদের বিরুদ্ধে গণতন্ত্র পুনরুদ্ধারের দীর্ঘ আন্দোলনে নেতৃত্ব দিয়ে তিনি সমর্থকদের কাছে হয়ে ওঠেন আপসহীন দেশনেত্রী। বিএনপির নেতাকর্মীরা তাঁকে গণতন্ত্রের মা হিসেবে আখ্যা দেন।

৪১ বছরের বর্ণাঢ্য রাজনৈতিক জীবনে খালেদা জিয়া বারবার নির্বাচনে জয়ী হয়ে নিজের জনপ্রিয়তার প্রমাণ দিয়েছেন। সংসদ ছিল তাঁর কর্মক্ষেত্র। তার নেতৃত্বেই বাংলাদেশে সংসদীয় রাজনীতির প্রত্যাবর্তন ঘটেছে। তাঁকে অন্তিম বিদায় জানাতে সেই সংসদ প্রাঙ্গণকেই বেছে নেয় অন্তর্বর্তী সরকার। আগের দিনই জানানো হয়েছিল রাষ্ট্রীয় মর্যাদায় শেষ বিদায় নেবেন সাবেক ফার্স্ট লেডি এবং সাবেক সেনাপ্রধানের পত্নী খালেদা জিয়া।

দেশ-বিদেশের গুরুত্বপূর্ণ ব্যক্তিরা জানাজায় অংশ নেওয়ায় সংসদ ভবন এবং মানিক মিয়া অ্যাভিনিউ ঘিরে ছিল কয়েক স্তরের নিরাপত্তা। কারামুক্ত খালেদা জিয়া জীবনের শেষ বছরগুলোর বেশির ভাগ সময় রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ছিলেন। মৃত্যুর পর সেখানকার হিমঘরে রাখা হয়েছিল তাঁকে। গতকাল সেখান থেকে রাষ্ট্রীয় মর্যাদায় তাঁর কফিন নিয়ে শোক র‍্যালি হয়। সেনাসদস্যরা রাস্তার দুই পাশে দাঁড়িয়ে খালেদা জিয়ার কফিনবাহী গাড়িটিকে প্রথমে গুলশানে তারেক রহমানের বাসায় এবং পরে সেখান থেকে সংসদ ভবন এলাকায় নিয়ে আসেন। রাস্তার দুই পাশে হাজারো



মানুষ অশ্রুসিক্ত নয়নে সাবেক প্রধানমন্ত্রীকে শেষ বিদায় জানান।

খালেদা জিয়ার কফিন সংসদ ভবনে পৌঁছানোর আগেই মানিক মিয়া অ্যাভিনিউয়ে পা ফেলার জায়গা ছিল না। মানিক মিয়া অ্যাভিনিউর পশ্চিম প্রান্তে ভিড়ে অসুস্থ হয়ে নিরব হোসেন নামে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। তাঁর বাড়ি পটুয়াখালীর বাউফল উপজেলায়। বেলা ৩টার দিকে জানাজা রূপ নেয় জনসমুদ্রে। নামাজের পর লাখ লাখ মুসল্লি দোয়া করেন খালেদা জিয়ার জন্য। এ সময় তাদের আমিন আমিন ধ্বনিতে মুখরিত হয় আশপাশের এলাকা।

সব মতের মানুষ এক কাতারে : খালেদা জিয়ার জানাজায় শুধু বিএনপির নেতাকর্মী নয়, ঢল ছিল সাধারণ মানুষের। আসেন জামায়াত, এনসিপি, ইসলামী আন্দোলন, বাংলাদেশ খেলাফত মজলিসের মতো বিএনপির নির্বাচনী প্রতিদ্বন্দ্বী দলগুলোর নেতাকর্মীরাও। বিএনপির নির্বাচনী জোটের শরিক দলের নেতাকর্মীরাও ছিলেন।

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী, ড. মঈন খান, সালাহউদ্দিন আহমেদ, ইকবাল হাসান মাহমুদ টুকু, হাফিজ উদ্দিন আহমেদ, এজেডএম জাহিদ হোসেন, সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী, কেন্দ্রীয় নেতা শহীদুজ্জামান বাবর, অধ্যাপক ডা. ফরহাদ হালিম ডোনার, শহীদ উদ্দীন চৌধুরী এ্যানী, আব্দুস সালাম আজাদ, অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম, অধ্যাপক ড. মোর্শেদ হাসান খান, নজরুল ইসলাম আজাদসহ বিএনপির সর্বস্তরের নেতাকর্মীরা জানাজায় শরিক হন। নারীদের জন্য নির্ধারিত জায়গা ছিল জানাজায়। তারেক রহমানের স্ত্রী ডা. জোবাইদা রহমান, মেয়ে জাইমা রহমান, প্রয়াত আরাফাত রহমান কোকোর স্ত্রী শর্মিলা রহমান, তাদের মেয়ে জাফিয়া রহমান, জাহিয়া রহমানসহ পরিবারের সদস্য এবং উপদেষ্টা সৈয়দা রেজওয়ানা হাসান, নুরজাহান বেগম ও ফরিদা খাতুন সেখানে উপস্থিত ছিলেন।

জানাজায় জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার, ইসলামী আন্দোলনের জ্যেষ্ঠ নায়েবে আমির মুহাম্মদ সৈয়দ ফয়জুল করীম, বাংলাদেশ খেলাফতের আমির মামুনুল হক, নাগরিক ঐক্যের সভাপতি মাহমুদুর রহমান মান্না, গণসংহতি আন্দোলনের সমন্বয়কারী জোনায়েদ সাকি, গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুর, এনসিপির মুখ্য সংগঠক হাসনাত আবদুল্লাহ, জাকসু ভিপি সাদিক কায়েমসহ জ্যেষ্ঠ নেতারাও ছিলেন। জাতীয় পার্টির মহাসচিব শামীম হায়দার পাটোয়ারীসহ দলটির জ্যেষ্ঠ নেতারা জানাজায় আসেন। তবে তারা দক্ষিণ প্লাজায় নয়, নামাজ আদায় করেন রাজধানী উচ্চ বিদ্যালয়ের মাঠে। খালেদা জিয়ার কফিন বহন করেন মিজানুর রহমান আজহারী, শায়খ আহমাদুল্লাহসহ দেশের শীর্ষ আলেমরা। ছিলেন চিত্রক ফরহাদ মজহারসহ বিভিন্ন পেশার বুদ্ধিজীবী, সাহিত্যিক, শিল্পীরা।

## বেগম খালেদা জিয়ার কফিন বহনকারি ৩ আলেম

১ পৃষ্ঠার পর

ফাউন্ডেশনের চেয়ারম্যান শায়খ আহমাদুল্লাহ, আলোচিত ইসলামী বক্তা মাওলানা মিজানুর রহমান আজহারী, বাংলাদেশ খেলাফত মজলিসের আমীর মাওলানা মামুনুল হক। বুধবার রাজধানীর মানিক মিয়া এভিনিউতে জানাজা শেষে বেগম জিয়ার স্বজনদের সঙ্গে এই তিন আলেম তার কফিন বহন করেন।

এদিকে বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার জানাজায় জামায়াতে ইসলামীর আমীর ডা. শফিকুর রহমানের নেতৃত্বে একটি প্রতিনিধি দল অংশগ্রহণ করে।

অংশগ্রহণকারী অন্য সদস্যরা হলেন দলটির নায়েবে আমীর মাওলানা আনম শামসুল ইসলাম,সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার, সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা এটিএম মা'ছুম, মাওলানা আবদুল হালিম ও এডভোকেট এহসানুল মাহবুব জুবায়ের, কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য সাইফুল আলম খান মিলন, ঢাকা মহানগর দক্ষিণের আমীর নূরুল ইসলাম বুলবুল, ঢাকা মহানগর উত্তরের আমীর মোহ সেলিম উদ্দিন, ঢাকা মহানগর উত্তরের নায়েবে আমীর আবদুর রহমান মুসা, দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ, ঢাকা মহানগর উত্তরের সহকারী সেক্রেটারি ডা.ফখরুদ্দিন মানিক ও দক্ষিণের সহকারী সেক্রেটারি কামাল হোসেন ।




# Empire Care Agency

LHCSA Licensed Home Health Care

## PCA / HHA SERVICE

WHY CHOOSE US?

We Pay The Highest Rate

Our Experienced Nurse Will Advocate for your more Hours

হোম কেয়ার সেবা দিয়ে অর্থ উপার্জন করুন

আমরা সর্বোচ্চ পেমেন্ট দিয়ে থাকি

OUR SERVICES

- Skilled Nursing
- Home Health Aides
- Medicaiton Remindrs
- Meal Preparation
- Personal Care
- Light Housekeeping



$23 Per Hour Giver to PCA & HHA Care Giver

WE SPEAK BANGLA, HINDI, URDU, PUNJABI, SPANISH



NURUL AZIM
CEO
516-451-3748

119-40 Metropolitan Ave
Suite 101C, Kew Gardens
NY 11415

516-900-7860
Fax: 212-381-0649
Empirehcam@gmail.com






# DUO NEST
REAL ESTATE TUTORING CENTER

## নিউ ইয়র্কে আপনার রিয়েল এস্টেট ক্যারিয়ার শুরু করুন
## কোন অভিজ্ঞতার প্রয়োজন নেই!

DUO NEST REAL ESTATE TUTORING- এ, আমরা আপনার লাইসেন্স পাওয়ার প্রক্রিয়া সহজ এবং ঝামেলামুক্ত করে তুলি

**কেন রিয়েল এস্টেট লাইসেন্স নেবেন?**

দ্রুত একটি নির্ভরযোগ্য আয় উপার্জন করুন।
নিউ ইয়র্কের ক্রমবর্ধমান রিয়েল এস্টেট বাজারে একটি সম্মানিত ক্যারিয়ার তৈরি করুন।
স্বাধীনভাবে বা নেতৃস্থানীয় রিয়েল এস্টেট সংস্থাগুলির সাথে কাজ করুন।
ধাপে ধাপে আর্থিক প্রবৃদ্ধি অর্জন করুন।
আপনার সাফল্যের মাধ্যমে আপনার পরিবারকে গর্বিত করুন।

শক্তিশালী ইংরেজি দক্ষতা নেই? কাজের অভিজ্ঞতা নেই?
কোন চিন্তা নেই আমরা আপনাকে প্রতিটি ধাপে গাইড করার জন্য এখানে আছি।

**আমাদের সুযোগ ও সুবিধা**

- এককালীন পেমেন্ট, কোন এক্সট্রা ফি নেই।
- আপনি পাশ করে লাইসেন্স পাওয়া না পর্যন্ত অগণিত ক্লাস।
- দ্রুত শেখার জন্য ব্যক্তিগত ১-অন-১ কোচিং
- পরীক্ষায় আত্মবিশ্বাস বাড়াতে প্র্যাকটিস এক্সাম
- সময় অনুযায়ী অনলাইন বা সরাসরি ক্লাস আপনার সুবিধামতো সময়ে
- পরিষ্কার, সহজবোধ্য ইংরেজি ব্যাখ্যা
- রিয়েল এস্টেট সম্পর্কিত শব্দ ও নিয়মাবলী সহজ বাংলায় ব্যাখ্যা

Design by: ihopeprint.com, 929-538-7903

CALL US TODAY TO START YOUR REAL ESTATE CAREER
929-414-7746
929-608-6206
646-508-2434

duonest03@gmail.com
169-24 Hillside Ave, FL 2
Jamaica, NY 11432
www.duonest.us

# নতুন বছরে অনেক চ্যালেঞ্জ

## বাংলাদেশের ফুটবল-ক্রিকেট

আজকাল স্পোর্টস

নতুন বছর এলেই হিসাব-নিকাশ শুরু হয়ে যায়। বছরের শুরুর দিন থেকে ভালো করার তাগিদটা যেন আরও বাড়ে। যেকোনও খেলাতেই এমন কথা প্রযোজ্য। ২০২৬ সালটা বাংলাদেশের ক্রীড়াঙ্গনের জন্য কম ব্যস্ততার নয়। বিশেষ করে ফুটবল ক্রিকেটে বরাবরের মতো একের পর এক ব্যস্ত সূচি। তাই নতুন করে ভালো করার তাগিদ অনুভবটাই স্বাভাবিক।





ফুটবলের কথাই ধরা যাক। হামজা চৌধুরী আসার পর দেশের ফুটবলের দিকে নতুন করে দৃষ্টি দিতে শুরু করেছে সবাই। গত বছরে এশিয়ান কাপ বাছাইয়ে খেলে হামজা-জামালের বাংলাদেশ বেশ ভালো আলোড়ন তুলেছিল। বছরের শেষটা হয়েছিল শেখ মোরসালিনের গোলে ২২ বছর পর ভারত বধ করে। তবে এতে ফিফা র‍্যাংকিংয়ে খুব বেশি পরিবর্তন হয়নি।

নতুন বছরে এশিয়ান কাপ বাছাইয়ে সিঙ্গাপুরের বিপক্ষে ম্যাচ দিয়ে মিশন শেষ হতে যাচ্ছে। রয়েছে দক্ষিণ এশিয়ার 'বিশ্বকাপ' বলে পরিচিত সাফ চ্যাম্পিয়নশিপ। এছাড়া এশিয়াতে নেশনস লিগ চালু হতে পারে। অনূর্ধ্ব-২৩-সহ অন্য বয়সভিত্তিক খেলা তো রয়েছেই। সব মিলিয়ে নিজেদের আরও সামনের দিকে এগিয়ে নেওয়ার সুযোগ হাতছাড়া করতে চাইবেন না মোরসালিন-রাকিবরা। রাকিব হোসেন যেমন আগেই বলেছেন, 'সাফের শিরোপা জেতা স্বপ্নের মতো। আমরা অনেক দিন তা পাইনি। সুযোগ হলে এ বছর তা জিততে চাই।'

তবে জাতীয় দলের কোচ হাভিয়ের কাবরেরার লাস্ট মিশন সিঙ্গাপুর ম্যাচ। তাকে মার্চের পর নতুন করে দেখা যাবে কিনা এটাও বড় প্রশ্ন। যদিও সমর্থকদের বড় অংশ তাকে আর দেখতে চান না।

মোরসালিনদের চেয়ে নারী ফুটবলারদের মিশন আরও বড়। এই প্রথম এশিয়ান কাপের মূল পর্বে খেলতে যাচ্ছে বাংলাদেশ। অস্ট্রেলিয়াতে এশিয়ান কাপে ভালো করতে পারলে থাকবে বিশ্বকাপে খেলার সুযোগ। যদিও তা কঠিন। এরপর ৩৮ পৃষ্ঠায়



### রিপনের অবিশ্বাস্য কামব্যাক

## সুপার ওভারে রংপুরকে হারালো রাজশাহী

আজকাল স্পোর্টস

বিপিএলে সুপার ওভার রোমাঞ্চে ম্যাচ জিতেছে রাজশাহী ওয়ারিয়র্স। শেষ দিকে পেসার রিপন মন্ডলের অবিশ্বাস্য কামব্যাকে হাইভোল্টেজ ম্যাচে রংপুর রাইডার্সকে হারিয়েছে তারা। ১৬০ রানের লক্ষ্যে শেষ ওভারে সাত উইকেট হাতে ছিল রংপুরের। জয়ের জন্য প্রয়োজন ছিল সাত রান। কিন্তু রিপন মাত্র ছয় রান দিয়ে ম্যাচ টেনে নেন সুপার ওভারে। এরপর সুপার ওভারেও দৃঢ়তা দেখান তিনি। ছয় রানের বেশি এরপর ৪৫ পৃষ্ঠায়



## বছরের শুরুতে এমবাপ্পেকে নিয়ে দুঃসংবাদ পেলো রিয়াল মাদ্রিদ

আজকাল স্পোর্টস

লা লিগায় শীর্ষে থাকা বার্সেলোনার সঙ্গে ব্যবধান কমানোর লড়াইয়ে বড় ধাক্কা খেয়েছে রিয়াল মাদ্রিদ। স্প্যানিশ ক্লাব জানিয়েছে, হাঁটু মচকেছে কিলিয়ান এমবাপ্পের।

ক্লাবের এক বিবৃতিতে বলা হয়, 'আমাদের খেলোয়াড় কিলিয়ান এমবাপ্পের ওপর রিয়াল মাদ্রিদের মেডিকেল টিমের করা পরীক্ষার পর তার বাঁ হাঁটুতে মচকানো ধরা পড়েছে। তার অবস্থার অগ্রগতি পর্যবেক্ষণ করা হবে।' চোটে ২৭ বছর বয়সী এই ফরোয়ার্ড কতদিন মাঠের বাইরে থাকবেন, সে বিষয়ে নির্দিষ্ট করে কিছু জানায়নি রিয়াল। তবে ফরাসি তারকার ঘনিষ্ঠ একটি সূত্র এএফপিকে জানিয়েছে, অন্তত তিন সপ্তাহ খেলতে পারবেন না এমবাপ্পে। চলতি মৌসুমে লা লিগায় ১৮ গোল নিয়ে সর্বোচ্চ গোলদাতা তিনি। ফলে রবিবার ঘরের মাঠে রিয়াল বেতিসের বিপক্ষে লিগ ম্যাচে তার খেলা নিয়ে বড় অনিশ্চয়তা তৈরি হয়েছে। শীতকালীন বিরতির পর এটি হবে লস ব্লাঙ্কোসদের প্রথম লিগ ম্যাচ। বর্তমানে চার পয়েন্টে পিছিয়ে বার্সেলোনার পেছনে রয়েছে রিয়াল মাদ্রিদ। চোটের কারণে ৮ জানুয়ারি সৌদি আরবে অ্যাথলেটিকো মাদ্রিদের বিপক্ষে স্প্যানিশ এরপর ৪৫ পৃষ্ঠায়



## 'দ্বন্দ্বের জেরে' চেলসি ছাড়লেন হেড কোচ এনজো মারেস্কা

আজকাল স্পোর্টস

রোববার ম্যানচেস্টার সিটির বিপক্ষে গুরুত্বপূর্ণ ম্যাচ। তার আগেই এনজো মারেস্কার সঙ্গে সম্পর্কচ্ছেদ হলো চেলসির। বৃহস্পতিবার আনুষ্ঠানিকভাবে জানানো হয়েছে, চেলসি ও হেড কোচ এনজো মারেস্কা পারস্পরিক সমঝোতার মাধ্যমে আলাদা হওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

স্ট্যামফোর্ড ব্রিজে মারেস্কার ১৮ মাসের অধ্যায় শেষ হলো এমন এক সময়ে, যখন প্রিমিয়ার লিগে শেষ সাত ম্যাচে মাত্র একটি জয় পেয়েছে চেলসি। বর্তমানে লিগ টেবিলে পাঁচ নম্বরে রয়েছে দলটি। তবে ইএসপিন-এর সূত্র জানিয়েছে, ফলাফলের চেয়েও বড় কারণ ছিল ক্লাবের শীর্ষ কর্তৃপক্ষের সঙ্গে মারেস্কার সম্পর্কের অবনতি।

চেলসির সংক্ষিপ্ত বিবৃতিতে সরাসরি 'বরখাস্ত' শব্দটি ব্যবহার করা হয়নি। বরং বলা হয়েছে, 'এনজো এবং ক্লাব দু'পক্ষই মনে করে, পরিবর্তনই এই মৌসুমে দলকে সঠিক পথে ফেরানোর সবচেয়ে ভালো সুযোগ।'

সূত্রের দাবি, ক্লাব মালিকপক্ষের প্রতি মারেস্কার প্রকাশ্য অসন্তোষ ক্রমেই বাড়ছিল, যা কর্তৃপক্ষের উদ্বেগের কারণ হয়ে দাঁড়ায়। গত মাসে এভারটনের বিপক্ষে ২-০ জয়ের আগে তিনি নিজের সময়টিকে 'সবচেয়ে খারাপ ৪৮ ঘণ্টা' বলে উল্লেখ করেছিলেন। যদিও সে বিষয়ে বিস্তারিত ব্যাখ্যা দিতে তিনি বারবার অস্বীকৃতি জানান।

ইএসপিএন জানিয়েছে, এটি কোনো এককালীন ঘটনার ফল নয়, বরং কাজের পরিবেশ নিয়ে দীর্ঘদিনের অস্বস্তির প্রতিফলন। এমনকি মারেস্কার কিছু প্রকাশ্য মন্তব্য তার নিজস্ব কোচিং স্টাফকেও বিস্মিত করেছিল।

ম্যানচেস্টার সিটির বিপক্ষে রোববারের ম্যাচে কে ডাগআউটে থাকবেন, তা এখনও নিশ্চিত করেনি চেলসি। তবে প্রিমিয়ার লিগে মারেস্কার এরপর ৪০ পৃষ্ঠায়

# ডানা মেলছে বাংলাদেশের নারী হকি

আজকাল স্পোর্টস

স্টিক-বলের ঠুকঠাক শব্দে গত কয়েক দিন মুখরিত ছিল মওলানা ভাসানী হকি স্টেডিয়াম। কিশোরী-তরুণীরা স্টিক হাতে বলের পেছনে ছুটছেনএমন দৃশ্য শিহরিত করেছে সবাইকে। ক্রিকেট ও ফুটবলের পর এবার ডানা মেলছে মেয়েদের হকিও। দেশের নারী হকি বিচ্ছিন্ন কিছু ঘরোয়া টুর্নামেন্টের মধ্যে সীমাবদ্ধ না থেকে ছড়িয়ে পড়েছে বড় পরিসরে।



দেশের ১৮টি জেলাকে ৪টি অঞ্চলে ভাগ করে আয়োজিত ব্র্যাক ব্যাংক 'অপরাজেয় আলো' নারী হকি টুর্নামেন্ট শেষ হয়েছে আজ। ফাইনালে ময়মনসিংহকে নিয়ে গড়া 'জোন৪'কে ৮-০ গোলের বড় ব্যবধানে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছে 'জোন-৫' দেশের হকির একমাত্র 'কারখানা' বিকেএসপি। ঢাকার বাইরে হওয়া আঞ্চলিক পর্ব শেষে চার আঞ্চলিক চ্যাম্পিয়নের সঙ্গে ঢাকায় চূড়ান্ত পর্বে যোগ দেয় বিকেএসপিও। ফাইনালে বিকেএসপির রুপা আক্তার একাই করেন চারটি গোল।

৩৫২ জন খেলোয়াড়ের অংশগ্রহণে জমে উঠেছিল ব্র্যাক ব্যাংক 'অপরাজেয় আলো' নারী হকি টুর্নামেন্ট। অংশগ্রহণকারী অনেক মেয়েরই হকি স্টিক ও বলের সঙ্গে পরিচয় হয়েছে এই টুর্নামেন্টে। অনেকে প্রথমবারের মতো ঢাকায় এসে মওলানা ভাসানী স্টেডিয়ামের টার্ফে খেলার সুযোগ পেলেন। গত ফেব্রুয়ারিতে বাংলাদেশ হকি ফেডারেশন আয়োজিত ডেভেলপমেন্ট কাপে ১৪টি জেলা অংশ নিলেও এবার কক্সবাজার, নড়াইল, জয়পুরহাট ও সিলেটে যোগ হওয়ায় জেলার সংখ্যা দাঁড়িয়েছিল ১৮টি। এটিই এখন পর্যন্ত দেশের নারী হকির সবচেয়ে বড় ঘরোয়া আসর।

টুর্নামেন্টে বিকেএসপির দাপট ছিল একতরফা। ৫ ম্যাচে তারা ৬৫টি গোল করেছে। গড়ে ম্যাচপ্রতি গোল ১৩টি। বিপরীতে একটি গোলও হজম করতে হয়নি তাদের। এতেই বোঝা যাচ্ছে বিকেএসপিকে এক পাশে সরিয়ে রাখলে দেশের নারী হকির আসল ছবিটা কেমন। বিকেএসপির বিশাল বিশাল ব্যবধানে জয়ের পেছনে বড় কারণ অনুশীলনই। বিকেএসপির এরপর ৪৫ পৃষ্ঠায়




## আশা নিয়ে ব্যাংকক যাচ্ছেন সাবিনা-সুমাইয়ারা

আজকাল স্পোর্টস

প্রথমবার মেয়েদের সাফ ফুটসাল চ্যাম্পিয়নশিপ হতে যাচ্ছে ১৩ থেকে ২৫ জানুয়ারি। এই টুর্নামেন্টে বাংলাদেশ ইতিবাচক ফল করতে চাইছে। শুক্রবার ঢাকা ছাড়ার আগে বৃহস্পতিবার সংবাদ সম্মেলনে দলের অধিনায়ক সাবিনা খাতুন থাইল্যান্ডের ব্যাংককে ভালো ফল করার দিকে দৃষ্টি দিয়েছেন।

মেয়েদের এই আসরেও সাতটি দেশ অংশ নিচ্ছে। বাংলাদেশ ছাড়া অংশ নিতে যাওয়া ৬টি দেশ হলো ভুটান, ভারত, মালদ্বীপ, নেপাল, পাকিস্তান ও শ্রীলঙ্কা। বাংলাদেশ প্রথম ম্যাচ এরপর ৪৫ পৃষ্ঠায়

# Urgent sell

1. One king size bed with mattress
2. One queen size bed with mattress
3. One twin size bed with mattress and storage drawers
4. Wooden dining table with 6 chairs+cushions
5. Wooden coffee table
6. Wooden TV stand with drawers
7. One 3 seater Sofa couch cum bed
8. 2 display tables/racks
9. Two chairs
10. Humidifier - 3
11. Study desk (White) for kids
12. Shelf
13. Floor lamps

Electronics:
1. Coffee maker
2. Air fryer oven (has several functions including rotisserie chicken)
3. Braun hand held blender
4. Three set blender
5. Bullet blender
6. Mini waffle maker
7. Hamilton Beach confectionary mixer
8. 13" Monitor for computer with key board (cord less) not used

PICK UP LOCATION:
Roosevelt island New York City

CONTACT:

CELL: +1 (347) 294-9697


# মামদানি প্রশাসনেও থাকছেন বাংলাদেশি বাশার

৬৪ পৃষ্ঠার পর

মীর বাশার। এর মাধ্যমে মামদানি প্রশাসনে উচ্চপর্যায়ের পদে প্রথম বাংলাদেশি হিসেবে নিয়োগের ঘোষণা পেলেন তিনি। প্রশাসনিক দক্ষতা, নীতিনির্ধারণে অভিজ্ঞতা এবং বহুমাত্রিক নেতৃত্বের জন্য তিনি সিটি প্রশাসনে সুপরিচিত। বিদায়ী মেয়র এরিক অ্যাডামস সিটি মেয়র নির্বাচিত হওয়ার পর প্রথম কোনো বাংলাদেশি বংশোদ্ভূতকে ২০২২ সালের ১৫ জুলাই নিয়োগ দিয়েছিলেন। বাশার প্রধান প্রশাসনিক কর্মকর্তা হিসেবে কাজ করেন এবং সিটি হলের দৈনন্দিন অর্থ, বাজেট, চুক্তি এবং সাধারণ প্রশাসনে মীর বাশারের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। তিনি আর্থিক নিয়ন্ত্রণ বজায় রাখার সময় প্রক্রিয়াগুলোকে স্ট্রিমলাইন করা এবং দক্ষতা খোঁজার জন্যও দায়িত্বপ্রাপ্ত ছিলেন।এই দায়িত্ব পালনের আগে মীর বাশার ২০১৫ সালে বাজেট এবং আর্থিক পরিকল্পনার সিনিয়র ডিরেক্টর ছিলেন এবং সিটি হল এজেন্সি প্রধানদের প্রত্যাশা ও লক্ষ্যপূরণের জন্য কৌশল তৈরি করতে সহায়তা করেছিলেন। নিউইয়র্ক সিটি সরকারে কাজ করার সময় বাশার ২৫ বছর ধরে একজন পাবলিক অ্যাডমিনিস্ট্রেটর, বাজেট ও প্রকিউরমেন্ট পেশাদার হিসেবে এক বর্ণাঢ্য কর্মজীবনের নেতৃত্ব দেন।

মীর বাশার লং আইল্যান্ড ইউনিভার্সিটি থেকে পাবলিক অ্যাডমিনিস্ট্রেশনে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। তার গ্রামের বাড়ি বৃহত্তর সিলেটের হবিগঞ্জ শহরে। প্রথমে নিউইয়র্কের বিভিন্ন প্রতিষ্ঠানে লেখাপড়ার পাশাপাশি জব করেন। অ্যাসোসিয়েট ডিগ্রি করেন কুইন্স কলেজ থেকে। পরে লং আইল্যান্ড ইউনিভার্সিটি থেকে এমপিএ সম্পন্ন করেন। মেয়র জুলিয়ানির আমলে মীর বাশার প্রশাসনিক কর্মকর্তা হিসেবে সিটি হলে যোগ দেন। বিদায়ী মেয়র এরিক অ্যাডামস তার কাজের পারফরম্যান্সে মুগ্ধ হয়ে তাকে পদোন্নতি দেন। মীর বাশারের বাবা মীর আব্দুল লতিফ ছিলেন হবিগঞ্জ পৌরসভার সাবেক কমিশনার। মা রোকেয়া বানু ছিলেন জেলা শিক্ষা অফিসার। ছয় ভাইবোনের মধ্যে মীর বাশার চতুর্থ। ছোটবেলা থেকেই শিক্ষার প্রতি তার অনুরাগ ছিল। হবিগঞ্জের বৃন্দাবন সরকারি কলেজ থেকে উচ্চমাধ্যমিক সম্পন্ন করেন তিনি। শিক্ষার পাশাপাশি তিনি স্বপ্ন দেখতেন দেশ ও সমাজের জন্য কিছু করার। নব্বইয়ের দশকে বাবা মীর আব্দুল লতিফ ওপি-১ লটারি ভিসার মাধ্যমে সপরিবারে যুক্তরাষ্ট্রে আসেন। ২০০২ সালে বাংলাদেশে গিয়ে পারিবারিকভাবে সেলিনা সুলতানার সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হন মীর বাশার। ২০০৪ সালে তার স্ত্রী যুক্তরাষ্ট্রে আসেন এবং নিউইয়র্ক সিটির পাবলিক স্কুলে শিক্ষকতা শুরু করেন। এই দম্পতির ১৮ বছর বয়সী এক কন্যা ও ১৪ বছর বয়সী এক পুত্র রয়েছে। বর্তমানে তারা ব্রুকলিনের প্যাসিফাম এলাকার বাসিন্দা। মীর বাশারের এই পুনর্বহালকে নিউইয়র্কের বহুজাতিক ও অভিবাসী কমিউনিটির প্রতিনিধিত্বের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ অগ্রগতি হিসেবে দেখা হচ্ছে। বিশেষ করে বাংলাদেশি আমেরিকান কমিউনিটির মধ্যে এই নিয়োগ ব্যাপক উৎসাহ ও গর্বের অনুভূতি তৈরি করেছে।


# BECOME A REALTOR
রিয়েল এস্টেট পেশায় আসুন

Make SIX-FIGURE ($$$$$$) or more income/ year !

মাত্র ১ মাসেই লাইসেন্স করা সম্ভব
বছরে লক্ষ লক্ষ ডলার ($$$$$$) আয় করুন

YES, Sky is the Limit! NO MORE ODD JOB!
No Bossing! Work Independently
Work Part-time/ Full-time, We Help You:

Pass Real Estate Exam
[ Salesperson in New York State ]
মাতৃভাষায় ব্যাখ্যা করা হয়

Unlimited Package Deal- Flat Fee - Until You Pass
পাশ-চুক্তি পড়ানো- পাশের নিশ্চয়তা ১০০%

Real Estate Productivity Coaching



Azizul Hoque
[Realtor Hoque]
Consultant, Coach & Licensed Realtor
148-45 Hillside Avenue, Suite 201B
Jamaica, NY 11435
Phone: 347 451 7307
Email: realtorhoque64@gmail.com



kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY




- Residential
- Commercial
- Investment
- Foreclosures
- Auctions
- Co-Op & Condo
- Short Sale
- Hud
- Rentals
- Bank Owned/ REO Properties

- List Your Property Faster with TOP $$$
- Free Market Analysis
- Consultation



Azizul Hoque
[Realtor Hoque]
Licensed Realtor

realtorhoque64@gmail.com
azizul.hoque@kw.com
www.azizul-hoque.kw.com
347-451-7307
347-846-1200
347-846-1201
75-35 31st Avenue Suite. 202
Jackson Heights, NY-11370
realtorhoque64 AzizulH48770125
azizul-hoque-880064245


# ফের সংসার বিচ্ছেদে সালমা

৪৬ পৃষ্ঠার পর

এদিকে সানাউল্লাহ নূর সাগর সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক স্ট্যাটাসে লেখেন, 'কণ্ঠশিল্পী সালমার সঙ্গে আমার দাম্পত্য জীবনের ইতি টেনেছি। পারস্পরিক মতের অমিল, চিন্তা ও মানসিকতার দূরত্বই আলাদা হওয়ার কারণ। পারস্পরিক সম্মান ও মর্যাদা বজায় রেখেই আমরা এই সিদ্ধান্ত নিয়েছি। আশা করছি, এ বিষয়ে সবাই নেতিবাচক মন্তব্য থেকে বিরত থাকবেন।' বলা দরকার, ২০১১ সালে পারিবারিকভাবে সালমার প্রথম বিয়ে হয় দিনাজপুর-৬ আসনের সাবেক এমপি শিবলী সাদিকের সঙ্গে। সে সংসারে তাদের রয়েছে একমাত্র কন্যা স্নেহা। ২০১৬ সালে বনিবনা না হওয়ায় সেই সংসারে বিচ্ছেদ ঘটে। ২০১৮ সালের ৩১ ডিসেম্বর সাগরের সঙ্গে দ্বিতীয় বিয়ে করেন সালমা। এই সংসারেও একটি কন্যাসন্তান রয়েছে।

# বলিউডে বছরটা জেন-জির

৪৬ পৃষ্ঠার পর

সিকুয়েল বর্ডার ২এ তাঁকে বরুণ ধাওয়ানের বিপরীতে দেখা যাবে। ছবিটি পরিচালনা করছেন অনুরাগ সিং। ছবিতে বরুণ-মেধা ছাড়াও অভিনয় করছেন সানি দেওল, দিলজিৎ দোসাঞ্জ, আহান শেট্টি, মোনা সিং, অন্যা সিং ও সোনম বাজওয়া। ২০২২ সালে ক্রাইমথ্রিলার ওয়েব সিরিজ লন্ডন ফাইলস দিয়ে অভিনয়ে নাম লেখান মেধা। সিরিজটিতে তাঁর অভিনয় প্রশংসিত হয়েছিল। এরপর তাঁকে দেখা গেছে নেটফ্লিক্সের ফ্রাইডে নাইট প্ল্যানএ, যেখানে তাঁর সহ অভিনেতা ছিলেন ইরফান খানের ছেলে বাবিল খান। বিজ্ঞাপনচিত্রেও তিনি নজর কাড়েন।

২০২৬ সাল কি তবে জেন-জির বলিউড বছর হয়ে উঠবে? সে উত্তর দেবে বড় পর্দা।

# নিকের নতুন গান, প্রিয়াঙ্কা-হৃতিকের উচ্ছ্বাস!

৪৬ পৃষ্ঠার পর

হৃতিক কমেন্টে লেখেন, 'লাভ ইট'। সঙ্গে জুড়ে দেন আগুনের ইমোজি। এটাই প্রথম নয়, এর আগেও প্রকাশ্যে নিক জোনাসের প্রশংসা করেছেন হৃতিক। সম্প্রতি প্রেমিকা সাবা আজাদকে নিয়ে তিনি নিউইয়র্কে ব্রডওয়েতে 'দ্য লাস্ট ফাইভ ইয়ারস' নাটকটি দেখতে যান। যেখানে অভিনয় করেছেন নিক। সেই অভিজ্ঞতা শেয়ার করে হৃতিক লিখেছিলেন, "আমরা ভেবেছিলাম বন্ধুদের সঙ্গে একটা আনন্দের রাত কাটাব। কিন্তু নাটক দেখা শেষে বের হলাম বিস্মিত আর গভীরভাবে অনুপ্রাণিত হয়ে। 'দ্য লাস্ট ফাইভ ইয়ারস' একেবারেই মিস করার মতো নয়। নিক জোনাস, তুমি অসাধারণ। কী দারুণ পারফরম্যান্স!" নববর্ষের শুরুতেই নিক জোনাসের এই একক সংগীতযাত্রা এবং তা ঘিরে প্রিয়াঙ্কা ও হৃতিকের আন্তরিক প্রতিক্রিয়া যেন প্রমাণ করে সংগীত শুধু গান নয়, অনুভূতিরও ভাষা। 'গাট পাঞ্চ' দিয়ে ২০২৬ সালের শুরুটা নিক জোনাস ভক্তদের জন্য নিঃসন্দেহে বিশেষ হয়ে উঠলো। সূত্র: পিংকভিলা


# ঘরে বসে আয় করুন

আপনার কি বাবা, মা, আত্মীয় স্বজন, বন্ধু বান্ধব কিংবা প্রতিবেশী অসুস্থ?

তাহলে এক্ষুনি আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে সর্বোচ্চ ইনকামের নিশ্চয়তা দিচ্ছি।





যোগাযোগ : ৯১৭ ৫১৯ ১১৫১


# সাফল্যের আরও একধাপ এগিয়ে বাংলা ট্রাভেল

৬৪ পৃষ্ঠার পর

